Under the patronage of the Government of Bengal, and dedicated, by permission, to the Governor General of India.

ENCYCLOPÆDIA BENGALENSIS,

Or a series of publications in English and Bengalee,

Compiled from various sources

ON HISTORY, SCIENCE, AND LITERATURE,

EDITED

BY THE REV. K. M. BANERJEA.

The following are some of the subjects which the series will embrace,—viz.

ANCIENT HISTORY ;—Egypt, Babylon, Greece, Rome, India.

MANNERS, CUSTOMS, OPINIONS, &c. of the Egyptians, the Babylonians, the Persians, the Greeks, the Romans, the Hindus, and the other Asiatic nations.

MODERN HISTORY,—Of Europe, England, India, Bengal, America ; &c.

SCIENCE ;—Geography, Mathematics, Natural Philosophy, Astronomy, Metaphysics, Moral Philosophy, &c.

BIOGRAPHY ;—Of eminent men,—Politicians, scholars, &c.—European and Asiatic, ancient and modern, more after the simple form of Cornelius Nepos than of the elaborate one of Plutarch.

MISCELLANEOUS READINGS ;—Containing detached pieces of various kinds adapted to the comprehension

of the natives of Bengal. Anecdotes, orations, speeches, accounts of travels and voyages may be embodied in these.

---

1. The volumes of this Encyclopædia are not to be necessarily inseparable from one another, except when they are parts of one and the same work.

2. They are not to consist of more than 300 pages, or less than 100 pages each.

3. The editor cannot determine at present how many numbers are to be published yearly; the publishers cannot, therefore, say precisely what the annual cost of the series will be to subscribers. The value of the numbers annually published will perhaps average from 10 to 15 Rs.

4. To subscribers advancing 12 Rs. (which may be estimated as the average amount of subscription per annum) a discount of 10 per cent. will be allowed. Accounts will be rendered annually of the advances received and the books supplied.

5. To charitable and benevolent institutions subscribing for a large number of copies a discount of 20 per cent. will be allowed.

6. Besides the Diglot edition in English and Bengalee, another edition will be printed only in Bengalee.

7. No. I. (THE HISTORY OF ROME; PART I. *freely translated from Eutropius and interspersed with additional matter from various sources)* will contain at least 300 pages including the introductory parts.

PRICE.

	Rs.		
Of Numbers containing 100 pages,	1		per copy.
Of Numbers containing 150 pages,	1	4	,,
Of Numbers containing 200 pages,	2	0	,,
Of Numbers containing 300 pages,	2	8	,,

The Numbers will be neatly printed on fine English paper and bound in English Calico:—size demy 12mo.

No. I.

Under the patronage of the Government of Bengal, and dedicated, by permission, to the Governor General of India.

ENCYCLOPÆDIA BENGALENSIS,

Or a series of publications in English and Bengalee,

COMPILED FROM VARIOUS SOURCES

ON HISTORY, SCIENCE, AND LITERATURE.

EDITED

BY THE REV. K. M. BANERJEA.

"ψυχης ιατρειον"

Diod. Sic. I. 49.

History.

THE HISTORY OF ROME.

Part I.

CALCUTTA:

OSTELL AND LEPAGE, AND P. S. D'ROZARIO AND CO.

1846.

THE HISTORY OF ROME.

PART I.

FROM THE FOUNDATION OF THE CITY TO THE DEATH OF THE GRACCHI,

FREELY TRANSLATED FROM EUTROPIUS

AND

INTERSPERSED WITH ADDITIONAL MATTER FROM VARIOUS SOURCES.

CALCUTTA:

OSTELL AND LEPAGE, AND P. S. D'ROZARIO AND CO.

1846.

বিদ্যাকল্পদ্রুম

অর্থাৎ বিবিধ বিদ্যাবিষয়ক রচনা

শ্রী কৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়
দ্বারা সংগৃহীত।

প্রথম কাণ্ড।

রোম রাজ্যের পুরাবৃত্ত

১ খণ্ড

রোম নগরের নির্ম্মাণাবধি গ্রাকসদ্বয়ের মৃত্যু পর্য্যন্ত
ইউট্রোপিয়স লাটিন গ্রন্থকারকের
ব্যাখ্যা।

কলিকাতা লালদীঘির নিকট রোজারিও সাহেবের
যন্ত্রালয়ে মুদ্রাঙ্কিত হইল।
ইং ১৮৪৬   শক ১৭৬৭

Rajah Vikramaditya's Court—the nine scholars called the Navaratna.

TO THE RIGHT HONORABLE

SIR H. HARDINGE, G. C. B.

Governor General of India.

May it please your Excellency,

Besides the inclination which the humblest author naturally feels of appearing before the public under the protection of some august personage, the only other apology I can offer for aspiring to connect your Excellency's name with this undertaking is the deep interest you have so invariably manifested in the moral and intellectual amelioration of the country entrusted to your Government. Your visit to the Hindu College the year before last, within a few weeks of your happy arrival, and your magnanimous Resolution of October 10, 1844, Gazetted before the expiration of the first quarter of your administration, exhibited your regard for India's improvement in the most brilliant characters; and proclaimed, throughout the length and breadth of the three presidencies, your anxious desire to reclaim the teeming millions of Hindustan from the thraldom of ignorance, of superstition, and of vice. This solemn recognition of learning as an ornament for the public service,—this resolution to test the *literary* acquirements of candidates for employment in addition to their *official* aptitude for business, —and that from the highest Sudder Ameenala to the

মহামহিম বিবিধ বিদ্যানুরাগি

শ্রীলশ্রীযুৎ স্যার হেনরি হার্ডিঞ্জ

গবর্ণর জেনেরল সাহেব

মহাবল প্রতাপেষু।

যথোচিত সম্মান পুরঃসর নিবেদন মিদং।

কোন মহোদয় পুরুষের আনুকূল্যে গ্রন্থ প্রকাশ করিতে অতি ক্ষুদ্র রচকেরও স্বাভাবিক ইচ্ছা জন্মে আর আমি এই ব্যাপারে শ্রীযুতের নাম সংলগ্ন করিতে যে স্পৃহা করিতেছি তাহার এতদ্ব্যতীত অন্য এক কারণ আছে, মহাশয় নিজ শাসনে সমর্পিত সমূহ লোকের বিদ্যা ও সুশীলতার উন্নতি করণার্থে অবিশ্রান্ত যত্নশীল হইয়াছেন, এতদ্দেশে শুভাগমনের কিয়ৎ দিবস পরেই মহাশয় হিন্দুকালেজ দর্শনার্থে আসিয়াছিলেন এবং ১৮৪৪ শালের ১০ অক্তোবর তারিখে এক মহার্থক নিয়ম স্থির করিয়া রাজ্যশাসনের ভার গ্রহণানন্তর তিন মাসের মধ্যে তাহা প্রচার করিলেন ইহাতেই ভারতবর্ষীয় মঙ্গলের প্রতি মহাশয়ের যত্ন জাজ্বল্যমান হইয়া উঠিল এবং হিন্দুস্থানের রাজধানীত্রয় সম্বলিত নিখিল ভাগে সকলের অবগতি হইল যে অবিদ্যা ও মিথ্যাজ্ঞান এবং দুর্নীতির শৃঙ্খল হইতে এই দেশীয় অসংখ্য লোককে উদ্ধার করিতে আপনি বাস্তবিক ব্যগ্রচিত্ত আছেন—রাজকর্ম্মকর্ত্তৃদের অলঙ্কার বলিয়া এই রূপে আদর পূর্ব্বক বিদ্যার প্রসঙ্গ করণে, এবং অতি উচ্চ অবধি অতিনীচ পর্য্যন্ত সকল কর্ম্মপ্রার্থিদের কার্য্য নৈপুণ্য

lowest chaprassy or peon—was a measure preeminently calculated to promote the cause of Science and Letters, and to extend the circulation of knowledge among the *people* in the most comprehensive sense of the term. The human mind is as capable of cultivation in the rural cottage of the humble Ryot as in the stately mansion of the opulent Zemindar. The policy which would take cognizance of the elementary progress made by the indigent village school-boy, no less than of the Collegian's higher strides in the academical race, betokened a generous and a Catholic regard for the whole population. The foundation as well of two new chairs (Jurisprudence and Civil Engineering) in the metropolitan institution of the Hindu College, as also of an additional College in a Zillah* renowed for abstruse speculations in a science with which the name of Aristotle is intimately connected in Europe,—and the establishment of numerous Vernacular Schools in the different districts of this province,—the former for exalting still higher the standard of collegiate education in the country, the latter for conveying, as through so many branch streams and rivulets, the elements of sound knowledge to the remotest scenes of rural life—are instances equally memorable of your interest in the improvement of every class subject to your rule. These vigorous measures for the spread of education

* Nudea;—noted for centuries as the great School of the *Nyaya Shastra* or Logic.

ব্যতিরিক্ত বিদ্যাবিষয়ক ব্যুৎপত্তি পরীক্ষার বিধানে অবশ্য জ্ঞান ও পাণ্ডিত্যের বৃদ্ধি হইবে, এবং ইহাতে সাধারণ লোক সমাজে অতি ব্যাপক রূপে প্রাজ্ঞতার বিস্তার সম্ভাবনা। ধনাঢ্য ভূম্যধিকারির অট্টালিকাস্থ ভদ্র লোকের যাদৃশ বিদ্যা দ্বারা চিত্তশোধন হইতে পারে দরিদ্র কৃষির পর্ণ কুটীরস্থ ইতর গণেরও তাদৃশ হওয়া অসাধ্য নহে, অতএব প্রধান বিদ্যালয়স্থ ছাত্রের বহুল পাণ্ডিত্যের ন্যায় যাঁহার বিবেচনাতে গ্রাম্য পাঠশালার দরিদ্র বালকের যৎকিঞ্চিৎ ব্যুৎপত্তিতেও মানো-যোগ কর্ত্তব্য তাঁহার দয়া ও পরহিতৈষিতা সকল লোকের উপর অতি বিস্তারিতরূপে অবশ্য ব্যাপ্ত বটে। আপনি হিন্দু-কালেজে ব্যবস্থা শাস্ত্র ও সিবিল ইঞ্জিনিরি বিদ্যা বিতরণের উপায় স্থির করিয়াছেন, এবং ন্যায়দর্শনে প্রগাঢ় দক্ষতা হেতুক ইউরোপে অরিস্তৃতিলের * ন্যায় সমস্ত বঙ্গভূমিতে খ্যাত্যা-পন্ন পণ্ডিতগণের অধিষ্ঠান স্থল যে নবদ্বীপ তৎসন্নিধানেও এক নূতন কালেজ নির্ম্মাণ করিয়াছেন; আর বঙ্গ ভূমির বিবিধ প্রদেশে দৈশীয় ভাষার অনুশীলনার্থে নানা পাঠশালার নিয়ম করিয়াছেন—তাহাতে এতদ্দেশে যাদৃশ ঐ২ কালেজের উন্ন-তিতে মহতী২ বিদ্যার চর্চ্চা আরও অত্যুৎকৃষ্টরূপে হইবেক তাদৃশ জল, যেমত নদনদী দ্বারা, বাহিত হয় তদ্রূপ এই২ অপর পাঠশালা দ্বারা যথার্থ জ্ঞানের বীজ অতি দরস্থ গ্রাম্য লোকের পর্ণশালা পর্য্যন্ত বিস্তারিত হইবে, এই২ কার্য্যেতেও

---

* অরিস্তৃতিল নামে এক মহা ন্যায় বেত্তা গ্রীক পণ্ডিত—নবদ্বীপের পণ্ডিতেরা যেমত বঙ্গ ভূমিতে বিখ্যাত অরিস্তৃতিল তদ্রূপ ইউরোপের মধ্যে খ্যাত্যাপন্ন।

must, sooner or later, be crowned with brilliant exploits in the noble triumphs of truth, of virtue, and of knowledge. Whether the present generations live to see the consummation or not, millions yet unborn will revert with gratitude to the national emancipation from intellectual bondage, and commemorate these moral conquests, as no less illustrious than the eventful operations which have immortalized the name of CLIVE.

These considerations have emboldened me, Right Honorable Sir, to seek the sanction of your name in an undertaking intended to serve in a subordinate way the great work of popular improvement, already invigorated by your comprehensive measures. This idea of transferring the History and Science of Europe to the Bengalee language had for years been present in my mind. Having from my early days been animated by a desire of labouring to promote the moral improvement of my countrymen—an aspiration invigorated and sanctified afterwards by Christian principle—I observed with peculiar interest the gradual development of the Hindu mind, and the tincture it received from the religious and social institutions to which it was subject in our Bengalee community. I marked and bewailed the obstacles which ignorance of history and facts interposed, and which, by retarding the progress oft he popular intellect in the true direction, perpetuated its thraldom under a yoke more galling than what had roused the indignant eloquence of a Wilberforce or a Clarkson. A blind and indiscriminate veneration for

শ্রীযুতের শাসনাধীন সর্ব্বজাতীয় প্রজার অবস্থা শোধনার্থে মহাযত্ন দেদীপ্যমান হইতেছে। অবিলম্বেই হউক বিলম্বেই না হউক বিদ্যা বিতরণের এই সকল দৃঢ় যত্ন জ্ঞান ধর্ম্ম ও সত্যের জয় এবং প্রাবল্যে সফল হইবে, ইদানীন্তন লোকেরা সে শুভ দিন যদিও দেখিতে না পায় তথাপি লক্ষ২ ভাবিলোক যাহারা এখনও সংসারে জন্ম গ্রহণ করে নাই তাহারা অজ্ঞানের শৃঙ্খল হইতে সাধারণ লোক সমূহের বুদ্ধিকে মুক্তি পাইতে দেখিয়া কৃতজ্ঞ হইবে আর যে মহৎ কার্য্যেতে লার্ড ক্লাইবের নাম উজ্জ্বল ও চিরস্থায়ি হইয়াছে তদপেক্ষা বিদ্যা স্থাপনের মাহাত্ম্য ন্যূন নহে ইহা মনে করিয়া পুরুষানুক্রমে অবিদ্যার উপর বিদ্যার এই জয় স্মরণ করিবে।

এই২ বিষয় বিবেচনাতে মহাশয়ের নাম সংযুক্ত করিয়া আমি আপন ক্ষুদ্র গ্রন্থ উজ্জ্বল করণে সাহস করিতেছি আপনকার মহৎ ব্যাপক নিয়মে সাধারণের জ্ঞানবৃদ্ধির যে চেষ্টা সবল হইয়াছে তদ্বিষয়ের যৎকিঞ্চিৎ সহকারিতা করণার্থে উপস্থিত এই সঙ্কল্প করিয়াছি। গৌড়ীয় ভাষাতে ইউরোপীয় পুরাবৃত্ত ও দর্শনাদি শাস্ত্রের বর্ণনা করা বহুদিবসাবধি আমার অভিপ্রেত ছিল, বাল্যাবস্থাবধি আমার বাসনা ছিল যে স্বদেশীয় বর্গের সুশীলতা বৃদ্ধির নিমিত্তে যত্ন করিব পরে খ্রীষ্টীয় ধর্ম্মের অবলম্বনে সে বাসনা আরও দৃঢ় ও পবিত্রীকৃত হয় অতএব দেশস্থ লোকের বুদ্ধি কি প্রকারে বিকসিত হয় এবং হিন্দু সমাজে চলিত ধর্ম্ম ও রীতিকরণক ঐ বুদ্ধি কি আকার ধারণ করে তাহা আমি অতি যত্ন পূর্ব্বক নিরীক্ষণ করিতে লাগিলাম—তাহাতে বিষাদ পূর্ব্বক বুঝিলাম যে পুরাবৃত্ত ও

antiquity obstructed the introduction of any doctrine or sentiment that could not appeal for authority to the dictum of some canonized *Rishi* or Saint. History and Mythology, facts and fictions, were all involved in the same category. This painful observation led directly to the conclusion, that anything which could gradually disabuse the minds of the people at large—anything which could teach them to discriminate between authentic and fabulous history, between true and false Science—anything which could persuade them that what was physically and scientifically false could not in any sense be true, must (humanly speaking;—for who could restrain or set limits to the operations of the Divine Spirit ?) prove an inestimable blessing to the country—must surely, though slowly, remove the rubbish of ignorance and prejudice, and open the door for the ingress of truths and principles still higher and more pre-eminently sacred. The creation of a comprehensive body of Bengalee literature, incorporating the history and science of Europe, appeared, so far as this fertile province was concerned, a natural remedy for the national perils just alluded to, and an effectual way of reclaiming the *popular* mind from the baneful influence of error and prejudice. The execution of the project was however not so feasible as it was desirable. For several years I was forced to set it aside as impracticable. But the encouragement lately held out by the Government of Bengal has induced me to revive and revise that plan, and to commence an effort, in humble dependence on the grace of God, at embodying the

যথার্থ ঘটনায় অনভিজ্ঞতা প্রযুক্ত সত্য পথে লোকের বুদ্ধি চেষ্টায় এমত ব্যাঘাত জন্মিতেছে যে মিথ্যা জ্ঞানের শৃঙ্খল হইতে কোন ক্রমে মুক্ত হইতে পারেনা, আর উইলবর্‌ফোর্স এবং ক্লার্কসন সাহেবেরা যে অসভ্য দাসত্ব* ব্যবহার লোপ করিতে বহু যত্ন করিয়াছিলেন এই অবিদ্যার শৃঙ্খল তদপেক্ষাও অধিক দুঃসহ—কেননা এতদ্দেশীয় লোকেরা বিবেচনা না করিয়া প্রাচীন কথাতে এমত অসঙ্গত শ্রদ্ধা করে যে কোন প্রসিদ্ধ ঋষির বাক্যানুযায়ি না হইলে নূতন মত কিম্বা বচন তৎক্ষণাৎ অগ্রাহ্য করে এবং পুরাবৃত্ত ও কল্পিত গল্প সত্য ও অসত্য বর্ণনা সকলি এক পদার্থ জ্ঞান করে, ইহা দেখিয়া স্পষ্ট অনুমান হইল যে যাহাতে সাধারণ লোকের মতিভ্রম নষ্ট হইতে পারে—যাহাতে ন্যায় ও অন্যায় এবং সত্য ও মিথ্যা জ্ঞানের পরস্পর প্রভেদ তাহাদের হৃদয়ঙ্গম হইতে পারে—যাহাতে সকলে বুঝিতে পারে যে যাহা পদার্থ বিদ্যানুসারে বাস্তবিক মিথ্যা তাহা কোন ভাবে সত্য হইতে পারেনা সে সমস্ত উপায়ে অবশ্য দেশের পরম মঙ্গল হইবে কেননা ক্রমে২ অবিদ্যা ও ভ্রান্তিরূপ জঞ্জাল এই প্রকারে দূর হইলে আরও উৎকৃষ্ট এবং সর্ব্বতোভাবে পবিত্র তত্ত্বের পথ পরিষ্কার হইবে। বঙ্গভূমির মধ্যে সাধারণের মতিভ্রম নিবারণার্থে গৌড়ীয় ভাষাতে ইউরোপীয় পুরাবৃত্ত ও পদার্থ বিদ্যার অনুবাদ এক উত্তম উপায় বোধ হইতেছে কেননা অবিদ্যা ও ভ্রান্তির যে দুষ্ট শক্তি

---

* আমেরিকাতে মনুষ্য ক্রয় করিয়া চিরদাসত্বে রাখিবার প্রথা ছিল তাহার লোপ করণার্থে উইলবর্‌ফোর্স ক্লার্কসন এবং অন্যান্য সাহেবেরা বহু যত্ন করিয়াছিলেন।

history, science, mathematics, &c. of Europe in our vernacular dialect, and thereby naturalizing in the East, the intellectual and moral improvements effected in the West.

The works set down in my plan are intended to be compiled gleanings from various sources, rather than literal translations from any particular books embracing the subjects to which they refer. This may, it is hoped, prove both a negative and a positive advantage. It may, in the first place, relieve the translator from the fetters, in point of language, diction and style, which might otherwise insensibly force him to appear, in not a few instances, uncouth and inelegant to his readers. This relief would surely be a negative advantage. It may also, in the next place, ensure to Bengalee readers a series of works composed with the special object of informing their minds and in adaptation to their own peculiar mode of thinking. This would be a positive advantage; for it is always an advantage, when the author can *think* in the language in which he is to communicate knowledge,—an intellectual process which can hardly be expected in a pure translator's mind. Besides, if it be innocent to aim at great efforts, why may not Indian writers, especially when honored by the patronage of a benevolent Government, open their hearts to the patriotic aspirations, so often gloried in by Cicero, of preparing original works in their own language, and thereby naturalizing in their own country the intellectual and scientific improvements of other nations.

দেশ ব্যাপিয়া প্রবল আছে তাহা হইতে সাধারণের মন এ উপায়ে মুক্তি পাইতে পারে কিন্তুএই প্রকারে গৌড়ীয় ভাষাতে ইউরোপীয় বিদ্যার অনুবাদ যত বাঞ্ছনীয় তত সহজ নহে অতএব অসাধ্য জ্ঞান করিয়া আমি অনেক দিন পর্য্যন্ত এ চেষ্টাতে বিরত ছিলাম কিন্তু সম্প্রতি বেঙ্গাল গবর্ণমেণ্ট সমীপে উৎসাহ পাইয়া উক্ত অনুবাদের প্রতিজ্ঞাতে পুনশ্চ প্রবৃত্ত হইয়া পরমেশ্বরের প্রসাদে নির্ভর রাখিয়া ইউরোপীয় পুরাবৃত্ত পদার্থ বিদ্যা ক্ষেত্র পরিমাণ জ্যোতিষাদি সকল শাস্ত্র স্বদেশীয় ভাষাতে বিস্তার পূর্ব্বক পশ্চিম খণ্ডের জ্ঞান পূর্ব্ব খণ্ডে স্থাপন করিতে চেষ্টিত হইয়াছি।

যে২ গ্রন্থ আমি রচনা করিতে প্রবৃত্ত আছি তাহা উক্ত বিষয়ক কোন বিশেষ পুস্তক হইতে অনুবাদ না করিয়া বরং নানা মূল হইতে সংগ্রহ করিতে কল্পনা করিতেছি এইরূপ সংগ্রহ করিলে দুই প্রকারে উপকার হইতে পারে ইহাতে প্রথমতঃ ব্যাখ্যাকারক যথার্থ অনুবাদের শৃঙ্খল হইতে মুক্ত হইয়া পাঠকের দুঃশ্রাব্য ও অসাধু শব্দ প্রয়োগের ভয় হইতে উদ্ধার পাইবেন, এই উদ্ধারকে ব্যতিরেক ভাবে হিতকারি কহিতে হইবে, দ্বিতীয়তঃ এই রূপ সংগ্রহের বিধানে গৌড়ীয় পাঠকের বিশেষ ব্যবহারার্থে স্বদেশীয় ধারাতে কতিপয় গ্রন্থ প্রস্তুত হইতে পারে, ইহাকে অন্বয় মুখে শ্রেয়ঃ কহিতে হইবে কেননা গ্রন্থ কারক যে ভাষাতে লিখিতেছেন তাহাতে যদি আপনি মনের কল্পনা করিতে পারেন তবে মহা লাভের বিষয় বটে কিন্তু কেবল অনুবাদ মাত্র করিলে এ প্রকার মানসিক ব্যাপার প্রায় থাকিতে পারেনা। অপিচ যদি মহৎ চেষ্টার

The proposal for this Cyclopædia, hereby dedicated to your Excellency, embraces so many subjects that, considering the uncertainty of life and health, I cannot but speak with great diffidence of the progress I may, in the Providence of God, be permitted to make in its accomplishment. Hopes in a good and great undertaking may, however, be modestly entertained without the guilt of presumption; and if these publications can but advance the cause of popular education, and replenish the vernacular literature with sound knowledge, to the smallest extent, I shall have ample reasons to be thankful. The project if only partially fulfilled by myself may induce worthier successors to complete it.

The style in which the series is intended to be got up is, so far at least as the historical and narrative parts are concerned, to combine simplicity of language with purity of idiom. My object is (if I may borrow the impressive language of the following address to students from the Honorable the President of the Council of Education) to have this whole *nation for my audience*. I shall therefore strive to be intelligible to all who can read. Every exertion will be made to render the series at once instructive, elegant and interesting. But simplicity will not be sacrificed for figure and ornament, when figure and ornament may interfere with perspicuity.

Mathematical, Scientific and Didactic treatises, owing to technical terms and reasonings, must necessarily be

অভিমুখ হইলে কোন অপরাধ না জন্মে তবে ভারতবর্ষীয় রচকেরা বিশেষতঃ যখন প্রজাহিতৈষি শাসন কর্ত্তার আনুকূল্য প্রাপ্ত হয় তখন রোমান বিচক্ষণ সিসিরোর ন্যায় স্বদেশীয় উন্নতির আকাঙ্ক্ষাতে হৃদয় প্রফুল্ল করিয়া আপনাদের ভাষাতে মূল গ্রন্থ রচনা পূর্ব্বক অন্যান্য দেশের বিদ্যা নিজদেশে সৃষ্টি করিতে কেন না যত্ন করিবে ?

শ্রীযুতের নিকটে নিবেদিত এই বিদ্যা কল্পদ্রুম নামক গ্রন্থ সমূহের প্রতিজ্ঞাপত্রে এমত বহু সংখ্যক পুস্তক রচনার কল্পনা আছে যে জীবনের চপলতা ও শরীরের শুভাশুভ বিবেচনা করিলে কত দূর পর্য্যন্ত ঈশ্বর প্রসাদাৎ আমি আপনি এ কর্ম্ম সম্পন্ন করিতে পারিব তাহা এক্ষণে সাহস পূর্ব্বক নির্ণয় করিতে পারিনা, তথাপি সৎ ও মহৎ কর্ম্মে উৎসাহ করিলে তাহাকে স্পর্দ্ধা বলে না, এবং যদি এই সংকল্পিত গ্রন্থ সমূহেতে সাধারণ লোকের বুদ্ধিচর্চ্চা যৎকিঞ্চিৎ বৃদ্ধি পায়—যদি ইহাতে যথার্থ জ্ঞানের প্রতিপাদক অত্যল্প গ্রন্থও বঙ্গ ভাষায় প্রস্তুত হয় তথাপি আমার পরমাপ্যায়িত হওয়া অসঙ্গত নহে যদি আমার সঙ্কল্প আপনার চেষ্টাতে যৎকিঞ্চিৎ সম্পন্ন হয় তবে গুরুতর লোক কর্ত্তৃক ইহার উদ্যাপন পরে হইতে পারিবে।

এ গ্রন্থ সমূহের রচনা সর্ব্বত্র সাধারণ ভাবে বিশেষতঃ পুরাবৃত্ত ও অন্যান্য বর্ণনাতে শব্দের সারল্য ও বাক্যের শুদ্ধতার ধারাতে নিষ্পন্ন হইবে এডুকেশন কৌন্সলের সভাপতির পশ্চাল্লিখিত উক্তির অন্তর্গত উৎসাহ বর্দ্ধক বচনানুসারে আমার অভিপ্রায় এই যে বঙ্গভূমির সমস্ত জাতিকে আমার শ্রোতা করি অতএব যে কেহ পাঠ করিতে পারে সকলের

somewhat more difficult; but attempts will be made to smooth the rugged path as much as possible by glosses and explanations. Prefaces and introductions, being naturally more of a didactic than a narrative style, will require readers of some thoughtfulness. But care will be taken to adapt them as much as possible to the present state of the Bengalee mind.

It is auspicious for this little Cyclopædia that I have been so fortunate as to obtain permission to translate and incorporate, as a general introduction to the series, the following address from the Honorable the President of the Council of Education. The spirit of philanthrophy which pervades this address, and the generous estimate of native capacities which it contains, must excite the gratitude and attract the attention of all who may see it, while to our Pundits and indigenous scholars, capable of reflection and deliberation, but ignorant of European history and literature, it cannot fail to open a new and wide field for meditation that must greatly enlarge their minds. The essay on the study of history which follows is also intended for intellects somewhat prepared for the consideration of didactic treatises. The especial object of this essay is to explain the nature of historical evidence as distinguished from fictions and legends, and to illustrate the dignified superiority of historical reading over a vulgar predilection for futile fables and doggrel ballads.

হৃদ্বোধক কথা ব্যবহার করিব তথাচ রচনার মাধুর্য্য দর্শাইয়া মনোরঞ্জক শিক্ষা বিস্তার করিতে সাধ্যক্রমে ক্রটি করিব না কিন্তু রূপক অলঙ্কারাদি রচনার শোভা স্পষ্টতার বাধক হইলে তাহার অনুরোধে বাক্যের সারল্য নষ্ট করিবনা।

জ্যোতিষ্ পদার্থ ও নীতি বিদ্যাতে অনেক পারিভাষিক শব্দ ও তর্ক আছে এজন্য তাহা অবশ্য কিঞ্চিৎ কঠিন হইবে কিন্তু ব্যাখ্যা ও টীকা দ্বারা সহজ করিতে যত্ন করিব। ভূমিকা ও অনুবন্ধে সরল বর্ণনার ধারা অপেক্ষা কঠিন বিচারের ধারার প্রাবল্য প্রযুক্ত পাঠকবর্গ যৎকিঞ্চিৎ বুদ্ধিমান্ না হইলে তাহার অধিকারী হইতে পারিবেন না তথাপি বঙ্গদেশীয় লোকের বোধগম্য করণার্থে সর্ব্বপ্রকার চেষ্টা করা যাইবেক।

এডুকেশন কৌন্সলের সভাপতি মহাশয়ের এই পশ্চাল্লিখিত উক্তি অনুবাদ করিয়া সাধারণ ভূমিকাস্বরূপ প্রকাশ করিতে আমি যে ভাগ্যক্রমে অনুমতি পাইয়াছি তাহা এই বিদ্যাকল্প দ্রুমের পক্ষে শুভ লক্ষণ বটে, সভাপতি মহাশয়ের এই উক্তিতে যে পরহিতৈষিতা অনুমেয় হইতেছে এবং ভারতবর্ষীয় লোক-দের বুদ্ধ্যাদির সম্বন্ধে যে নির্ম্মৎসর কথা বর্ণিত আছে তদ্দর্শনে সকলের কৃতজ্ঞতা ও আমোদ অবশ্যই হইবে এবং আমাদের স্বদেশীয় পণ্ডিতগণ ইউরোপীয় পুরাবৃত্ত ও বিদ্যাতে অনভিজ্ঞ হইলেও যাঁহারা বিবেচনা ও চিন্তাশক্তিতে কোনমতে উপে-ক্ষণীয় নহেন তাঁহারা এই উক্তি পাঠে এমত২ নূতন ভাব পাইবেন যাহাতে তাঁহাদের বুদ্ধির চর্চ্চা অবশ্য আরও বাহুল্য রূপে বিস্তারিত হইবে। সভাপতি মহাশয়ের উক্তির পরে পুরাবৃত্ত বিষয়ের যে পোষক রচনা আছে তাহাও বিচার ও

The actual historical portion which occupies the remaining pages of this volume is adapted to the comprehension of both youths and adults.

With these statements I beg leave, Right Honorable Sir, to submit these publications to your gracious acceptance.

I conclude with praying that your Excellency may long live under the providence and grace of God to benefit the human species; and am, with every sentiment of respect for your office and person, and of gratitude for your philanthrophic regard for the improvement of India,

Your Excellency's Most Obedient
Humble Servant,
K. M. BANERJEA.

Calcutta,
26th January, 1846.

তর্ক বুঝিতে যৎকিঞ্চিৎ সমর্থ এমত লোকের জন্য প্রস্তুত হইয়াছে এ রচনার বিশেষ তাৎপর্য্য এই যে কল্পিত গল্প হইতে প্রভিন্ন এমত সত্য পুরাবৃত্তের প্রমাণ যেন প্রকাশ পায় এবং অধম পয়ার ও ব্যর্থ গল্প হইতে পুরাবৃত্তের অধ্যয়ন যে অতি গরিষ্ঠ তাহা যেন অঙ্কিত হয়, গ্রন্থের অবশিষ্টাংশে যে রোম রাজ্যের পুরাবৃত্ত বর্ণিত আছে তাহা আবাল বৃদ্ধ সকলের বোধগম্য হইবে এমত আশা করিতেছি।

শ্রীযুতের নিকট আর বাক্যের বাহুল্য না করিয়া এক্ষণে এই বিদ্যা কল্পদ্রুম গ্রন্থ সমর্পণ করিতেছি, প্রসন্ন হইয়া গ্রহণ করিবেন।

অবশেষে প্রার্থনা যে পরমেশ্বরের অনুগ্রহ ও প্রসাদে শ্রীযুত যেন দীর্ঘায়ু হইয়া মনুষ্য জাতির অবিরত হিতকারী হয়েন।

শ্রীকৃষ্ণমোহন বন্দ্যোপাধ্যায়স্য

কলিকাতা ১৪ মাঘ
শক ১৭৬৭

ADDRESS FROM THE PRESIDENT OF THE COUNCIL OF EDUCATION.

(Extracted from Mr. Kerr's Edition of Bacon's Novum Organum.)

Monument of Lord Bacon's at St. Albans.

ADDRESS

From the President of the Council of Education to the Students under its superintendence.

(EXTRACTED FROM MR. KERR'S NEW EDITION OF BACON'S NOVUM ORGANUM.)

This translation of Bacon's Novum Organum, which has been reprinted and illustrated with notes by Mr. Kerr, the Principal of the Hindoo College, comes forth under happy auspices.

For, while it was in preparation, the Resolution of the Government, dated 10th October, 1844, was published to the world.

It is to Sir Henry Hardinge that you owe the public and solemn announcement of the great principle, that "In every possible case a preference shall be given, in the selection of candidates for public employment, to those who have been educated in the Institutions established for the instruction of the people, as well by the Government as by private Individuals and Societies, and especially to those who have distinguished themselves therein by a more than ordinary degree of merit and attainment."

Be thankful for the respect thus shown for learning, and evince your gratitude by redoubled exertions, the rather, that you are indebted to the Governor-General,

কৌনসল আব এডুকেশনের শাসনে স্থিত ছাত্রদের প্রতি ঐ মহা সমাজের সভাপতির উক্তি।

(এই উক্তি কার সাহেব কর্ত্তৃক সম্পাদিত বেকনের নবম অর্গেনম নামক গ্রন্থের ভূমিকা হইতে উদ্ধৃত হইয়া বঙ্গভাষাতে অনুবাদিত হইল)

বেকন বিরচিত নবম অর্গেনম নামক গ্রন্থের এই অনুবাদ হিন্দুকালেজের অধ্যক্ষ শ্রীযুৎ কার সাহেব কর্ত্তৃক সটীক মুদ্রাঙ্কিত হইয়া এক্ষণে শুভ লক্ষণের সহিত প্রকাশ পাইতেছে।

যেহেতুক এই গ্রন্থ প্রস্তুত হইতেছিল এমত সময়ে ১৮৪৪ সালের ১০ অক্তোবর তারিখের গবর্ণমেণ্ট আজ্ঞা সাধারণের বিজ্ঞাপনার্থে প্রকাশ পাইল।

বক্ষ্যমাণ মহানিয়মের প্রকাশ্য ও গম্ভীর ঘোষণা হেতু তোমরা স্বয়ং স্যার হেনরি হার্ডিঞ্জ সাহেবের নিকট ঋণী হইয়াছ যথা "রাজকীয় কর্ম্ম প্রাপ্তেচ্ছুদের মধ্যে যাহারা গবর্ণমেণ্ট অথবা অন্যান্য ব্যক্তি বা সভা কর্ত্তৃক সংস্থাপিত সাধারণের শিক্ষার্থ বিদ্যালয়ে অধ্যয়ন করিয়াছে বিশেষতঃ যাহারা উক্ত স্থানে অসাধারণ গুণ ও জ্ঞানোপার্জনে বিখ্যাত হইয়াছে তাহাদিগকে যৎপরোনাস্তি সাধ্যানুসারে অগ্রে মনোনীত করা যাইবে"।

বিদ্যার এতাদৃশ আদর দর্শনে তোমরা কৃতজ্ঞ হও, এবং আরো চতুর্গুণ পরিশ্রম করিয়া তোমাদের কৃতজ্ঞতা প্রকাশ কর —আর এই কারণে বরং অধিক যত্নশীল হও যে গবর্ণর জেনে-

knowledge. It is right you should be made aware of this; and I will, therefore, quote from a very profound and comprehensive work—Mr. John Stuart Mill's System of Logic—a passage which I believe places the matter in its true light.

"The copiousness with which I have exemplified the discovery and explanation of special laws of phenomena, by deduction from simpler and more general ones, was prompted by a desire to characterize clearly, and place in its due position of importance, the deductive method, which in the present state of knowledge is destined irrevocably to predominate in the course of scientific investigation from this time forward."

"A revolution is peaceably and progressively effecting itself in philosophy the reverse of that to which Bacon has attached his name. That great man changed the method of the sciences from deductive to experimental, and it is now rapidly reverting from experimental to deductive. But the deductions which Bacon abolished were from premises hastily snatched up or arbitrarily assumed. The principles were neither established by legitimate canons of experimental inquiry, nor the results tested by that indispensable element of a rational deductive method, verification by specific experience."

"Between the primitive method of deduction, and that which I have attempted to define, there is all the difference which exists between the Aristotelian physics, and the Newtonian theory of the Heavens."

তোমাদিগকে অবগত করা কর্ত্তব্য। এইহেতু এ বিষয় স্পষ্ট করিবার নিমিত্তে জান ষ্টুয়ার্ট মিল সাহেবের ন্যায় দর্শন নামক এক অতি প্রগাঢ় এবং বিস্তারিত গ্রন্থ হইতে কএক বচন উদ্ধৃত করিব। যথা

"প্রত্যক্ষ পদার্থের সামান্য ও স্থূল নিরূপণ হইতে অনুমিতিদ্বারা বিশেষ নিরূপণের অবগতি ও নিষ্পত্তির কথা আমি বিস্তার করিয়া উদাহৃত করিয়াছি, তাহার কারণ এই যে আমি অনুমিতির ধারা স্পষ্টরূপে তাহার উপযুক্ত গৌরবে বর্ণনা করিতে বাঞ্ছা করি, কেননা আমাদের জ্ঞানের বর্ত্তমান অবস্থাতে এই সময়াবধি ঐ ধারা তত্ত্ববিদ্যার অনুসন্ধানে অবশ্যই প্রবল হইবে।

"তত্ত্ববিদ্যাতে বেকনীয় নামে খ্যাত যে নূতন রীতি তাহার বিপর্য্যয় ধীরে২ ক্রমশঃ বাড়িতেছে। ঐ মহাপণ্ডিত বিদ্যার ধারাকে অনুমিতি হইতে পরীক্ষা পূর্ব্বক নির্ণয়ে পরিবর্ত্তিত করিয়াছিলেন। এক্ষণে সেই ধারা এরূপ নির্ণয় ত্যাগ করিয়া পুনশ্চ ঐ অনুমিতিতে দ্রুত ফিরিতেছে, কিন্তু বেকন যে অনুমিতির লোপ করিয়াছিলেন তাহা ঝটিতি স্বীকৃত এবং স্বেচ্ছা পূর্ব্বক গৃহীত অর্থাৎ অসিদ্ধ ও দুষ্য হেতু হইতে প্রাপ্ত হইয়াছিল—তাহার পদার্থ পরীক্ষাপূর্ব্বক বিহিত নিয়মে নিশ্চয় হয় নাই এবং তাহার নিষ্পত্তিও অনুমিতির যথার্থ ধারার যে আবশ্যক লক্ষণ অর্থাৎ বিশেষ প্রত্যক্ষ দৃষ্টিতে তথ্য স্থির তাহাতে সপ্রমাণ হয় নাই।

"অনুমিতির প্রাচীন ধারা এবং আমি যে ধারার লক্ষণ করিয়াছি এ উভয়ের মধ্যে অনেক প্রভেদ আছে—অর্থাৎ অরিস্তত্তিলের পদার্থ বর্ণন ও নিউটনের খগোল কল্পনার মধ্যে যত প্রভেদ আছে তৎসমস্ত ঐ ধারা দ্বয়ের মধ্যেও জানিবা।

"That the advances henceforth to be expected even in physical, and still more in mental and moral science, will be chiefly the result of deduction, is evident from the general considerations already adduced."

"Among subjects really accessible to our faculties, those which still remain in a state of dimness and uncertainty (the succession of their phenomena not having yet been brought under fixed and recognizable laws,) are mostly those of a very complex character, in which many agents are at work together, and their effects in a constant state of blending and intermixture. The disentangling of these crossing threads is a task attended with difficulties, which, as we have already shown, are susceptible of solution by the instrument of deduction alone. Deduction is the great scientific work of the present and of future ages. The portion henceforth reserved for specific experience in the achievements of science, is mainly that of suggesting hints to be followed up by the deductive inquirer, and of confirming or checking his conclusions."

It is right, I say, that you should be made aware of this, and that you should be forewarned not to seek in Lord Bacon's work for what is not to be found there.

But notwithstanding all this, I have encouraged Mr. Kerr to undertake this task, on which he has bestowed, and, in my judgment, successfully bestowed, very great labour and attention; and I now, with perfect con-

"পদার্থ বিদ্যাতে বিশেষতঃ মানসিক ও নীতি বিদ্যাতে পরে যে২ বৃদ্ধি হইবে তাহা প্রায় সর্ব্বতোভাবে অনুমিতি সিদ্ধ কল্পনাধীন হইবে, ইহা পূর্ব্বোক্ত বিবেচনাতে স্পষ্ট জানা যাইতেছে।

"যথার্থ ইন্দ্রিয় গ্রাহ্য বিষয়ের মধ্যে যাহা২ (প্রত্যক্ষ দর্শনের অনুক্রম অদ্য পর্য্যন্ত কোন নিরূপিত ও পরিচিত নিয়মানুযায়ি না হওয়াতে) এখনও অস্পষ্ট ও অনিশ্চিত অবস্থাতে আছে, তাহা প্রায় সকলি অত্যন্ত জড়িত প্রকার, তাহার মধ্যে বহুবিধ কারণ একত্র আছে এবং তৎকার্য্যও সদা পরস্পর মিলিত ও মিশ্রিত হইতেছে—এই কার্য্য কারণের তন্তুজাল মুক্ত করিয়া প্রভেদ করা অত্যন্ত কঠিন, এবং তাহা কেবল অনুমিতির লক্ষণ অবলম্বন করিয়া সাধ্য হইতে পারে। বর্ত্তমান ওভবিষ্যৎ কালের নিমিত্তে অনুমিতিই তত্ত্ববিদ্যার মহৎ ব্যাপার হইবে। বিদ্যার ব্যাপারের মধ্যে ইহার পর যে অংশ বিশেষ প্রত্যক্ষার্থে অবশিষ্ট থাকিবে তাহার প্রধান তাৎপর্য্য এই যে যেন তদ্দ্বারা অনুমিতি সাধকের অনুবর্ত্তনের নিমিত্তে যথার্থ পরামর্শ ইঙ্গিত হয় এবং যেন তাহাতে তাহার উপপত্তি ন্যায় সিদ্ধ হইলে দার্ঢ্য হয় ও ন্যায় বিরুদ্ধ হইলে ব্যাঘাত পায়"।

তোমরা যে এ বিষয় অবগত হও ইহা যথার্থ বটে এবং লার্ড বেকনের গ্রন্থে যাহা নাই তদ্বিষয়ক অনুসন্ধান হইতে তোমাদিগকে পূর্ব্বে নিবৃত্ত করাও উচিত।

কিন্তু তথাপি আমি কার সাহেবকে এই পুস্তক প্রস্তুত করণের ভার লইতে উৎসাহ দিয়াছি, এবং ইহাতে তিনি বহু পরিশ্রম ও যত্ন করিয়া আমার বিবেচনাতে সফল হইয়াছেন

fidence and with much earnestness, exhort you to make yourselves masters of the book.

Bacon's great merit in philosophy was, that he forced upon the attention of men, and convinced them by his profound reasoning, and his grand and weighty eloquence, that there is no other way of acquiring the materials of science, but the interrogation of nature; and that to interrogate nature effectually, we must do so according to a scientific method.

There are no doubt defects in the scientific method sketched by himself, and he had no great success in arriving at useful practical results. But it is not too much to say, that the whole of the vast difference which exists between the natural philosophy (including the philosophies both of mind and matter), of the ancient and the modern European world, is to be attributed to that change in the direction of intellectual effort which was produced, not, indeed, by Bacon alone, but by Bacon more than any other man, and by this book more than any other book.

It was the trumpet which roused Europe, not indeed from torpid slumber, but from idle and fantastic dreams, such as Asia is still dreaming; from which she has still to be awakened.

I have heard it said, that if the *Novum Organum* were fit for a class-book, it would surely have been so employed in England. Perhaps the reason it has not been so employed is that the Latin in which it is written, is much more strongly characterized by the

আমি এক্ষণে সম্পূর্ণ সাহস ও অত্যন্ত ব্যগ্রতাপূর্ব্বক তোমা-দিগকে এগ্রন্থ সমুদয় অভ্যাস করিতে পরামর্শ দিতেছি।

তত্ত্ববিদ্যাতে বেকনের মহৎ গুণ এই যে তিনি প্রগাঢ় বিচার এবং মহৎ গুরুতর বাক্পটুতা দ্বারা সকলের মনে এমত প্রবোধ দিলেন ও বিশ্বাস জন্মাইলেন যে তত্ত্ববিদ্যাতে বিষয় প্রাপ্তির নিমিত্তে স্বভাব জিজ্ঞাসা ব্যতিরেকে উপায়ান্তর নাই, এবং এই স্বভাব জিজ্ঞাসা সার্থকরূপে করিতে হইলে তত্ত্ব-বিদ্যার ধারাতে করা আবশ্যক।

বেকন যে তত্ত্ববিদ্যার ধারা অঙ্কিত করিয়াছিলেন তাহা দোষ রহিত নহে এবং তিনিও এ ধারাতে বহু কৃতার্থ ও সফল হন নাই বটে; তথাপি মনও দ্রব্য উভয় সম্বন্ধীয় জ্ঞানধারিণী যে স্বাভাবিক তত্ত্ববিদ্যা তদ্বিষয়ে প্রাচীন ও আধুনিক অনু-শীলনের মধ্যে যে মহা বৈলক্ষণ্য আছে সে সমস্ত বেকন কর্ত্তৃক শাসিত বুদ্ধি চেষ্টার নূতন গতিতে উৎপন্ন হইয়াছে এ কথা কহিলে অতিশয় দোষ হইবে না। বুদ্ধি চেষ্টার এই নূতন গতি কেবল বেকন কর্ত্তৃক হয় নাই বটে, কিন্তু অন্যান্য লোকাপেক্ষা বেকন দ্বারা, এবং অন্যান্য পুস্তকাপেক্ষা এই পুস্তক দ্বারা অধিকরূপে সম্পন্ন হইয়াছে।

এই পুস্তকরূপ ভেরির শব্দে ইউরোপ সুসুপ্তি অবস্থায় নিশ্চল না থাকিলেও বৃথা ও কল্পিত স্বপ্ন হইতে জাগৃত হইল, যে প্রকার স্বপ্নাবস্থাতে এস্যা এখনও আছে এবং যাহা হইতে তাঁহার জাগরণ অদ্যাপি হয় নাই।

আমি শুনিয়াছি কেহ২ কহেন যে যদি নবম অর্গেনম বিদ্যা লয়ে পাঠ করিবার উপযুক্ত হইত তবে ইংলণ্ডে তাহার প্রথা অবশ্য থাকিত। বোধ হয় এ প্রথার অভাবের কারণ এই যে ইহার লাটিন ভাষা রোমদেশীয় অগস্তুস রাজার কালীন

profound and pregnant genius of the great author, than by resemblance to the classical models of Augustan Rome.

But whatever may be the cause, there is not wanting authority of the highest order, in favour of using this as a class-book for the instruction of youth.

Professor Dugald Stewart, Mr. Hallam, and Dr. Arnold have all recommended it ; and I think the authority of three such men is of more weight than the opposing practice.

But even if I had not these eminent names to support me, I should not have feared to recommend the adoption of this work as a class-book in our Colleges ; because I am sure that a mind which has deeply meditated and comprehended the aphorisms of the *Novum Organum*, and has imbibed their spirit, is a mind prepared to undergo toil and privation in the search for truth, a mind to which no intellectual struggle, however long and arduous, can be so distasteful as acquiescence in ignorance or in error.

C. H. CAMERON.

Calcutta, June, 1845.

প্রাচীন রীতি সদৃশাপেক্ষা বরং গ্রন্থ কর্ত্তার প্রগাঢ় এবং মহা ভাবুক বুদ্ধি সঙ্গত লক্ষণে অধিক অঙ্কিত হইয়াছে।

কিন্তু এ পুস্তক ব্যবহারের অভাব যে কারণবশতঃ হউক, নব্য লোকের শিক্ষার্থে বিদ্যালয়ে ইহার অধ্যাপনের পক্ষে অতি গুরুতর লোকের সম্মতি আছে।

প্রফেসর ডুগল্ড ষ্টুয়ার্ট মেষ্টর হালাম ডাক্তর আর্ণল্ড সাহেবেরা ইহার স্বাপক্ষ্যে উক্তি করিয়াছেন এবং এমত তিন ব্যক্তির সম্মতি বিপরীত প্রথা হইতে গুরুতর মান্য।

কিন্তু যদিও এই ২ মহৎ লোকের সম্মতি আমার পক্ষে সহায় না থাকিত তথাপি আমাদের বিদ্যালয়ে এ গ্রন্থ ব্যবহার করিতে পরামর্শ দেওনে আমি সঙ্কোচ করিতাম না, কেননা আমি নিশ্চয় জানি যে যে ব্যক্তি নবম অর্গেনমের সূত্র প্রগাঢ় রূপে ধ্যান করিয়া বুঝিয়াছে এবং তদাত্মক মতি প্রাপ্ত হইয়াছে সে ব্যক্তির মন সত্যের অন্বেষণে পরিশ্রম ও ক্লেশ স্বীকারে প্রস্তুত থাকে; তাহার প্রতি কোন বুদ্ধির চেষ্টা বহুকাল পর্য্যন্ত কষ্ট দায়িকা হইলেও অবিদ্যা ও ভ্রান্তির স্বীকারের ন্যায় বিরস বোধ হয় না।

সি এচ কেমরন।

কলিকাতা জুন ১৮৪৫।

INTRODUCTORY REMARKS

ON THE STUDY OF

HISTORY.

INTRODUCTORY REMARKS ON THE STUDY OF HISTORY.

1. How numerous are the animals replenishing this our globe! yea, countless are the creatures inhabiting the land, the waters, and the air, and daily pursuing their pleasures and comforts, by the very instincts of their nature. All these proclaim the boundless wisdom and goodness of their Creator in the mechanism of their bodies. From the immense whale and the stupendous elephant to the almost invisible insect, small as an atom, the whole animal creation exhibits the most wonderful phenomena to the curious observer. But wonderful as the irrational creatures undoubtedly are, man is the noblest in this visible world. He is not indeed supreme in point of physical strength, though even in this respect the majestic erectness of his stature marks his superiority over the grovelling animals; but it is the power of his intellect which enables him to subjugate those around him. The Roman philosopher* advanced a great truth when he pronounced all the creatures on the earth to be designed for the use of man.

2. This supremacy of man in the visible creation is owing chiefly to his intellect and his reasonable soul.

---

* Cicero, de off. 1. 7.

ভূমিকারূপে পুরাবৃত্ত অধ্যয়নের পোষক উক্তি।

১ এই পৃথিবী কত কোটি২ জীব জন্তুতে পূর্ণ আছে! ভূচর জলচর খেচর এমত অসংখ্য প্রাণী ধরা মণ্ডল অবলম্বন করিয়া স্বভাবতঃ আপনাদের সুখানুভবের চেষ্টাতে অহর্নিশি প্রবৃত্ত আছে। এ সমস্ত জন্তুর শরীর নির্ম্মাণে সৃষ্টিকর্ত্তার অসীম জ্ঞান ও অনুগ্রহ প্রকাশ পাইতেছে। প্রকাণ্ড মকর ও বৃহৎ হস্তী অবধি এবং পরমাণু তুল্য প্রায় অদৃশ্য কীট পর্য্যন্ত প্রত্যেক জন্তু নিরীক্ষণ করিলে চমৎকারের বিষয় বোধ হয়। কিন্তু অন্যান্য জন্তুর গঠন আশ্চর্য্য হইলেও প্রত্যক্ষ সৃষ্টির মধ্যে সর্ব্বাপেক্ষা মনুষ্য শ্রেষ্ঠ ও প্রধান। কায়িক পরাক্রম এই শ্রেষ্ঠতার বিশেষ কারণ নহে বটে, তথাপি শরীরের ঋজুতা ও মহত্ত্ব হেতুক মনুষ্য কায়িক বিষয়েও নীচ ও অধোমুখ পশু হইতে উৎকৃষ্ট। কিন্তু বুদ্ধিবল ইঁহার প্রাধান্যের বিশেষ ও মুখ্য কারণ; এই বলদ্বারা তিনি চতুর্দ্দিকস্থ সকলকে আপন বশীভূত করিতে ক্ষমতা প্রাপ্ত হয়েন; অতএব আমাদিগকে অবশ্য স্বীকার করিতে হইবে যে সিসিরো নামক রোমাণ বিচক্ষণের পশ্চাল্লিখিত বচন সত্য ও যুক্তিসিদ্ধ, যথা পৃথিবীর সকল সৃষ্ট বস্তু মনুষ্যের ব্যবহারের জন্যে হইয়াছে।

২ প্রত্যক্ষ সৃষ্টির মধ্যে মনুষ্যের এই প্রাধান্যের মুখ্য কারণ বুদ্ধি বল ও বিবেক শক্তি বিশিষ্ট আত্মা। কেবল শারীরিক

If he depended solely upon his physical powers, he could not reduce many animals to his obedience. The lion's strength is sufficient to accomplish, with tolerable facility, the destruction of the whole human race. The elephant is powerful enough to crush down large troops of men under his feet. And yet neither of these animals can cope with our species ; not because their corporeal strength and agility are deficient, but because they are destitute of intellect. Our reason is the cause of our superiority. Reason and sagacity can govern and restrain mere physical prowess.

3. The cause, then, of man's supremacy in the world is his intellect and his reasonable soul. Man can deduce things which are not seen from things which are seen. Man can, by various calculations, solve questions which are unintelligible at first sight.—Man, though confined to the surface of the earth, can, by his sagacity, discover the orbits of the primary and secondary planets, and calculate their dimensions as well as those of the sun, which is their common centre. Man, notwithstanding his inability to see more than an inconsiderable portion of the earth at one view, can by the power of his intellect, determine the whole terrestrial sphere. Man can communicate his thoughts by speech and hold intercourse with distant and unseen friends by letters. Man can bring the very elements to subserve his purposes; and drive, by means of steam and with the velocity of the wind, carriages on land without

বলের উপর নির্ভর রাখিলে মনুষ্য অনেক জন্তুকে পরাস্ত করিতে পারিতেন না; সিংহের এমত পরাক্রম আছে যে সমস্ত মানব কুলকে সহজে সংহার করিতে পারে; হস্তির এমত শক্তি আছে যে ভূরি ২ লোক সমূহকে পদতলে দলিত করিতে পারে; তথাপি এ উভয় পশুর মধ্যে কেহ মানুষিক শক্তিকে খর্ব্ব করিতে পারে না। তাহাঁদের কায়িক শক্তি ও প্রতাপের ত্রুটি নাই, কিন্তু বুদ্ধির অভাবই দুর্ব্বলতার হেতু জানিবা। আমাদের প্রাধান্যের মূল বুদ্ধি। বুদ্ধি ও কৌশল কায়িক প্রতাপকে শাসন ও দমন করিতে পারে।

৩ অতএব জগতের মধ্যে মনুষ্যের প্রাধান্যের কারণ বুদ্ধি ও বিবেক শক্তি বিশিষ্ট আত্মা। মনুষ্য প্রত্যক্ষ বিষয় দেখিয়া অপ্রত্যক্ষ বিষয়ের অনুমান করিতে পারেন। মনুষ্য আপাততঃ যাহা বোধগম্য নহে তাহাকে নানা প্রকার গণনা দ্বারা বোধগম্য করিতে পারেন। মনুষ্য ধরাতলে বদ্ধ হইলেও শনি শুক্রাদি মহাগ্রহ ও অন্যান্য অপর গ্রহের গতি ও পরিমাণ বুদ্ধিদ্বারা নিরূপণ করিতে পারেন, এবং তাহাদের সকলের মধ্যস্থ যে প্রচণ্ড সূর্য্য তাহারও পরিমাণ গণনা করিতে পারেন। মনুষ্য এক কালে পৃথিবীর কেবল অত্যল্প ভাগ দৃষ্টি করিতে পাইলেও বিবেচনা শক্তিতে সমস্ত ভূগোল নির্ণয় করিতে পারেন। মনুষ্য বাক্য দ্বারা আপন মনের ভাব প্রকাশ করিতে পারেন, এবং লিপির দ্বারা দূরস্থ অপ্রত্যক্ষ বন্ধুর সহিত আলাপ করিতে পারেন। মনুষ্য বিদ্যার কৌশলে ভূত পদার্থকেও তাঁহার অভিপ্রেত কর্ম্ম নির্ব্বাহে সহকারি করিতে পারেন, এবং জলের পরিণাম যে বাঁষ্প তদ্দ্বারা স্থল পথে

horses, and guide ships at sea without sail or oar. Man, though not gifted "with expanded wings" can, by the help of balloons inflated with gas, "steer his flight aloft, incumbent on the dusky air." Man can, by the application of electricity, communicate intelligence to an immense distance in the twinkling of an eye, and thereby realize, in a different but a more striking manner, the romantic idea,* represented by the poet as a mere stretch of his imagination, of the exiled *Yaksha*, vainly desiring, in his anxiety, the very clouds to convey tidings of him to his distant home.

4. The principle which enables man to perform these wonderful exploits, surely deserves all our attention. Every one is naturally gifted with reason. He, who through indolence neglects to cultivate it, is scarcely worthy of the human name, though born of the human species. Such a person's attention is engrossed by that which he possesses in common with the brute creation, viz. his gross corporeal frame; while he disregards the far nobler parts of his nature, even his mind and his soul,—by virtue whereof he is fitted to exercise dominion over the irrational creation. Those men who desire to maintain their natural supremacy in this visible world ought to improve their condition by the pursuit of knowledge and learning. How grievous is it

---

* Kalidasa in his *Meghaduta* has represented a *Yakska* as exiled from his family under the bann of his master's wrath, and apostrophizing the clouds to carry his assurances of undiminished love to his bereaved partner at home.

অশ্ব বিনা শকট এবং সমুদ্রে দাঁড় কিম্বা পালি বিনা নৌকা প্রায় বায়ুর ন্যায় বেগে চালাইতে পারেন। মনুষ্য বিস্তারিত পক্ষ বিশিষ্ট না হইলেও সূক্ষ্ম বায়ুতে স্ফীত বেলূন দ্বারা, পবনকে অবলম্বন করত ঊর্দ্ধে আরোহণ করিতে পারেন। মনুষ্য ইলেক্ট্রিক নামক বিশেষ পদার্থ শক্তি প্রয়োগ করিয়া নিমিষের মধ্যে অসংখ্য দূর পর্য্যন্ত সংবাদ প্রেরণ করিতে পারেন। কালিদাস রচিত মেঘ দূতে* দূরীকৃত ও উৎকণ্ঠিত যক্ষের বিষয়ে যে বর্ণনা আছে তাহা আমরা উৎকট কল্পনা মাত্র জ্ঞান করিয়া থাকি, কিন্তু ঐ যক্ষ মেঘ দ্বারা যে রূপ সংবাদ পাঠাইতে বৃথা বাসনা করিয়াছিল তাহা সম্প্রতি ইলেক্ট্রিক শক্তি দ্বারা প্রকারান্তরে আরো আশ্চর্য্যরূপে প্রত্যক্ষ হইতে পারে।

৪ যে শক্তিতে মনুষ্য এ সমস্ত আশ্চর্য্য ক্রিয়া করিতে সক্ষম তাহাতে মনোযোগ করা আমাদের সকলের আবশ্যক। বিবেক শক্তি স্বভাবতঃ সকলেরি আছে, তবে যে ব্যক্তি আলস্য প্রযুক্ত ইহার চর্চ্চা না করে সে মানব জাতি হইলেও মানব নামের যোগ্য নহে, সে স্বভাবতঃ বিবেক শক্তি বিশিষ্ট হইলেও যাহা পশুদের সহিত সমান ভাবে ধারণ করে, অর্থাৎ রক্ত মাংস বিশিষ্ট শরীর, তাহারি সন্তোষ চেষ্টা করে; কিন্তু তাহার স্বভাবের অতি উৎকৃষ্ট অঙ্গ, অর্থাৎ মন ও আত্মা, যদ্দ্বারা চতুষ্পদ গণের উপর সে প্রভুত্ব করণে সমর্থ, তদ্বিষয়ে যত্ন করে না; অতএব যে২ মনুষ্য এই প্রত্যক্ষ সৃষ্টির মধ্যে আপনাদের স্বাভাবিক প্রভাব রক্ষা করিতে চাহে, তাহাদের কর্ত্তব্য যে জ্ঞান ও বিদ্যার অনুশীলন দ্বারা নিজ অবস্থার শোধন করে। উর্ব্বরা

---

* কালিদাস মেঘ দূতে লিখিয়াছেন যে এক জন যক্ষ আপনার প্রভুর শাপে গৃহ হইতে দূরীকৃত হইয়া মেঘকে প্রার্থনা করিয়াছিল যেন তাহার স্ত্রীর নিকটে তাহার কুশলের বার্ত্তা লইয়া যায়।

to see a fertile field lying waste! The case of an ignorant man is equally so. How distressing is it to see a precious gem disfigured by dust and clay, instead of being cared for as it ought, and preserved in its native brilliancy! The human soul defaced by ignorance and vice is not a less sorry spectacle. It is incumbent on us, therefore, to adorn by study and cultivation, and not to debase by neglect and disregard, the mind and the soul, whereby we may become acquainted with things visible and invisible, temporal and spiritual;—and by virtue of which we are accounted superior to the other animals of our globe. And a more than human instructor has assured us *that the soul be without knowledge it is not good.**

5. But knowledge is of various sorts. There is nothing in this visible world on which we may not by observation, attention and meditation collect a large fund of sound, interesting and profitable instruction. If we cast our eyes upward, how many stars and planets, with the sun and the moon, the clouds and the sky present themselves to our sight!—Every one of these wondrous objects has supplied matter for science. We can calculate and determine the dimensions, orbits and transits of the planets; we can assign causes for the rise and fall of clouds; we may reckon the motion and velocity of the air. Who would not wish to know the principles on which these calculations

---

* Prov. XIX. 2.

ভূমিকে কর্ষণ বিনা মরু ভূমির তুল্য করিয়া রাখিলে কেমত খেদের বিষয় হয়! বিদ্যাহীন মনুষ্যের মন তদ্রূপ জানিবা। উত্তম রত্নকে যত্ন পূর্ব্বক উজ্জ্বল ও পরিষ্কারভাবে না রাখিয়া ধূলী ও ক্লেদেতে মলিন করিলে কেমন দুঃখের বিষয় হয়! মূর্খতা ও দুর্বৃত্তিতে কলঙ্কিত আত্মাও তাদৃশ বিষাদ জনক। তবে আমাদের উচিত যে প্রত্যক্ষ ও পরোক্ষ ঐহিক এবং পারত্রিক বিষয়ের জ্ঞান ধারণ করিতে সমর্থ যে মন ও আত্মা, যদ্দ্বারা আমরা এই ভূমণ্ডলে অন্যান্য জন্তু হইতে শ্রেষ্ঠরূপে গণ্য হই, তাহার অযত্ন না করিয়া বরং সর্ব্বপ্রকার জ্ঞান ও বিদ্যাতে বিভূষিত করিতে চেষ্টা করি; আর মনুষ্য হইতেও প্রধান এক জন উপদেশক দ্বারা আমরা অবগত হইতেছি যে "আত্মার জ্ঞানহীন থাকা শ্রেয় নহে"*

৫ কিন্তু বিদ্যা নানাবিধ। এই প্রত্যক্ষ সৃষ্টির মধ্যে এমত বস্তু নাই যদ্বিষয়ে ধ্যান চিন্তা ও মনোযোগ দ্বারা আমরা মহৎ২ উপকারক ও আমোদ জনক জ্ঞান প্রাপ্ত না হই। যদি আমরা ঊর্দ্ধে দৃষ্টি করি তবে কত২ গ্রহ নক্ষত্র চন্দ্র সূর্য্য মেঘ আকাশ আমাদের নয়ন গোচর হয়!—এসমস্ত বস্তুর বিষয়ে মনোরঞ্জক বিদ্যা আছে। গ্রহাদির পরিমাণ গতি সংক্রমণ সমস্ত আমরা গণনা দ্বারা নিরূপণ করিতে পারি; মেঘের উৎপত্তি স্থিতি ও বর্ষণ আমরা নির্ণয় করিতে পারি; বায়ুর বেগ ও বহন এবং অন্যান্য অনেক বিষয় আমরা বিবেচনা দ্বারা নিশ্চয় করিতে পারি। কে এই সকল গণনার মূল সূত্র জানিতে চাহি

* হিতোপদেশ ১৯. ২

are based? and who will not rejoice when he understands them?

If, turning from the heavens, we direct our observation on the earth, how countless are the objects which we there behold! How many are the organic bodies, viviparous, oviparous and vegetable, which fall within our sight!—All these, be it known, have been scientifically classified, and given occasion for elaborate disquisitions. The smallest insect or the commonest herb has the most astonishing mechanism to show in its organization. Numbers of works have been written on Botany and Natural History. Then, as to the earth itself, how minute are the calculations which have been made of its diameter, its circumference and its superficial extent. How surprizing are the speculations founded on the mathematics! How dignified, above all, is the knowledge which is obtainable with reference to our bodies and souls.

If, again, we excavate the earth, what a wide field is there opened for patient investigation. The minerals and other materials under the surface of our globe have proved at once a new and intersting sphere for science, and given exercise to the talents of thoughtful inquirers.

Poetry and polite literature, too, with the many ramifications which they admit, claim our attention; and are calculated by delicacy of sentiment and loftiness of imagination to gratify the human mind and promote the civilization of human society.

6. But of all these various branches of knowledge

বেনা? এবং তাহা বোধগম্য হইলে কাহার অন্তঃকরণ হৃষ্ট হইবে না? •

যদি স্বর্গের নীচে পৃথিবীতে দৃষ্টি করি তবে সেখানেও কত২ অসংখ্য দ্রব্য দেখিতে পাই! কত২ জরায়ুজ এবং অণ্ডজ ও উদ্ভিজ্য দেহ আমাদের নয়ন গোচর হয়! এসকলের সামান্য ও বিশেষ লক্ষণ বিদ্যার দ্বারা নিরূপণ হইয়াছে, ও ইহার সম্বন্ধে অনেক চমৎকার বর্ণনা আছে; অতি ক্ষুদ্র কীট এবং অতি সামান্য বৃক্ষেতেও অদ্ভুত নির্ম্মাণ শক্তি দেখা যাইতে পারে; পশু পক্ষ্যাদি ও বৃক্ষাদির বিষয়ে কত ভূরি২ পুস্তক রচনা হইয়াছে; পৃথিবীর পরিমাণ ব্যাস পরিধি ইত্যাদির কেমন সূক্ষ্ম নির্ণয় ও গণনা হইয়াছে, ক্ষেত্রতত্ত্বাদিতে কেমত চমৎকার বিদ্যা আছে, এবং আমাদের আপনাদের শরীর ও আত্মার সম্বন্ধেও কেমত অপূর্ব্ব জ্ঞান পাওয়া যাইতে পারে।

অপিচ, যদি পৃথিবী খনন করি তবে তাহাতেও ধৈর্য্য পূর্ব্বক বিচার করিবার কেমত বিস্তারিত বিষয় পওয়া যায়! মৃত্তিকার নীচস্থ ধাতু দ্রব্যাদি নানাবস্তু আমাদের বিদ্যার এক স্বতন্ত্র ও আমোদজনক পদার্থ হইয়া বিজ্ঞ লোকের মনোযোগ ধারণ করিয়াছে।

এতদ্ভিন্ন কাব্যসাহিত্যাদি কত প্রকার আমাদের অধ্যয়নের উপযুক্ত বিদ্যার শাখা আছে, তাহাতে রস এবং ভাবের উৎকর্ষ ও উচ্চতা দ্বারা মনের সন্তোষ জন্মে ও মনুষ্য সমাজে সভ্যতার বৃদ্ধি হয়।

৬ কিন্তু এই সমস্ত বিদ্যার মধ্যে ইতিহাস অর্থাৎ পুরাবৃত্ত সর্ব্ব

none is so universally useful or acceptable as *History.* Some departments of learning requiring more than ordinary labour and application, every one cannot make himself master of them all, or prove a universal scholar. Some branches of knowledge, again, needing a greater outlay of money than the ordinary student can afford, cannot be conveniently sought but by professional men. The science of medicine, for instance, cannot be studied to any perfection except by those who wish to follow the profession; nor can Law and Jurisprudence be cultivated to any considerable extent but by students desiring to adopt the forensic life. Every one is, however, bound to attend to those branches of knowledge which will make him a good member of society. History, as one of these essentials of a liberal education, is particularly entitled to our study. To know our own species must be far more interesting than to know other terrestrial objects. Every one may derive incalculable advantages from his acquaintance with the manners, customs and pursuits of men, in various countries and under various governments; and, with the influence which laws and institutions have exercised on their morals and on their happiness. This can however be collected only from *history,* the study of which is accordingly essential to a proper estimate of the human character and human capacities. Indeed, without this study, we could ga-

সাধারণের গ্রাহ্য ও উপকারি। কোন২ বিদ্যাতে বহু পরিশ্রম ও মনোযোগের প্রয়োজন থাকাতে অনেকে সমস্ত অধ্যয়ন করিয়া সকল বিষয়ে পারদর্শি হইতে পারেনা; আর কোন২ বিদ্যাতে অধিক অর্থব্যয়ের আবশ্যক হওয়াতে তাহা ব্যবসায়ি লোক ব্যতীত ধনাভাব প্রযুক্ত অন্যের দুষ্প্রাপ্য। যথা বৈদ্যশাস্ত্র ব্যবসায়ি লোক ভিন্ন কেহ শেষ পর্য্যন্ত অধ্যয়ন করিতে অবকাশ ও সুযোগ পায়না; রাজ ব্যবস্থা শাস্ত্র যদ্দ্বারা উকিল কৌন্‌সলেরা বাদি প্রতিবাদির প্রতিনিধি হইয়া বিচারাগারে বক্তৃতা করেন তাহাতেও ঐ ব্যবসায়ে প্রবৃত্ত লোক ভিন্ন অন্য ছাত্র পরিপক্ব হইতে পারেনা। কিন্তু যাহাতে সভ্যতা ও সুশীলতার বৃদ্ধি হয় এমত পাণ্ডিত্য প্রাপ্ত হইতে সাধারণের চেষ্টা কর্ত্তব্য। ইতিহাস অর্থাৎ পূর্ব্ববৃত্তান্ত এইরূপ সভ্যতা পোষক বিদ্যার অঙ্গ হওয়াতে সকলেরি শিক্ষা করা উচিত। পৃথিবীর অন্যান্য বিষয়ে জ্ঞান প্রাপ্তি যেমত মনোরম্য, মানব জাতির বৃত্তান্ত জানা ততোধিক বাঞ্ছনীয়। সৃষ্টিকালাবধি মনুষ্য কোন্ দেশে কেমন ব্যবহার করিয়াছে, কোন্ শাসনে কেমন রূপে কাল যাপন করিয়াছে, কি প্রকার নিয়মে সচ্চরিত্র ও কি প্রকার নিয়মে দুশ্চরিত্র হইয়াছে, কেমন অবস্থাতে সুখ ভোগ করিয়াছে ও কেমন অবস্থাতে দুঃখ ভোগ পাইয়াছে এই২ বিষয় জানিলে সকলেরি অগণনীয় উপকার হইতে পারে। কিন্তু এ জ্ঞান কেবল পুরাবৃত্ত দ্বারা পাওয়া যায়, অতএব মনুষ্যের স্বভাব ও চরিত্র উত্তম রূপে বুঝিবার জন্য পুরাবৃত্ত অধ্যয়ন করা আবশ্যক। যেমত দেশ বিদেশ পর্য্যটনকারিদের ও সমুদ্রে নৌকারূঢ় লোক-

ther no fuller information of our own species, than we could of the surface of our globe, without listening to the accounts of travellers and navigators; and who could narrowly survey with his own eyes the whole length and breadth of this globe?

7. And here we ought to remember the interest our ancient Rajahs are said to have expressed in narrations of past events. Their curiosity was invariably excited whenever they heard the name of a new country, or a new prince, uttered by pundits attending on their persons. We are told that Parikshit, Janamejaya, and other sovereigns used constantly to inquire of past occurences from Shuka, Vaishampayana and other sages. Although the authority of the poetic and sentimental Puranas, as historical guides, is not unexceptionable, and although the writers themselves do not appear to have desired or intended that every story they recounted should pass for a fact—they nevertheless uphold the dignity of historical study by showing how highly our crowned heads valued that kind of knowledge.

8. History is accordingly well worthy of a diligent study. History is calculated to minister a dignified enjoyment by representing to our minds the manners and exploits of our own species, and to enlarge our experience by informing us what has really occurred in times of yore, and thereby enabling us to entertain right ideas of things. We can observe but a small fraction, with our own senses, of the great Cycles of

দের বর্ণনা অগ্রাহ্য করিলে আমরা ভূগোল বৃত্তান্তের অত্যল্প কথা জানিতে পারিতাম—কেননা কে কেবল নিজ চক্ষুতে পৃথিবীর সমস্ত দীর্ঘ প্রস্থ সূক্ষ্মরূপে দর্শন করিতে পারে?—তদ্রূপ মনুষ্য জাতির চরিত্রাদি উত্তমরূপে জানিবার নিমিত্তে পূর্ব্ববৃত্তান্ত অধ্যয়ন করা আবশ্যক।

৭ পুরাবৃত্ত বিদ্যার বিষয়ে আমাদের স্বদেশীয় নৃপতিবর্গের যে অনুরাগ বর্ণিত আছে তাহা মনে রাখা আবশ্যক, তাঁহারা নিজ সভাস্থ পিণ্ডতগণের নিকটে কোন নূতন দেশ কিম্বা নূতন রাজার নামোল্লেখ শুনিলেই বিশেষ বৃত্তান্ত জানিতে সর্ব্বদা বাসনা করিতেন। এইরূপে পরীক্ষিৎ জনমেজয় প্রভৃতি ভূপতিরা শুক বৈশম্পায়নাদি ঋষিদের নিকট অতীত বিষয়ের কত শত২ প্রশ্ন করিয়াছিলেন—যদিও পুরাণোক্ত কথা কাব্য রসে পূর্ণ হইয়া পুরাবৃত্ত বিষয়ে উৎকৃষ্ট রূপে আমাদের প্রত্যয়ের যোগ্য নহে, এবং যদিও বোধ হয় পুরাণ রচকেরা স্বয়ং আপনাদের সমস্ত বর্ণনাকে সত্য বলিয়া প্রচলিত করিতে বাঞ্ছা করেন নাই, তথাপি তাঁহারা এপ্রকার রচনাতে রাজাদের অনুরাগ দেখাইয়া পুরাবৃত্তের মাহাত্ম্য প্রকাশ করিতেছেন।

৮ অতএব পুরাবৃত্ত বিদ্যাতে সকলের যত্ন ও পরিশ্রম করা আবশ্যক;—ইহাতে আপনাদের জাতির রীতি ও চরিত্র মনোগোচর হওয়াতে আমরা পরম আহ্লাদ পাইতে পারি;—ইহাতে পূর্ব্বকালে বাস্তবিক কি২ হইয়াছিল তাহা অবগত হইয়া আমরা অনেক বিষয়ের যথার্থ অনুভব প্রাপ্ত হইতে পারি এবং আমাদের বহুদর্শিতার বৃদ্ধি হইতে পারে। আর

Time, but history may enable us to view those whole Cycles from the very beginning of the world. History connects one age and one generation with another, and places the scholar who has well mastered its records, in the position of a never-dying spectator, existing, as it were, in all ages, and viewing all generations passing before his "mind's eye" from the very infancy of human Society, and thus holding intercourse in a manner with all his predecessors, ancient as well as modern. The age of our Vikramaditya has long past; but the historian who has inquired into the lives and acts of his successors—Hindu, Mahomedan and British—is like a person born in his reign, but existing to this day, and thus conversant with the character and acts of all the Kings and Governors that have since appeared in our Indian peninsula.

9. We shall now turn to the sources of History. Our logicians have justly asserted that the five external senses are the means whereby we come to the knowledge of sensible phenomena; for we could form no conception of external things, which we have not observed with any of our five senses. But things, of which we can individually have no sensation ourselves, are more numerous than those of which we can. It is after all but a few things of which we can have any idea by personal observation. How many amongst us have *seen* with their eyes the war lately waged in China, or heard with their own ears, the peals of ordnance and the groans of the dead with which is was attended?

যদিও কালচক্রের গতির মধ্যে আপনাদের চক্ষে অতি ক্ষুদ্রাংশ দেখিতে পাই, তথাপি পুরাবৃত্ত বিদ্যাতে পরিপক্ক হইলে সৃষ্টিকালাবধি ঐ চক্রের প্রায় সমস্ত গতি নিরীক্ষণ করিতে পারি। পুরাবৃত্ত বিদ্যা এক কাল এবং এক পুরুষকে অন্য কাল ও অন্য পুরুষের সহিত সংযুক্ত করে, যে পণ্ডিত এ বিদ্যাতে পারদর্শী তিনি যেন এক জন অমরের ন্যায় সকল কালে বর্ত্তমান থাকিয়া মনুষ্য জাতির আদ্য অবস্থা-বধি সকল কালের লোককে জ্ঞান চক্ষুতে দেখেন, এবং প্রাচীন ও আধুনিক সমস্ত লোকের সহিত যেন এক প্রকারে আলাপ করেন। বিক্রমাদিত্য রাজা বহুকাল হইল পঞ্চত্ব পাই-য়াছেন, কিন্তু যে ইতিহাসবেত্তা তাঁহার ও তাঁহার পশ্চাৎগত হিন্দু মোসলমান ইংরাজ শাসনকর্ত্তাদের বৃত্তান্ত যত্ন পূর্ব্বক অবগত হইয়াছেন, তিনি যেন বিক্রমাদিত্যের কালে জন্মিয়া অদ্য পর্য্যন্ত বর্ত্তমান থাকিয়া সেই সময়াবধি ভারতবর্ষীয় সকল রাজাদের রীতি ও চরিত্র দেখিয়া আসিতেছেন।

৯ এক্ষণে পুরাবৃত্ত বিদ্যার মূল কি তাহা বর্ণনা করিব— নৈয়াযিকেরা কহেন যে প্রত্যক্ষ জ্ঞানের মূল বাহ্য পঞ্চেন্দ্রিয়; ইহা যথার্থ বটে; যাহা চক্ষু কর্ণ জিহ্বা নাসিকা এবং ত্বকের সহিত কোন রূপে সংযুক্ত হয় নাই, তদ্বিষয়ে আমাদের কোন প্রত্যক্ষ অবগতি হইতে পারেনা। কিন্তু এই রূপে আমাদের প্রত্যক্ষ বিষয়াপেক্ষা অপ্রত্যক্ষ বিষয় বহুবিধ জানিবা। নিজ চক্ষু কর্ণাদিতে আমরা অত্যল্প বিষয় অবগত হইতে পারি—চীন দেশে যে যুদ্ধ সম্প্রতি হইয়াছিল তাহা আমাদের মধ্যে কত জন স্বচক্ষে দেখিয়াছে? সেখানকার অস্ত্র ক্ষেপের ধ্বনি অথবা রণ স্থলে ম্রিয়মাণ লোকের চিৎকার কয় জন স্বকর্ণে শুনিয়াছে? তথাপি আমরা সকলেই জানি এবং বিশ্বাস করি যে ঐ যুদ্ধ সত্য হইয়াছিল। আফগানিস্থানে যে সংগ্রাম হইয়াছিল, তাহা

And yet we all know and believe that such a war has taken place. How many amongst us have had ocular proof of the Affghan war, or actually seen the celebrated Acbar Khan ? And yet not a single person doubts the fact.

10. Hence we may infer that what is not seen by one person may be seen by another, and we may know and believe what we have not seen, on the authority and testimony of those who have. We were not indeed present at the battles fought in China, but many of our contemporaries were—upon whose testimony we know and believe the facts. We have not, it is true, seen Acbar Khan ourselves, but we have received information from those who have seen. The testimony of the person who sees, thus supplies the deficiency of sensation in the person who hears.

11. There is therefore another source of knowledge distinct from actual sensation, whereby we come to know many things without seeing with our own eyes or hearing with our own ears. This source of knowledge is, by our logicians, called *Shabda, i. e. Report* or *Sound.* It is this evidence from " Report" whereby the great portion of our earthly transactions is managed, and without which there would be a dead stop to business. It is this evidence whereby the merchant knows the state of the market in various places and at various times, and is accordingly directed in his selection of articles for exportation and reaps the benefit of a profitable sale. It is the same evidence of " Re

আমাদের কয় জনের নয়ন গোচর হইয়াছে? আক্বার খাঁ যে প্রসিদ্ধ ব্যক্তি তাহাকে কয় জন স্বচক্ষে দেখিয়াছে? তথাচ এবিষয়ে কাহারও সন্দেহ নাই।

১০ ইহার সমাধি এই যে যাহা এক জনের অপ্রত্যক্ষ তাহা অন্যের প্রত্যক্ষ হইতে পারে, এবং প্রত্যক্ষ দর্শির কথা প্রমাণ আমরা অপ্রত্যক্ষ বিষয় জানিতে পারি ও বিশ্বাসও করি—চীনের যুদ্ধ আমাদের প্রত্যক্ষ হয় নাই বটে, কিন্তু এখনও বর্ত্তমান এমত অন্য অনেকের হইয়াছিল; তাহাদের কথা প্রমাণ আমরা ঐ বিষয় জানি এবং বিশ্বাস করি। আক্বার খাঁকে আমরা স্বয়ং দেখি নাই বটে, কিন্তু যাহারা দেখিয়াছে তাহাদের বচনানুসারে আমরা অবগত হইয়াছি—এরূপে প্রত্যক্ষ দর্শির সংবাদে জ্ঞান পাইলে শ্রোতার স্বয়ং দর্শনের আর নিতান্ত অপেক্ষা থাকে না।

১১ অতএব প্রত্যক্ষ দৃষ্টি ব্যতিরিক্ত জ্ঞানের অন্য এক মূল আছে যাহাতে আমরা স্বচক্ষে না দেখিয়া ও স্বকর্ণে না শুনিয়াও অনেক বিষয় জানিতে পারি—জ্ঞানের এই মূলকে আমাদের নৈয়ায়িকেরা শাব্দ প্রমাণ কহেন। এই শাব্দ প্রমাণ দ্বারা সংসারের মধ্যে বহুবিধ কার্য্য নির্ব্বাহ হইতেছে, ইহা ব্যতীত সকল কার্য্যে সদ্য ব্যাঘাত জন্মিত ও কোন কর্ম্ম সম্পন্ন হইতে পারিত না—এই প্রকার প্রমাণে বাণিজ্য কারিরা কোন্ দেশে কোন্ সময়ে কোন্ দ্রব্য দুর্ম্মূল্য কোন্ দ্রব্য সুমূল্য তাহা বুঝিয়া তদনুসারে দ্রব্য প্রেরণ করে, তাহাতে মাহার্ঘ্যে বিক্রয় করিয়া ধনাঢ্য হয়—ঐ প্রমাণে আমরা দূরস্থ বন্ধুর কুশল শুনিয়া অন্তঃকরণে সান্ত্বনা পাই—ঐ প্রমাণে এক

port" whereby we enjoy the consolation of hearing of the welfare of distant friends. The same evidence puts us in possession of intelligence touching foreign countries that we have never visited; and informs us, though ourselves confined to a mere speck on the earth, of what is passing throughout the whole globe. It is the same evidence, in fine, by which the son recognizes his father, and which thus preserves the sacred bonds of society compact and unbroken.

12. This evidence of "Report," or Testimony, depends on the principle of belief. If we had no reliance on the words of our neighbours, this evidence would be inadmissible. We are impressed with the persuasion that no one will seriously and wilfully practise deception, and circulate a falsehood, in the absence of a corrupt motive. It has been well observed that the mind is *philalethes*; and, as it will not itself assent to any proposition unless it appear as a truth, so neither does it strive to impose an untruth upon others, where no sordid motives are found to divert it from the path of uprightness. We, therefore, believe in each other's sayings—and do not indulge in unbelief where we see no motive for fraud.

13. The evidence from "Report" is two-fold;—1st That which we receive directly from the lips of the speaker and so hear with our own ears;—2d That which we derive from letters, the witness himself being beyond our reach or departed from this life. Both these ways are of the utmost consequence; the second is still

দেশে থাকিয়া অন্য দেশ না দেখিয়াও তাহার সংবাদ পাই, এবং ভূমণ্ডলের এক বিন্দু মাত্র অবলম্বন করিয়া সমস্ত পৃথিবীতে কি হইতেছে-তাহা জানিতে পাই—ঐ প্রমাণে পুত্র পিতার পরিচয় পায় এবং তদ্দ্বারা সংসারের মধ্যে গুরুলঘু সম্বন্ধ সমূহ অখণ্ড ভাবে স্থির থাকে।

১২ শাব্দ প্রমাণ বিশ্বাসাধীন হইয়া থাকে। পরস্পর বিশ্বাস না থাকিলে এ প্রমাণের প্রয়োগ হইতে পারিতনা। এ বিশ্বা-সের মূল এই যে কোন কুপ্রবৃত্তি জনক বিষয় অবিদ্যমানে কেহ জানিয়া শুনিয়া প্রবঞ্চনার্থে মিথ্যা কহে না এমত বোধ আমাদের সকলেরি আছে—এক জন বিচক্ষণ যথার্থ কহিয়া-ছেন যে মন সত্যপ্রেমি, এবং যেমন আপনি সত্য বলিয়া না বুঝিলে কোন কথা গ্রাহ্য করেন না, তদ্রূপ সারল্যের পথ হইতে বিমুখ করণার্থে কোন বিশেষ কুপ্রবৃত্তি পোষক কারণ না থাকিলে অন্যকেও মিথ্যা জ্ঞান দিতে চাহেন না—অতএব আমরা পরস্পর এক জন অন্যের কথা বিশ্বাস করি, এবং প্রবঞ্চনা উৎপাদক বিশেষ কুপ্রবৃত্তি না দেখিলে অবিশ্বাস করি না।

১৩ শাব্দ প্রমাণ দ্বিবিধ—প্রথমতঃ যাহা আমরা বক্তার প্রমুখাৎ প্রাপ্ত হই ও স্বকর্ণেতে শুনি—দ্বিতীয়তঃ যাহা প্রত্যক্ষ দর্শী দূরস্থ কিম্বা পরলোক গত হইলেও লিপির দ্বারা অব-গম্য—উভয় প্রকারই অত্যন্ত প্রয়োজনীয়—কিন্তু দ্বিতীয় প্রকারের প্রয়োগ প্রথম প্রকার হইতে অধিক—কেননা

more so : since our knowledge from letters and newspapers exceeds by far that which we receive immediately from one's own lips.

14. Whatever events happen in our own age without falling within our personal observation, and whatsoever have occurred in ages past, unless capable of proof by inference from facts already established, can be known only by means of Testimony. Scarcely a single person is now in existence who lived at the time when Serajat Dowla had imprisoned the English in the Black Hole ; but there are various written accounts of that cruel outrage, from which we may come to the knowledge of what those writers had seen. Perhaps no one is now living who was contemporaneous with the characters that flourished in the beginning of George the Third's reign ; but there are the journals of many that then lived from which we can make ourselves acquainted with that eventful period. None of our contemporaries saw the Spanish *Armada* in the reign of Queen Elizabeth; but the narrations left by those who had seen and heard are at our service.

The grand source of historical knowledge is accordingly *testimony*—or the writings of those who had seen and heard. We may learn what happened in times of yore by reading the written descriptions left us by persons who saw them. Thus Clarendon's History of the Rebellion instructs us on the memorable events of the Civil War in England.—Xenophon enlightens us on the incidents connected with the expedition of Cyrus the

কাহারো প্রমুখাৎ যাহা শুনি তদপেক্ষা সংবাদ পত্রে অথবা লিপির দ্বারা যে ২ বিষয় অবগত হই তাহা আরো অধিক।

১৪ বর্ত্তমান কালে যাহা আমাদের অপ্রত্যক্ষ হইয়া থাকে, এবং অতীত কালে যাহা হইয়াছে, তাহা কোন প্রসিদ্ধ ও নিরূপিত বিষয় হইতে অনুমান দ্বারা প্রমেয় না হইলে, কেবল ঐ শাব্দ প্রমাণে আমরা অবগত হইতে পারি—নবাব সেরাজদ্দৌলা যৎকালে ইংরাজদিগকে ব্লেক হোল নামক প্রসিদ্ধ স্থানে বদ্ধ করিয়াছিল তৎকালের প্রায় কেহই এক্ষণে বর্ত্তমান নাই—তথাপি সেকালীন লোকের লিপি আছে, সেই লিপি দ্বারা তাহাদের প্রত্যক্ষ দর্শনের বিষয় আমরা জানিতে পারি—তৃতীয় জার্জ নামক রাজা যখন ইংলণ্ডীয় সিংহাসনে প্রথম আরোহণ করেন সেকালের লোক প্রায় সকলেই অতীত হইয়াছে, কিন্তু তাহাদের লেখন এখনো আছে, তাহাতে আমরা ঐ সময়ের সমস্ত বিষয় জানিতে পারি—ইলিসাবেৎ নাম্নী ইংলণ্ডীয় মহারাণীর সময়ে স্পেনরাজের সহিত ইংরাজদের সমুদ্রে যে যুদ্ধ হইয়াছিল তাহার প্রত্যক্ষ দ্রষ্টা ও শ্রোতা এক্ষণে নাই, কিন্তু তাহাদের লিখিত বর্ণনাতে আমরা সে কালের কথা জানি।

অতএব ইতিহাস বিদ্যার প্রধান মূল পূর্ব্বোক্ত শাব্দ প্রমাণ, অর্থাৎ দ্রষ্টা ও শ্রোতাদের লিপি—পূর্ব্ব কালে যাহা হইয়াছিল তদ্দর্শকেরা যে ২ বিষয় লিপির দ্বারা বর্ণনা করিয়াছে তাহা এক্ষণে পাঠ করিয়া আমরা ঐ ২ বিষয় অবগত হই। এই রূপে ক্লারেণ্ডনের রচিত গ্রন্থ দ্বারা ইংরাজদের স্বদেশীয় ঘোর সংগ্রামের বৃত্তান্ত অবগত হই—জেনফনের উক্তিতে আমরা

younger.—Polybius has represented the interesting occurrences regarding the Punic and the Macedonian wars.—Josephus has recounted for our information the events relating to the destruction of Jerusalem.—Eusebius tells us of the life of Constantine the Great.—And so many other writers on other subjects.

15. Written testimony again is divided into two parts;—1st the reports of the eye-witnesses themselves, as instanced above—2d collections from the writings of witnesses by others—of which Livy and Hume may be cited as examples. The former wrote a history of Rome from its very commencement; but he did not live in the age of Romulus,—he investigated the annals previously composed, and thence collected his materials. The latter wrote a history of England; though he could never personally have witnessed the events he has described.—He gathered them from documents already existing.

16. There is another kind of Testimony yet, viz. Tradition—which comes down from generation to generation without being committed to writing. This source of evidence is often liable to suspicion,—for errors may very naturally creep in where unwritten words are transmitted from age to age. Besides, it is often difficult to trace the foundation of such oral accounts; we are often at a loss to determine the source whence a certain tradition arose. We cannot accordingly get rid of our suspicions.

17. When the evidence of "Report" is offered to

দ্বিতীয় সাইরস সম্পর্কীয় পারস যুদ্ধের কথা জানিতে পারি—পোলিবিয়সের রচনাতে পুনিক মাসিদনীয় প্রভৃতি যুদ্ধের অনেক কথা জ্ঞাত হই—যোসিফসের পুস্তক পাঠ করিয়া যিরূশালেম নগর সংহারের বিবরণ বুঝিতে পাই—ইউসিবিয়সের রচনাতে কনস্তান্তিন রাজার চরিত্র আমাদের বোধগম্য হয়—তদ্রূপ অন্যান্য অনেক স্থলেও বুঝিবা।

১৫ লিপি দ্বারা যে শাব্দ প্রমাণ তাহাও পুনশ্চ দুই খণ্ডে বিভক্ত—প্রথমতঃ সাক্ষাৎ দর্শকের আপনার লিপি, যাহার উদাহরণ উপরে লিখিলাম; দ্বিতীয়তঃ সাক্ষাৎ দর্শকের লিপি হইতে অন্যের সংগৃহীত বর্ণনা, যাহার উদাহরণ এক্ষণে লিখি—লিবি নামক এক ব্যক্তি রোম দেশের নির্ম্মাণাবধি সমস্ত বৃত্তান্ত লিখিয়াছেন—কিন্তু তিনি স্বয়ং রমুলসাদি রাজাদের সময়ে বর্ত্তমান ছিলেন না, তদ্বিষয়ে যাহা ২ পূর্ব্বে লিখিত ছিল তাহা আলোচনা করিয়া সংগ্রহ করিয়াছিলেন,—হিউম ইংলণ্ডের ইতিহাস লিখিয়াছেন, কিন্তু যে২ ঘটনা বর্ণনা করিয়াছেন তাহা কখন স্বয়ং দেখিতে পায়েন নাই,—প্রাচীন রচিত গ্রন্থ হইতেই সংগ্রহ করিয়াছেন।

১৬ শাব্দ প্রমাণ আরও এক প্রকার হইতে পারে, অর্থাৎ ঐতিহ্য কথা, যাহার লিখিত বর্ণনা না থাকিলেও পুরুষানুক্রমে ধারাবাহিক হইয়া আইসে—এ প্রকার প্রমাণ পুনঃ২ সন্দেহ স্থল হয়, কেননা কোন কথা পরম্পরা একজন হইতে অন্য জনের প্রতি উক্ত হইলে নানা প্রকার ভ্রম জন্মিতে পারে,—এবং ইহার সূত্র নিশ্চয় করা দুষ্কর হওয়াতে আমরা বারম্বার নির্ণয় করিতে পারিনা যে কাহা হইতে অমুক কথা উঠিয়াছে; সুতরাং আমাদের সন্দেহ ভঞ্জন হয় না।

১৭ আর শাব্দ প্রমাণ গ্রহণ কালে বিবেচনা করিতে হইবে

our reception, we are to consider whether the person who testifies is himself well informed, and whether he is likely to be faithful in his relation. If he speaks advisedly and is truthful in his character, his narration is of course entitled to our belief; if not, it is liable to suspicion. He who recounts a story without having himself properly inquired into it, is likely to deliver an erroneous statement which cannot be received as credible. Neither can he, who appears capable of departing from the truth for base purposes and seems to have a motive for telling a lie, call for our belief. An author may deceive us by being himself ignorant of the truth and so self-deceived: or, knowing the truth himself, he may yet, for some ignoble motives, swerve from the straight path of veracity, and so teach falsehood.

18. In judging the credibility of a certain history we must consider, whether the author was himself in earnest; whether his love of truth and impatience of error were such as to induce him to make every possible inquiry after *facts*; whether he could have any personal interest, or any interest of class or country, in garbling, disfiguring and distorting what he had discovered to be true;—whether he had ample opportunities of informing himself on the subjects on which he has written; whether his position in society was such that if the facts were not as he represented, he was

যে যিনি সাক্ষ্য দিতেছেন তিনি আপনি উত্তমরূপে অবগত ছিলেন কি না, এবং সত্যবাদী হইয়া বর্ণনা করিবেন এমত সম্ভাব্য কি না। যদি তিনি আপনি অবগত হইয়া থাকেন এবং তাঁহার চরিত্রও সত্যবাদির ন্যায় হয় তবে তাঁহার কথা অবশ্য গ্রাহ্য বটে—নচেৎ তাহাতে সন্দেহ জন্মিতে পারে। যিনি আপনি উত্তম অনুসন্ধান না করিয়া কোন বিষয় বর্ণনা করেন তাঁহার বর্ণনাতে ভ্রম থাকিবার সম্ভাবনা থাকে এবং তাহাতে নিশ্চয় বিশ্বাস করা যায় না—অথবা যিনি কোন অধম অভিপ্রায় বশতঃ সত্য হইতে পরাঙ্মুখ হইতে পারেন ও যাঁহার বিষয়ে মিথ্যা কথনের প্রবর্ত্তক কোন কারণ থাকে তিনিও বিশ্বাস্য নহেন। যথার্থ তথ্য না বুঝিয়া লিখিলে গ্রন্থকর্ত্তা আপনি ভ্রান্ত হইয়া অন্যেরও ভ্রান্তি জন্মাইতে পারেন—কিম্বা কোন অধম পুরুষার্থের লোভে মুগ্ধ হইলে সত্যের সরল পথ হইতে মিথ্যার কুটিল পথে পদার্পণ করিতে পারেন, তাহাতে জ্ঞাতসারে অন্যের সম্বন্ধে মিথ্যা-বাক্যের উপদেশক হয়েন।

১৮ পুরাবৃত্ত সম্বন্ধীয় কোন গ্রন্থ বিশ্বাস্য কি না তাহার আলোচনা করিতে হইলে এই ২ বিষয় বিবেচনা করিতে হয় —যথা গ্রন্থকর্ত্তা যাহা লিখিয়াছেন তাহা আমরা সত্য বলিয়া গ্রাহ্য করিব ইহা তাঁহার আপনার তাৎপর্য্য কি না? তিনি আপনি এমত সত্যপ্রেমী ও মিথ্যাদ্বেষী কি না যে সত্য ঘটনার বিষয়ে যৎপরোনাস্তি অনুসন্ধান করণে সদা উদ্যত ছিলেন? যাহা সত্য বলিয়া জানেন তাহা খণ্ডিত অথবা বিবর্ণ কিম্বা বিকৃত করিলে তাঁহার আপনার কোন লাভালাভ কিম্বা জাতি সম্প্রদায়ের কোন ইষ্টাপত্তি হইতে পারিত কি না? যে বিষয় লিখিয়াছেন তাহার তথ্য জানিবার বহুবিধ সুযোগ তাঁহার ছিল কি না? লোক সমাজে তাঁহার অবস্থিতি এমত ছিল কি না যে স্বকীয় বর্ণনা সত্যের বিপরীত হইলে শীঘ্র টের পাইতে পারিতেন? এবং যাহা রচনা করিয়াছেন, তাহা

sure to know the contrary;—and *how* his narrations were received by his own contemporaries. It is not always that all these questions can be satisfactorily determined with reference to every historian. Still, where the historian does not appear so careless or so interested as to forfeit his credit intellectually or morally, his statements may be generally received.

19. Hence History composed in verse is liable to suspicion. Our writers on Rhetoric have themselves said that *sentiment is the soul of poetry*. It is a defect in a poet, in their estimation, to recount *mere facts*. There must, therefore, be such sentimental descriptions in poetry, as must, to a certain extent, change the genuine colour of Truth. He who wishes to communicate mere incidents as they actually occur, composes generally in common prose. In poetical authorship, there are other objects to be kept in view besides facts. Every poet, besides looking to his metre, must seek to gratify the imagination and taste of his readers, and even to exhibit his own. He may accordingly sometimes, for the sake of metre and sentiment, and in his anxiety to set forth words, phrases and figures that will gratify his reader, be insensibly led to represent fictions as facts. The prose-writer is not in danger of this declination from the right line of truth. He can plainly and clearly deliver facts. The Iliad of Homer, replete with poetic sentiment and composed in a most

তাঁহার আপনার চতুর্দ্দিক্স্থ লোক কি ভাবে গ্রহণ করিয়াছিল? এ সকল প্রশ্ন প্রত্যেক গ্রন্থকর্ত্তার বিষয়ে সর্ব্বদা বাঞ্ছনীয়রূপে মীমাংসা হইতে পারে না তথাপি যখন কোন গ্রন্থকারকের এমত অসাবধানতা অথবা নিজ পক্ষপাতিতা বোধ না হয় যে তাহার বিবেচনা ও সুশীলতায় দোষ আইসে, তখন তাহার বাক্য সামান্যতঃ বিশ্বাস্য হইতে পারে।

১৯ এই জন্য ইতিহাস ও পূর্ব্ববৃত্তান্ত কবিতাতে রচিত হইলে সন্দেহ জন্মিতে পারে। আমাদের অলঙ্কারবেত্তারা কাব্যকে রসাত্মক বলিয়া লক্ষিত করিয়াছেন—তাঁহাদের মতে কেবল ইতি বৃত্তং ইতি বৃত্তং লিখিলে কাব্যেতে দোষ জন্মে, সুতরাং কবির বর্ণনাতে এমত রসের কথা থাকিবে যাহাতে বাস্তবিক ঘটনা বিরূপ ও বিবর্ণ হইতে পারে। যাহা বাস্তবিক ঘটিয়াছে কেবল তাহাই জ্ঞাপন করা যাঁহার অভিপ্রায় তিনি সামান্য গদ্যতে মনের ভাব প্রকাশ করেন—পদ্য রচনাতে সত্যের বর্ণনা ব্যতিরিক্ত অন্যান্য অনেক তাৎপর্য্য থাকে, ছন্দের মিলন ও পাঠকের মনোরঞ্জন এবং আপনার কাব্যশক্তি ও রস বিস্তার এ সকলেরি চেষ্টা প্রত্যেক কবির নিতান্ত আবশ্যক, অতএব তাঁহারা কখন২ ছন্দ ও রস বিস্তারের অনুরোধে পাঠকের প্রিয় ও মনোরঞ্জক বাক্য বিন্যাস করিবার ইচ্ছাতে প্রায় অজ্ঞাতসারে সত্যকে অসত্য করিতে পারেন। কিন্তু গদ্য লেখকের পক্ষে এ প্রকার সত্যের সরল পথ ছাড়িয়া মিথ্যার কুটিল পথের অভিমুখ হইবার সম্ভাবনা নাই। তিনি যথা বৃত্ত তথা স্পষ্ট ও সরলতা পূর্ব্বক লিখিতে পারেন। হোমের নামক গ্রীক দেশীয় মহা কবির ইলিয়দ

melodious metre, is not received by any as authentic in all its relations;—the poet himself appears to have wished that the reader should rather look for taste and sentiment than for facts in his great work.

20. It is a great misfortune with us, natives of Hindustan, that the historical or rather the legendary works of our country were all written like the Iliad of Homer in poetry—and are therefore liable to suspicion. Not that our great poems are to be held in contempt. They are full of beautiful figures and are the ornaments of our literature. The more they are read, the greater becomes the attractive power of their beauties. Though the later poets are guilty of vain alliterations and other faults, and are, moreover, chargeable with vanities and puerilities, yet the Puranas of Vyas and Valmiki are free from such marks of vicious taste. Still the narratives they contain cannot be received for *facts,* nor can their authority be sustained as *historical* guides. But though we cannot receive them as histories *in their integrity,* yet we do not say there is *no* true account in them of past ages. Much light may be derived therefrom relating to the antiquities of India; and surely every one of the Solar and Lunar Kings mentioned in them was not a mere fiction of the imagination. Many of them were, no doubt, real characters, and had actually swayed the sceptre of this country. The great events we should say were true,—such as the battle of Kuruk-

সংজ্ঞক গ্রন্থে দীর্ঘছন্দ ও কাব্যরসের পূর্ণতা হেতুক তাহার সমস্ত বর্ণনা কেহ সত্য বলিয়া গ্রহণ করেনা, আর বোধহয় হোমের আপনি এমত ইচ্ছা করিয়াছিলেন যে তাঁহার মহৎগ্রন্থ পাঠকেরা সত্য বিবরণ অপেক্ষা রচনার অলঙ্কারে অধিক মনোযোগ করুক।

২০ আমাদের ঘোর দুর্ভাগ্য প্রযুক্ত ভারতবর্ষের পুরাবৃত্ত অর্থাৎ পুরাণ ইতিহাসাদি গ্রন্থ সকলি উক্ত হোমেরের ইলিয়দের ন্যায় কবিতাতে রচিত হইয়াছে, সুতরাং তাহাদের বিবরণে অনেক প্রকার সন্দেহ জন্মে। সে সকল মহাকাব্য অনাদরের বিষয় নহে বটে—তাহাতে নানা প্রকার মনোরম্য ভাব আছে এবং তাহা আমাদের বিদ্যার শোভা ও অলঙ্কার—পাঠ করিলে তাহার মাধুর্য্য চিত্তকে উত্তর ২ অধিক আকর্ষণ করে,—আর নব্য-কবিদের গ্রন্থে যে পাণ্ডিত্য অভিমান ও বাল্য ক্রীড়ার চিহ্ন স্বরূপ নানাবিধ ব্যর্থ যমক ও অন্যান্য দোষ আছে তাহা ব্যাস বাল্মীকি রচিত পুরাণাদিতে নাই—তথাপি সে পুরাণাদির বর্ণনা আমরা সত্য বলিয়া গ্রাহ্য করিতে পারিনা, সুতরাং তাহাকে ইতিহাসের মূল বলিয়া স্বীকার করা যায় না—কিন্তু যদিও ইহার সমস্ত বর্ণনা সত্য বলিয়া স্বীকার করিতে না পারি তথাপি এমত কহিতে পারি না যে তাহাতে পূর্ব্ব কালের কোন প্রকার সত্য বর্ণনা নাই—কেননা প্রাচীন আচার ব্যবহার রাজনীতি ইত্যাদির বিষয়ে উক্তগ্রন্থ হইতে অনেক জ্ঞান পাওয়া যায়; এবং চন্দ্র সূর্য্য বংশীয় রাজাদের মধ্যে সকলেরি নাম যে কবির কল্পনামাত্র এমত নহে—অনেকে বাস্তবিক বর্ত্তমান ছিলেন এবং এ দেশে রাজত্ব করিয়াছিলেন। প্রধান ২ ঘটনা

shetra, the burning of Lunka, and the destruction of Kansa; the marvellous stories may be taken for poetic ornaments and sentimental romances. It is accordingly difficult to gather the Ancient History of this country; poetical narrations cannot command our belief; and we have scarcely any other to look to.

21. In Europe, however, there are valuable records of History, both ancient and modern. There is Herodotus, who has written of Egypt, Babylon, Persia, Greece. There is Xenophon, who has done nearly the same. There is Thucydides, who has described the great domestic struggle of Greece. There are many others who have written in the same language, from whom may be drawn histories of Egypt, Babylon, Persia, Greece and Asia Minor. Rome too has her historians; Livy, Eutropius, Victor, have treated of Roman History from its very commencement. Sallust has written on the Jugurthan war. Suetonius, Tacitus, and many others have recounted the acts of the emperors. The History of Rome may likewise thus be ascertained from its very foundation,—and is confirmed again by Greek authors, of whom some, such as Dionysius of Halicarnassus, Polybius, Herodian, &c. have expressly written of Roman affairs.

22. With the destruction of the Western empire of Rome Ancient History closes, so far as the Christian

বোধ হয় সত্য হইয়াছিল, যথা কুরুক্ষেত্রের যুদ্ধ, লঙ্কা দাহন, কংস বধ ইত্যাদি; কিন্তু তদ্ব্যতীত যে সকল উৎকট ও অসম্ভব বর্ণনা আছে তাহা কাব্যালঙ্কার ও রস বিস্তারার্থক জানিবা, এই হেতুক এ দেশের প্রাচীন বৃত্তান্ত নির্ণয় করা অত্যন্ত কঠিন, কাব্যের ইতিহাসে প্রত্যয় জন্মে না, তদ্ভিন্ন অন্য কোন ইতিহাস প্রায় নাই।

২১ কিন্তু ইউরোপে প্রাচীন ও আধুনিক উভয় ইতিহাসের উত্তম২ মূল আছে—হিরদতস নামে এক জন বিচক্ষণ ইজিপ্ত, বেবিলন, পারস এবং গ্রীক দেশের বার্ত্তা লিখিয়াছেন—জেনফন নামে এক পণ্ডিত পারস, বেবিলন ও গ্রীশ রাজ্যের অনেক কথা রিস্তার করিয়াছেন—থুসিদিদস নামক এক গ্রন্থকারক গ্রীকদের স্বদেশীয় মহা বিবাদের বিবরণ রচনা করিয়াছেন—গ্রীক ভাষাতে অন্য অনেকে লিখিয়াছেন যাহা হইতে আমরা গ্রীশ পারস বেবিলন ইজিপ্তাদি দেশের অনেক বিবরণ বাহির করিতে পারি—রোম রাজ্যের ইতিহাসও অনেকে এই রূপ বিশেষ করিয়া লিখিয়াছেন—লিবি ইউত্রোপিয়স বিক্তরাদি গ্রন্থ কারকেরা রোম নির্ম্মাণাবধি অনেক বৃত্তান্ত লিখিয়াছেন,—সালস্ত জুগর্থীয় যুদ্ধের বর্ণনা করিয়াছেন, সুইতোনিয়স তাসিতস এবং অন্যান্য অনেকে মহারাজদের চরিত্র রচিয়াছেন,—অতএব রোমরাজ্যেরও ইতিহাস এই রূপে প্রথমাবধি শেষ পর্য্যন্ত পাওয়া যায়, আর গ্রীক জাতীয় লেখকদের পুস্তকেও ইহার অনেক কথার দার্ঢ্য হয়, বিশেষতঃ গ্রীক ভাষাতেও রোম রাজ্যের বৃত্তান্ত মুখ্য রূপে বর্ণিত হুইয়াছে, যথা হেলিকার্ণেসসীয় দাইওনিসিয়স নামক এক জন রোমের পুরাবৃত্ত লিখিয়াছেন, পোলিবিয়স আপন সাধারণ ইতিহাসের মধ্যে পুনিক যুদ্ধাদি বর্ণনা করিয়াছেন, হিরদিয়ন কএক মহারাজদের চরিত্র লিখিয়াছেন।

২২ রোমীয় মহারাজ্যের পশ্চিমাংশ লোপ পাইবার কালে আধুনিক ইউরোপীয় খ্রীষ্টীয়ান রাজ্যসমূহের পক্ষে পুরাতন

Kingdoms of Modern Europe are concerned; for it must here be stated that History is divided into two parts, *Ancient* and *Modern*. The division is indeed arbitrary, but there is good reason for it. It is not owing merely to the disruption of the Western empire;—for if the disruption of an empire were itself a sufficient reason for such division, the extinction of the Assyrian, Persian, and Grecian empires might each have marked such an epoch. There is however a peculiar reason for dating Modern History from the destruction of the Western empire. The present Christian nations of Europe arose from that period. The people that lived before, have ceased to have any national existence; but the barbarians who poured down from all quarters and caused the extinction of the Western empire, and who settled in the several Kingdoms thus reclaimed from Roman dominion, gave origin to nations and states that are still in existence;—and the extent to which science and learning have since been cultivated by these new races, surpasses the highest strides of antiquity in civilization and letters.

On this division of History into Ancient and Modern, Dr. Arnold* observes:—"If they differ only chronologically, it is manifest that the line which separates them is purely arbitrary: and we might equally well fix the limit of Ancient History at the fall of the Babylonian

---

* Lectures on Modern History—p.p. 22, 23.—second Edition.

ইতিহাসের অবসান হইল। ইতিহাস দুইভাগে ভক্ত তাহা এস্থলে বক্তব্য—প্রথম ভাগ পুরাতন, দ্বিতীয় ভাগ আধুনিক —এ প্রকার বিভাগ কল্পিতমাত্র বটে কিন্তু ইহার প্রধান কারণ আছে—রোম রাজ্যের পশ্চিমাংশ লোপ পাওয়াতেই কেবল এ বিভাগ হয় তাহা নহে, কেননা যেমত রোম রাজ্যের ভ্রংশ হয় তদ্রূপ তাহার পূর্ব্বে গ্রীক রাজ্য এবং পারস রাজ্য এবং বেবিলন রাজ্য এ সকলও লোপ পাইয়াছিল, অতএব রাজ্য লোপ হইলেই যদি ইতিহাসের ভাগ হয়, তবে সে সকল ঘটনাতেও ইতিহাসের এমত বিশেষ ছেদ হইতে পারিত। কিন্তু পশ্চিম রাজ্য ধ্বংসার্থ ইতিহাসের এক নূতন ভাগ করিবার বিশেষ কারণ আছে—সেই অবধি ইউরোপীয় বর্ত্তমান খ্রীষ্টীয়ান জাতিসমূহের উৎপত্তি,—তাহার পূর্ব্বে যে২ লোক ছিল তাহাদের জাতীয় লক্ষণ সম্প্রতি লোপ পাইয়াছে—কিন্তু চতুর্দ্দিক হইতে যে অসভ্য বর্গেরা ঝাঁকে২ আসিয়া পশ্চিম রাজ্য লোপ করিল, তাহারা রোম রাজ্য হইতে উদ্ধৃত নানা দেশে অবস্থিতি করিলে যে নূতন২ জাতি ও রাজ্য উৎপন্ন হইল সে জাতি ও সে রাজ্য অদ্য পর্য্যন্ত বর্ত্তমান আছে—আর সেই নূতন জাতি ও রাজ্যের মধ্যে পরে যেমত বাহুল্যরূপে বিদ্যা ও বুদ্ধির অনুশীলন হইল তেমন পূর্ব্বে কখন হয় নাই—সভ্যতা ও জ্ঞানোপার্জ্জনে প্রাচীন কালের মধ্যে যে অতিউচ্চ ব্যুৎপত্তি তাহাও আধুনিক কালের সহিত তুলনা ধারণ করিতে পারেনা।

ইতিহাসের প্রাচীন ও আধুনিক অংশের বিষয়ে ডাক্তর-আর্ণল্ড* কহেন—"ইতিহাসের এই দুই ভাগ যদি কেবল কালের ভেদ বশতঃ হয় তবে ইহাদের ভেদক রেখা যথাতথা আমাদের ইচ্ছাধীন স্থাপিত হইতে পারে—তবে বেবিলন রাজ্যের ধ্বংসকে মধ্য সীমা করিয়া তাহার পূর্ব্ব ভাগকে

---

* আধুনিক ইতিহাসের বিষয়ে উপদেশ—২২, ২৩ পৃষ্ঠা

monarchy, and embrace the whole fortunes of Greece and Rome within what we choose to call Modern; or, on the other hand, we might carry on Ancient History to the close of the fifteenth century, and place the beginning of Modern History at the memorable period which witnessed the expulsion of the Moors from Spain, the discovery of America, and, only a few years later, the Reformation.

"It seems, however, that there is a real difference between Ancient and Modern History, which justifies the limit usually assigned to them; the fall, namely, of the western empire; that is to say, the fall of the western empire separates the subsequent period from that which preceded it by a broader line, so far as we are concerned, than can be found at any other point either earlier or later. For the state of things now in existence, dates its origin from the fall of the western empire; so far we can trace up the fortunes of nations which are still flourishing; History, so far, is the biography of the living; beyond, it is but the biography of the dead."

In the Eastern or Greek empire, however, whereof Constantinople was the capital, the ancient features were preserved for a long time afterwards, and it was not until the capture of this city by Mehomet 2d, and the establishment of the Ottoman power, that those features were obliterated. Modern History in the eastern empire may, therefore, be properly said to commence from this event.

প্রাচীন ও পশ্চাৎ ভাগকে আধুনিক বলিলে কোন হানি নাই, তবে গ্রীশ ও রোমের সমস্ত ব্যাপার আধুনিক ইতি-হাসের অন্তর্গত করা যাইতে পারে—অথবা প্রাচীন ভাগকে খ্রীষ্টের পর পঞ্চদশ শত বৎসর পর্য্যন্ত আরো বিস্তার করিয়া ঐ মহাকালে ইহার সীমা স্থির করিতে পারি, যখন স্পেন রাজ্য হইতে মোসলমানেরা নিষ্কাসিত হয়, এবং আমেরিকা পূর্ব্বে অবিদিত থাকিয়া নূতন প্রকাশ পায় আর যাহার কিছু পরেই রেফর্মেশন অর্থাৎ ধর্ম্মের শোধন হয়।

“ কিন্তু প্রাচীন ও আধুনিক ইতিহাসের মধ্যে এক বাস্তবিক প্রভেদ আছে যজ্জন্য সাধারণের রীত্যনুসারে পশ্চিম রাজ্যের লোপ· কালে ইহার সীমা যথার্থ রূপে স্থাপিত হইতে পারে—অর্থাৎ পশ্চিম রাজ্যের পতন আমাদের সম্বন্ধে পূর্ব্ব এবং পশ্চাৎ কালকে যেমত বিস্তীর্ণ রূপে প্রভিন্ন করে তেমন বিস্তীর্ণ প্রভেদ প্রাচীন কি আধুনিক অন্য কোন স্থলে নাই —কেননা আমাদের বর্ত্তমান অবস্থার আদ্যকৃতি পশ্চিম রাজ্যের লোপানন্তরই হয়—সেই পর্য্যন্ত এক্ষণকার জাতিদের বিষয় নির্ণয় করা যাইতে পারে—সেই অবধি ইতিহাসকে বর্ত্ত-মান জীবিত লোকের চরিত্র কহা যাইতে পারে—তাহার পূর্ব্ব বিষয়ের যে বৃর্ত্তান্ত আছে তাহা অতীত অর্থাৎ লুপ্ত লোকের বিবরণ মাত্র ”

কিন্তু পশ্চিম রাজ্য লোপ পাইলে যদিও ইউরোপের খ্রীষ্টীয়ান রাজ্য সমূহের পক্ষে পুরাতন ইতিহাসের অবসান হয়, তথাপি কনস্তান্তিনোপিল যাহার রাজধানী এমত যে গ্রীক অর্থাৎ পূর্ব্ব রাজ্য তাহার পক্ষে পুরাতন চিহ্ন আরো অনেক কাল পর্য্যন্ত ছিল—দ্বিতীয় মহম্মদ যখন ঐ নগর গ্রহণ করিয়া ইউরোপে তুরুক রাজ্য স্থাপন করে তাহার পূর্ব্বে সে চিহ্নের লোপ হয় নাই—অতএব এই ঘটনা হইতে পূর্ব্ব রাজ্যের বিষয়ে আধুনিক ইতিহাসের আরম্ভ হয়।

The History of our own country, too, may be appropriately divided into Ancient and Modern,—dating the latter from the period when it first became connected with Europeans. This connection has caused and will yet cause such great changes, physical as well as moral, in the general aspect of the country, and in the character of its inhabitants, that the historian of India will be led almost insensibly to regard the period of her connection with Europeans as a *broad line* of demarkation between the ages which preceded, and those which followed this great event.

23. It has already been stated in the preceding address from the President of the Council of Education, that the Greek and Roman literature was "first corrupted, then dried up, and lastly overwhelmed and ruined as by an earthquake." In consequence of this catastrophe befalling the languages of Plato and Xenophon, of Cicero and Livy, occasioned by the irruption of the barbarians, the cause of learning suffered seriously during the ages which followed—thence called the *dark ages.* The Latin was a dead language; the Greek lamentably degenerated, even where its representative nations had not yet been thoroughly denuded of all their distinctive characters;—and the barbarous dialects of the new nations which settled in the provinces of the Western empire were in the rudest state imaginable. The materials for Modern History were accordingly for a few centuries following this great revolution, neither inviting nor safely to be relied on.

আমাদের আপনাদের দেশেও পুরাতন ও আধুনিক করিয়া পুরাবৃত্তের ভাগ হইতে পারে—ইউরোপীয় লোকদের সহিত যে কালে ভারতবর্ষের সংযোগ আরম্ভ হয়, তদবধি ইহার আধুনিক ইতিহাসের আরম্ভ কল্পনা করা যাইতে পারে—এই সংস্রব প্রযুক্ত দেশের রূপ ও আকৃতি এবং লোকদের আচার ও চরিত্র এমত২ নূতন ভাব ধারণ করিয়াছে এবং পরে উত্তর২ আরো করিবে যে পুরাবৃত্তরচক সে সমস্ত নূতন ভাব দেখিয়া ইতিহাসের এক বিশেষ ছেদ করিবে, এবং ঐ সংস্রবকে পূর্ব্ব ও পশ্চাৎ কালের মধ্যে এক প্রশস্ত সীমারূপ ভেদক রেখা বলিয়া কল্পনা করিবে।

২৩ এডুকেসন কৌন্‌সলের সভাপতি মহাশয়ের পূর্ব্ব লিখিত উক্তিতে কথিত হইয়াছে যে গ্রীক এবং রোমান বিদ্যা "প্রথমতঃ বিকৃত, পরে শুষ্ক, এবং অবশেষে যেন এক ভূমিকম্পদ্বারা মগ্ন ও নষ্ট" হইয়াছিল—প্লেতো এবং জেনফন, লিবি এবং সিসেরো যে২ ভাষার অনুশীলন করিয়াছিলেন তাহা অসভ্য লোকদের উৎপাতে রোম রাজ্য লোপ পাওয়াতে এই রূপ দুর্গতিতে পড়িয়াছিল, অতএব সে দুর্ঘটনার পর কিছু কাল পর্য্যন্ত বিদ্যার অত্যন্ত হ্রাস হইতে লাগিল—একারণ সেই কালকে অন্ধকারময় কাল বলিয়া বর্ণনা করা যায়—লাটিন ভাষা তখন লোপ পাইয়াছিল—গ্রীক ভাষা যেখানে গ্রীক জাতীয় পুরাতন চিহ্ন সম্পূর্ণ নষ্ট হয় নাই সেখানেও অত্যন্ত কদর্য্য হইয়াছিল—আর পশ্চিম রাজ্যের নানা দেশে যে২ নূতন অসভ্য জাতিরা বসতি করিল, তাহাদের ভাষা তখন অত্যন্ত অপকৃষ্ট ছিল—অতএব পশ্চিম রাজ্য লোপের পর কিছু কাল পর্য্যন্ত আধুনিক ইতিহাসের বীজ বড় স্পৃহণীয় ছিলনা এবং তাহাতে অধিক বিশ্বাসও করা যায় না।

24. Still there are materials sufficient for continuing the thread of Modern History from its very commencement,—and many great writers have accordingly used them with success. On the revival of letters, these materials increased to such an extent that an annalist may now be frightened by their very names.

25. This great treasure of Ancient and Modern History is surely inviting. The mind can never be satiated with observing its beauty and lustre. The longer we reflect on it, the greater becomes our avidity to enjoy it. To contemplate the manners, customs, and laws of different nations in different countries, and the influence these have exercised on their moral dispositions, is indeed well worthy of human attention. It is well worthy the occupation of the philosopher and the scholar to mark the analogy naturally existing in the laws and institutions of divers nations. Even the dark pictures of History present materials for interesting observation. The annals of Greece and Rome are indeed full of wars and dissensions. The ferocity and hatred which the field of battle marks in sanguinary characters of woe are certainly no pleasing spectacles;—but who can contemplate without admiration the heroism, the deep thought, the patience, the fortitude, the magnanimity, which war exhibits in its bloody scenes, and which mighty minds have often manifested amid the din of trumpets and the clangor of arms?

26. Who can contemplate, without wonder and

২৪ তথাপি অনুসন্ধান করিলে এমত সূত্র পাওয়া যায় যাহার উপর আধুনিক ইতিহাসের মালা প্রথম কুসুমাবধি গ্রথিত হইতে পারে—এই প্রকারে অনেক মহা২ পণ্ডিতেরা আধুনিক ইতিহাস সংগ্রহ করিয়া কৃতার্থ হইয়াছেন, পরে বিদ্যার পুনঃস্থাপন হইলে সেই মূল এমত বৃদ্ধি পাইল যে এক্ষণে তাহার নামোল্লেখ মাত্রে ইতিহাসবেত্তাকে শঙ্কা পাইতে হয়।

২৫ এই পুরাতন ও আধুনিক ইতিহাসস্বরূপ রত্ন অবশ্য সকলেরি বাঞ্ছনীয়। ইহার উজ্জ্বল সৌন্দর্য্য দর্শনে জ্ঞান চক্ষুর আকাঙ্ক্ষা কখন নিবৃত্তি হয় না, যত নিরীক্ষণ করা যায় তত দর্শনেচ্ছার বৃদ্ধি হয়, মানব বর্গের নানা দেশে নানা প্রকার ব্যবহার ব্যবস্থা ও চলিত ধারা, নানা অবস্থাতে নানা প্রকার প্রবৃত্তি ও নিবৃত্তি, এসকলই জ্ঞান ও বিবেচনার উপযুক্ত বিষয় বটে।—বিজাতীয় ব্যবস্থা ও শাসনের মধ্যে অনেক বিষয়ে স্বাভাবিক সাদৃশ্য নির্ণয় করা যায়, তাহাও পণ্ডিতের আলোচনার যোগ্য।—এবং অনিষ্ট ঘটনার মধ্যেও ভূরি২ ইষ্ট চিন্তা হইতে পারে—গ্রীশরোমাদি রাজ্যের বিবরণে যুদ্ধের বৃত্তান্ত অধিক দেখা যায় বটে—রণস্থলে বিরোধ কলহ ও হিংসার যে রক্তাক্ত চিহ্ন থাকে তাহার দর্শন সুখের বিষয় নহে বটে—কিন্তু যুদ্ধের রুধিরাবৃত ক্ষেত্রের মধ্যে যে শৌর্য্য গাম্ভীর্য্য ধৈর্য্য বীর্য্য এবং মহত্ত্ব চিহ্নিত হইয়াছে—যাহা অনেক২ মহানুভব পুরুষ তুরীর শব্দ ও অস্ত্রের ধ্বনি সত্ত্বেও প্রকাশ করিয়াছেন, সে সকল বিনা চমৎকারে কে চিন্তা করিতে পারে?

২৬ পুরাবৃত্তে আমরা যে২ প্রাক্কালীন ঘটনার সংবাদ

amazement, the many critical events of which history informs us?—events which, in some cases quite casual as they were, have yet produced results to which the highest interests of the present day may well be traced? Who can help adoring that ever watchful Providence, which often in a moment turned inauspicious into happy omens, and averted long threatening evils, which, had they but actually happened, might have materially affected the sources of modern learning and civilization? Witness the battle of Marathon in the ancient world—which, had it but ended in the subjugation of Greece, might have left Zoroaster and the Magi in the place of Plato and Aristotle, for the instruction of Europe;—or the battle of Poictiers, in times nearer our own, where Charles Martel of France, restrained the further progress and reduced the power of the Saracens, who if they had successfully maintained their footing beyond the Pyrenees might easily have covered the whole face of Europe, and nipped in the very bud the humanizing influences of Christian politics.

27. And as to our own country, who is so destitute of dignified sentiment as not to desire a knowledge of past events?—Compounded as the ancient annals of India are of truth and falsehood, who would not still wish to separate and preserve, as far as possible, the gold of authentic History from the dross of tales and fictions? Especially, since the Greeks and other Ancient writers have spoken of our country, who would

পাই তাহা আশ্চর্য্য ও চমৎকার বিনা কে ধ্যান করিতে পারে? ঐ প্রাক্‌কালীন ঘটনা কোন২ বিষয়ে প্রায় আকস্মিক হইলেও বর্ত্তমান কালের অনেক অতি গরিষ্ঠ ব্যাপার তদ্ভুৎপন্ন কারণ দ্বারা নিষ্পন্ন হইয়াছে। এ প্রকার ধ্যান করিলে সদা জাগরূক পরমেশ্বরের স্তবেতে কাহার নিবৃত্তি হইতে পারে? তিনি পুনঃ২ কুলক্ষণকে সুলক্ষণ করিয়া এমত২ আগতপ্রায় ভয়ঙ্কর অমঙ্গলকে নিমেষের মধ্যে দূর করিয়াছেন যে যদি তাহা একবার মাত্র ঘটিত তবে আধুনিক বিদ্যা ও সভ্যতার মূলে সদ্য আঘাত পড়িত—তাহার সাক্ষি দেখ প্রাচীনকালীন মারাথনের যুদ্ধ—এ যুদ্ধে পারস দেশীয় লোকেরা যদিস্যাৎ গ্রীক জাতিদিগকে পরাস্ত করিতে পারিত তবে প্লেতো ও অরিস্ততিলের গ্রন্থ হইতে উপদেশ না পাইয়া ইউরোপ জোরোআস্তর এবং মেজিদের শিষ্যবর্গের মধ্যে গণিত হইতেন। অথবা আধুনিক সময়ের পৈক্তিয়র্স যুদ্ধ বিবেচনা কর—সে যুদ্ধে চারলস মার্তেল নামক ফ্রান্স দেশের রাজা মোসলমানদের বৃদ্ধি ও আক্রমণ দমন করত তাহাদের শক্তি খর্ব্ব করিয়াছিলেন, যদি মোসলমানেরা স্পেন অধিকার করণানন্তর পিরিনিস পর্ব্বতের পারে আপনাদের পদ রক্ষা করিতে সক্ষম হইত তবে সমস্ত ইউরোপ অক্লেশে আচ্ছন্ন করিয়া খ্রীষ্টীয়ান রাজ্যের সভ্যতাপোষক শক্তি ও নীতি এক কালে সমূল নষ্ট করিতে পারিত।

২৭ এবং আমাদের স্বদেশীয় বৃত্তান্তের বিষয়ে কে এমত রসহীন যে প্রাচীন ঘটনা জানিতে চাহিবে না? যদিও ভারতবর্ষীয় পুরাতন ইতিহাসে সত্য এবং অসত্য একত্র মিশ্রিত আছে তথাপি উত্তম ও বিশ্বাস্য বর্ণনারূপ স্বর্ণকে অলিক ও কল্পিত বার্ত্তারূপ অধম ধাতু হইতে প্রভিন্ন করিয়া কে তাহা যত্নের সহিত রক্ষা করিতে বাসনা না করিবে? বিশেষতঃ যখন শুনিবে যে গ্রীশ ও অন্যান্য দেশীয় লোকেরা আমাদের প্রাচীন রাজ্যের কথা লিখিয়াছে তখন কে তাহা

not wish to know what they said? Who will not incline his ears unto the accounts which the Greeks that came with Alexander the Great have delivered, and which Arrian has preserved for us? Herodotus has said a good deal of our forefathers;—and though his statements are not all true, yet who would not wish to know what he narrated? The history of Vikramaditya, from whom our *Samvat* is dated, and whose court was rendered so illustrious by the presence of Kalidasa and other poets, must surely be interesting so far as we can gather anything authentic. Anecdotes regarding Shakaditya, from whom our *Shaka* is reckoned, must be highly acceptable;—and although there is not much perspicuity in their accounts, as they have come down to us, yet even small fragments of genuine history must be delightful as the appearance of a single twinkling star in a dark and cloudy night.

শুনিতে আকাঙ্খী হইবে না? মহা আলেক্‌জন্দর নামে খ্যাত মাসিদনের রাজা যখন এদেশে আসিয়াছিলেন তখন তাঁহার সঙ্গিলোকেরা আমাদের বিষয় কি কহিয়াছিল তাহা এরিয়ানের রচনাতে বর্ণিত আছে—কে তাহা শ্রবণ করিতে কর্ণপাত করিবে না? হিরদতস নামক মহা গ্রীক ইতিহাসবেত্তা আমাদের অনেক কথা লিখিয়াছেন, যদিও তাহা সম্পূর্ণ সত্য নহে তথাপি কে তাহা জানিতে না চাহিবে? বিক্রমাদিত্য রাজা যাঁহার কালাবধি আমাদের সম্বৎ গণনা হইয়া থাকে এবং যাঁহার সভা কালিদাসাদি নব রত্নে উজ্জ্বল হইয়াছিল তাঁহার কথা যতদূর নিশ্চয় করা যাইতে পারে ততদূর অবশ্য আমাদের কর্ণের সুখ জনক হইবে।—শকাদিত্য রাজা হইতে আমাদের শকের গণনা হয়, অতএব তাঁহার বিবরণ অবশ্য আমাদের গ্রাহ্য হইবে, আর যদিও ইঁহাদের বর্ণনাতে স্পষ্টতার অভাব আছে তথাপি যেমত অন্ধকারময় মেঘাচ্ছন্ন রাত্রিতে এক নক্ষত্র দর্শনেও তুষ্টি জন্মে, তেমন ঐ বর্ণনাতে এক সত্য বিবরণ দেখিলেও মনের আমোদ হইবে।

THE HISTORY OF ROME.

PART I.

FREELY TRANSLATED FROM EUTROPIUS, AND INTERSPERSED WITH ADDITIONAL MATTER FROM VARIOUS SOURCES.

*** In the English interpretation of Eutropius, use has been made of a version by John Clarke, though it has not been followed word for word. The Bengalee, so far as it is a translation, is rendered directly from the Latin. With reference to the additional matter, many ideas and expressions have been borrowed from standard English authors. Where quotations have been made from Classical historians, the Bengalee is translated directly from the original; the English is extracted from translations already existing.

THE HISTORY OF ROME.

CHAP. I.

ROME, the great seven-hilled city in the celebrated country of Italy in Europe, keeps up its magnificence and splendour to this day. It has always been a city of almost universal celebrity on the earth. At one time it had reduced nearly all the nations in our globe under its subjection; and then it might be called the Capital of the World. America was unknown during its political ascendancy, and therefore could not be subjugated. Some nations, such as the Hindus and the Chinese in Asia, had also from other causes escaped its yoke. But with these and a few other exceptions, the Romans had conquered the whole of the known world.

And although when the empire was dissolved, the Roman sword could no longer hold the human species in subjection, yet, owing to the prevalence of the Roman language among the learned all over Western Europe, the civilization and literature of Rome continued to be honoured and respected in that quarter of the world. Every scholar studied Latin. The Roman alphabet was everywhere adopted. The calculations of time itself continued to be made after the Roman model. The beginning of the year and the names of months remained as before. In addition to all this, Rome was

রোম রাজ্যের পুরাবৃত্ত।

১ অধ্যায়।

ইউরোপের দক্ষিণাংশে ইতালি নামক প্রশস্তদেশে সপ্ত পর্ব্বতোপরি নির্ম্মিত হইয়া রোমাখ্য মহানগরী অদ্যাবধি অতি শোভনীয়া আছে, এ নগরী বহুকালাবধি সমস্ত পৃথিবীর উপর আপন খ্যাতি বিস্তার করিয়াছে, পূর্ব্বে ভূমণ্ডলের প্রায় সকল জাতি যুদ্ধে পরাস্ত হইয়া ইহার অধীনে ছিল, সে সময়ে ইহাকে পৃথিবীর রাজধানী কহা যাইতে পারিত। আমেরিকা ইহার প্রভুত্ব কালে অপ্রকাশ ছিল সুতরাং ইহার শক্তিতে খর্ব্ব হয় নাই, এবং এস্যার মধ্যে হিন্দু চীনাদি কএক জাতি অন্যান্য কারণে ইহার শাসনের বশীভূত হয় নাই—কিন্তু এই প্রকার কএক জাতি ব্যতিরিক্ত অন্য সকলে রোম রাজ্যের অধীন হইয়াছিল।

পরে ইহার রাজকীয় শক্তি ভগ্ন হইলে যদিও খড়্গ দ্বারা আর কাহাকে বশীভূত করিতে পারিল না, তথাপি ইহার প্রাচীন ভাষা ইউরোপের পশ্চিম ভাগস্থ পণ্ডিত সমূহের মধ্যে গ্রাহ্য হওয়াতে রোমান বিদ্যা ও সভ্যতার আদর ঐ অঞ্চলের সর্ব্বত্র রহিল।—সকল বিদ্বান্ লোক লাটিন ভাষা অধ্যয়ন করিত—রোমান অক্ষর সর্ব্বত্র চলিত হইল—কালের গণনা পর্য্যন্ত রোমান ধারানুযায়ি হইতে লাগিল—বৎসরের আরম্ভ এবং দ্বাদশ মাসের নাম প্রাচীন রোমানদের ব্যাবহা-

also acknowledged as the head-quarters of religion and of ecclesiastical discipline. The consequence was that Roman superiority remained for a long time after the disruption of the empire. Those who no longer dreaded the sword of Rome, trembled still under the bann of its spiritual denunciations.

To this day does the Bishop of Rome give himself out as the spiritual governor of the world; and although the Eastern Churches had always refused him this title, and a large portion of the Western too have renounced his obedience for the last three centuries, yet the fame of the city, if not its authority, is still spreading far and wide; while the extension of European colonies, especially English, is carrying its literature and its alphabet to the various nations of the Earth.

THE ROMAN EMPIRE was so small in its original, and yet waxed so great by gradual augmentations, that such a small beginning and such vast increase were never recorded in any human history. The founder of this empire was Romulus. A vestal* virgin was his

* The Romans worshipped an imagined goddess named Vesta. Several young virgins resided in her temple under a vow of virginity, and with a view to perpetual celibacy. These were called Vestal virgins.

রানুসারে চলিত থাকিল। এবং রোম নগর বহু কালাবধি ধর্ম্ম শাসনের মহাপুরী বলিয়া মান্য হওয়াতে, রাজ্য ভ্রষ্ট হইবার পরও রোমের প্রাধান্য অনেক দিন পর্য্যন্ত রহিল— যাহারা রোমান খড়্গকে আর ভয় করিল না তাহারাও রোমান ধর্ম্মাধ্যক্ষের অভিশাপের ত্রাসে কম্পিত হইল।

* অদ্য পর্য্যন্ত পোপনামক ঐ স্থানের ধর্ম্মাধ্যক্ষ আপনাকে জগদ্গুরু ও সর্ব্ব সাধারণের ধর্ম্মশাসক কহিয়া প্রচার করেন, আর পূর্ব্বভাগের মণ্ডলীস্থ লোকেরা তাঁহার একথা যদিও অনেক কালাবধি অগ্রাহ্য করিতেছে এবং যদ্যপি তিন শত বৎসর হইল পশ্চিম ভাগের ও ইউরোপীয় অনেক জাতি তাঁহার শিষ্যত্ব ত্যাগ করিয়াছে তথাপি তাঁহার শক্তি না ব্যাপিলেও পৃথিবীময় খ্যাতি ব্যাপিতেছে—এবং ইউরোপীয় বিশেষতঃ ইংলণ্ডীয় লোক বিজাতীয় দেশে বসতি করত রোমান বিদ্যা ও অক্ষর নানাস্থানে প্রচার করিতেছে।

রোমরাজ্য আরম্ভকালে এমত ক্ষুদ্র ছিল, অথচ বৃদ্ধি পাইয়া ক্রমে এমত মহৎ হইল, যে সমস্ত পৃথিবীর মধ্যে সে প্রকার ক্ষুদ্র অবস্থা হইতে এতাদৃশ মহৎ বৃদ্ধি কেহ কখনও শুনেনাই। ঐ রাজ্যের সংস্থাপন কর্ত্তার নাম রমুলস। এক বেস্তাল কুমারী * ইঁহার মাতা ছিল, এবং লোকে মনে

---

* রোমানেরা বেস্তা নামক এক কল্পিতদেবীর অর্চ্চনা করিত, তাঁহার মন্দিরে কএক যুবতী কুমারীত্বব্রত করতঃ বিবাহ হইতে চির নিরস্ত থাকিবার প্রতিজ্ঞাতে বাস করিতেন, তাঁহাদিগকে বেস্তাল কুমারী কহা যাইত।

mother, and the god Mars* (as it was commonly supposed) his father. He was born at the same time with his brother Remus. At the age of eighteen, while he followed the profession of a robber amongst the shepherds, he killed his brother Remus, and laid the foundation of a small city on the Palatine Mount. This event look place on the 21st April, in the third year of the sixth Olympiad† and in the 394th year of the destruction of Troy,—before Christ, 753.

---

* Mars was another of the imagined divinities of Rome. He was the god of war and arms. It is said that the Vestal mentioned above was on one occasion bearing water alone in his grove, when a person in military habit introduced himself to her as the god Mars, and forced her on the spot. Others are of opinion that the virgin had of her own accord instructed a young lover to meet her in that place,—and on being found with child charged the god, in order to exculpate herself. Her uncle Amulius, who had usurped her father's throne and caused her to become a Vestal, in order to secure himself against the claims of her offspring, ordered her to be buried alive when she became a mother, and directed her children to be flung into the Tiber. The way in which Romulus and Remus are said to have been preserved from the death, meditated by Amulius, has too much of the marvellous to command our belief. It is singular the founder of the Persian empire is also represented by Herodotus as wonderfully saved from similar destruction, when an infant.

† The celebrated Olympic games in Greece gave rise to the mode of reckoning time by the *Olympiads*. These games were

করিত যে মার্সদেব * স্বয়ং তাঁহার পিতা। তিনি এক কালে আপন ভ্রাতা রিমসের সহিত যমজ হইয়া উৎপন্ন হইয়াছিলেন, পরে অষ্টাদশ বর্ষ বয়স্ক হইয়া যৎকালীন রাখালদিগের সহিত দস্যুবৃত্তি করিতেন এমত সময়ে আপন ভ্রাতাকে নষ্ট করিয়া পালাতিন পর্ব্বতের উপর এক ক্ষুদ্র নগরের পত্তন করিলেন, ইহা আপ্রিল মাসের একবিংশ দিবসে ষষ্ঠ ওলিম্পিডের † তৃতীয় বৎসরে ত্রয়নগর সংহারের পর তিন শত চতুর্নবতিতম বৎসরে এবং খ্রীষ্টের পূর্ব্বে সপ্তশত ত্রযঃপঞ্চাশৎতম বৎসরে হইয়াছিল।

---

* মার্স নামক রোমানদের অন্য এক কল্পিতদেব, ইনি যুদ্ধ ও অস্ত্রশস্ত্রের দেবতা, লোকে বলে যে ঐ বেস্তালকুমারী উক্ত দেবের নিকুঞ্জবনে একাকিনী জলবহন করিতেছিল এমত সময়ে কোন কামাতুর পুরুষ যুদ্ধ সজ্জাতে আসিয়া আপনাকে মার্সদেব বলিয়া পরিচয় দিয়া তাহাকে বলাৎকার করে, কেহ২ কহে কুমারী স্বয়ং আপন অভিলাষে ঐ পুরুষকে উক্তস্থানে উপস্থিত হইতে শিক্ষা দিয়াছিল, পরে গর্ভ সঞ্চার হইলে স্বীয়দোষ খণ্ডনার্থে মাসদেবের অপবাদ দেয়। এমুলিয়স তাহার পিতৃব্য বল দ্বারা আপন ভ্রাতার রাজ্য গ্রহণ করিয়া দৌহিত্র হইবার ভয়ে ঐ কুমারীকে বেস্তাল করিয়াছিল, অপর অন্তঃসত্ত্বা হইয়া পুত্র প্রসব করিলে কন্যাকে জীবদ্দশায় মৃত্তিকাতে পোতিতে এবং কুমারদ্বয়কে তাইবর নদীতে নিঃক্ষেপ করিতে আজ্ঞা দিল। এ অবস্থাতে রমুলস ও রিমসের রক্ষা পাওনের বর্ণনা এমত উৎকট যে তাহাতে বিশ্বাস হয় না—কি আশ্চর্য্য হিরদতসের গ্রন্থেও পারস দেশীয় প্রথম রাজার শৈশব কালে রক্ষা পাওনের বিষয়ে ঐ রূপ উৎকট বর্ণনা আছে।

† গ্রীকদেশে যে ওলিম্পিক নামক কৌতুকাদি জুপিতর দেবের প্রীত্যর্থে হইত তাহা হইতে ওলিম্পিড শব্দের উৎপত্তি।

ROMULUS.

B. C. 753. The foundation of the city being thus laid, Romulus called it ROME, after his own name. The following were his subsequent acts. He received great numbers of his neighbours into the city;—and selected a hundred of their elders as his counsellors and advisers. He called them *Senators** because of their age, and consulted them on all points connected with the management of public affairs. The Senators were also styled Fathers, from their honourable office, and their descendants Patricians.†

In order to secure the more peaceful administration of his government, Romulus established laws and regulations for the better guidance of his people. He attended tothe interests of religion, and encouraged the popular reverence for augurs and soothsayers.

Wives were forbidden, upon any pretext whatsoever, to separate from their husbands; while, on the contrary, the husband was empowered to repudiate the wife, and even, in some cases, to put her to death. The laws between children and their parents were still more severe; the father had entire power over his

---

celebrated in honor of Jupiter, and took place every fourth year, or as some will have it, every fifth year.

* From *Senex* a Latin word for *old*.

† Livy, Lib. I.

রমুলস।

(খ্রীষ্টের পূর্ব্বে ৭৫৩) উক্ত নগর নির্ম্মাণ করিয়া রমুলস আপনার নামানুসারে তাহার নাম রোম রাখিলেন, পরে এই ২ কর্ম্ম করিলেন, নিকটবর্ত্তি লোকদের মধ্যে অনেককে আপন নগরে লইলেন, প্রবীণ লোকদের মধ্যে একশত ব্যক্তিকে মনোনীত করিলেন ও তাহাদের বার্দ্ধক্য প্রযুক্ত সেনেটর * নাম দিয়া নিজ মন্ত্রী বলিয়া গ্রাহ্য করিলেন, এবং তাহাদের পরামর্শ লইয়া সমস্ত রাজকীয় কর্ম্ম নির্ব্বাহ করিতে লাগিলেন। এই সেনেটরেরা আপনাদের সম্ভ্রান্ত পদ প্রযুক্ত পিতৃগণ বলিয়া আর এক উপাধি পাইলেন, এবং তাঁহাদের সন্তানেরা পেতৃসিয়ান অর্থাৎ মহাকুলীন নামে বিখ্যাত হইলেন †

কুশলে রাজ্য শাসন করণার্থে ও প্রজাদিগকে সৎকর্ম্মানুযায়ি করিবার নিমিত্তে রমুলস নানাবিধ ব্যবস্থা ও নিয়ম স্থাপন করিলেন এবং ধর্ম্মের উন্নতি করিতে মনোযোগী হইয়া গণক ও কাকচরিত্রদের আদর ও সম্ভ্রম বৃদ্ধি করিতে চেষ্টা করিলেন।

তাঁহার ব্যবস্থাতে স্ত্রীলোকদের প্রতি এমত অনুমতি ছিল না যে কোন কারণে স্বামি হইতে পৃথক হয়, কিন্তু স্বামী পত্নীকে অনাথা করিয়া ত্যাগ করিতে, এবং বিশেষ কারণ প্রযুক্ত বধ করিতেও ক্ষমতা প্রাপ্ত হইয়াছিল। পিতাপুত্রের সম্বন্ধে যে ব্যবস্থা করিলেন তাহা এতদপেক্ষাও কঠিন, যেহেতুক পুত্রের উপর সর্ব্বতোভাবে পিতার সমুদয় শক্তি

এই কৌতুকাদি প্রতি চতুর্থ বৎসরে হইত—কেহ২ বলে প্রতি পঞ্চম বৎসরে।

* সেনেক্স শব্দ লাটিন ভাষাতে বৃদ্ধকে বলে।

† লিবি ১ সর্গ।

offspring, both of fortune and life; he could imprison or sell them at any time of their lives, or in any stations to which they were arrived.*

But as there were but few women in this colony, the permanence of the state became doubtful; and, since the neighbouring nations declined his alliance, Romulus invited them to come with their families to see the celebration of some games. When they came to the spectacle, he captured their young women by force. Such an outrage drove the injured nations to war. But Romulus subdued them all, and annexed their territories to his own dominions. The Cæninensians, the Antemnatians, the Crustuminians, the Sabines, the Fidenatians, the Vejentians, were thus gradully reduced to Roman subjection.

In the war with the Sabines, who were the last to take up arms, under their king, Tatius, a remarkable event happened. The women, who had been forcibly seized, had by this time been reconciled to their captors; and when they perceived that their fathers on the one hand and their husbands on the other were about to engage in a bloody war, they rushed across between the armies and separated the combatants; beseeching them not to pollute themselves with the impious stain of the blood of father-in-law and son-in-law, nor brand with the infamy of parricide their offspring, the children of one, and grand-children of the other party. "If ye

* Goldsmith.

ছিল—পুত্র শতোধিক বয়স্ক ও উচ্চপদস্থ হউক, পিতার এমন শক্তি ছিল, যে তাহাকে কারাগারে বদ্ধ অথবা বিক্রয় করিতে পারিতেন*।

কিন্তু এই নূতন নগরের মধ্যে স্ত্রীলোক অতি অল্প ছিল সুতরাং বংশবৃদ্ধি দুর্লভ হওয়াতে রাজ্যের স্থায়িত্ব দুষ্কর হইল, এবং চতুর্দ্দিক্স্থ লোকেরা রোমানদের সহিত কুটুম্বিতা করিতে অসম্মত হইল, তাহাতে রমুলস ছল করিয়া ক্রীড়া দর্শনের নিমিত্তে নগরের নিকটস্থ জাতিদিগকে সপরিবারে আসিতে নিমন্ত্রণ করিলেন, এবং তাহারা আইলে পর তাহাদের সমস্ত কন্যা বলদ্বারা হরণ করিলেন, এমত অত্যাচার হওয়াতে নিকটস্থ জাতিরা ক্রুদ্ধ হইয়া যুদ্ধ উপস্থিত করিল, কিন্তু রমুলস তাহাদিগকে পরাজয় করিয়া তাহাদের দেশ আপন রাজ্যের সহিত সংযুক্ত করিলেন, এই প্রকারে সিনিনেন্সিয়, অন্তিম্নিয় ক্রস্তুমিনীয় ফিদিনীয় বিয় ও সাবিন নামক লোকেরা ক্রমে২ রোমরাজ্যের অধীন হইল।

ইহাদের মধ্যে সাবিন নামক জাতি তেসিয়স রাজার শাসনে সর্ব্বশেষে যুদ্ধ সজ্জাতে উঠে—আর সেই যুদ্ধে এক আশ্চর্য্য ব্যাপার হইয়াছিল—যুদ্ধ আরম্ভ হইবার পূর্ব্বে রোমানেরা বলাৎকৃত কন্যাগণকে নানাপ্রকার প্রবোধ দিয়া শান্ত করিয়াছিল, অতএব ঐ কন্যারা আপনাদের পিতৃকুল ও স্বামিকুলের মধ্যে ঘোর সংগ্রাম প্রায় উপস্থিত দেখিয়া উভয় সৈন্যের মধ্যে শীঘ্র দৌড়িয়া যোদ্ধাদিগকে পৃথক করিল—এবং অত্যন্ত কাতর হইয়া তাহাদিগকে নিবেদন করিল যেন শ্বশুর ও জামাতা হত্যার পাতকে আপনাদিগকে কলঙ্কিত না করেন, এবং এক দলের পুত্র ও অন্য দলের দৌহিত্র এমত যে তাহাদের গর্ভ জাত সন্তান তাহাদিগকে যেন পিতৃহত্যার পাপে

* গোল্ডস্মিথ।

wish," said they, "to destroy the affinity and connection formed between you by our marriage, turn your rage against us; we are the cause of the war; we are the cause of wounds and death to our husbands and fathers. It is better for us to perish, than to live either widowed by the loss of one party, or fatherless, by that of the other." This transaction powerfully affected both the multitude and the leaders; silence suddenly ensued, and a suspension of the fight. The commanders then came forward, in order to concert measures for a pacification; and they not only concluded a peace, but combined the two nations into one, associating the two sovereigns in the government, and establishing the seat of the empire at Rome.*

Romulus and Tatius accordingly reigned together at Rome,—but the death of the latter shortly after left the former as the sole governor of the kingdom.

At last, a storm having suddenly arisen, Romulus vanished† from the sight of his people. This produced an impression in the popular mind that he had gone up to the gods. Extravagant as the notion was, it easily gained credit among a superstitious multitude; and the consequence was that he was deified. Romulus

---

* Livy, Lib 1.

† It is supposed by many that, in consequence of the pride and arrogance which Romulus latterly exhibited, the Senators assassinated him themselves, and thus privately removed him out of the way.

অশুদ্ধ না করেন—নারীরা আরও কহিল "আমাদের জন্যে তোমাদের মধ্যে যে কুটুম্বিতা ও সম্বন্ধ ঘটিয়াছে তাহাতে যদি তোমরা বিরক্ত হও তবে আমাদের উপর কোপ প্রকাশ কর, আমরাই এ যুদ্ধের মূল, আমরাই স্বামি ও পিতৃকুলের আঘাত ও মৃত্যুর কারণ—তোমাদের এক দলের বিয়োগে বিধবা অন্য দলের বিয়োগে পিতৃহীনা হওয়াপেক্ষা বরং আমাদের মরণ আরো মঙ্গলের বিষয়"। স্ত্রীলোকদের এই উক্তিতে সমস্ত সৈন্য এবং সেনাপতি মনেতে অত্যন্ত করুণার্দ্র হইল।— সকলেই আচম্বিত নিস্তব্ধ হইয়া যুদ্ধে ক্ষান্ত হইল। পরে অধ্যক্ষেরা একত্র সন্ধি করণার্থে কথোপকথন ও পরামর্শ করিতে লাগিল—তাহাতে কেবল যুদ্ধ নিবৃত্ত হইল এমত নহে কিন্তু ঐ দুই জাতিও এক হইয়া উভয় রাজ্যকে এক করিয়া স্থাপন করিল আর রোম নগর এই সংযুক্ত রাজ্যের পুরী হইল*।

অতএব রমুলস এবং তেসিয়স উভয়ে রোম নগরে একত্র রাজ্য করিতে লাগিলেন—কিন্তু কিছু কাল পরে তেসিয়সের মৃত্যু হওয়াতে রমুলস একক রাজ্যের অধিপতি হইলেন।

অবশেষে হঠাৎ এক ঝড়ের সময় তিনি প্রজাগণ হইতে অন্তর্হিত হইলেন, তাহাতে লোকের মধ্যে জনরব হইল যে তিনি দেবলোকে গমন করিয়াছেন, এই অসম্ভব কথা ঐ মূর্খ লোক সমাজের মধ্যে গ্রাহ্য হইলে তাঁহাকে দেবতা বলিয়া সকলে পূজাদি করিতে লাগিল। রমুলস এইরূপে

---

* লিবি ১ সর্গ।

† অনেকে অনুমান করে যে অবশেষে রমুলস অত্যন্ত অহঙ্কারী হওয়াতে সেনেটরেরা তাঁহাকে গোপনে বধ করিয়া অদৃশ্য করে।

having thus disappeared, the senators undertook the government of the city—each presiding over it for five days;—and this form of government lasted a whole year.

NUMA POMPILIUS

B. C. 713. Afterwards Numa Pompilius was made King. He was not fond of wars, but conferred great benefits upon the country by various salutary measures, and so proved no less serviceable than Romulus. He established laws and wholesome usages among the people, whereby the Romans were gradually freed from the stigma (which in consequence of their frequent wars had before been affixed to their characters) of robbery and semi-barbarism. He divided the year, which had hitherto been in a state of confusion without proper reckoning, into twelve* months. He built temples and instituted religious rites at Rome. He built a temple to Janus near the foot of the hill Argiletum† which was to notify a state either of war or of peace: when open, it denoted that the state was engaged in war; when

---

* Eutropius says Numa divided the year into *ten* months—Livy makes it *twelve*. The fact appears to be that the Roman year before the time of Numa consisted of ten months—commencing with *March*, so called in honor of Mars, the reputed father of Romulus. Numa added the months of January and February—and fixed the beginning of the year in January.

† A small hill to the east of the Palatine.

অদৃশ্য হইলে সেনেটরেরা প্রত্যেক জন পাঁচ২ দিন করিয়া রোমরাজ্য শাসন করিতে লাগিল আর এই শাসন এক বৎসর পর্য্যন্ত প্রবল রহিল।

নুমা পম্পিলিয়স।

(খ্রী. পূ. ৭১৩.) তৎপরে নুমাপম্পিলিয়স রাজপদে অভিষিক্ত হইলেন। ইনি যুদ্ধ করিতে ভাল বাসিতেন না, কিন্তু নানাপ্রকার সদুপায় দ্বারা দেশের অনেক উপকার করিয়াছিলেন, তৎপ্রযুক্ত রমুলস অপেক্ষা অল্প হিতকারী ছিলেন এমত নহে। তিনি অনেক ব্যবস্থা ও সুনীতির নিয়ম স্থাপন করিলেন, তাহাতে রোমীয়দের সর্ব্বদা যুদ্ধকরণ হেতু যে দস্যুবৃত্তি ও অর্দ্ধ সভ্যতার কলঙ্ক হইয়াছিল তাহা ক্রমে ঘুচিয়া গেল। ইহার পূর্ব্বে কোন প্রকার কালের নিরূপণ কিম্বা প্রভেদ না থাকাতে গোল হইয়াছিল, অতএব তিনি দ্বাদশমাসে* বৎসেরের গণনা নিরূপণ করিলেন, এবং রোম নগরে অসংখ্য মন্দির এবং ধর্ম্মের ক্রিয়া কাণ্ড নির্ম্মাণ করিলেন, তিনি আর্জ্জিলিতম† নামক পর্ব্বতের তলে জেনস দেবের এক মন্দির স্থাপন করিলেন—তদ্দ্বারা দেশে যুদ্ধ হইতেছে কি না তাহা জানা যাইতে পারিত—দ্বার রুদ্ধ থাকিলে বুঝাইত যে রাজ্যে যুদ্ধ হইতেছে—খোলা থাকিলে লোকে

---

* ইউত্রোপিয়স কহেন যে নুমা বৎসরকে দস মাসে বিভক্ত করিয়াছিলেন—লিবি বলেন দ্বাদশ মাসে। বোধ হয় নুমার পূর্ব্বে দশ মাসে বৎসর গণনার রীতি ছিল—মার্স দেবের সম্ভ্রমার্থে মার্চ মাসকে প্রথম কহিত—নুমা জেনুয়ারি ও ফেব্রুয়ারি মাস তাহাতে যোগ করিয়া জেনুয়ারিকে প্রথম মাস করিলেন।

† এ পর্ব্বত পালাতিনের পূর্ব্বাংশে।

shut, that there was peace with all the surrounding nations. He died of a disease in the forty-third year of his reign.*

TULLUS HOSTILIUS.

B. C. 670. Upon the death of Numa, Tullus Hostilius succeeded him. He revived the wars, and vanquished the Albans, who lived at the distance of twelve miles from Rome. He subdued the Vejentians and the Fidenates too;—the former being six miles, the latter eighteen miles from the city. Rome was enlarged in this reign by the addition of Mount Cælius.

The war with the Albans was distinguished by the combat of the Horatii and the Curiatii. When the two armies were drawn up in battle array and were about to commence a general engagement, the general of the Albans proposed that the cause should be decided by single combat. The Romans readily agreed to the proposal. There were at that time, three twin brothers in each army; those of the Romans were called Horatii, and those of the Albans Curiatii; all six remarkable for their courage, strength, and activity; and to these it was resolved to commit the management of the combat. At length the champions met; and each, totally regardless of his own safety, only sought the destruction of his opponent. The spectators, in horrid silence, trembled at every blow, and

---

* Livy, Lib I.

জানিতে পারিত যে চতুর্দ্দিকস্থ জাতির সহিত সংমিলন আছে * অপর ত্রিচত্বারিংশৎবর্ষ রাজ্য করিয়া নুমা রোগগ্রস্ত হইয়া প্রাণত্যাগ করিলেন।

টলস হস্তিলিয়স।

(খ্রী. পূ. ৬৭০) নুমার মরণানন্তর টলস হস্তিলিয়স রাজা হয়েন। তিনি পুনর্ব্বার যুদ্ধের প্রসক্তি বিধান করিলেন, ও রোম নগর হইতে ছয় ক্রোশ দূরস্থ আল্বানদিগকে পরাস্ত করিলেন এবং বিয়া ও ফিদিনা নগরীয় লোকদের যুদ্ধে জয়ী হইলেন, বিয়া নগর রোম হইতে তিন ক্রোশ ও ফিদিনা নয় ক্রোশ অন্তরে ছিল। এই রাজার সময়ে সিলিয়স পর্ব্বতের সংযোগে রোম নগরের বৃদ্ধি হয়।

আল্বানদের সহিত যে সংগ্রাম হইয়াছিল তাহা হোরেশস ও কিউরেশস নামক প্রসিদ্ধ বীরদের যুদ্ধে বিখ্যাত হয়। দুই দলস্থ সৈন্য যুদ্ধ সজ্জাতে উপস্থিত হইয়া অস্ত্রক্ষেপ আরম্ভ করিবার কিঞ্চিৎ পূর্ব্বে আল্বান সেনাধ্যক্ষ কহিলেন যে দুই এক জন বীর স্বতন্ত্র যুদ্ধ করিয়া বিগ্রহ সমাপ্ত করুক—তাহাতে রোমানেরা তৎক্ষণাৎ সম্মত হইল। অপর তৎকালীন প্রত্যেক সৈন্য দলের মধ্যে তিন যমজ ভ্রাতা ছিল, রোম দেশীয় তিন জনের প্রত্যেকের নাম হোরেশস, আর আল্বা-দেশীয় তিন জনের নাম কিউরেশস। ইহারা সকলেই সাহস বিক্রম ও শৌর্য্যে অতি প্রধান ছিল, তাহাতে ইহাদের উপর যুদ্ধ সম্পন্ন করিবার ভার অর্পিত হইল। পরে এই কএক জন বীর একত্র হইয়া আপন২ প্রাণের কোন ভয় না করিয়া কেবল শত্রু বিনাশার্থেই যত্ন করিতে লাগিলেন। চতুর্দ্দিকস্থ দর্শকেরা তাহাদের পরস্পর অস্ত্রাঘাত দেখিয়া কাতর

---

* লিবি ১ সর্গ।

wished to share the danger, till fortune seemed to decide the glory of the field. Victory, that had hitherto been doubtful, appeared to declare against the Romans; they beheld two of their champions lying dead upon the plain, and the three Curiatii who were wounded, slowly endeavouring to pursue the survivor, who seemed by flight to beg for mercy. Too soon, however, they perceived that his flight was only pretended, in order to separate his three antagonists, whom he was unable to oppose united; for, shortly after, stopping his course, and turning upon the first, who followed closely behind, he laid him dead at his feet; the second brother, who was coming up to assist him that had already fallen, shared the same fate. There now remained but the last Curiatius to conquer, who, fatigued and disabled by his wounds, slowly advanced to offer an easy victory. He was killed, almost unresisting; while the conqueror, exclaiming—"Two have I already sacrificed to the manes of my brothers; the third I will offer up to my country,"—despatched him, as a victim to the superiority of the Romans, whom now the Alban army consented to obey.*

---

* Goldsmith.

হইয়া আপনারা যুদ্ধে প্রবৃত্ত হইতে বাসনা করিল। পরে দৈবক্রমে রণ স্থলের এই বিবাদ নিষ্পত্তি হইবার সম্ভাবনা হইল। কোন্ পক্ষে জয় হইবে তাহা অনেকক্ষণ পর্য্যন্ত সংশয়ের বিষয় থাকিলেও এক্ষণে রোমানদের প্রতিকূলে মীমাংসা হইবে এমত বোধ হইতে লাগিল, কেননা তাহা-দিগের দুই জন বীর পঞ্চত্ব পাইয়া ধূলায় পড়িয়াছিল, এবং একজন মাত্র যে অবশিষ্ট ছিল তাহাকেও নষ্ট করিবার জন্য বিপক্ষ তিন বীর আঘাত পাইয়া ক্ষত হইলেও ধীরে২ পশ্চাৎ ধাবমান হইল, তখন সে পলায়ন করত যেন শরণাগত হইয়া ক্ষমা প্রার্থনা করিতে লাগিল। কিন্তু এ পলায়ন কেবল ছল মাত্র তাহা শীঘ্র বোধ হইল, কেননা তিন জন শত্রুকে একত্র আক্রমণ করিতে পারিবেক না ইহা বুঝিয়া তাহাদিগকে পৃথক করিবার অভিপ্রায়ে পলাইতেছিল তাহা তখন প্রকাশ পাইল। অতএব পলাইতে২ হঠাৎ ফিরিয়া অতি নিকটস্থ যে কিউরেশস পশ্চাৎ আসিতেছিল তাহাকে তৎক্ষণাৎ বধ করিল, এবং ঐ মৃত ব্যক্তিকে আনুকূল্য করিবার জন্য অন্য এক ভ্রাতা আসিতেছিল তাহারও সেই গতি হইল। এইক্ষণে একজন মাত্র কিউরেশস অবশিষ্ট রহিল, সেও আঘাত পাইয়া ক্ষত ও বহু ক্লান্ত হইয়া শীঘ্র পরাজিত হইল। তাহাকে বধ করিবার সময় হোরেশস চিৎকার ধ্বনি পূর্ব্বক কহিলেন;— "আমার পরলোক প্রাপ্ত দুই ভ্রাতার উদ্দেশে দুই শত্রুকে বলিদান দিয়াছি এবং আমার দেশের উদ্দেশে এই তৃতীয় বলি উৎসর্গ করিতেছি" এই কথা বলিয়া তাহাকে রোমানদের প্রাধান্যের বলি স্বরূপ বধ করিল। আল্বানেরা ইহা দেখিয়া রোমানদের আজ্ঞার বশীভূত হইল*॥

* গোল্ডস্মিথ।

Tullus Hostilius died after he had reigned thirty-two years. He was struck by lightning and burnt up together with his house.*

ANCUS MARTIUS.

B. C. 638. After him Ancus Martius, the grandson of Numa by a daughter, took upon him the government. He fought against the Latins, and added Mount Aventine and Janiculum to the city. He built the city of Ostia upon the sea at the sixteenth mile from Rome. He died a natural death in the 24th year of his reign.

TARQUINIUS PRISCUS.

B. C. 614. After this, Priscus Tarquinius, though a foreigner and descended neither from the royal family nor from the Roman or Sabine race, usurped the kingdom. He doubled the number of the Senators from one hundred to two hundred. He built a Circus at Rome, and instituted games, such as wrestling and fighting, in the city. He likewise conquered the Sabines, and added to the territory of Rome a great deal of land which he had taken from them. He first entered the city in triumph. He made the walls and sewers. He commenced the building of the Capitol. He was at last assassinated by the sons of Ancus, his predecessor, of whom we have already spoken.

---

* Some historians are of opinion that he was assassinated.

টলস হস্তিলিয়স দ্বাত্রিংশৎবৎসর রাজ্যভোগ করিয়া পঞ্চত্ব পাইলেন—তিনি বজ্রাঘাতে নিজগৃহের সহিত দগ্ধ হন*।

আঙ্কস মার্সিয়স।

(খ্রী. পূ. ৬৩৮) ইহার পর নুমারাজার দৌহিত্র আঙ্কস মার্সিয়স নামে এক ব্যক্তি রাজ্যাধিকার প্রাপ্ত হন, ইনি লাটিন দিগের সহিত সংগ্রাম করিয়াছিলেন ও অবেন্তিন এবং জানিকুলম পর্ব্বতদ্বয় নগরের অন্তর্গত করেন, ও রোমনগর হইতে অষ্টক্রোশ দূরস্থ অস্তিয়া পুরী সমুদ্রতীরে নির্ম্মাণ করিলেন, পরে চতুর্বিংশতি বৎসর রাজ্যকরত রোগদ্বারা পর-লোক প্রাপ্ত হয়েন।

প্রিস্কস টারকুইন।

(খ্রী. পূ. ৬১৪) অনন্তর প্রিস্কস টারকুইন নামক একজন বিদেশী, রাজবংশ অথবা রোমীয় কি সাবিন জাতি হইতে উৎপন্ন না হইলেও, রাজ্য গ্রহণ করিলেক। ইহাঁদ্বারা সেনে-টরদের সংখ্যা দ্বিগুণ হইল, অর্থাৎ পূর্ব্বে একশত ছিল এক্ষণে দুইশত হইল, এই রাজা রোম নগরে সর্কস নামক ক্রীড়াগার নির্ম্মাণ করিয়া মল্লযুদ্ধাদি নানাপ্রকার খেলা স্থাপন করিলেন। ইনি সাবিনদিগকেও পরাজয় করিয়া তাহা-দের অনেক ভূমি বলদ্বারা গ্রহণ করত রোমরাজ্যে মিশ্রিত করিলেন, ইনি সর্ব্বাগ্রে জয়যাত্রা ও আড়ম্বর পূর্ব্বক নগরমধ্যে প্রবেশ করেন, এই নৃপতি প্রাচীর ও নর্দ্দমা নির্ম্মাণ করেন এবং কাপিটলনামক মন্দির ও দুর্গের পত্তন করেন। পরে অষ্টাত্রিংশৎবৎসর রাজ্য করিয়া আঙ্কস রাজার পুত্রদের কর্ত্তৃক হত হইলেন, আঙ্কস ইহার অগ্রসর রাজা, তাঁহার বিষয় পূর্ব্বে কহিয়াছি।

---

* কেহ২ কহে তাঁহাকে গোপনে বধ করিয়াছিল।

SERVIUS TULLIUS.

B. C. 576. On the death of Priscus Tarquinius, his son-in-law, Servius Tullius, took upon him the government. He was the son of a woman descended from a noble family, but nevertheless a captive and a maid-servant. He too subdued the Sabines, and added three mountains, the Quirinal, the Viminal, and Esquiline, to the city, and drew ditches round the wall. He likewise first instituted the Census, which had been as yet unknown in the world. When the census was taken, it was found that Rome had eighty-four thousand heads of Roman citizens with those that were in the country. He was slain in the 45th year of his reign by the villainy of his son-in-law Tarquin, the son of that king whom he had succeeded, and of his own daughter whom Tarquin the Proud had taken to wife.

TARQUINIUS SUPERBUS.

B. C. 532. After the murder of his father-in-law, Lucius Tarquinius Superbus, the seventh and last king, undertook the government. He conquered the Volscians (which nation is not far from the city as you go to Campania);—he reduced the city Gabii and Suessa Pometia; he made a peace with the Thuscans and built a temple to Jupiter in the Capitol. Afterwards, as he was attacking Ardea, a city situated at the distance of eighteen miles from Rome, he lost his kingdom. For his son, Tarquin the Younger, had gone under the pretence of a friendly guest to the house of a

সর্বিয়স টলিয়স।

(খ্রী. পূ. ৫৭৬) টারকুইন প্রিস্কস মরিলে পর তাঁহার জামাতা সর্বিয়স টলিয়স রাজা হইলেন, ইনি উত্তম কুলোদ্ভবা কিন্তু হৃতা ও দাসী এমত এক স্ত্রীলোকের পুত্র। এই রাজাও সাবিনদিগকে বশীভূত করিয়াছিলেন, এবং কুইরিনাল বিনিনাল ও এস্কুইলিন নামক তিন পর্ব্বত নগরের সহিত মিলিত করিলেন, ও প্রাচীরের চতুর্দ্দিকে পরিখা খনন করিলেন। সকল রাজাদের মধ্যে প্রথমতঃ ইনি সেনসস অর্থাৎ লোকসংখ্যার বিধান স্থাপন করিলেন, এপ্রকার সংখ্যার নিয়ম ভূমণ্ডলে পূর্ব্বে কেহ জানিত না। অতএব সংখ্যা সমাপ্ত হইলে দেখা গেল যে রোমরাজ্যে যাহারা কৃষি কর্ম্ম করিত তাহাদের সমেত চতুরশীতি সহস্র রোমীয় লোক ছিল। সর্বিয়স টলিয়সের এক কন্যা পূর্ব্বোক্ত টারকুইনের এক পুত্রকে পতি বলিয়া গ্রহণ করিয়াছিল, তাহার নাম টারকুইন সুপর্ব্বস। ইহারা স্ত্রীপুরুষে অতিদুরন্ত ছিল আর ইহাদের অত্যাচারে ও দুষ্ট চেষ্টাতে রাজা পঁয়তাল্লিশ বৎসর রাজ্য করিয়া হত হইলেন।

টারকুইন সুপর্ব্বস।

(খ্রী. পূ. ৫৩২) শ্বশুরের হত্যার পর লুসিয়স টারকুইন সুপর্ব্বস দেশাধিপত্য গ্রহণ করিলেন, ইনি সপ্তম ও সর্ব্বশেষ রাজা। বলসিয় জাতি যাহারা কাম্পেনিয়ার পথে নগর হইতে অধিক দূরস্থ নয় তাহাদিগকে এই টারকুইন জয় করিয়া গবিয় ও সুএস্সা পমিসিয়া পুরী হরণ করিলেন, তিনি টস্কানদের সহিত সন্ধি করিলেন, এবং কাপিটলে জোবদেবের মন্দির স্থাপন করিয়া দিলেন। অনন্তর নয় ক্রোশ দূরস্থ আর্ডিয়া নামক এক নগর আক্রমণ করিবার সময় তিনি রাজ্যচ্যুত হইলেন, কেননা সেক্সটস টারকুইন নামে তাহার পুত্র, অতিথির ছলে কোলেতিনস নামে এক মহৎকুলশীল

noble person named Collatinus by night, and had ravished his wife Lucretia. Whereupon this virtuous woman sent for her husband, her father and her friends; and, deeply lamenting her disgrace, stabbed herself in their presence. Her father Lucretius together with her husband, and a common friend, named Brutus, made orations to the people, expatiating on this royal wickedness, which so incensed them all, that Tarquin was forthwith deposed. Brutus exhibited the dead body of Lucretia before the populace, and, after dwelling at some length on the oppression and tyranny which Tarquin had exercised, added,—

"There, Romans! turn your eyes to that sad spectacle—the daughter of Lucretius—Collatinus's wife—she died by her own hand. See there a noble lady whom the lust of a Tarquin reduced to the necessity of being her own executioner, to attest her innocence. Sextus, hospitably entertained by her, as a kinsman of her husband's,—Sextus, perfidious guest, became her brutal ravisher. The chaste, the generous Lucretia, could not survive the insult. Glorious woman! once only treated as a slave, she thought life no longer to be endured. Lucretia, a woman, disdained a life that depended on a tyrant's will; and shall we, shall men with such an example before our eyes, and after five and twenty years of ignominious servitude, shall we, through a fear of dying, defer one single instant to assert our liberty? No, Romans, now is the time; the favourable moment we have so long waited for is

ব্যক্তির গৃহে রাত্রিযোগে যাইয়া লুক্রিসিয়া নাম্নী তাহার স্ত্রীকে বলাৎকার করিয়াছিল, তাহাতে সেই পতিব্রতা নারী আপন স্বামী ও পিতা ও অন্যান্য বন্ধুগণকে ডাকিয়া তাহাদের সম্মুখে বিলাপ করিতে২ ছুরিকাদ্বারা আত্মহত্যা করিলেন, পরে তাঁহার পিতা লুক্রিসিয়স ও পতি কোলেতিনস এবং ব্রুতস নামক তাহাদের একজন বন্ধু সমস্ত নগরবাসির নিকট এই অত্যাচারের বিষয়ে বক্তৃতা করিলে সকলে এমত ক্রুদ্ধ হইল যে টারকুইনকে রাজপদ হইতে তৎক্ষণাৎ রহিত করিল। ব্রুতস লুক্রিসিয়ার মৃতদেহ লোকদের সমাজে লইয়া টারকুইনের অন্যান্য দুর্বৃত্তির বিষয়ে অনেক বক্তৃতা করিয়া পরে এইরূপ কহিলেন—

হে রোমানেরা দেখ—ঐ শোকান্বিত দর্শনে চক্ষুঃপাত কর! এই লুক্রিসিয়সের কন্যা—কোলেতিনসের স্ত্রী—ইনি আপন হস্তে প্রাণত্যাগ করিয়াছেন!—দেখ কেমন সাধ্বী স্ত্রী!—ইহাঁকে টারকুইন কামুক হইয়া আত্মহত্যার প্রতিজ্ঞাতে প্রবৃত্ত করাইল—ইনি আপনার নির্দ্দোষিতা প্রকাশার্থে এমত কর্ম্ম করিলেন—সেক্সটস টারকুইন ইঁহার স্বামির জ্ঞাতি এজন্য ইনি তাহার প্রতি আতিথ্য করিয়াছিলেন, তাহাতে এ অবিশ্বাসি অতিথি পশুর ন্যায় ইঁহাকে বলাৎকার করিল—লুক্রিসিয়া প্রতিব্রতা ও মহানুভবা, অতএব এমত অপমানের পর আর বাঁচিতে পারিলেন না—হায় কেমন তেজস্বিনী নারী! —একবার মাত্র মর্য্যাদার হ্রাস হওয়াতে ইনি প্রাণকে দুঃসহ বোধ করিলেন।—লুক্রিসিয়া স্ত্রী হইয়া অত্যাচারির কামেতে সমর্পিত জীবনকৈ হেয় করিলেন;—তবে আমরা পুরুষ হইয়া এমত মহাত্মাক কার্য্য চক্ষে দেখিয়া এবং পঞ্চবিংশতি বৎসর লজ্জা ও দাসত্ব ভোগ করিয়া কি নিশ্চল থাকিব?—আমরা কি এমত ব্যাপার দেখিয়া ভয়ে আপনাদের স্বাধীনতার প্রয়াস করিতে আর এক মূহুর্ত্ত কাল বিলম্ব করিতে পারি? না—রোমানেরা—এমত কখনও হইবে না—আমাদের শুভ কাল

come! Tarquin is absent from Rome: the Patricians are at the head of the enterprise: the city is abundantly provided with men, arms, and all things necessary. There is nothing wanting to secure success, if our own courage does not fail us. And shall those warriors who have ever been so brave when foreign enemies were to be subdued, or when conquests were to be made, to gratify the ambition and avarice of a Tyrant, be then only cowards, when they are to deliver themselves from SLAVERY? Some of you are perhaps intimidated by the army which Tarquin now commands? The soldiers, you imagine, will take the part of their General? Banish so groundless a fear. The love of liberty is natural to all men. Your fellow citizens in the camp feel the weight of oppression with as quick a sense as you that are in Rome, and will as eagerly seize the occasion of throwing off the yoke. But should we grant, there may be some among them, who through baseness of spirit, or a bad education, will be disposed to favor the tyrant, the number of these can be but small; and we have means sufficient in our hands to reduce them to reason. They have left us hostages more dear to them than life. Their wives, their children, their fathers, their mothers, are here in the city. Courage!

এক্ষণে উপস্থিত হইয়াছে—যে সুযোগের নিমিত্তে আমরা অনেক দিবস প্রতীক্ষা করিয়াছিলাম তাহা সম্প্রতি উপস্থিত—কেননা টারকুইন এক্ষণে রোম নগরে নাই—এবং কুলীন বর্গেরা আপনারাই এ কর্ম্মের অধ্যক্ষতা স্বীকার করিয়াছেন,—নগরের মধ্যে আমাদের লোকের অভাব নাই, অস্ত্র শস্ত্র ও অন্যান্য আবশ্যক দ্রব্যও যথেষ্ট আছে—অতএব আমাদের কার্য্য সিদ্ধির নিমিত্তে কিছুর অভাব নাই যদি আপনারা সাহসে ত্রুটি না করি। তবে ঐ মহা২ বীর যাহারা বিদেশি শত্রু জয় করণ কালে এমত বিক্রম দেখাইয়াছে এবং অত্যাচারি রাজার আকাঙ্ক্ষা লোভ ও অভিলাষ পূর্ণ করণার্থে সত্বর হইয়া দিগ্বিজয় করিয়াছে তাহারা কি আপনাদিগকে ঘোর দাসত্বের শৃঙ্খল হইতে মুক্ত করিবার সময়েই কেবল ভয়াকুল হইবে? তোমাদের মধ্যে কি কেহ২ টারকুইনের শাসনাধীন সৈন্য দেখিয়া ভয় পাইতেছে? তোমরা কি মনে কর যে সৈন্যস্থ লোকেরা রাজার দলস্থ হইয়া যুদ্ধ করিবে? এমত অমূলক ভয়কে মনে স্থান দিও না। স্বাধীনতার ইচ্ছা স্বভাবতঃ সকলেরি আছে।—যাহারা যুদ্ধার্থে এক্ষণে অস্ত্রধারি হইয়া শিবিরে বাস করিতেছে তাহারাও ঐ অত্যাচারি রাজার দুর্ব্বৃত্ততার ভার তোমাদের ন্যায় দুঃসহ বোধ করে, এবং এমত দাসত্ব ত্যাগ করিবার সুযোগ শুনিবা মাত্র সত্বর হইয়া তোমাদের সপক্ষ হইবে। কিন্তু যদিও তাহাদের মধ্যে কেহ২ নীচাত্মা হইয়া অথবা কুসংস্কারে পড়িয়া এই অপকৃষ্ট দুরাত্মার অনুকূল হয় তথাপি এমত লোকের সংখ্যা অত্যল্প জানিবা; এবং আমরা শীঘ্র তাহাদিগকে সৎপথে আনিতে পারিব—কেননা তাহাদের প্রাণ হইতে অধিক প্রিয় এমত বস্তু আমাদের হস্তে বন্ধক স্বরূপ আছে—তাহাদের পিতামাতা ও স্ত্রীপুত্রাদি সমুদয় এই নগরের মধ্যে আমাদের হস্তে আছে—তবে হে

Romans, the Gods are for us, those Gods whose temples and altars the impious Tarquin has profaned by sacrifices and libations made with polluted hands, polluted with blood, and with numberless unexpiated crimes committed against his subjects."*

The people were so excited by these orations, that the deposition and banishment of Tarquin were immediately decreed. The army too, which was attacking the city of Ardea and had been secretly informed of these proceedings at home, soon deserted him. Tarquin hastened to the city in order to ward off if possible the danger that impended over him; but the gates were shut against him, and he was not allowed to enter. Thus, after he had reigned twenty-five years, Tarquin was obliged to become an exile with his wife and children.

In this manner seven Kings reigned at Rome for the space of two hundred and forty-three years, while the territories of the city had as yet scarcely extended so far as fifteen miles in any direction.

Upon the banishment of Tarquin, two governors, under the name of Consuls, were appointed instead of one King. The reason of this change in the constitution was that if either of the two Consuls evinced the disposition of a tyrant, the other, having the like authority, might restrain him. It was further ordained that the

* Dionysius of Halicarnassus, as rendered in Hooke's Roman History.

রোমানেরা সাহস কর—দেবতারা আমাদের পক্ষে আছেন—এই পাপিষ্ঠ টারকুইন নর হত্যাতে রক্তাক্ত ও অশুদ্ধ হস্তে বলিদান ও উৎসর্গ করিয়া যে দেবতাদের মন্দির ও বেদি অপবিত্র করিয়াছে এবং যাঁহারা তাহার অসংখ্য প্রজাপীড়ন দোষে ক্রুদ্ধ আছেন সেই দেবতারাই আমাদের পক্ষ জানিবা”*।

এই২ বক্তৃতা শুনিয়া লোকে এমত কুপিত হইল যে তৎক্ষণাৎ টারকুইনকে পদচ্যুত ও দেশ হইতে বহিষ্কৃত করিতে স্থির করিল। অনন্তর রাজার সহিত যে সৈন্য আর্ডিয়া নগর আক্রমণ করিতেছিল তাহারাও এই সকল বার্ত্তা গোপনে শুনিয়া রাজাকে ত্যাগ করিল, রাজা মহা বিপদ উপস্থিত দেখিয়া তাহা নিবারণার্থে ত্বরায় রোম নগরে আগমন করিতে চেষ্টা করিলেন, কিন্তু লোকেরা দ্বার রুদ্ধ করিয়া তাঁহাকে প্রবেশ করিতে দিলনা, সুতরাং পঞ্চবিংশতি বৎসর রাজ্য করিয়া স্ত্রীপুত্রের সহিত টারকুইন পলায়ন করিলেন।

এইরূপে রোম নগরে দুইশত ত্রিচত্বারিংশৎ বৎসরের মধ্যে সাত জন রাজা হইল আর তখন ঐনগর কোন দিকে সার্দ্ধ সপ্তক্রোশও বিস্তারিত হয় নাই।

(খ্রী. পূ. ৫০৭) টারকুইন বহিষ্কৃত হইলে পর একজন রাজার পরিবর্ত্তে দুইজন কন্সল নামে শাসনকর্ত্তা নিযুক্ত হইতে লাগিলেন। রাজশাসন এপ্রকার রূপান্তর করিবার অভিপ্রায় এই যে যদি দুই কন্‌সলের মধ্যে একজন অত্যাচারী হয় তবে অন্যজন তুল্যপরাক্রমী হইয়া তাহাকে দমন করিতে

---

* হেলিকার্ণেসসীয় দাইওনিসিয়স. ৪ সর্গ।

Consuls should hold their power only for the space of one year, lest they should become insolent by the long continuance of their authority, and that, knowing they would have to resign their offices after a year, they might be induced to act with moderation in the exercise of their powers.

With reference to this revolution in the government of the city, Livy remarks, and with justice, that the conduct of Brutus was justified only by the pride and wickedness of Tarquin, and by the progress which the people had by this time made in civilization and humanity. Brutus, he says, would have been branded with the infamy of a public enemy, instead of being hailed as the liberator of his country, if he had attempted to overturn the constitution at an earlier period, while the wandering and unstable multitude who had peopled the city had not learned to appreciate the advantages of civilization nor understood the bonds of civil society.

In the first year after Tarquin was deposed, Lucius Junius Brutus, who had exerted himself more than any other for the banishment of the King, and Tarquinius Collatinus, the husband of Lucretia, were appointed Consuls. But Collatinus could not long enjoy his dignity. The people decreed that no one should continue in the city that was called *Tarquin*. Collatinus, therefore, who was a member of the family and had the surname of *Tarquin*, was obliged to leave the city. He resigned his Consulship owing to the prejudices of the

পারিবেক। লোকেরা আরো এক নিয়ম স্থির করিল যে এই শাসনকর্ত্তারা এক বৎসরের ঊর্দ্ধ শাসন করিতে পারিবেক না কেননা পাছে অনেককাল কর্ত্তৃত্ব করিয়া অত্যন্ত দর্পান্বিত হয়, আর একবৎসরের পর সামান্য লোকের ন্যায় হইবে এই ভয়ে যেন সর্ব্বদা নম্র থাকে।

রোমদেশীয় রাজকর্ম্ম নির্ব্বাহের পুরাতন নিয়ম এইরূপে খণ্ডন হওনে লিবি নামক গ্রন্থকর্ত্তা যথার্থ কহিয়াছেন যে কেবল টারকুইনের অহঙ্কার ও দুষ্টতাপ্রযুক্ত এবং লোক সমূহের মধ্যে সভ্যতা ও সুশীলতার বৃদ্ধি হওয়াতে ব্রুতসের রাজ বিরোধাচরণকে নিন্দনীয় কহা যায় না।—টারকুইন রাজ-সিংহাসনে উপবিষ্ট হইবার পূর্ব্বে যদি ব্রুতস এমত রাজ দ্রোহ প্রকাশ করিতেন তবে তাঁহাকে দেশের হিতকারী না কহিয়া বরং মহাশত্রু বলিয়া কলঙ্কিত করিতে হইত, কেননা যে২ অস্থির ও চঞ্চল লোকেরা রোম নগরে বসতি করিয়াছিল তাহারা তখন অজ্ঞানবশতঃ সভ্যতার প্রয়োজন ও গুণ কিছুই বুঝিত না এবং কিরূপ ব্যবহারে ভদ্র সমাজের প্রাবল্য হয় তাহাও জানিত না, সুতরাং রাজাকে বহিষ্কৃত করিয়া আপনারা রাজ্যের ভার লইতে পারিত না।

রাজাকে পদচ্যুত করিবার পর প্রথম বৎসরে লুসিয়স জুনিয়স ব্রুতস, যিনি সর্ব্বাপেক্ষা অতিব্যগ্র হইয়া টারকুইনকে বহির্ভূত করিয়াছিলেন, এবং লুক্রিসিয়ারি স্বামী কোলেতিনস, এই দুই-ব্যক্তি কন্সলপদে নিযুক্ত হইলেন, কিন্তু কোলেতিনস অনেক দিবস এ কর্ত্তৃত্ব ভোগ করিতে পারিলেন না, কেননা লোকেরা এক ব্যবস্থা স্থাপন করিল যে টারকুইন নামধারী কোনব্যক্তি রোম নগরে থাকিতে পারিবেনা, অতএব কোলেতিনস টারকুইন কুলের এক অঙ্গ হওয়াতে তাঁহার উপাধি টারকুইন ছিল এইজন্য তাঁহাকে দেশান্তর হইতে হইল, টারকুইন নামে রোমানদের অত্যন্ত দ্বেষ হওয়াতে তিনি কন্সলত্ব পদ ত্যাগ

people against his name, and removed out of Rome with his whole estate.

Brutus had the chief hand in the banishment of Collatinus, and has been justly censured for the wild enthusiasm with which he was possessed, and by which he was led to such ungenerous conduct towards his colleague. His speech on the occasion was quite characteristic of his hatred to the very name of Tarquin. "The Roman people," said he, "did not think that they had recovered entire freedom; the regal family, the regal name remained, not only in the city but in the government; this was a circumstance, not merely unpropitious, but dangerous, to liberty. Do you, Lucius Tarquinius (Collatinus), of your own accord, remove from us this apprehension: we remember, we acknowledge that you expelled the princes; complete your kindness; carry hence their name. Your countrymen, on my recommendation, will not only give up your property, but, if you have occasion for more, will make liberal additions to it. Depart in friendship; deliver the state from this, it may be, groundless apprehension; but the opinion is deeply rooted in their mind, that, only with the race of the Tarquinii, will kingly power depart hence.*" Collatinus was at first unwilling to become a voluntary exile from Rome; but when he saw that the people were generally possessed with the enthusiasm which marked the speech of Brutus, and especially

* Livy, Lib. 2.

করিলেন এবং পৈতৃক ধন লইয়া নগর হইতে বাহিরে প্রস্থান করিলেন।

কোলেতিনসকে নগর হইতে বহিষ্কৃত করণে ব্রুতস বহু যত্ন করিয়াছিলেন, তিনি প্রমত্ত হইয়া বিবেচনা না করিয়া আপন সহকারি ব্যক্তির উপর এমত অভদ্র আচরণ করিয়াছিলেন, এজন্য অনেকে তাঁহার যথার্থরূপে নিন্দা করিয়াছে—এই বিষয়ে তিনি যে বক্তৃতা করিয়াছিলেন তাহাতে টারকুইন নামের উপর তাঁহার কি পর্য্যন্ত দ্বেষ তাহা প্রকাশ পাইতেছে; তাঁহার উক্তি এই যথা—"রোমানেরা এমত বিশ্বাস করিতে পারেনা যে সম্পূর্ণ স্বাধীনতা প্রাপ্ত হইয়াছে কেননা রাজবংশ এবং রাজার নাম কেবল নগরের মধ্যে নহে কিন্তু শাসনকর্ত্তৃগণের মধ্যেও এখনো আছে—এ অশুভ বিষয় স্বাধীনতা বাধক এবং স্বাধীনতার বিঘ্নকারক; অতএব হে লুসিয়স টারকুইন কোলেতিনস তুমি আপনি স্বেচ্ছাপূর্ব্বক আমাদের এই ভয় দূর কর—তুমি যে রাজাকে বহিষ্কৃত করিয়াছ তাহা আমাদের মনে আছে, এবং তাহা আমরা স্বীকারও করি—তোমার অনুগ্রহ পূর্ণ কর—রাজার নাম এখান হইতে বাহির কর—আমার অনুরোধে দেশীয় লোকেরা কেবল তোমার সমস্ত বিষয় তোমাকে দিবেক এমত নহে, কিন্তু যদি তোমার প্রয়োজন থাকে তবে আরো অনেক সম্পত্তি অকাতরে দান করিবেক —সদ্ভাবে বিদায় হও—যদিও আমাদের ভয় অমূলক তথাপি তাহা হইতে মুক্ত কর—আমাদের মনে বোধ হইতেছে যে সমস্ত টারকুইন বংশ না গেলে দেশ হইতে রাজপদ লোপ পাইবে না"* এ কথা শুনিয়া কোলেতিনস প্রথমতঃ স্বেচ্ছা পূর্ব্বক দেশত্যাগী হইতে অনিচ্ছু হইলেন, কিন্তু ব্রুতসের বাক্যেতে যে প্রমত্ততা প্রকাশ পাইল তাহা প্রায় সকলেরি অন্তরে উঠিয়াছে ইহা দেখিয়া, এবং আপন শ্বশুর লুক্রিসিয়স

---

* লিবি ২ স্বর্গ।

when Lucretius, his own father-in-law, joined in the request, he yielded to their wishes.

Valerius Publicola was made Consul in the place of Collatinus. In the meantime Tarquin stirred up war against the city of Rome, and, having collected forces from all quarters, sought to be restored to his kingdom. In the first battle, Brutus and Aruns, the son of Tarquin, furiously encountered and killed one another. Yet the Romans came off victorious. The Roman matrons mourned for Brutus, the defender of their honor, as a common father, for one whole year. Valerius Publicola received Lucretius, the father of Lucretia, as his colleague in the room of Brutus; but Lucretius dying of a disease, Horatius Pulvillus was made Consul.

Thus there were five Consuls in the first year; viz. Tarquin Collatinus, who had become an exile owing to his name; Brutus, who fell in battle; Lucretius, who died a natural death; and the two others who survived.

In the second year too, Tarquin again made war upon the Romans, in order to be received into his kingdom. Porsena, the king of the Tuscans, had given him assistance. The war had for some time become, so formidable that Rome was brought to the brink of destruction. Porsena was, however, at last induced, through fear, to make peace.

Several Romans had individually manifested such heroism in this war, that we cannot help mentioning them by name. When Porsena displayed his banners along the Tiber, and threatened the destruction of

ও ব্রুতসের মতস্থ হইয়াছেন তাহা বুঝিয়া রোম নগর হইতে দেশান্তর গমন করিলেন।

কোলেতিনসের পদে বেলিরিয়স পব্লিকোলা কন্সল হইলেন। কিন্তু টারকুইন রাজসিংহাসন ভ্রষ্ট হওয়াতে যুদ্ধারম্ভ করিল, এবং চতুর্দ্দিক হইতে অনেক লোক সংগ্রহ করিয়া পুনর্ব্বার রাজা হওনার্থে রোম নগর আক্রমণ করিল, প্রথম যুদ্ধে ব্রুতস ও টারকুইনের পুত্র আরন্স মহা কোপে আসিয়া পরস্পর বধ করিল, তথাপি রোমীয় লোকেরা এযুদ্ধে জয়ী হইয়া উঠিল। ব্রুতসের মরণানন্তর রোমীয় নারীগণ তাঁহাকে আপনাদের লজ্জা রক্ষক জানিয়া দেশের সাধারণ পিতা বলিয়া এক বৎসর পর্য্যন্ত তাঁহার জন্য শোক করিল, বেলিরিয়স পব্লিকোলা ব্রুতসের পদে লুক্রিসিয়ার পিতা স্পুরিয়স লুক্রিসিয়সকে আপনার সহকারী করিলেন, কিন্তু লুক্রিসিয়স পীড়ায় পঞ্চত্ব পাওয়াতে হোরেশস পুল্‌বিলস কন্সল হইলেন।

এই প্রকারে প্রথম বৎসরে পাঁচজন কন্সল হয়। টারকুইন কোলেতিনস নামের দোষে দেশান্তর গমন করেন, ব্রুতস যুদ্ধে প্রাণ ত্যাগ করেন, এবং লুক্রিসিয়স রোগে মৃত্যু প্রাপ্ত হন, আর দুইজন অবশিষ্ট থাকেন।

দ্বিতীয় বৎসরে টারকুইন রাজ্যে গৃহীত হওনার্থে পুনর্ব্বার রোমীয় লোকদের উপর যুদ্ধ উপস্থিত করেন, টস্কনদের রাজা পোরসেনা তাহাকে সাহায্য দিয়াছিলেন, কিয়ৎকাল এ যুদ্ধ এমত ভয়ঙ্কর হইয়াছিল যে রোম নগর শত্রুহস্তে পতিত প্রায় হইল কিন্তু অবশেষে পোরসেনা ভয় পাইয়া সন্ধি করিতে প্রবৃত্ত হইলেন।

এই যুদ্ধে কএক জন রোমীয় এমত বীরত্ব প্রকাশ করিয়াছিল যে এস্থলে তাহাদের নামোল্লেখ অবশ্য করিতে হইবে। পোরসেনা যুদ্ধ সজ্জাতে তাইবর নদীর পারে আপন পতাকা বিস্তার করিলে রোমানেরা তাঁহার ভয়ে সব্লিসিয়স নামক সাকোঁদিয়া পলায়ন করিতে লাগিল—পোরসেনা তাহাদের পশ্চাৎ

the Republic by pursuing the fugitive Romans on the bridge Sublicius, three heroic men, Horatius Cocles, Lartius, and Herminius, posted themselves at the entrance of the bridge, and for a long time bravely defended it. Lartius and Herminius were obliged to retire, their defensive arms being broken. Horatius Cocles continued at his post, and, though alone, prevented the enemy from entering the bridge. He sent word to the Consuls to break down the bridge at the other end. At length, being wounded in the thigh, and learning that the bridge was almost broken, he leaped into the river, and swam across through a shower of darts. Rome was thus saved on that occasion through the single bravery of one man. Had it not been for him, the enemy might have rushed into the city by means of that bridge, when the Roman army was put to flight.

Another instance of heroism was exhibited by a young Roman of noble birth, named Caius Mutius. He went in disguise into the enemy's camp with a view to assassinate Porsena. On entering the royal tent he beheld the king sitting with one of his ministers* on the same tribunal, and a large concourse of people around them. Mistaking the minister for the king, he stabbed him with a dagger which he carried concealed in his clothes; and when he was seized and convinced of his mistake, instead of being frightened at the dangerous position

* His Secretary.

ধাবমান হইয়া রোম নগরে প্রবেশ করিতে উদ্যত হইলেন, এমত সময়ে হোরেশস ককল্স ও লারশস ও হর্মিনিয়স নামক তিন জন মহাবীর সেতুর দ্বারে দণ্ডায়মান হইয়া অনেক ক্ষণ পর্য্যন্ত শত্রুকে সেতুর উপর আসিতে দিলনা। পরে যুদ্ধ করিতে২ অস্ত্র ভগ্ন হওয়াতে লারশস ও হর্মিনিয়সকে ফিরিয়া যাইতে হইল—কিন্তু হোরেশস ককল্স স্থির থাকিল এবং একক হইয়া সমস্ত শত্রুদলকে সেতু হইতে দূর করিয়া রাখিল—এবং রোম নগরের পারে সেতু ভাঙ্গিয়া ফেলিতে কন্সলদিগকে পরামর্শ দিল—অনন্তর উরু দেশে আঘাত পাইয়া এবং সেতু ভগ্নপ্রায় হইয়াছে তাহা শুনিয়া তিনি নদীতে ঝাঁপ দিয়া শত্রুরা বাণ বৃষ্টি করিলেও সন্তরণ করিয়া পারে আইলেন। এইরূপে এক জনের সাহসে রোম রাজ্য তৎকালে রক্ষা পাইয়াছিল—সে ব্যক্তি যদি এতাদৃশ বিক্রম প্রকাশ না করিত তবে রোমান সৈন্য পলায়িত হইলে শত্রুরা ঐ সাঁকো-দিয়া সহজে রোম নগরে প্রবেশ করিতে পারিত।

কাইয়স মুসিয়স নামক একজন মহৎকুলোদ্ভব যুবা রোমান এযুদ্ধে আর এক প্রকার বীরত্ব প্রকাশ করিয়াছিল—গোপনে গিয়া পোরসেনাকে বধ করিবে এই অভিপ্রায়ে ছদ্মবেশে বস্ত্রের মধ্যে এক ছুরিকা লুকাইয়া শত্রুর শিবিরে গমন করিল। রাজার তাম্বুতে প্রবেশ করিয়া দেখে যে রাজা এক অমাত্যের সহিত বসিয়া আছেন ও চতুর্দ্দিকে মহাসমারোহ। চিনিতে না পারিয়া রাজাবোধে আমাত্যকেই ছুরিকাঘাত করিল। পরে ধৃত হইলে এবং আপন ভ্রান্তি টের পাইলে এবিপত্তি প্রযুক্ত ভীত না হইয়া বরং সাহস পূর্ব্বক কহিল, "আমি একজন

he was in, boldly cried out; "I am a Roman citizen; My name is Mutius. As an enemy I intended to have slain an enemy, nor is my resolution less firmly prepared to suffer death than to inflict it. It is the part of a Roman both to act and to suffer with fortitude:—nor am I the only one who has harboured such designs against you. There is a long list after me of candidates for the same glorious distinction. Prepare, therefore, if you choose, for a contest of this sort, wherein you must every hour engage at the hazard of your life, and have the enemy and the sword continually in the porch of your pavilion; this is the kind of war we Roman youths engage against you; fear not an army in the field nor in battle; the affair will rest between your single person, and each of us, separately."* The king was filled with fear and rage at his language, and ordered fires to be kindled round him. But Mutius, thrusting his right-hand of his own accord into a pan of burning coals, allowed it to burn without showing any signs of pain, and exclaimed; "Behold what little account is made of the body by those who have in view the attainment of great glory." Porsena, amazed at his intrepidity, released him, and soon after made peace with the Romans.

In the third year after the expulsion of the Royal family, when Tarquin saw he could not be received into his kingdom, and that Porsena gave him no fur-

* Livy, Lib. 2.

রোমান্ নগরবাসী, আমার নাম মুসিয়স, আমি শত্রু হইয়া শত্রু বধের অভিপ্রায়ে আসিয়াছি, আর যেমন তোমাকে বধ করিতে অগ্রসর হইয়াছিলাম তেমন এক্ষণে মরিতে ও প্রস্তুত আছি, বিক্রম পূর্ব্বক কর্ম্মিষ্ঠ ও সহিষ্ণু হওয়া উভয়ই রোমানের ধর্ম্ম, আর তোমার হিংসা করণ কেবল আমার অভিপ্রায় নহে, আমার ন্যায় এই গৌরবের আকাঙ্ক্ষি অনেকে শ্রেণী বদ্ধ হইয়া আছে, যদি ইচ্ছা কর তবে এই প্রকার বিবাদের জন্য প্রস্তুত হও তাহাতে প্রত্যেক দণ্ডে তোমাকে প্রাণ সংশয় যুদ্ধ করিতে হইবে—তোমার রাজতাম্বুর দ্বারেতেই শত্রু এবং খড়্গ আছে, এই প্রকার যুদ্ধের সংবাদ আমরা রোমীয় যুবাগণ তোমাকে দিতেছি, তোমার সৈন্যসামন্তের ভয় নাই, তোমার সাধারণ যুদ্ধের ভয় নাই, কেবল তোমার সহিত আমাদের একে২ এই বিবাদের ব্যাপার হইবে"*। অপর রাজা ক্রোধ ও শঙ্কাতে পূর্ণ হইয়া তাহাকে অগ্নিকুণ্ডে নিক্ষেপ করিতে আজ্ঞা দিলেন, কিন্তু মুসিয়স স্বয়ং অগ্রসর হইয়া এক জ্বলন্ত অঙ্গারের পাত্রে আপন দক্ষিণ হস্ত ধরিয়া অনুদ্বেগে দাহ করিতে লাগিল, পরে কহিলেক "দেখ যাহারা গৌরব উপার্জ্জনের আকাঙ্ক্ষাতে থাকে তাহাদের সম্বন্ধে শরীর কিরূপ তুচ্ছ পদার্থ"। পোরসেনা এমত বিক্রম দেখিয়া চমৎকৃত হইয়া তাহাকে ছাড়িয়া দিলেন, এবং শীঘ্র রোমানদের সহিত সন্ধি করিলেন।

রাজার শাসনের নিয়ম খণ্ডন করিবার পর তৃতীয় বৎসরে টারকুইন দেখিল যে পুনর্ব্বার রাজ্য পাইবার কোন সম্ভাবনা নাই, এবং পোরসেনাও রোমীয় লোকের সহিত সন্ধি করিয়া

---

* লিবি ২ সর্গ।

ther help, having made peace with the Romans, withdrew to Tusculum, not far from Rome, and there with his wife lived as a private person for fourteen years.

In the fourth year after the abolition of monarchy, the Sabines made war upon the Romans but were defeated. A triumph was decreed, on account of them. In the fifth year died Valerius Publicola, who was colleague to Brutus and had been made Consul for the fourth time. He was very popular for his great services to the republic. He died so poor that his funeral was solemnized at the public expence. The matrons mourned for a year as they had done for Brutus.

In the ninth year after the extinction of the kingly government, the son-in-law of Tarquin raised a vast army to revenge the injury done to his father-in-law. This led to the creation of a new office at Rome,—called Dictatorship,—which was higher than the Consulship. Another office was created the same year called the *Master of the Horse*, who was to obey the Dictator. Lartius was the first Dictator, and Spurius Cassius the first Master of the Horse.

In the sixteenth year after the Kings were banished, the people made a mutiny at Rome because of the oppression, real or pretended, which the Senate and Consuls exercised against them. With one accord they deserted the city, and retired to a hill named Mons Sacer. It was with difficulty that they were afterwards appeased. But before they would return to their duties they exacted the privilege of creating certain

তাহাকে আর সাহায্য দেন না, অতএব টস্কুলনে গমন করিলেক, ঐ নগর রোম নগরের অধিক দূর নহে, এবং সেখানে সস্ত্রীক হইয়া আরও চতুর্দ্দশ বৎসর সামান্য লোকের ন্যায় বাস করিলেক।

রাজ শাসনের রীতি অন্যথা করিবার পর চত্তুর্থ বৎসরে সাবিনেরা রোমীয়দের প্রতিকূলে যুদ্ধ করিয়াছিল, কিন্তু তাহারা পরাজয় হইল; আর তজ্জন্য এক জয় যাত্রার বিধি হয়। পঞ্চম বৎসরে বেলিরিয়স পব্লিকোলা যিনি ব্রুতসের সঙ্গী ছিলেন ও চত্তুর্থবার কন্সল হইয়াছিলেন তিনি পরলোক প্রাপ্ত হইলেন। ইনি সকলের অতিপ্রিয় ও দেশের অত্যন্ত হিতকারী ছিলেন, আর এমত দরিদ্র হইয়া মরেন যে দেশীয় লোকের ব্যয়ে তাঁহার কবর হয়। স্ত্রীলোকেরা তাঁহার জন্য ব্রুতসের ন্যায় এক বৎসর শোক করিল।

রাজশাসন লোপ হইবার পর নবম বৎসরে টারকুইনের জামাতা শ্বশুরের অনিষ্ট হেতু লোকদিগকে শাস্তি দিবার জন্য মহা সৈন্য একত্র করিয়া রোমীয়দের বিরুদ্ধে যুদ্ধ করিল, তাহাতে রোম নগরে এক নূতন পদ স্থাপিত হইল, তাহার নাম দিক্তেতরত্ব, এবং তাহা কন্সলত্ব হইতেও প্রধান। সেই বৎসরেই অশ্বারূঢের অধ্যক্ষ বলিয়া অন্য এক পদ স্থাপন হইল, সে অধ্যক্ষ দিক্তেতরের আজ্ঞাবহ সহকারী ছিল, লারশস প্রথম দিক্তেতর ও স্পুরিয়স কেশ্যস প্রথম অশ্বারূঢের অধ্যক্ষ।

রাজশাসন লোপের পর ষোড়শ বৎসরে রোম দেশের সাধারণ লোকেরা সেনেটর ও কন্সলদিগ কর্ত্তৃক যন্ত্রণা পাইতেছে এই ছলে উৎপাত ও দাঙ্গা করিল, এবং সকলে একত্র হইয়া মন্স সেসর নামক পর্ব্বতে পলায়ন করিল, কিন্তু শেষে বহুকষ্টে তাহারা শান্ত হইল, তথাপি সেনেটর এবং কন্সলদিগ হইতে যেন আর দুঃখ না পায় এই জন্য তাহাদের আপনাদের দল হইতে কএক জন বিচারকর্ত্তা ও রক্ষক নিযুক্ত করি-

judges and defenders from among their own body, who might protect them against the Senate and Consuls. Those officers were called the *Tribunes of the People.*

In the year following, the Volsci renewed the war against the Romans, but instead of meeting with any success were, on the contrary, defeated in battle, and lost Corioli, the very best city in their possession.

In the eighteenth year after the expulsion of the royal family, Quintius Marcius, a general of the Romans, who had taken Corioli from the Volsci, and was therefore surnamed Coriolanus, incurred the hatred of the people. They were so incensed against him that they decreed his banishment almost with one mind. Upon this he went over to the enemy in his rage, bidding farewell to his family, and resolved to aid the Volscians for the destruction of Rome. The Volscians received him with great alacrity, and engaged in war under his command. He came within five miles of the city and contemplated its reduction. He rejected the solicitations of the deputies whom the Senate had sent to pacify his anger and excite his pity for his own country. At length his mother, Veturia, and his wife, Volumnia, came in company with several other females, with his infant child, and began to weep for the danger impending over their country. He was overcome by the tears of his aged mother and his affectionate wife. He drew off the enemy from the vicinity of Rome and thus saved his country; but as for himself he was assassinated by the Volsci. He was the

বার শক্তি প্রাপ্ত না হইয়া ফিরিয়া আসিল না। এই বিচার-কর্ত্তারা লোকদের ত্রিবুন নামে বিখ্যাত হইল।

পর বৎসরে বলসিয়েরা রোমানদিগের বিপক্ষে পুনর্ব্বার সংগ্রাম আরম্ভ করিল, কিন্তু রোমীয় পরাক্রমকে খর্ব্ব করিতে না পারিয়া বরং পরাস্ত হওত কোরিওলি নামক আপনাদের অত্যুত্তম ও সর্ব্বশ্রেষ্ঠ পুরী হারাইল।

রাজশাসন লোপের পর অষ্টাদশ বৎসরে কুইন্টস্ মার-শস নামক এক মহাবীর যিনি উক্ত কোরিওলি পুরী বলসিয় দিগ হইতে হরণ করিয়াছিলেন ও এইজন্য যিনি কোরিওলেনস উপাধি পাইয়াছিলেন, তিনি রোমীয় লোকদের মধ্যে অতি অপ্রিয় হইয়া উঠিলেন। তাহারা তাঁহার উপর এমত ক্রুদ্ধ হইল যে প্রায় একান্তঃকরণ হইয়া তাঁহাকে দেশ হইতে বহিষ্কৃত করিতে আজ্ঞা দিল, অতএব তিনি অত্যন্ত কোপান্বিত হইয়া নিজ পরিবারের নিকট বিদায় লইয়া স্বদেশীয় শত্রুদের সমীপে গমন করিলেন এবং বলসিয়দিগকে রোম নগর সংহা-রার্থ সাহায্য দিতে প্রতিজ্ঞা করিলেন। তাহারা আহ্লাদ পূর্ব্বক তাঁহাকে গ্রহণ করিল এবং আপনাদের অধ্যক্ষ করিয়া রণে প্রবৃত্ত হইল, এইরূপে রোম নগরের আড়াই ক্রোশ পর্য্যন্ত আসিয়া স্বদেশ নাশ করিতে উদ্যত হইলেন, সেনেটরেরা তাঁহার ক্রোধ শান্তিজন্য ও স্বদেশের প্রতি তাঁহার দয়াদৃষ্টি করণার্থে যে দূত প্রেরণ করিয়াছিল তাহাদের কথা অগ্রাহ্য করিলেন। পরে তাঁহার মাতা বিতুরিয়া ও স্ত্রী বলম্নিয়া অন্যান্য কএক নারীগণের সহিত তাঁহার শিশুপুত্রকে লইয়া তাঁহার নিকট গমন করত স্বদেশীয় বিপদের নিমিত্তে রোদন করিতে লাগিল, বৃদ্ধাজননীর ও সাধ্বী স্ত্রীর অশ্রুপাত তিনি সহ্য করিতে পারিলেন না, অতএব রোম নগরের নিকট হইতে শত্রুকে দূরে লইয়া গেলেন, তাহাতে তাঁহার দেশীয় লোকেরা রক্ষা পাইল, কিন্তু তিনি আপনি বলসিয়দের হস্তে নষ্ট

first person after Tarquin who declared war against his own country.

When Cæso Fabius and Titus Virginius were Consuls, three hundred noblemen of the Fabian family, undertook alone the war against the Vejentes, and engaged to manage the whole dispute by their own unassisted hands. But these great men, capable each of commanding a whole army, fell lamentable victims, without exception, to the enemy's sword. One solitary member of the family alone survived this destruction, who could not be taken to the war by reason of his tender age. A Census was ordered at this time which exhibited one hundred and nineteen thousand heads of principal men.

In the following year the Roman army was besieged in Mount Algidum, about twelve miles from the city, by the Æqui and the Volsci. Lucius Quintus Cincinnatus was thereupon made Dictator. He had a piece of land about four *jugera* and tilled it with his own hands. He was working in his field, his body all sweaty, when he received intelligence of his elevation to that dignity. He wiped off his sweat, assumed the Dictatorial habit, the *toga pretexta*, and cutting off the enemy, delivered the army.

B. C. 450. In the year 301, from the building of the city, the Consular government ceased, and instead of two Consuls, ten officers were appointed invested with supreme power, under the title of the Decemviri. This change in the constitution was caused by the in-

হইলেন, ইনি টারকুইনের পর স্বদেশের বিরুদ্ধে যুদ্ধে প্রথম প্রবৃত্ত হইয়াছিলেন।

সিসো ফেবিয়স ও তাইতস বরজিনিয়স কন্সল হইলে তিনশত ফেবিয় গোষ্ঠীর মহৎ কুলীন বিয়া নগরের প্রতিকূলে আপনারা একাকী যুদ্ধ করিতে প্রবৃত্ত হইল, আর নিজ হস্তে সমস্ত যুদ্ধ শেষ করিতে প্রতিজ্ঞা করিল, অতএব এই প্রধান লোকেরা প্রত্যেকে এক২ মহাসৈন্যের অধ্যক্ষ হইতে সক্ষম হইলেও সকলেই এইরূপ যুদ্ধেতে প্রাণ হারাইল, এই মহৎ গোষ্ঠীর কেবল একজন পুরুষ অবশিষ্ট রহিল, তাহাকে বাল্যাবস্থাপ্রযুক্ত যুদ্ধে লইয়া যাইতে পারে নাই। পরে নগরের মধ্যে লোক সংখ্যা হইলে প্রকাশ হইল যে এক লক্ষ ঊনবিংশতি সহস্র প্রধান লোক আছে।

পর বৎসরে বলসিয় ও ইকিয় নামক জাতিরা রোমীয় সৈন্যের সহিত যুদ্ধ করিতে উদ্যত হইয়া নগর হইতে ছয়ক্রোশ দূরে অল্গিদ পর্ব্বতে তাহাদিগকে বেষ্টন করিল,তাহাতে লুসিয়স কূইণ্টস সিনসিনেটস্ নামক এক ব্যক্তি দিক্তেতর পদে নিযুক্ত হইলেন, এ ব্যক্তির চারি বিঘা ভূমি থাকাতে স্বহস্তে কৃষিকর্ম্ম করিতেন। শ্রমে ঘর্ম্মার্দ্রকলেবর হইয়া কৃষি কার্য্যে রত আছেন এমত সময়ে ঐ উক্ত মহাপদ গ্রহণের ভার তাঁহার উপর আইল, তাহাতে ঘর্ম্ম মুচিয়া তোগা প্রিতেক্স্তা নামক দিক্তেতরীয় বস্ত্র পরিধান করিলেন ও রণস্থলে গিয়া শত্রু বিনাশ করিয়া স্বদেশীয় সৈন্য রক্ষা করিলেন।

(খ্রী. পূ. ৪৫০) নগর নির্ম্মাণ হইবার পর তিন শত এক বৎসরে কন্সল দ্বারা শাসনের রীতি লোপ হইল আর দুইজন কন্সলের পরিবর্ত্তে দশজন অধ্যক্ষ নিযুক্ত হইল ইঁহারা সর্ব্বাধিপত্য পাইয়া দিশেম্বির নামে খ্যাত হইলেন, রাজ্য শাসন পুনর্ব্বার রূপান্তর হইবার কারণ এই যে গ্রীকদেশীয় এথেন্স নগর

troduction into the city, of the Greek laws from Athens. The Decemviri were appointed to make a digest of those laws, which gave rise to the laws of the *Twelve Tables* and subsequently proved the basis of European Jurisprudence.

The Decemviri governed with equity in the first year of their administration. In the second year, however, one of them, named Appius Claudius, committed an act of gross atrocity. There was a soldier of great valour named Virginius in the army at Mount Algidum. He had left a young daughter at home in the city. Appius felt an impure desire to get possession of her person; and, because as a patrician he could not gratify his wishes by lawful marriage, laboured hard to debauch the helpless virgin by nefarious means. Whereupon her father hastened to Rome, and finding that she was in danger of falling into the hands of the licentious Decemvir, stabbed her suddenly with a knife, thinking that death was preferable to such violation of her chastity. He then returned to the army, and there raised a mutiny by expatiating on the wickedness of the Decemvir. The Decemviri were accordingly deprived of their authority and condemned.

In the 315th year from the building of city, the Fidenatians made war upon the Romans. The Vejentians, under the command of Tolumnius their king, gave them assistance. Both these nations were so near the city that one was only seven miles, the other eighteen miles off. The Volscians likewise joined them.

হইতে ব্যবস্থা আনীত হয়, সেই ব্যবস্থা সংগ্রহ করণার্থ দিশেম্-বিরি নামে দশজন প্রধান ব্যক্তি নিযুক্ত করা যায়, ঐ ব্যবস্থা হইলে পরে দ্বাদশ তক্তি নামে খ্যাত ব্যবস্থার সংগ্রহ হয় এবং তাহা অবশেষে ইউরোপীয় বিচার শাস্ত্রের মূল হইয়া উঠিল।

প্রথম বৎসরে ইহারা উত্তমরূপে রাজশাসন করিল, কিন্তু দ্বিতীয় বৎসরে আপিয়স ক্লদিয়স নামক একজন দিশেম্বির দারুণ অত্যাচার করিল। লাটিনদের বিরুদ্ধে অল্‌গিদপর্ব্বতে যে যুদ্ধ হইতেছিল তাহার মধ্যে বর্জিনিয়স নামক একজন সাহসী বীর ছিল। ইহার এক যুবতী কন্যা নগরের মধ্যে গৃহে থাকিত, সেই অবলা কুমারীকে উক্ত আপিয়স দিশেম্বির কামাতুর হইয়া গ্রহণ করিতে বাঞ্ছা করিল, কিন্তু পেতৃসিয়ান অর্থাৎ মহাকুলীন হইয়া তাহাকে বিবাহ করিতে পারিল না, অতএব ছলদ্বারা ভ্রষ্ট করিতে স্পৃহা ও যত্ন করিল, বর্জিনিয়স তাহা শুনিয়া শীঘ্র নগরে আসিয়া কন্যাকে লম্পট দিশেম্বিরের হস্তে পতিতা প্রায় দেখিয়া এবং সতীত্ব ভ্রংশ ও এইরূপ কৌমার হরণ অপেক্ষা মৃত্যু শ্রেয়ঃ এমত জ্ঞান করিয়া তাহাকে হঠাৎ অস্ত্রাঘাতে বিনাশ করিল। পরে রণস্থলে যাইয়া সমস্ত সৈন্যের নিকট দিশেম্বিরের দৌরাত্ম্য প্রচার করত তাহাদের মধ্যে এক উপপ্লব উঠাইল। তাহাতে দিশেম্বিরগণ পদচ্যুত ও বহিষ্কৃত হইল।

নগর নির্ম্মাণানন্তর তিনশতপঞ্চদশ বৎসরে ফিদিনীয়েরা রোমানদের প্রতিকূলে পুনারায় যুদ্ধ করিল। বিয়ান লোকেরা আপনাদের রাজা টলমনসের শাসনে তাহাদের সাহায্য করিল। এ উভয় জাতি রোমনগরের এমত নিকট যে এক জাতি সার্দ্ধ তিন ক্রোশ অন্য জাতি নয় ক্রোশ মাত্র দূর ছিল। বলসিয়েরাও ইহাদের সহিত মিলিল, কিন্তু মার্কস ইমিলিয়স তাহাদের দমন করিতে

But Marcus Æmilius being made Dictator, and Quintius Cincinnatus, Master of the Horse, against them, they were routed, and their King Tolumnius was slain. Fidenæ was taken and destroyed. The Vejentians renewed the war twenty years after, when Furius Camillus was sent Dictator against them, who overcame them in the field, and after beseiging their city for some time, at last captured it. The most ancient and the richest city in Italy was thus destroyed. He likewise took Falisci, a city no less noble.

For the conquest of the Falisci, Camillus was indebted to his probity no less than his arms. These people had brought from Greece the custom of committing all their children to the care of one man, who was charged with the duty of instructing them in all sorts of polite learning, and of seeing them perform such bodily exercises as were proper for their age. While the Roman army lay encamped without the walls, the school-master of the city decoyed the children of the principal citizens to the tent of Camillus and offered to deliver them up to him. The city, he said, was in fact delivered up to him when the children of the principal inhabitants were once put into his hands. Camillus, struck with horror at the treachery, ordered the youths to be furnished with rods, and the school-master to be whipped back into the city. This instance of Roman virtue made so deep an impression upon the Falisci

দিক্তেতর ও লুসিয়স কুইন্টস সিনসিনেটস অশ্বারূঢ়ের অধ্যক্ষ হইলে তাহারা পরাজিত হইল ও রাজাপর্য্যন্ত হারাইল। ফিদিনীয়দের নগর গৃহীত হইয়া নষ্ট হইল,। কিন্তু বিয়ানেরা বিংশতি বৎসর পরে পুনর্ব্বার সংগ্রাম করে, তাহাতে ফুরিয়স কমিলস দিক্তেতর হইয়া তাহাদের বিরুদ্ধে প্রেরিত হইলেন। ইনি তাহাদিগকে পরাস্ত করিয়া তাহাদের নগর কিঞ্চিৎকাল বেষ্টন করত সংহার করিলেন। এইরূপে ইতালির অতি প্রাচীন ও নানা ধন রত্নেতে পূর্ণা নগরী নষ্ট হইল তৎপরে কমিলস ফালিসিদের পুরীও লইলেন, ইহাও ঐরূপ অতি মহৎ ছিল।

ফালিসিদের সহিত যুদ্ধে কমিলস যেমত সৈন্যের প্রতাপ প্রযুক্ত জয়ী হইয়াছিলেন তদপেক্ষা তাঁহার আপন চরিত্রের গুণে অধিক কৃতার্থ হয়েন। ফালিসিরা গ্রীক দেশীয় নিয়মানুসারে দেশের সমস্ত বালককে একজন অধ্যাপকের হস্তে সমর্পণ করিত, তাঁহার শাসনে ইহারা সকলে নানাপ্রকার সৎশিক্ষা পাইত এবং আপন২ বয়ঃক্রমানুসারে শারীরিক কুশলের নিমিত্ত গ্রাম পর্য্যটনাদিও করিত—অতএব রোমান সৈন্য প্রাচীরের বাহিরে যুদ্ধার্থে রহিয়াছে এমত সময়ে ঐ নগরের অধ্যাপক প্রধান২ বসতিদের বালকদিগকে ভুলাইয়া একেবারে কমিলসের তাম্বুতে লইয়া গিয়া তাঁহার হস্তে সমর্পণ করিতে চাহিয়া কহিল দেখ এই বালকগণকে তোমার হস্তে দেওয়াতে নগর পর্য্যন্ত সমর্পিত হইল।—কমিলস এমত অবিশ্বাসির কথা শুনিয়া মহা বিরক্ত হইয়া বালকদের হস্তে এক২ কোড়া দিতে আজ্ঞা দিলেন, এবং ঐ অধ্যাপককে মারিতে২ নগরে লইয়া যাইতে কহিলেন। ফালিসিরা এমত সৌজন্য

that they immediately submitted. "We yield," said they, "to the power of virtue rather than to the force of arms."

But in spite of these services many charges were brought against the heroic Camillus. His enemies pretended that he had divided the plunder of the captured towns unfairly. He was condemned on these charges and banished.

About this time the Senone Gauls, pouring down into Italy under Brennus their commander, engaged in war against the Romans. They routed the Roman army and pursued them as far as the river Allia, eleven miles from Rome. They likewise gained possession of the city. Nothing could be saved from their hand, but the Capitol,—and to this also, they laid seige. The Romans thereupon began to suffer greatly from famine. But at this juncture Camillus, who was living an exile in a neighbouring city, made his appearance quite unexpectedly. He completely defeated the Gauls. He pursued them as they were retreating with the gold which had been given them for the ransom of the Capitol, and recovered the whole of the money they had received, as well as all the military standards and arms which they had seized. He then entered the city in triumph for the third time,—and was honoured as a second Romulus—as another founder of the city.

দেখিয়া আপনারাই রোমানদের শরণাগত হইয়া কহিল "আমরা অস্ত্র শস্ত্রের বলেতে পরাভূত না হইয়া বরং ধর্ম্মের বলদ্বারা অধীন হইতেছি"।

কিন্তু দেশের এমত উপকার করিলেও মহাবীর কমিলসের প্রতিকূলে অনেক অপবাদ উঠিতে লাগিল। তাঁহার বিপক্ষেরা কহিল যে তিনি সংহৃত নগরের লুঠ যথার্থরূপে বণ্টন করেন নাই, অতএব তাঁহাকে এই অপবাদে দোষী করিলে তিনি দেশত্যাগী হইলেন।

সেই সময় সিননগালীয় লোকেরা ব্রেনস নামক অধ্যক্ষের শাসনে ইতালি প্রবেশ করিয়া রোমানদের বিরুদ্ধে যুদ্ধ করিতে উপস্থিত হইল, এবং রোমান সৈন্যকে পরাজয় করিয়া নগরের সাড়ে পাঁচ ক্রোশ দূরে আলিয়া নদী পর্য্যন্ত পশ্চাৎ ধাবমান হইয়া পরে রোমও অধিকার করিল, রোমানেরা নগরের মধ্যে কাপিটল বিনা আর কিছু তাহাদের হস্ত হইতে রক্ষা করিতে পারিল না। অনন্তর এ দুর্গও তাহারা বেষ্টন করিল, ও রোমানেরা খাদ্য দ্রব্যাভাবে দুর্ভিক্ষে পতিত হইয়া অত্যন্ত ক্লেশ পাইতে লাগিল, এমত সময়ে কমিলস যিনি দেশত্যাগী হইয়া এক নিকটস্থ নগরে ছিলেন তিনি গালীয় লোকদের বিরুদ্ধে দেশ রক্ষার্থে হঠাৎ উপস্থিত হইয়া তাহাদিগকে পরাস্ত করিলেন। কাপিটল বেষ্টন করিবেক না এই পণে তাহারা যেধন প্রাপ্ত হয় তাহা লইয়া পলাইতেছিল, কিন্তু কমিলস পশ্চাৎ ধাবমান হইয়া তাহাদিগের উপর এমত ভয়ঙ্কররূপে আক্রমণ করিলেন যে রজত কাঞ্চন যাহা পাইয়াছিল ও অন্যান্য যুদ্ধের চিহ্ন এবং অস্ত্র শস্ত্র যাহা লুঠ করিয়াছিল সকল হারাইলেক, এইরূপ তৃতীয়বার জয়ধ্বনির সহিত তিনি নগরে প্রবেশ করিলেন ও দ্বিতীয় রমুলস ও দেশ নির্ম্মাণ কর্ত্তা বলিয়া লোকের নিকট প্রতিষ্ঠা পাইলেন।

CHAP. II.

In the year 365 from the building of the city, but the first after its invasion by the Gauls, the government was again altered; and instead of two Consuls, several military Tribunes, with consular power, were appointed by the people. From this time the Roman state began to grow and prosper; for in that year Camillus reduced the kingdom of the Volsci, who had carried on war with the Romans for seventy years. The same great warrior likewise took the cities of the Æqui and the Sutrini. He cut off their armies and brought them under subjection to the Romans. He had three triumphs on account of these exploits.

Titus Quintius Cincinnatus too marched against the Prænestians, who had advanced in a hostile manner to the gates of Rome,—pursuing them as far as the river Allia and there obtaining a decided victory over them; annexing the cities which were under them to the Roman territories, and taking Præneste itself after a furious attack. He performed all these exploits in the course of twenty days,—a triumph was accordingly decreed to him.

The office of Military Tribunes did not continue long. After some time it was thought fit that no more should be appointed, and for four years there were none of the greater magistrates in the city. Military Tribunes were again appointed, but after three years the consular government was restored.

২ অধ্যায়।

নগর নির্ম্মাণ হওনানন্তর তিনশত পঁয়ষষ্টি বৎসরে এবং গালীয়দের কর্ত্তৃক আক্রান্ত হইবার পর প্রথম বৎসরে রাজকীয় পদের পরিবর্ত্ত হইল, দুইজন কন্সল নিযুক্ত না করিয়া লোকেরা উহাদের সদৃশ শক্তি বিশিষ্ট সৈন্যের ট্রিবুন নামক কএক জন অধ্যক্ষ স্থাপন করিল। এই অবধি রোমীয় রাজ্য বৃদ্ধি পাইতে লাগিল কেননা কমিলস সেই বৎসরে বলসিয়দের নগর জয় করিলেন, ইহারা সপ্ততি বৎসর পর্য্যন্ত রোমানদের সহিত যুদ্ধ করিয়াছিল, আর ঐ মহাবীর ইকুইদের এবং সুত্রিনদেরও পুরী সংহার করিলেন এবং উহাদের সমস্ত সৈন্য নষ্ট করিয়া উক্ত নগর সমূহ রোমানদের অধিকারে আনিলেন, এবং তিনবার জয়ধ্বনিতে স্বদেশে প্রবেশ করিলেন।

এই সময়ে প্রিনেষ্টিরা যুদ্ধ করত রোম নগরের দ্বার পর্য্যন্ত আসিয়াছিল, তাইতস কুইন্টস সিনসিনেটস তাহাদিগকে আলিয়া নদী পর্য্যন্ত তাড়না করিয়া তাহাদের পরাজিত দেশ রোমরাজ্যে মিশ্রিত করিলেন এবং প্রিনেষ্টি পুরীও আক্রমণ করিয়া অধীনা ও করদায়িনী করিলেন, এসমস্ত ব্যাপার বিংশতি দিনের মধ্যে তাঁহা কর্ত্তৃক নিষ্পাদিত হয় এবং তাহার জন্য এক জয় যাত্রার বিধি হইল।

সৈন্যের ট্রিবুনদের পদ অনেক কাল রহিল না কেননা কিছু দিনের পর লোকেরা আর কাহাকেও এপদে নিযুক্ত করিল না, এবং চারি বৎসর এমত প্রকারে গত হইল যে নগরে কোন মহৎপদ থাকিলনা, অনন্তর সৈন্যের ট্রিবুন পুনশ্চ নিযুক্ত হইয়া তিন বৎসর পর্য্যন্ত রহিল, পরে পূর্ব্ববৎ কন্সল আরবার নিযুক্ত হইল।

During the Consulship of Lucius Genucius and Quintius Servilius died Camillus. The second honors after Romulus were paid to him.

Titus Quintius was now sent Dictator against the Gauls who had come into Italy. They encamped four miles from the city beyond the river Anien. In this war a Gaul had challenged any Roman warrior that would come forward to a single combat. This challenge was answered by one of the noblest of the Romans, Titus Manlius, who came forward and slew the Gaul in a duel. He took a golden chain from his fallen antagonist and put it upon his own neck; whereupon he received for himself and his posterity the surname of Torquatus.* The Gauls were routed, and presently after conquered by the Dictator Caius Marcius; and seven thousand prisoners were led in triumph.

The Census or survey of the people was again taken. The Latins who had been subdued by the Romans refused to furnish their quota of soldiers. Recruits were therefore levied from the Romans alone, and ten legions were completed,—numbering sixty thousand men or more. Small as the Roman state yet was, it could still muster such a large military force. This whole force marched under Lucius Furius Camillus against the Gauls. One of the Gauls came forward and challenged the very best of the Roman soldiers to

---

* Torquatus, a Latin word signifying one wearing a chain or collar.

লুসিয়স জেনুসিয়স ও কুইন্টস সর্ব্বিলিয়স কন্সল হইলে কমিলস প্রাণত্যাগ করিলেন। দ্বিতীয় রমুলসের ন্যায় লোকেরা তাঁহার সম্ভ্রম করে।

গালীয়েরা ইতালি পর্য্যন্ত আগমন করিলে তাইতস কুইন্টস দিক্তেতর পদ পাইয়া তাহাদের বিরুদ্ধে প্রেরিত হইলেন। ইহারা নগরের দুই ক্রোশ দূরে অনিয়ন নদীর অপর পার অবধি আসিয়া অবস্থিতি করিয়াছিল। এই যুদ্ধের সময়ে একজন গালীয় স্পর্দ্ধা করত কহিয়াছিল যে যদি রোমানদের মধ্যে কোন বীর থাকে তবে আসিয়া আমার সহিত একাকী যুদ্ধ করুক, একথা শুনিয়া মহা কুলোদ্ভব তাইতস মানলিয়স অগ্রসর হইয়া তাহাকে একাকী যুদ্ধ দিয়া বধ করিলেন ও তাহার সুবর্ণ হার হরণ করিয়া আপন গলদেশে পরিলেন, তাহাতে উহাঁর ও উহাঁর বংশের তর্কোএতস * উপাধি হইল, আর গালীয়েরা বিশৃঙ্খল ভাবে পলায়ন করিল ও পরে কাইয়স সলপিসিয়স দিক্তেতর দ্বারা পরাস্ত হইল। অল্পকাল বিলম্বে টস্কানেরা কাইয়স মারসিয়স কর্ত্তৃক পরাভূত হইল এবং যুদ্ধে ধৃতদের মধ্যে সপ্ত সহস্র লোক জয় যাত্রাতে নীত হইল।

পুনর্ব্বার লোক সংখ্যা হইল। লাটিনেরা রোমানদের অধীন হইবাতে সৈন্য প্রস্তুত করণার্থে লোক দিতে অসম্মত হইল তাহাতে কেবল রোমান জাতি হইতে যুবা লোক মনোনীত করিয়া দশ দল সৈন্য স্থাপন করা গেল, ইহার মধ্যে ষষ্টি সহস্র, বরং অধিকও, যোদ্ধা ছিল, রোম রাজ্য এক্ষণে ক্ষুদ্র হইলেও এমত বহু সংখ্যক সৈন্য প্রস্তুত করিতে পারিত এই সমস্ত সৈন্য লুসিয়স ফুরিয়স কমিলসের অধ্যক্ষতাতে গালীয়দের বিরুদ্ধে যাত্রা করিল। তখন গালীয়দের মধ্যে এক জন আসিয়া আপনার সহিত একাকী যুদ্ধ করিতে রোমানদের মধ্যে অতিশ্রেষ্ঠ ব্যক্তিকে আহ্বান করিল, তাহাতে এক জন

* তর্কোএতস এক লটিন কথা—ইহার অর্থ গলায় হার।

a duel. Marcus Valerius, one of the Tribunes of the soldiers, came out to meet him. As he was marching out armed, a crow perched upon his right arm. When the engagement commenced, the same crow struck the eyes of the Gaul so forcibly with his wings and claws, that he could not see before him. Valerius thereupon conquered and slew him, and received the name of Corvinus,* owing to this strange act of the crow. His heroism procured for him the Consulship, though he was now only twenty-three years old.

The Latins had before refused to furnish recruits for the army. They now began to demand that of the two Consuls, one should be chosen from their own body, the other from the Romans. Their demand not being complied with, a war was kindled. The Latins were overthrown in battle, and a triumph was decreed to the generals for this conquest. Statues were erected in the Rostra to the Consuls for their good service in this war.

The Romans now began to grow powerful. A war was carried on with the Samnites at almost a hundred and thirty miles from the city. These people dwelt in the middle, betwixt Picene, Campania, and Apulia. Lucius Papirius Cursor was sent Dictator in this war. He returned to the city desiring Quintius Fabius Maximus, the Master of the Horse, whom he left with the army, not to engage in battle in his absence. But

* Corvus in Latin signifies a crow.

সৈন্যের ট্রিবুন মার্কস বেলিরিয়স যুদ্ধ দিতে অগ্রসর হই-লেন। রণসজ্জাতে বাহির হইবার সময় একটা কাক আসিয়া তাঁহার দক্ষিণ হস্তের উপর বসিল, এবং গালীয়ের সহিত যুদ্ধারম্ভ হইলে ঐ কাক পক্ষ ও নখের দ্বারা গালীয়ের চক্ষে এমত আঘাত করিল যে গালীয় উত্তমরূপে দৃষ্টি করিতে পারিল না, তাহাতে বেলিরিয়স তাহাকে বধ করিয়া জয়ী হই-লেন, আর ঐ কাকের আশ্চর্য্য ব্যাপারের জন্য কর্ব্বিনস* উপাধি পাইলেন এবং এই বীরত্ব হেতু ত্রয়োবিংশতি বৎসর মাত্র বয়স্ক হইলেও কন্সল পদে অভিষিক্ত হইলেন।

পূর্ব্বে লাটিনেরা সৈন্য স্থাপন করণার্থে লোক দিতে সম্মত হয় নাই কিন্তু এক্ষণে আকাঙ্ক্ষা করিতে লাগিল যে দুই জন কন্সলের মধ্যে এক জন তাহাদের জাতি হইতে আর এক জন রোমান লোক হইতে মনোনীত হয়, এ কথা গ্রাহ্য না হও-য়াতে যুদ্ধ উপস্থিত হইল, তাহাতে লাটিনেরা পরাস্ত হইল, এবং তাহাদের দমন জন্য এক জয় যাত্রা স্থির হইল, আর এ যুদ্ধে কন্সলদের বীরত্ব প্রকাশ হওয়াতে তাহাদের প্রতিমূর্ত্তি মঞ্চের উপর স্থাপিত হইল।

এক্ষণে রোমীয় লোকেরা মহা পরাক্রান্ত হইতে লাগিল। নগরের প্রায় পঞ্চ ষষ্টি ক্রোশ দূরে সামনিতদের সহিত যুদ্ধ করিতে প্রবৃত্ত হইল, ইহারা পিসিন ও কাম্পেনিয়া ও আপুলিয়া দেশের মধ্যস্থলে বাস করিত। এ যুদ্ধে লুসিয়স পেপিরিয়স কর্সর দিক্তেতর হইয়া প্রেরিত হইলেন। ইনি নগরে পুনরা গমন করত অশ্বারূঢের অধ্যক্ষ কুইন্টস ফেবিয়স মাক্সিমসকে রণস্থলে ছাড়িয়া আসিয়াছিলেন এবং তাহাকে আজ্ঞা দিয়া-ছিলেন যেন তাঁহার অনুপস্থিতে যুদ্ধ না করে, কিন্তু এক উপ-যুক্ত অবকাশ পাওয়াতে কুইন্টস ফেবিয়স আপন বুদ্ধিতে

---

* কর্বস শব্দ লাটিন ভাষাতে কাককে বুঝায়।

finding a good opportunity, Quintius Fabius gave battle to the enemy of his own accord, and fought so successfully that he cut off the Samnites. The Dictator however, ordered him to be beheaded, because he had fought in spite of his prohibition and contrary to orders. But the soldiers and the people would not allow so great a hero and a conqueror to be punished. They raised such a mutiny on hearing the order for his execution, that the Dictator himself saved his life with great difficulty.

Afterwards, Titus Veturius and Spurius Posthumius being Consuls, the Samnites defeated the Romans with great disgrace, and obliged them to pass under the yoke. The Roman Consul made peace with them for fear of his life. When the Senators and the people received intelligence of this catastrophe, they repudiated the disgraceful peace. War being renewed, the Consul Lucius Papirius defeated the Samnites and made seven thousand of them pass under the yoke. About this time Appius Claudius, the Censor, completed the Claudian aqueduct and the Appian way.

War was commenced again with the Samnites. But the Roman general Quintius Fabius Maximus was routed with the loss of three thousand men. Afterwards, when his father became his lieutenant, he overthrew the Samnites and took many of their towns. Publius Cornelius Rufinus and Martius Curius Dentatus were then sent against the same people. They cut off the Samnites and plundered their substance. The

উত্তম যুদ্ধ করিয়া সামনিতদিগকে নষ্ট করিলেন, পরে শাসন কর্ত্তার নিবারণ অমান্য করিয়া আজ্ঞার বিরুদ্ধে যুদ্ধ করিয়াছিলেন এজন্য দিক্তেতর তাহার মস্তক ছেদন করিতে আজ্ঞা দিলেন, কিন্তু সেনাগণ ও অন্যান্য লোকে এতাদৃশ বীর ও জয়কারির দণ্ড করিতে দিল না, বরং ঐ মস্তক ছেদন আজ্ঞা শুনিয়া এমত কলহ করিল যে দিক্তেতর স্বয়ং অনেক কষ্টে আপন প্রাণ রক্ষা করিলেন।

অনন্তর তাইতস বিতুরিয়স ও স্পুরিয়স পস্থুমিয়স কন্সল হইলে সামনিতেরা রোমানদিগকে মহা অপমান পূর্ব্বক পরাজয় করিয়া যুগতলে গমন করাইল। রোমান কন্সল প্রাণভয়ে তাহাদের সহিত সন্ধি করিল, কিন্তু সেনেটর ও নগর বাসিরা এ অশুভ সংবাদ পাইয়া ঐ লজ্জাস্পদ সন্ধি অগ্রাহ্য করিল, তাহাতে পুনশ্চ যুদ্ধারম্ভ হওয়াতে লুসিয়স পেপিরিয়স কন্সল হইয়া সামনিতদিগকে পরাস্ত করিয়া সাত হাজার লোককে যুগতলে গমন করাইলেন। পরে পেপিরিয়স মহাবীর্য্য প্রকাশ করাতে জয়যাত্রা করিতে অনুমতি পাইলেন, এই সময়ে আপিয়স ক্লদিয়স সেন্সর হইয়া ক্লদিয়া নামক নালা ও আপিয়া নামক রাজমার্গ সমাপ্ত করিলেন।

পুনশ্চ সংগ্রাম উপস্থিত হইলে সামনিতেরা কুইন্টস ফেবিয়স মাক্সিমসকে তিন হাজার সেনা বধ পূর্ব্বক পরাজয় করিল। পরে তাঁহার পিতা তাঁহার সহকারী হইলে তিনি সামনিতদিগকে পরাজয় করিলেন ও তাহাদের অনেক নগর অধীন করিলেন, অনন্তর পব্লিয়স কর্ণিলিয়স রুফিনস ও মেন্লিয়স কুরিয়স দেন্তেতস কন্সল হইয়া যুদ্ধে প্রেরিত হইলে অনেক

war with the Samnites thus lasted nine and forty years; nor was there an enemy in Italy that gave greater exercise to the Roman valour.

Some years after, an army of the Gauls joined themselves with the Tuscans and the Samnites against the Romans, but as they were marching towards Rome, they were cut off by Cneus Cornelius Dolabella, the Consul.

About the same time the Romans resolved upon a war with the Tarentines, a people living on the borders of Italy. The reason of this war was the ill treatment which the Tarentines had offered to the Roman ambassadors. Afraid of trusting to their own resources against so powerful an enemy, the Tarentines sought assistance from Pyrrhus, king of Epirus, in Greece. This valiant and heroic prince yielded to their solicitations and came presently into Italy. This was the first occasion on which the Romans had to engage a transmarine enemy. The Consul Publius Valerius Laevinus was sent against him. Pyrrhus had despatched some emissaries to observe the Roman camp. Publius Valerius got information about them and seized them. He did not however offer any violence to their persons, but desired, on the contrary, that they might be led through the camp and allowed to inspect the whole army. He then dismissed them with the request that they would faithfully relate to Pyrrhus what they had seen. An engagement soon after took place and Pyrrhus was nearly routed and put to flight. At this juncture he produced his elephants.

দ্রব্য লুণ্ঠন করিয়া সামনিতদিগকে নষ্ট করিলেন, এ রূপে সামনিতদের সহিত নব চত্বারিংশৎ বৎসর পর্য্যন্ত যুদ্ধ হইল। ইতালির মধ্যে অন্য কোন জাতি রোমান বীরদিগকে ইহাদের অপেক্ষা অধিক ক্লেশ দেয় নাই।

কএক বৎসর গত হইলে গালীয় সৈন্য টস্কান ও সামনিতদের সহিত মিলিত হইয়া রোমানদের বিরুদ্ধে যুদ্ধ করিতে প্রবৃত্ত হইল কিন্তু রোম নগরে আগমনকালে নিয়স কর্ণিলিয়স দোলেবেলা নামক কন্সল দ্বারা নষ্ট হইল।

সেইকালে রোমানেরা তরেন্তম নামক ইতালির প্রান্ত ভাগস্থ নগরের উপর যুদ্ধ করিতে প্রতিজ্ঞা করিল, তাহার কারণ এই যে তরেন্তিনেরা রোমান দূতদের বিরুদ্ধে অত্যাচার করিয়াছিল। তরেন্তিনেরা এরূপ পরাক্রান্ত শত্রুর বলে ভীত হইয়া গ্রীশ নামক প্রসিদ্ধ স্থানের অন্তর্গত এপিরস দেশের রাজা পিরসের সাহায্য যাচ্ঞা করিল। পিরস রাজা অতি বলবান ও মহাবীর ছিলেন, ইনি তরেন্তিনদের নিবেদন গ্রাহ্য করিয়া শীঘ্র ইতালির মধ্যে আইলেন, তখন রোমানেরা সমুদ্র পারস্থ শত্রুর সহিত যুদ্ধ করিতে প্রথম আরম্ভ করিয়া এপিরসরাজ পিরসের বিরুদ্ধে কন্সল পব্লিয়স বেলিরিয়স লিবিনিয়সকে যুদ্ধ করিতে পাঠাইল। পিরস কএক চরকে গোপনে পাঠাইয়াছিলেন যেন তাহারা গিয়া রোমানদের শিবিরে কি হইতেছে তাহার সন্ধান লয়, পব্লিয়স বেলিরিয়স জানিতে পারিয়া ঐ চরদিগকে ধরিলেন, কিন্তু তাহাদিগকে কোন আঘাত না করিয়া সমস্ত শিবির ও সৈন্য দেখাইতে আজ্ঞা দিলেন, পরে যাহা২ দেখিল তাহা পিরসের নিকট যথার্থবাদি হইয়া সংবাদ দিতে আজ্ঞা দিয়া ছাড়িয়াদিলেন। অনন্তর যুদ্ধারম্ভ হইলে রোমানেরা পিরসকে পরাস্ত ও পলাতক প্রায় করিবার সময় পিরস আপন হস্তিগণকে উপস্থিত করিলেন, রোমানেরা হস্তী কখন দেখেনাই সুতরাং তাহাদের প্রকাণ্ড অবয়ব দর্শন করত অত্যন্ত ত্রাসযুক্ত হইয়া যুদ্ধে পরাস্ত হইল, ফলত

The Romans were terrified at these huge animals, which were quite new to them, and so lost the battle. Night falling, the engagement was put a stop to;—but Laevinus retreated without waiting for day-break. Eighteen hundred Romans were taken by Pyrrhus, who treated them with every mark of respect and ordered their dead to be honourably buried. When, as he was inspecting the field, he saw that the Romans who had fallen had received all their wounds in front and none behind, and that even in death their looks were stern and fearful, he is said to have looked up to Heaven and cried, "Oh with what ease could I conquer the whole world if I had such valiant warriors in my army!"

Pyrrhus was now joined with the Samnites, the Lucanians and the Brutians, and marched towards Rome; ravaging with fire and sword whatever fell in his way. Campania was depopulated;—and he advanced as far as Præneste,—only eighteen miles from the city. He retired to Campania for fear of the army which was advancing under the command of the Consuls. There the Romans sent him ambassadors to treat for the redemption of the captives. He received them with honor and returned all the prisoners without any ransom. He was so much pleased with one of the Roman ambassadors, named Fabricius, that, when he understood he was poor, he promised him a fourth part of his kingdom* in case he would come over to him and enter his service. But Fabricius

রাত্রি হওয়াতে অন্ধকারে আর যুদ্ধ হইতে পারে নাই তথাপি লিবিনিয়স রাত্রিতেই পলায়ন করিলেন, তাহাতে পিরস এক সহস্র অষ্ট শত রোমানদিগকে ধরিলেন কিন্তু তাহাদিগকে অপমান না করিয়া বরং সম্ভ্রম পূর্ব্বক গ্রহণ করিলেন, যাহারা যুদ্ধে মরিয়াছিল তাহাদিগকে উপযুক্তরূপে কবর দিতে আজ্ঞা দিলেন, আর॰ কথিত আছে যে রণস্থলে যখন দেখিলেন যে মৃত রোমানেরা সকলেই সম্মুখে আঘাত পাইয়া প্রাণত্যাগ করিয়াছে পৃষ্ঠদিকে কেহ আঘাত পায় নাই সুতরাং কেহ পলাইতে চেষ্টা করে নাই আর মরণ অবস্থাতেও তাহাদের ভ্রূকুটি ও ভয়ঙ্কর বদন ছিল, যখন পিরস এই সকল দেখিলেন তখন স্বর্গদিকে হাত তুলিয়া কহিলেন যে যদি আমার সৈন্যে এমত সাহসী বীর সমূহ থাকিত তবে আমি কেমন সহজে সমস্ত পৃথিবী জয় করিতে পারিতাম।

অপর পিরস সামনিত ও লুকেনিয়ান ও ব্রুতিয়ানদের সহিত একত্র মিলিয়া রোম নগরে প্রস্থান করিলেন। পথিমধ্যে যাহা পাইলেন সকলই খড়্গ ও অগ্নিদ্বারা নষ্ট করিলেন। কাম্পেনিয়া নির্মনুষ্য করিলেন এবং নগরের নয় ক্রোশ দূরে প্রিনেষ্টি পর্য্যন্ত আইলেন, অনন্তর কন্সলদের অধ্যক্ষতায় তাঁহার বিপক্ষে ধাবমান সৈন্যের ভয়ে কাম্পেনিয়াতে অবস্থান করিলেন। সেখানে যুদ্ধে ধৃতদের উদ্ধারের নিমিত্তে রোমানেরা তাঁহার নিকটে দূত প্রেরণ করিলেন। দূতদিগকে তিনি যথোচিত সম্মান পূর্ব্বক অভিবাদন করিয়া যুদ্ধে ধৃতদিগকে বিনা বেতনে ছাড়িয়া দিলেন, দূতগণের মধ্যে একজনের নাম ফেব্রিসিয়স ছিল, তাহাকে দেখিয়া পিরস রাজা এমত সন্তুষ্ট হইলেন যে তাহার দারিদ্র্য অবগত হইয়া কহিলেন যদি তুমি আমার পক্ষে আইস ও আমার দলস্থ হও তবে আমি তোমাকে রাজ্যের চতুর্থাংশ দান করিব, কিন্তু ফেব্রিসিয়স

rejected this solicitation. Pyrrhus was so struck with the magnanimity of the Romans, that he sent one of his principal men, Cineas by name, to negociate a peace with the Romans, on the condition of his retaining the places he had already occupied in Italy, and abstaining from any fresh inroads.

This offer of peace did not meet with the approbation of the Romans, who declared that they could have no peace with him so long as he continued in Italy. The Romans ordered all the prisoners returned by Pyrrhus to be held in infamy, because while they might have defended themselves with their arms, they had still allowed themselves to be seized. It was likewise ordained that they should not be restored to their former station in society before they had brought out of the field the spoils of distinguished enemies slain by themselves. The ambassador of Pyrrhus returned and communicated these tidings. When Pyrrhus asked him what sort of a place he had found Rome to be, he answered, *a country of Kings;* that is every one was in Rome, what Pyrrhus alone was considered to be in Epirus and the rest of Greece.

The Consuls Publius Sulpicius and Decius Mus were sent against Pyrrhus. A battle was then fought. Pyrrhus was wounded,—his elephants were killed, and twenty thousand of his men lay dead on the field; while the Romans lost only five thousand. Pyrrhus was then driven back to Tarentum.

A year after, Fabricius was sent against Pyrrhus.

একথা অগ্রাহ্য করিলেন, অতএব পিরস এইরূপে রোমানদের মহত্ত্ব দেখিয়া চমৎকৃত হইয়া সিনিয়স নামে তাঁহার এক প্রধান লোককে দূত করত রোম নগরে এই পণে সন্ধি যাচ্ঞা করিতে পাঠাইলেন, যে রাজা ইতালির যে২ অংশ রণদ্বারা অধিকার করিয়াছিলেন তাহা ভোগ করিবেন কিন্তু আর নূতন যুদ্ধ করিবেন না।

এমত কথাতে রোমানেরা অসম্মত হইল, আর তাঁহাকে কহিল যে যদবধি তুমি ইতালি হইতে বহির্গত না হইবা তদবধি যুদ্ধের নিবৃত্তি হইবে না। পরে যে২ ধৃত লোকদিগকে পিরস ছাড়িয়া দিয়াছিলেন তাহারা অস্ত্রদ্বারা আপনাদিগকে রক্ষা করিবার ক্ষমতা সত্ত্বেও শত্রু হস্তে পড়িয়াছিল এজন্য রোমানেরা তাহাদিগকে অপদস্থ করিতে আজ্ঞা দিল, আর যে পর্য্যন্ত আপনাদের স্বহস্তে হত এমত প্রশস্ত শত্রুদিগের অস্ত্রাদি লুণ্ঠন পূর্ব্বক না আনে তদবধি আপনাদের পূর্ব্ববৎ পদ প্রাপ্ত হইবে না এমত নিয়ম করিল। এই রূপে পিরসের দূত বিদায় হইয়া রাজাকে সকল বৃত্তান্ত জ্ঞাপন করিল, যখন পিরস জিজ্ঞাসিলেন রোম নগরী কেমন দেখিলা? দূত উত্তর দিল "রাজাদের পুরীর ন্যায়," অর্থাৎ এপিরস ও অন্যান্য গ্রীক দেশে যাদৃশ পিরস একজন মাত্র ছিলেন রোম নগরে সকল ব্যক্তিই তাদৃশ।

পরে পিরসের সহিত যুদ্ধ করণার্থে শবিয়স সল্পিসিয়স ও দিসিয়স মুস কন্সল ও অধ্যক্ষ হইয়া প্রেরিত হইলেন, সংগ্রাম আরম্ভ হইলে পিরস শরীরে অস্ত্রাঘাত পাইলেন, তাঁহার হস্তী বধ হইল ও বিংশতি সহস্র সেনা নষ্ট হইল, কিন্তু রোমানদের কেবল পঞ্চ সহস্র লোক প্রাণ হারাইল। এমত হইলে পিরস তরেন্তুমে পলাইতে বাধ্য হইলেন।

অনন্তর এক বৎসর গত হইলে ফেব্রিসিয়স পিরসের প্রতি-

This was the same person whom he had failed to gain over even by the promise of a fourth of his kingdom. While Pyrrhus and Fabricius lay encamped near one another, the physician of the former came to the latter by night and promised to take off his own master by poison, if a suitable reward were given him. Fabricius was highly incensed at such a treacherous proposal, and ordered him to be bound and sent back to Pyrrhus, and his perfidious offer to destroy his own master to be disclosed. Pyrrhus was struck with admiration at such honourable conduct in an enemy, and cried out, "This Fabricius is a MAN—whom it is more difficult to turn from the path of honor than the sun from his course." Pyrrhus then retired to Sicily; and Fabricius returned in triumph, after conquering the Samnites and the Lucanians.

The Consuls Manlius Curius Dentatus and Cornelius Lentulus were now sent against Pyrrhus. Curius gave him battle, cut off his army, forced him back to Tarentum and plundered his whole camp. Twenty-three thousand of the enemy were slain. Curius Dentatus returned in triumph after this victory, and brought four elephants for the first time into Rome. Pyrrhus returned to his own country and died by an accident while fighting at Argos in Greece.

Four hundred and sixty-one years after the building of the city, when Caius Fabricius Luscinus and Caius Claudius Cinna were Consuls, ambassadors arrived at Rome from Alexandria, sent by Ptolemy, king of Egypt. They solicited and obtained the alliance of the Romans.

কূলে যুদ্ধ করিতে প্রেরিত হইলেন, ইঁহাকে পূর্ব্বে রাজ্যের চতুর্থাংশের লোভ দিয়াও পিরস আপন দলস্থ করিতে পারেন নাই। পরে পিরস ও ফেব্রিসিয়স পরস্পর নিকটে শিবির বিস্তার করিয়া রহিয়াছেন এমত সময়ে পিরসের চিকিৎসক ফেব্রিসিয়সের সমীপে রাত্রিযোগে আসিয়া কহিল যদি আমাকে কিঞ্চিৎ বেতন দেও তবে আমি বিষার্পণ করিয়া আমার রাজাকে নষ্ট করি। এমত বিশ্বাসঘাতকের কথাতে ফেব্রিসিয়স ক্রুদ্ধ হইয়া তাহাকে বন্ধন পূর্ব্বক পিরসের নিকট পাঠাইতে আজ্ঞা দিলেন, ও আপন প্রভুকে চাতুরী দ্বারা বিনাশ করিতে মন্ত্রণা করিয়াছিল তাহাও জানাইতে কহিলেন। পিরস শত্রুর সৌজন্যে আশ্চর্য্য হইয়া বলিলেন "এই ফেব্রিসিয়সই এক জন মানুষ বটেন, আর সূর্য্যকে রাশি চক্র হইতে ফিরাণ যেমন অসাধ্য ইঁহাকে সৌজন্য হইতে পরাঙ্মুখ করা ততোধিক অসাধ্য," পরে পিরস সিসিলিতে প্রস্থান করিলেন এবং ফেব্রিসিয়স সাগনিত ও লুকেনিয়ানদিগকে পরাভব করিয়া জয়যাত্রা করিলেন।

অপর মান্‌লিয়স কুরিয়স দেন্তেতস ও কর্ণিলিয়স লেন্তুলস কন্সল হইয়া পিরসের বিপক্ষে প্রেরিত হইলেন। কুরিয়স তাঁহার প্রতিকূলে যুদ্ধ করিয়া তাঁহার সৈন্য ধ্বংস করিলেন, ও তাঁহাকে তরেন্তনে তাড়াইয়া দিয়া সমস্ত শিবির লুণ্ঠন করিলেন। সেই দিনে শত্রুদের ত্রয়োবিংশতি সহস্র বধ হইল। কুরিয়স দেন্তেতস কন্সল পদে জয় যাত্রা করিলেন। তিনি প্রথমে রোম নগরে চারি হস্তি আনিলেন। পরে পিরস তরেন্তন হইতে নিজ রাজ্যে প্রস্থান করিলেন, এবং গ্রীকদেশে আর্‌গস নগরে যুদ্ধ করিতে২ দৈবাৎ মৃত্যুপ্রাপ্ত হইলেন।

নগর নির্ম্মাণের চারিশত একষষ্টি বৎসর পরে কাইয়স ফেব্রিসিয়স লুসিনস ও কাইয়স ক্লদিয়স সিনার কন্সলত্ব সময়ে ইজিপ্ত দেশের অন্তর্গত আলেক্‌জন্দ্রিয়া নগর হইতে তলামি রাজার দ্বারা দূত প্রেরিত হইয়া রোমেতে উপস্থিত হইল এবং রোমানদের মিত্রতা যাচ্ঞা করিয়া প্রাপ্ত হইল।

During the Consulate of Quintius Gulo and Caius Fabius Pictor, the Picentes raised a war, but were overthrown the following year by the Consuls Publius Sempronius and Appius Claudius. A triumph was decreed in consequence of this victory. About the same time the Romans built two cities, Arminium in Gaul* and Beneventum in Samnium.

Marcus Attilius Regulus and Lucius Junius Libo being Consuls, war was proclaimed against the Salentians in Apulia. The Brundusians† were taken together with their city, and a triumph was made on their account.

It was now four hundred and seventy-seven years from the building of the city, but still, though the fame of the Roman arms had spread far and wide, no expeditions had yet been undertaken beyond Italy. And as the growing power of the Carthaginians had for some time proved a cause of uneasiness at Rome, and especially as the conclusion of the war with Pyrrhus left the Romans at leisure to think of foreign operations, a census was ordered to be taken. The result of the survey was that though wars had never

---

* By *Gaul* is here meant the North parts of Italy, which were called by the Romans *Gallia Cisalpina* because inhabited by Gauls. Arminium lies upon the Adriatic Sea and is now called Rimini.

† Brundusium, now called Brundisi, lies in that part of Italy which was formerly called Calabria upon the Adriatic, a famous sea-port.

কুইন্টস গুলো ও কাইয়স ফেবিয়স পিক্তরের কন্সলত্ব সময়ে পিসেন্তিরা যুদ্ধ উপস্থিত করিল কিন্তু পর বৎসরের কন্সল পব্লিয়স সেম্প্রোনিয়স ও আপিয়স ক্লদিয়স দ্বারা পরাস্ত হইল। এজন্য পুনর্ব্বার জয় যাত্রা হয়। আর রোমানেরা গালিয়া* দেশে আরমিনিয়ম নগর ও সামনিয়ম দেশে বেনেবেন্তম নগরী নির্ম্মাণ করিল।

অনন্তর মার্কস আতিলিয়স রেগুলস ও লুসিয়স জুনিয়স লিবো কন্সল হইলেন। তৎকালে আপুলিয়ার অন্তর্গত সালেন্সিয়ানদের বিরুদ্ধে যুদ্ধ হইল। ব্রন্দুসিনীয়† লোকেরা নগরের সহিত পরাজিত হইলে তদ্বিষয়ে জয়যাত্রা হইয়াছিল।

এক্ষণে নগর নির্ম্মাণের পর চারিশত সপ্ত সপ্ততি বৎসর গত হইল, আর রোমান নাম যদিও অনেক দেশে বিখ্যাত হইয়াছিল তথাপি এপর্য্যন্ত রোমান সৈন্য ইতালির বাহিরে কোথাও যুদ্ধার্থে যায় নাই। কিন্তু কার্থেজিনদের শক্তি বাড়িতেছে ইহা দেখিয়া রোমানেরা উদ্বিগ্ন হইয়াছিলেন, এবং পিরসের সহিত যুদ্ধ শেষ হওয়াতে এক্ষণে অন্য দেশে সংগ্রাম করিবার কল্পনা করিতে লাগিলেন, অতএব কত বল আছে ইহা নিশ্চয়

---

* গালিয়া নামে এস্থলে ইতালির উত্তর অঞ্চলকে বুঝাইতেছে— রোমানেরা তাহা গালিয়া সিসাল্পিনা কহিত কেননা সেখানে গালেরা বাস করিত। আরমিনিয়ম রিমিনি নামে এক্ষণে আদ্রিএতিক সমুদ্র তীরে আছে।

† ব্রন্দুসিয়মের নাম এক্ষণে ব্রুন্দিসি—তাহা আদ্রিএতিক সমুদ্র তীরে আছে—এ অঞ্চলকে পূর্ব্বে কালেব্রিয়া কহিত—ইহা এক খ্যাত্যাপন্ন সমুদ্র কোল।

ceased from the beginning of the city, the citizens numbered two hundred and ninety-two thousand three hundred and thirty-three.

An incident now happened which, while it gave the Romans an opportunity of trying their arms beyond Italy, led to those great wars commonly known by the name of *Punic wars.* These contests for the empire of the world, however insignificant the immediate causes which occasioned them, continued with some intermissions for no less than one hundred and eighteen years, and were not finally decided but by the destruction of one of the parties. Whether Rome or Carthage should be the mistress of the world was a long-pending question, ultimately settled only by the total ruin of the African state.

Carthage was a colony of the Phænicians, and built on the coast of Africa, near the place where Tunis now stands. The Phænicians had long been a very opulent, commercial and enterprising people. They had likewise built and colonized Tyre, Sidon, and Utica. It was at Carthage that their warlike prowess, along with their commercial abilities, was most fully developed. Well skilled in navigation, the Carthaginians soon made themselves masters of the sea, and extended their conquests not only as far as Spain but also among the islands of the Mediterranean. But it was the footing they had gained in Sicily which caused the greatest uneasiness at Rome. The passage to Italy from this island was neither long nor difficult;—and the continu-

করণার্থে লোক সংখ্যার বিধান হইল তাহাতে দেখা গেল যে নগর নির্ম্মাণাবধি সর্ব্বদা যুদ্ধ হইলেও এখনও দুইলক্ষ বিরানই হাজার তিন শত তেত্রিশ জন নগরবাসী আছে।

এক্ষণে এমত এক ব্যাপার উপস্থিত হইল যাহাতে রোমানেরা ইতালির বাহিরে আপনাদের বিক্রম প্রকাশ করিবার সুযোগ পাইল, এবং যদ্দ্বারা প্তনিক নামে বিখ্যাত ঘোর সংগ্রামের উৎপত্তি হইল—এই মহাবিবাদ পৃথিবীর আধিপত্যের নিমিত্তে হইয়াছিল—আর যদিও তুচ্ছ বিষয় হইতে ইহার আরম্ভ হয় তথাপি সে বিবাদ মধ্যে২ কিঞ্চিৎ বিশ্রাম পূর্ব্বক এক শত অষ্টাদশ বৎসর পর্য্যন্ত প্রবল ছিল—এবং বিবাদিদের মধ্যে এক দল যে পর্য্যন্ত না নষ্ট হইল সে পর্য্যন্ত তাহার নিষ্পত্তি হয় নাই, রোমানেরা কিম্বা কার্থেজিনেরা কোন জাতি ভূমণ্ডলের উপর কর্ত্তৃত্ব করিবে তাহা অনেক কাল সন্দেহ স্থল ছিল, পরে কার্থেজ নগরী ধ্বংস হওয়াতে ইহার মীমাংসা হইল।

আফ্রিকার কুলে সম্প্রতি যেখানে তুনিস নগর আছে তাহার সন্নিধানে কার্থেজ পুরী ফিনিশিয়ানদের বসতি স্বরূপ নির্ম্মিত হইয়াছিল। ফিনিশিয়ানেরা বহুকালাবধি অতি ধনাঢ্য ও বাণিজ্যাদি কর্ম্মে উৎসাহি ছিল, তাহারা তায়ার সাইদন ও ইউটিকা নামক নগরীও নির্ম্মাণ করিয়া বাস করিয়াছিল, কিন্তু কার্থেজে তাহাদের যুদ্ধ সম্পর্কীয় প্রতাপ ও বাণিজ্যের ক্ষমতা অতি সম্পূর্ণরূপে প্রকাশ পায়।—নাবিকতা কর্ম্মে পরিপক্ব হওয়াতে কার্থেজিনেরা অবিলম্বে সমুদ্রের আধিপত্য পাইয়াছিল, এবং কেবল স্পেন পর্য্যন্ত জয় করিয়াছিল এমত নহে কিন্তু মেদিতরেনিন সাগরস্থ উপদ্বিপের উপরও প্রভুত্ব করিয়াছিল, কিন্তু সিসিলিতে তাহারা যে পদ পাইয়াছিল তজ্জন্যেই রোমানেরা অত্যন্ত ব্যাকুল হইয়াছিলেন, সিসিলি হইতে ইতালি

ance of so enterprising and restless a nation, so near their territories, was a source of no small alarm to the Romans. This alarm appears to have been the chief reason for which they interfered with the affairs of Sicily and which occasioned the first Punic war. This interference was called for by the following incidents.

Some Campanian soldiers in the service of Agathocles, the Sicilian tyrant, having entered as friends into Messina, they soon after murdered part of the townsmen, drove out the rest, married their wives, seized their effects, and remained sole masters of that important city. They then assumed the name of Mamertines. In imitation of them, and by their assistance, a Roman legion treated in the same cruel manner the city of Rhegium, lying directly opposite to Messina, on the other side of the strait. These two perfidious cities, supporting one another, became at last formidable to their neighbours; and especially Messina, which, being very powerful, gave great umbrage and uneasiness both to the Syracusans and Carthaginians who possessed one part of Sicily. After the Romans had got rid of the enemies they had so long contended with, and particularly of Pyrrhus, they began to think it time to call their citizens to account, who had settled themselves, near two years, at Rhegium, in so cruel and treacherous a manner. Accordingly they took the city, and killed, in the attack, the greatest part of the inhabitants, who, armed with despair, had fought to the last gasp: three hundred only were left, who were

অনেক দূর নহে এবং পথও দুর্গম নহে, অতএব এমত উৎসাহি ও অস্থির জাতি নিকটে প্রবল হইয়া থাকাতে রোমানদের মহা শঙ্কা হইয়াছিল, এ শঙ্কা প্রযুক্তই তাঁহারা সিসিলির ব্যাপারে হস্তক্ষেপ করিলেন এবং তাহাতে প্রথম প্যুনিক যুদ্ধ উপস্থিত হইল। সিসিলির ব্যাপারে হস্তক্ষেপ পশ্চাল্লিখিত কারণে হইয়াছিল, যথা

আগাথক্লিস নামক সিসিলির এক দুরন্ত রাজাছিল—তাহার শাসনে কতিপয় কাম্পেনীয় সেনা মিত্র ভাবে মেসিনাতে প্রবেশ করিয়া কিছুকাল পরে তথাকার বসতিদিগকে কতক বধ করিল কতক তাড়াইয়া দিল, এবং তাহাদের স্ত্রীলোককে হরণ করিয়া ও ধনসম্পত্তি বলদ্বারা লইয়া সে নগরে একাধিপত্য করিতে লাগিল—এই দুরন্ত লোকেরা পরে মামর্তিন নামধারি হইল। তাহাদের এই ব্যবহার দেখিয়া এবং তাহাদের সাহায্য পাইয়া এক দল রোমান সৈন্য খাড়ির পারে মেসি-নার সম্মুখস্থ রেগিয়ম নামক নগরে ঐরূপ উৎপাত করিল। এই দুই অবিশ্বাসি জাতি পরস্পরের আনুকূল্যে নিকটবর্ত্তি লোকদের মধ্যে মহা ভয় বিস্তার করিল, মেসিনাস্থ লোকেরা সিসিলির অন্য দিক্‌স্থ সিরাকুসান ও কার্থেজিনদিগের বিশেষ বিরক্তি ও উৎকণ্টা জন্মাইল। অনন্তর রোমানেরা অন্যান্য শত্রুর, বিশেষতঃ পিরসের, সহিত এতকাল যুদ্ধ করিয়া পরে তাহাদের ভয় হইতে মুক্ত হইয়া যাহারা এমত ক্রূরতা ও খলতা পূর্ব্বক রেগিয়মে দুই বৎসর পর্য্যন্ত উৎপাত করিয়াছিল তাহা-দিগকে এক্ষণে দণ্ড করিতে মানস করিল, অতএব রেগিয়ম নগর আক্রমণ করিয়া গ্রহণ করত ঐ উপদ্রবি লোকেরা প্রাণ পণে যুদ্ধ করিলেও তাহাদের অধিকাংশ বধ করিল এবং তিন শত মাত্র অবশিষ্ট থাকিলে তাহাদিগকে রোম নগরে লইয়া গিয়া বেত্রাঘাত পূর্ব্বক ফোরম নামক প্রশস্ত ক্ষেত্রে সক-লের সম্মুখে মস্তক ছেদন করিল।—এপ্রকার প্রাণ দণ্ড করিবার অভিপ্রায় এই যে যেন রোমানদের নিজ সৌজন্য ও নির্দ্দো-

carried to Rome, whipped, and then publicly beheaded in the forum. The view which the Romans had in making this bloody execution, was to prove to their allies their own sincerity and innocence. Rhegium was immediately restored to its lawful possessors. The Mamertines, who were considerably weakened, as well by the ruin of their confederate city, as by the losses sustained from the Syracusans, who had lately placed Hiero at their head, thought it time to provide for their own safety. But divisions arising among them, one part surrendered the citadel to the Carthaginians, whilst the other called in the Romans to their assistance, and resolved to put them in possession of their city.

The Romans, not without some hesitation at first, resolved ultimately to protect the Mamertines against the joint powers of Hiero and the Carthaginians. The consul Appius Claudius immediately set forward with his army, and boldly crossed over to Sicily after he had, by an ingenious stratagem, eluded the vigilance of the Carthaginian general. The Carthaginians, partly by art and partly by force, were driven out of the citadel, and Messina fell immediately into the hands of the Roman Consul. The united forces of Hiero and of the Carthaginians then beseiged the place, but Claudius defeated them separately, and made such an impression upon Hiero, the King of Syracuse, that he reconciled himself to the Romans and gave up all thoughts of keeping up a vain contest with them. The Consul

ষিতা ও যথার্থ বিচার সকল জাতির নিকটে প্রকাশ পায়। পরে রেগিয়ম নগর যথার্থ অধিকারিদিগকে ফিরাইয়া দিল। মামর্তিনেরা আপনাদের সাহায্যকারি রেগিয়মস্থ লোকদের বিনাশ প্রযুক্ত অত্যন্ত দুর্ব্বল হইয়া পড়িল—এবং সিরাকুসানেরা হাইরোকে রাজা করিয়া তাহাদের অনেক অনিষ্ট করিয়াছিল—অতএব এক্ষণে তাহারা আত্মরক্ষার চেষ্টা করিতে লাগিল,—কিন্তু তাহাদের আপনাদের মধ্যে ঐক্য ছিলনা, কতক লোক কার্থেজিনদিগকে সহায় করিয়া আপনাদের দুর্গ তাহাদের হস্তে সমর্পণ করিলেক, কতক লোক রোমানদের নিকট সাহায্য প্রার্থনা করিয়া তাহাদিগকে নগরের অধিকার দিতে প্রতিজ্ঞা করিল।

মামর্তিনেরা সাহায্যের প্রার্থনা করিলে রোমানেরা কিয়ৎকাল দ্বৈধমনা থাকিয়া পরে তাহাদের প্রার্থনানুসারে হাইরো এবং কার্থেজিনদের শক্তি হইতে রক্ষা করিতে প্রতিজ্ঞা করিল। অতএব আপিয়স ক্লদিয়স কন্সল হইয়া সৈন্য সামন্তের সহিত শীঘ্র যাত্রা করত চতুরতা পূর্ব্বক কার্থেজিন সেনাপতির চেষ্টা নিষ্ফল করিয়া সাহসে পার হইয়া সিসিলিতে উপনীত হইলেন, কার্থেজিনদিগকে ছলে এবং বলে দুর্গ হইতে বহিষ্কৃত করিলেন তাহাতে মেসিনা নগর শীঘ্র রোমান কন্সলের অধীন হইল।— অনন্তর হাইরো এবং কার্থেজিনেরা একত্র মিলিয়া ঐ স্থান বেষ্টন করিল, কিন্তু ক্লদিয়স তাহাদিগকে একে ২ পরাস্ত করিলেন তাহাতে সিরাকুসের রাজা হাইরো এমত ভয় পাইল যে রোমানদের সহিত মিত্রতা করিয়া এতাদৃশ বলবান্ জাতির সহিত অনর্থক বিবাদ হইতে ক্ষান্ত হইল।—এইরূপে আপ্পিয়স

Appius Claudius had a triumph in consequence of these conquests in Sicily.

* In the following year, Valerius Marcus and Octacilius being Consuls, great things were performed by the Romans in Sicily. The Taurominitani, Catanenses, and fifty other cities were taken upon promise of quarter.

In the third year of the Punic War, preparations were again made for chastising Hiero, king of Syracuse. But he, with all his nobility, begged and obtained peace from the Romans, giving them two hundred talents of silver. The Africans sustained a defeat in Sicily, and there was another triumph at Rome on their account.

In the fifth year of the Punic War thus continued against the Carthaginians, the Romans carried on for the first time military operations by sea;—Caius Duilius and Cneus Cornelius Asinus were then Consuls. They provided themselves with a sort of ships called *Liburnian.* The Consul Cornelius was basely seized by treachery,—the Carthaginian general having invited him to an interview, and there made him captive. But Duilius, though the Romans were as yet quite inexperienced in maritime affairs, and had fitted out a fleet only from the model of a ship taken from the enemy on the coast of Italy, gave battle with great courage and defeated the general of the Carthaginians. He captured thirty-one of their ships and sunk fourteen; and took eight thousand prisoners after destroying three thousand. This victory was peculiarly gratifying to the Romans. They had already proved invincible

ক্লদিয়স সিসিলিতে কৃতকার্য্য হইয়া জয়যাত্রা করত রোম নগরে প্রবেশ করিলেন। •

পর বৎসরে বেলিরিয়স মার্কস ও আক্তসিলিয়স কন্সল হইলে সিসিলিতে রোমানেরা মহৎ বীরত্ব প্রকাশ করে। টরমিনিতেরা ও কাতালিয়েরা ও অন্যান্য পঞ্চাশৎ জাতি তাহাদের শরণাগত হইয়া মিত্রভাবে গৃহীত হইল।

পুনিক যুদ্ধের তৃতীয় বৎসরে সিরাকুসের রাজা হাইরোকে শাস্তি দিবার জন্য রোমানেরা পুনশ্চ আয়োজন করে। ইনি ভয় পাইয়া সিরাকুস নগরের সমস্ত প্রধান লোকদের সহিত আসিয়া দুই শত তালন্ত রজত মুদ্রা দিয়া সন্ধি প্রার্থনা করিলে রোমানেরা সন্ধি করিল। পরে আফ্রিকানেরা সিসিলিতে পুনরায় পরাস্ত হইল, আর ইহাদের জন্য দ্বিতীয় বার রোমে জয়যাত্রা হইল।

কার্থেজিনদের সহিত এই পুনিক যুদ্ধের পঞ্চম বৎসরে কাইয়স দুইলিয়স ও নিয়স কর্ণিলিয়স আসিনসের কন্সলত্ব কালে রোমানেরা প্রথমতঃ সমুদ্র যুদ্ধে প্রবৃত্ত হয়, তজ্জন্য লিবর্ণিয় নামক যে বিশেষ জাহাজ তাহা প্রস্তুত করিয়াছিল। কন্সল কর্ণিলিয়স শত্রুর প্রতারণাতে প্রবঞ্চিত হইয়াছিলেন, কার্থেজিনদের সেনাপতি কথোপকথন ছলে তাঁহাকে আহ্বান করিয়া বদ্ধ করিয়াছিল—কিন্তু দুইলিয়স কৃতকার্য্য হইলেন। যদিও রোমানেরা পূর্ব্বে জাহাজ সম্পর্কীয় কর্ম্ম জানিত না এবং যদিও তাহারা ইতালির সমুদ্র তীরে শত্রুর এক জাহাজ হরণ করিয়া কেবল তাহা দেখিয়াই বহর প্রস্তুত করিয়াছিল তথাপি রোমান কন্সল অতি সাহস পূর্ব্বক যুদ্ধ দিয়া কার্থেজিন সেনাপতিকে পরাজয় করিলেন। তাহার একত্রিংশৎ জাহাজ কাড়িয়া লইলেন ও চতুর্দ্দশ জলে মগ্ন করিয়া দিলেন। আর তিন সহস্র শত্রুকে বধ করিয়া অষ্ট সহস্র ধৃত করিলেন। এই যুদ্ধান্তে রোমানেরা সর্ব্বাপেক্ষা অধিক সন্তুষ্ট হইলেন কেননা স্থলে

by land; they began now to grow equally powerful by sea.

Caius Aquilius Florus and Lucius Scipio being Consuls, Scipio made an expedition against Corsica and Sardinia, which he completely ravaged, carrying off many thousand prisoners and thereby gracing his triumph at Rome.

Lucius Manlius Volso and Marcus Attilius Regulus being Consuls, the Romans resolved upon carrying the war into the enemy's country, and sent an expedition against Hamilcar, the general of the Carthaginians. A battle was fought at sea which ended in the defeat of Hamilcar. He steered off losing sixty-four ships;—the Romans lost twenty-two. When they got over to Africa they commenced a new career of victory, by first of all taking Clypea, a city of some note, which surrendered to them. The Consuls then advanced up to Carthage, and having laid waste many towns, one of them, Manlius, returned victorious to Rome leading twenty-seven thousand prisoners with him. Attilius Regulus remained in Africa. He drew up his army against the Africans and successfully encountered three of the Carthaginian generals. He slew eighteen thousand of the enemy, took five thousand men prisoners, together with eight elephants. He likewise received seventy-four cities upon promise of quarter. The Carthaginians, thus conquered, begged for peace. Regulus refused to comply with their request, and would not make peace except upon very high conditions. In this

যেমত রণ করিয়া অজয় হইয়াছিলেন তদ্রূপ এখন সমুদ্রেও তাদৃশ বলবান্ হইতে লাগিলেন।

পরে কাইয়স আকুইলিয়স ফ্লোরস এবং লুসিয়স সিপিও কন্সল হইলে সিপিও কর্সিকা ও সার্দিনিয়া নামক দুই উপদ্বিপে রণসজ্জাতে আসিয়া তাহা সম্পূর্ণ উচ্ছিন্ন করিলেন ও তাহাদের অনেক সহস্র লোককে বদ্ধ করিয়া মহা গৌরবে রোম নগরে জয় যাত্রা করিলেন।

লুসিয়স মান্লিয়স বলসো ও মার্কস আত্তিলিয়স কন্সল হইলে রোমানেরা শত্রুদের দেশেতেই সৈন্য পাঠাইতে প্রতিজ্ঞা করিয়া আফ্রিকাতে কার্থেজিনদের অধ্যক্ষ হামিল্‌কারের সহিত যুদ্ধার্থে বল প্রেরণ করিলেন। প্রথমতঃ সমুদ্রে এক যুদ্ধ হওয়াতে হামিল্‌কার পরাস্ত হইয়া চতুঃষষ্টি জাহাজ হারাইয়া পলায়ন করিল, রোমানেরা বাইসখান জাহাজ হারায়। পরে আফ্রিকার কূলে উপনীত হইয়া তত্রস্থ ক্লাইপিয়া নামক এক মহানগর অধীন করিয়া গ্রহণ করত নূতন প্রকার জয় করিতে লাগিল। কন্সলেরা কার্থেজ পুরী পর্য্যন্ত গমন করিলেন, এবং অনেক গ্রাম নষ্ট করণানন্তর এক জন কনসল অর্থাৎ মান্লিয়স সপ্তবিংশতি সহস্র শত্রুকে বন্ধন পূর্ব্বক সঙ্গে লইয়া জয়ী হওত রোমে আসিলেন। আত্তিলিয়স রেগুলস আফ্রিকাতে রহিলেন। সেখানে তিনি আফ্রিকানদের বিপক্ষে সৈন্যকে শ্রেণীবদ্ধ করিয়া কার্থেজিনদের তিন জন অধ্যক্ষের উপর রণে জয়ী হইলেন, তাহাদের অষ্টাদশ সহস্র লোককে বধ করিলেন ও পাঁচ সহস্র বদ্ধ করিলেন এবং আটটা হস্তী হরণ করিলেন আর চতুঃসপ্ততিসংখ্যক গ্রামে রোম রাজ্যের অধীনত্ব স্বীকার করাইয়া শরণাপন্নের ন্যায় তাহাদিগকে গ্রহণ করিলেন। পরে কার্থেজিনেরা এইরূপে পরাভূত হইয়া সন্ধির প্রার্থনা করিল কিন্তু রেগুলস তাহাতে অসম্মত হইয়া কহিলেন যে তাহারা অতি কঠিন পণ অঙ্গীকার না করিলে যুদ্ধের অবসান হইবে না। তখন কার্থেজিনেরা

state of fear and anxiety, the Carthaginians had recourse to the Lacedemonians for succour. The Lacedemonians agreed to send them assistance, and pitched upon their general Xantippus for the purpose.

The arrival of Xantippus infused courage into the dispirited Carthaginians. The Roman Consul was defeated with prodigious slaughter. Only two thousand men were left of all the army which the Romans had brought. Thirty thousand were slain and fifteen thousand were taken, with the commander Regulus himself, who was loaded with irons.

These reverses did not, however, dishearten the Romans. The Consuls Æmilius Paulus and Servius Fulvius both went to Africa in prosecution of the war. They directed their course toward Clypea with a fleet of three hundred ships. A naval engagement shortly took place in which the Carthaginians were overthrown. Æmilius, the Roman Consul, sunk a hundred and four of the enemy's ships and took thirty with the soldiers on board. The Carthaginians likewise lost fifteen thousand of their men, either slain or taken prisoners. The abundance of plunder which this victory presented served to enrich the Roman army. The power of the Africans was so greatly reduced by these losses that their country was brought to the brink of destruction. But a famine broke out and afflicted the Roman army so severely, that it could not stay to improve the advantages it had acquired. The Consuls returned with their victorious fleet, but suffered ship-

নিরুপায় হইয়া ভয় প্রযুক্ত লাসিডিমন দেশীয় লোকদের আশ্রয় যাঞ্চা করিল, লাসিডিমনেরা সাহায্য দিতে সম্মত হইয়া জান্টি-পস নামক এক অধ্যক্ষের শাসনে সৈন্য পাঠাইল।

জান্টিপসের আগমনে কার্থেজিনেরা সাহস পাইল এবং অতি যত্ন পূর্ব্বক যুদ্ধ করত অনেক রোমীয় লোক বধ করিয়া রেগুলস কন্‌সলকে পরাস্ত করিল। রোমানেরা বহু সৈন্য আনিয়াছিল তাহার মধ্যে কেবল দুই সহস্র লোক অবশিষ্ট রহিল। পঞ্চ-দশ সহস্র লোক অধ্যক্ষের সহিত শত্রুহস্তে পড়িল এবং ত্রিংশৎ সহস্র হত হইল। রেগুলস স্বয়ং শৃঙ্খলে বদ্ধ হইলেন।

কিন্তু এতাবৎ দুর্ভাগ্য প্রযুক্ত রোমানেরা কিঞ্চিৎ ব্যাকুল হইল না। মার্কস ইমিলিয়সও সর্ব্বিয়স ফুল্‌বিয়স কন্সল হইয়া উভয়ে আফ্রিকাতে পুনর্ব্বার যুদ্ধার্থে যাত্রা করিলেন, এবং তিন শত জাহাজ লইয়া ক্লাইপিয়া নগরের উদ্দেশে গমন করিলেন, সমুদ্রে শীঘ্র এক যুদ্ধ হওয়াতে কার্থেজিনেরা পরাস্ত হইল, রোমান কন্সল ইমিলিয়স শত্রুদের একশত চারি জাহাজ জলে মগ্ন করিয়া ত্রিশ খান সৈন্য সমেত হরণ করিলেন,—কার্থে-জিনেরা আরও পঞ্চদশ সহস্র লোক হারাইল, তাহারা কতক হত কতক বদ্ধ হইল, রোমান অধ্যক্ষ অনেক প্রকার লুণ্ঠন দ্বারা স্বীয় সেনাগণকে ধনাঢ্য করিলেন। এই ২ অসৌভাগ্য প্রযুক্ত আফ্রিকানেরা এমত খর্ব্ব হয় যে তাহাদের রাজ্য ভ্রংশ প্রায় হইল। কিন্তু দারুণ দুর্ভিক্ষ হওয়াতে রোমান সৈন্য অত্যন্ত ক্লেশ পাইতে লাগিল এবং শত্রু ধ্বংসার্থে সেস্থানে আর রহিতে পারিল না, অতএব কন্সলেরা জয়ী হইয়া প্রত্যাগমন করিতে লাগিলেন কিন্তু স্বদেশে আসিতে২ সিসিলির নিকট তাঁহাদের

wreck near Sicily on their way homewards. So great was the tempest which brought on this disaster, that of four hundred and sixty ships, scarce four-score could be saved. A storm so severe had never been heard of at any time. And yet in spite of so heavy a loss, the Romans immediately prepared three hundred ships;—nor were they dispirited in the least on account of so inauspicious an accident.

Cnæus Servilius Cæpio and Caius Sempronius Blæsus were now elected Consuls. They went over to Africa with two hundred and sixty ships and successfully carried on the war. They reduced a good number of cities and took abundance of plunder. While returning with these spoils, however, they met with the same kind of disaster as their predecessors, Æmilius and Servius. They ran upon some banks of sand near the island of the Lotophagi, and, though they managed to get off when the flood returned, yet they were obliged to throw their booty overboard, in order to lighten their vessels. They arrived safely in the port of Panormus; but from thence steering their course homewards, at a time unskilfully chosen, they lost one hundred and fifty of their vessels by a storm which overtook them in the passage.

So terrible a destruction of two fleets by tempests, totally discouraged the Romans from all naval enterprizes. The Senate decreed that no engagements should any longer be undertaken by sea. Sixty ships alone were to be equipped in future for the defence of

জাহাজ মারা পড়িল। এ দুর্ঘটনা এমত প্রচণ্ড বায়ু প্রযুক্ত হইল যে চারি শত চৌষট্টি জাহাজের মধ্যে প্রায় আশিখানও রক্ষা পাইল না, তাদৃক ভয়ঙ্কর ঝড় সমুদ্রে কেহ কখনও দেখেও নাই শুনেও নাই, কিন্তু তথাপি এবম্ভূত ভারি অনিষ্ট ঘটিলেও রোমানেরা শীঘ্র তিন শত জাহাজ পুনশ্চ প্রস্তুত করিল, আর এমত অমঙ্গল দেখিয়া তাহাদের মনে কিঞ্চিৎ উৎকণ্ঠা জন্মিল না।

ইহার পর নিয়স সর্বিলিয়স সিপিও ও কাইয়স সেম্প্রোনিয়স বিসস কন্সল পদে নিযুক্ত হইলেন, ইঁহারা দুই শত ষাটখান জাহাজের সহিত আফ্রিকাতে যাত্রা করিয়া সার্থকরূপে যুদ্ধ করিলেন, সেখানে অনেকানেক নগর অধীনে আনিলেন এবং অনেক লুণ্ঠিত দ্রব্য গ্রহণ করিলেন। কিন্তু লুণ্ঠিত দ্রব্য লইয়া আসিতে ২ পূর্ব্বোক্ত ইমিলিয়স ও সর্বিয়সের ন্যায় ঘোর দুর্ঘটনাতে পড়িলেন, লোটফেজি নামক উপদ্বিপের সন্নিধানে বালুকা চড়ার উপর তাঁহাদের জাহাজ ঠেকিল, এবং যদিও জোয়ার হইলে জাহাজ উত্তীর্ণ করিতে পারিলেন তথাপি জাহাজের ভার অল্প করণার্থে সমস্ত দ্রব্য জলে নিক্ষেপ করিতে হইল।—তথা হইতে পেনর্মস নামক সমুদ্রের কোলে নির্বিঘ্নে পঁহুছিলেন বটে কিন্তু সেখান হইতে অবিবেচনা পূর্ব্বক অশুভ কালে স্বদেশে যাত্রা করিয়া আসিতে ২ পথি মধ্যে প্রচণ্ড বায়ু হওয়াতে একশত পঞ্চাশ জাহাজ হারাইলেন।

দুইবার এমত প্রচণ্ড ঝড়ে জাহাজ নষ্ট হওয়াতে রোমানেরা ভয় পাইয়া নাবিকত্ব ব্যাপারে আর সাহস করিল না, অতএব সেনেটরেরা নিয়ম করিলেন যে আর কখনও সমুদ্রে যুদ্ধ সজ্জা হইবেক না, এবং ইহার পর কেবল ইতালি রক্ষার্থে

Italy, and for the transport of the troops with the baggage and ammunition into Sicily. Their thirst of glory and empire was not abated; but they determined to rely wholly on their land-forces for the achievement of the conquests they had in view.

During the Consulate of Lucius Cæcilius Metellus and Caius Furius Pacellus, Metellus gained a decisive victory in Sicily against Asdrubal the Carthaginian general, who came against him with one hundred and thirty elephants and a vast army. Twenty thousand of the Carthaginians were killed in this battle, and twenty-six of their elephants were taken. The remainder of these animals had strayed away, but the Roman Consul contrived to pick them up by means of the Numidians, whom he had for his auxiliaries in this engagement. He brought the whole of the elephants, thus taken, to Rome in great pomp, and filled all the roads with these gigantic creatures.

Misfortunes such as these greatly disheartened the Carthaginians, and induced them to long for the termination of so destructive a war. Having in their custody a noble Roman (Regulus) of rank and influence, they entertained sanguine hopes of an advantageous peace being obtained by his exertions. They accordingly sent him to Rome, not however without binding him by an oath to return to their custody in case he failed to secure their wishes, and enjoined him

ও সিসিলিতে সৈন্য এবং অস্ত্র শস্ত্র যুদ্ধের দ্রব্যাদি পার করণার্থে ষাটখান জাহাজ রাখিতে আজ্ঞা দিলেন। যশ ও রাজ্যবৃদ্ধির আকাঙ্ক্ষা কিঞ্চিৎ নিবৃত্ত হইল না কিন্তু সঙ্কল্পিত দিগ্বিজয় করিবার নিমিত্তে স্থল পথের যোদ্ধাদিগের উপর সম্পূর্ণ নির্ভর রাখা এখন অবধি তাহাদের অভিপ্রেত হইল।

লুসিয়স সিসিলিয়স মেটেলস এবং কাইয়স ফুরিয়স পাসেলস কন্সল হইলে মেটেলস সিসিলিতে প্রস্থান করিয়া আস্দ্রুবল নামক কার্থেজিন অধ্যক্ষকে সম্পূর্ণ পরাজয় করিলেন, আস্দ্রুবল সেখানে একশত ত্রিংশৎ হস্তী ও অনেক সৈন্য লইয়া তাঁহার প্রতিকূলে আসিয়াছিল—রোমানেরা এ যুদ্ধে বিংশতি সহস্র কার্থেজিন লোককে বধ করিয়াছিল আর তাহাদের ষড়্বিংশতি হস্তী হরণ করিয়াছিল, অবশিষ্ট যে২ হস্তী চতুর্দ্দিকে পলাইয়াছিল তাহাদিগকেও রোমান কনসল নুমিদিয়ান লোকদের সাহায্যে ধরিয়া আনিলেন, নুমিদিয়ানেরা এ যুদ্ধে রোমানদের সহকারি ছিল। সমস্ত হস্তী এইরূপে ধরা পড়াতে রোমান কন্সল মহা ঘটা করিয়া তাহাদের সকলকে রোম নগরে আনিলেন এবং সমস্ত পথ এই প্রকাণ্ড জন্তু গণের দ্বারা পরিপূর্ণ করিলেন।

এমত ঘোর অসৌভাগ্য হওয়াতে কার্থেজিনেরা অত্যন্ত ভয় পাইল এবং এ অশুভ যুদ্ধের শেষ করিবার বাসনাতে অস্থির হইতে লাগিল, রেগুলস নামক এক সম্ভ্রান্ত ও মহৎ রোমান তাহাদের অধীন থাকাতে তাহারা মনে করিল যে তাঁহার যত্নেতে আপনাদের ইচ্ছানুসারে রোমানদের সহিত সন্ধি করিতে পারিবেক। অতএব তাঁহাকে সন্ধি করণার্থে রোম নগরে পাঠাইল। কিন্তু পাছে স্বদেশে গিয়া আর ফিরিয়া না আইসেন এই শঙ্কাতে তাঁহাকে শপথ করাইল যে যদি তাহাদের অভিলাষ পূর্ণ করিতে না পারেন তবে পুনর্ব্বার কার্থেজে আসিয়া পূর্ব্বে যেমত বদ্ধ ছিলেন তদ্রূপ থাকিবেন, আর তাঁহাকে আজ্ঞা দিল যে সেনেটরদিগের নিকট গিয়া সন্ধি

to procure a peace from the Senate as well as an exchange of prisoners. They despatched some of their own countrymen at the same time as ambassadors to accompany him to Italy, and to observe his sayings and doings when he reached his home.

When Regulus arrived in Italy and came to the gates of Rome, he would by no means enter the city. He declared he was no longer a Roman citizen but a slave of a foreign power, and that he would not infringe the laws and customs of his native country which forbad the Senate to give audience to strangers within the walls. Nor when his wife Marcia, with her children, ran to meet him, would he receive their embraces. He fixed his eyes upon the ground as one ashamed of his servile condition and unworthy of their caresses. The senate being at length assembled without the walls, the Carthaginian ambassadors, that had come with Regulus, were admitted to an audience, and made their proposals; and then Regulus, whose turn it was to speak next, only added "*Conscript Fathers, being a slave to the Carthaginians I come on the part of my masters to treat with you concerning a peace and an exchange of prisoners.* Thus saying, he sought to withdraw, and follow the ambassadors, who could not be present at the deliberations of the Senate. The Consuls pressed him to take his place among the Conscript Fathers and give his opinion as a Senator and a

করণের ও উভয় দলস্থ বন্দিদিগকে পরস্পর ফিরাইয়া দেওনের পোষক উক্তি কর। আর তিনি স্বদেশে গিয়া কি করেন ও কি কহেন তাহা জানিবার নিমিত্তে আপনাদের কএক জন লোককেও দূত স্বরূপ তাঁহার সহিত ইতালিতে পাঠাইয়া দিল।

রেগুলস ইতালিতে পঁহুছিয়া রোম নগরের দ্বারে উপস্থিত হইলে নগরে প্রবেশ করিতে কোন ক্রমে সম্মত হইলেন না, তিনি কহিলেন আমি আর রোমান নগরবাসী নহি, আমি বিদেশীয় রাজ্যের দাস, অতএব স্বদেশের ব্যবস্থা ও রীতির ব্যতিক্রম করিব না, কেননা রোমানদের রীত্যনুসারে সেনেটরেরা বিদেশি লোককে প্রাচীরের ভিতরে আনিয়া সাক্ষাৎ করিতে পারেন না, এবং যখন তাঁহার স্ত্রী মার্সিয়া পুত্রগণের সহিত দৌড়িয়া তাঁহার নিকট আইল তখন তিনি তাহাদিগকে আলিঙ্গন করিলেন না, তিনি অধোবদন হইয়া যেন দাসত্ব অবস্থাতে লজ্জিত আছেন এবং উহাদের আলিঙ্গনের উপযুক্ত নহেন এমত ভাবে ভূমির উপর দৃষ্টিপাত করিয়া রহিলেন। পরে সেনেটরেরা প্রাচীরের বাহিরে সভা করিলে কার্থেজিন দূতেরা যাহা বক্তব্য তাহা কহিতে আহূত হইয়া আপনাদের অভিপ্রায় ব্যক্ত করিল। অনন্তর রেগুলসের বক্তৃতা করিবার সময় উপস্থিত হইলে তিনি সংক্ষেপে এই মাত্র কহিলেন “হে কনস্কৃপ্ত পিতৃগণ আমি কার্থেজিনদের দাস অতএব সন্ধির নিমিত্তে এবং কারাবদ্ধ লোকদের পরস্পর বিনিময়ে মোচনার্থে আমার প্রভুদের পক্ষ হইয়া তোমাদের সহিত কথোপকথন করিতে আসিয়াছি” এই কথা কহিয়া তিনি দূতগণের সহিত বাহিরে যাইতে চেষ্টা করিলেন কেননা দূতেরা সেনেটরদের বিচারের কালে উপস্থিত থাকিতে পারে না।—রোমান কন্সলেরা তাঁহাকে সেনেটে উপবিষ্ট হইয়া আপন পরামর্শ ব্যক্ত করিতে অনেক অনুরোধ করিলেন কেননা তিনি স্বয়ং ঐ সভার এক অঙ্গ ছিলেন এবং পূর্ব্বে কনসল হইয়াছিলেন,

Consular person. He refused to comply with their solicitations. But when his African masters directed him to remain in the assembly, he obeyed.

In delivering his opinion before the Senate, Regulus expressed himself decidedly against peace with the Carthaginians. Their resources, he said, were entirely exhausted by the reverses they had met with. The losses they had sustained had quite dispirited them. Nothing, therefore, could be more inexpedient for Rome than peace with Carthage. Nor was an exchange of prisoners advisable for the interests of the Romans. As for himself he was grown old and his misfortunes had made him useless. But among the Carthaginian captives there were no less than thirteen officers, all in the vigor of youth, and capable of commanding the armies of the enemy. The number of Roman prisoners at Carthage was but inconsiderable; the number of Carthaginian prisoners at Rome amounted to many thousands.

This disinterested opinion of Regulus at once induced the Senate to refuse peace to the Carthaginians. No one hearkened any longer to the African ambassadors. But the Senators were in great anxiety for the safety of Regulus. They could easily anticipate what his sufferings would be if he returned to Carthage. They besought him to stay at Rome. The Pontifex Maximus himself pronounced him absolved from the oath by which the Carthaginians had bound him. An oath that was extorted could not, he said, be binding. But

কিন্তু তিনি তাঁহাদের কথাতে সম্মত হইলেন না পরে কার্থে-জিন দূতেরা তাঁহাকে ঐ সভায় বসিয়া মন্ত্রণা দিতে আজ্ঞা করিলে তিনি উপস্থিত রহিলেন।

রেগুলস সেনেটরদের নিকট আপন মত ব্যক্ত করণ সময়ে কহিলেন যে কার্থেজিনদের সহিত যুদ্ধের নিবৃত্তি করা কর্ত্তব্য নহে কেননা নানা প্রকার দুর্গতি হওয়াতে তাহাদের সমস্ত সম্পত্তি সম্পূর্ণ নষ্ট হইয়াছে—এবং অনেক হানি হওয়াতে তাহারা সর্ব্বতোভাবে নিরুৎসাহ হইয়াছে অতএব এমত সময়ে সন্ধি করিলে রোমানদের সম্বন্ধে কোনমতে শ্রেয়ঃ নহে, এবং যুদ্ধে ধৃত লোকদিগকে পরস্পরের পরিবর্ত্তে মুক্ত করাও রোমানদের পক্ষে পরামর্শ সিদ্ধ নহে, তিনি আপনি শত্রু হস্তে পড়িয়াছেন বটে কিন্তু বার্দ্ধক্য ও অসৌভাগ্য প্রযুক্ত তাঁহার উদ্ধারে কোন লাভ নাই পরন্তু যুবাবস্থা প্রযুক্ত অতি প্রতাপ-বান্ ও সৈন্যের উপর অধ্যক্ষতা করিতে সক্ষম এমত ত্রয়োদশ জন কার্থেজিন যোদ্ধা রোমানদের হস্তে আছে, আর রোমানদের অতি অল্প লোক কার্থেজ নগরে আছে কিন্তু কার্থেজিনদের সহস্র২ জন রোমানদের অধীনে আছে, অতএব পরিবর্ত্ত করিলে কেবল কার্থেজিনদের পক্ষে মঙ্গল হইবে।

তাঁহার আপনার লাভালাভ বিবেচনা না করিয়া স্বদেশের হিতার্থে এইরূপ পরামর্শ দেওয়াতে সেনেটরেরা কার্থেজিনদের সহিত সংমিলন করিতে অসম্মত হইলেন। আফ্রিকান দূত-দের কথাতে আঁর কেহ কর্ণপাত করিলেক না। কিন্তু রেগুল-সের প্রাণ রক্ষার্থে সেনেটরেরা অত্যন্ত ব্যাকুল হইলেন। কার্থে-জেতে ফিরিয়া গেলে তাঁহার কিপর্য্যন্ত যন্ত্রণা হইবেক তাহা তাঁহারা সহজ অনুমানদ্বারা বুঝিলেন, অতএব তাঁহাকে রোমে থাকিতে বিনতি করিলেন। প্রধান পুরোহিত আপনি ব্যবস্থা দিলেন যে কার্থেজিনেরা রেগুলসকে যে শপথ করাইয়াছে

Regulus repudiated the idea of remaining behind. He declared he had become a slave to the Carthaginians, and was no longer worthy to reside at Rome. He had been vanquished and taken captive, and could no longer be a citizen of Rome. "I have sworn to return," said he, "it is my duty to go; let the gods take care of the rest."

When the Carthaginians heard that Regulus, instead of supporting their negociations with the Senate, had on the contrary resisted them to the utmost of his power, their anger knew no bounds. They had expected that his presence would induce the Romans to conclude a peace the more readily; and now their displeasure was equal to their disappointment. Accordingly when Regulus returned to Africa, they wreaked their vengeance upon him with extreme ferocity. They put him to a most torturing and excruciating death.

The tortures inflicted upon Regulus so incensed the Roman Senate, that they delivered the chief of the Carthaginian captives to Marcia, his widow, to be treated at her discretion. Marcia condemned them to the same kind of sufferings that her husband had undergone at Carthage.

The war being thus protracted, the Consul Claudius Pulcher proceeded with the new fleet to the seige of of Lilybæum, a city in Sicily;—but fighting, it is said, contrary to the auspices, he was defeated and nearly

তাহা রক্ষা করিতে তিনি বদ্ধ নহেন। পুরোহিত কহিলেন যে বলদ্বারা শপথ করাইলে সে শপথ গ্রাহ্য নহে। কিন্তু রেগুলস স্বদেশে থাকা গর্হনীয় জ্ঞান করিলেন। তিনি কার্থেজিনদের দাস সুতরাং আপনাকে রোমে বাস করিবার অপাত্র বোধ করিলেন। তিনি পরাজিত হইয়া শত্রু হস্তে পড়িয়াছেন অতএব আর রোম নগরবাসী হইতে পারেন না। তিনি বলিলেন "আমি ফিরিয়া যাইবার জন্য শপথ করিয়াছি, অতএব আমার যাওয়া কর্ত্তব্য, পরে যাহা হয় তাহা দেবতাদের ইচ্ছা"।

যখন কার্থেজিনেরা শুনিলেক যে রেগুলস সেনেটরদের নিকটে তাহাদের সন্ধি বিষয়ক কথার পোষক উক্তি না করিয়া বরং তাহার বিপরীতে যথাসাধ্য ব্যাঘাত দিয়াছেন তখন তাহাদের ক্রোধের সীমা রহিল না। তাহাদের প্রত্যাশা ছিল যে তাঁহাকে দেখিয়া রোমানেরা ত্বরায় যুদ্ধের শেষ করিবে, এক্ষণে সে আশায় নিরাশ হওয়াতে তাহারা অত্যন্ত বিরক্ত হইল, অতএব রেগুলস আফ্রিকাতে ফিরিয়া আইলে তাহারা অত্যন্ত ক্রূরতা পূর্ব্বক তাঁহার উপর আপনাদের নৈরাশের পরিশোধ লইল এবং দারুণ দুঃখ ও যন্ত্রণা দিয়া তাঁহার প্রাণ নষ্ট করিল।

রেগুলসকে এমত যন্ত্রণা দিয়া বধ করিয়াছে তাহা শুনিয়া সেনেটরেরা অত্যন্ত কুপিত হইয়া কার্থেজিনদের প্রধান২ বন্দিদিগকে রেগুলসের স্ত্রী মার্সিয়ার হস্তে সমর্পণ করিলেন এবং তাহাদের উপর তাঁহার ইচ্ছামত ব্যবহার করিতে কহিলেন। মার্সিয়া তাহাদিগকে আপন স্বামী কার্থেজে যেরূপ যন্ত্রণা পাইয়াছিল তদ্রূপ যন্ত্রণা দিলেন।

এইরূপে যুদ্ধের নিবৃত্তি না হওয়াতে ক্লদিয়স পলকর্ কন্সল হইয়া এক নূতন বহর লইয়া সিসিলির অন্তর্গত লিলিবিয়ম নগর আক্রমণ করিতে প্রস্থান করিলেন। কথিত আছে যে তিনি অশুভক্ষণে যুদ্ধ করিয়াছিলেন তাহাতে প্রায় সমস্ত জাহাজ নষ্ট হইল এবং তিনি স্বয়ং পরাস্ত হইলেন। দুইশত

the whole navy was destroyed. He escaped with thirty only of two hundred and twenty ships. Ninety were taken with the soldiers on board and the rest were sunk. Twenty thousand men were taken prisoners. Caius Junius, the other Consul, too, lost his fleet by shipwreck, though he was able to save his army, because the shore was near.

But in the twenty-third* year of the Carthaginian war, Caius Luctatius Catulus and Aulus Posthumius Albinus being Consuls,—the command of the army against the Africans was committed to Catulus. He went over to Sicily with three hundred ships. The Africans too fitted out an equal number against him. Catulus the Commander embarked on board his ship while he was yet suffering from the wounds he had received in a former engagement. He met the Carthaginian fleet under Hanno over against Lilybæum, where a battle was fought with the utmost bravery on the part of the Romans. This victory was conclusive. The Carthaginians lost thirty-two thousand of their men taken prisoners and thirteen thousand slain. Of their ships seventy-three were taken and a hundred and twenty-five sunk.† An infinite quantity of gold and silver came into the possession of the Romans. As to the Romans themselves, they lost only twelve of their

* According to Polybius and others this was the twenty-fifth year of the war.

† Polybius says fifty ships were sunk, and seventy taken.

বিংশতি জাহাজ লইয়া গিয়াছিলেন তাহার মধ্যে কেবল ত্রিংশৎখান লইয়া ফিরিয়া আইলেন! নবতিসংখ্যক জাহাজ আরূঢ় যোদ্ধাদের সহিত শত্রু হস্তে পড়িল, অবশিষ্ট জাহাজ মগ্ন হইল, আরো বিশ হাজার লোক ধরা পড়িয়া বন্দী হইল। দ্বিতীয় কন্সল কাইয়স জুনিয়সের জাহাজ সমূহও সমুদ্রোপরি আকস্মিক বিপদ ঘটনাতে নষ্ট হইল কিন্তু নিকটে কূল থাকাতে সৈন্যগণ রক্ষা পাইল।

অপর কার্থেজিনদের সহিত যুদ্ধের ত্রয়োবিংশ* বৎসরে কাইয়স লক্তেসিয়স কাটুলস ও অলশ পস্থুমিয়স অল্বিনস কন্সল হইলে আফ্রিকানদের বিরুদ্ধে যুদ্ধের ভার কাটুলসের উপর অর্পিত হইল, তিনশত জাহাজ লইয়া তিনি সিসিলিতে প্রস্থান করিলেন। আফ্রিকানেরাও তাঁহার প্রতিকূলে ঐরূপ জাহাজ প্রস্তুত করিল। কাটুলস পূর্ব্বে যুদ্ধে আঘাত পাইয়া ক্ষতযুক্ত হইয়াছিলেন অতএব পীড়িতাবস্থাতেই জাহাজ আরোহণ করিলেন। লিলিবিয়ম নগরের সম্মুখে এক যুদ্ধ হইল তাহাতে রোমানদের পক্ষে মহৎ বিক্রম প্রকাশ পাইল। এই যুদ্ধান্তে বিবাদের নিষ্পত্তি হইল, কার্থেজিনদের দ্বাত্রিংশৎ সহস্র লোক ধৃত ও ত্রয়োদশ সহস্র হত হইল এবং তাহাদের জাহাজের মধ্যে তিয়াত্তর খান† শত্রু হস্তে পড়িল ও একশত পঞ্চবিংশতি খান মগ্ন হইল। রাশি২ রজত কাঞ্চন রোমান-

* পোলিবিয়স ও অন্যান্যের মতে এবিষয় পঞ্চবিংশ বৎসরে হয়।

† পোলিবিয়স কহেন যে পঞ্চাশৎ জাহাজ মগ্ন ও সপ্ততি হৃত হয়।

ships. This battle was fought on the sixth of the ides of March, that is to say the 10th day of that month.

The signal defeat which the Carthaginians thus sustained off Lilybæum under the command of Hanno, inclined them to sue for peace. The Romans were now masters of the sea, and no relief could accordingly be sent to Hamilcar the Carthaginian general in Sicily. The Carthaginians plainly saw that Hamilcar, surrounded by enemies and suffering from want of provisions and re-inforcements, would soon be reduced to the utmost distress. They therefore sent him instructions to take what course he should think best for the honor and safety of the commonwealth, investing him at the same time with full powers to carry on the war, or conclude a peace according to his own judgment.

Hamilcar considered the prosecution of the war to be no way profitable for his country and despatched an ambassador to the Roman Consul with an overture of peace. Catulus, though desirous himself of putting an end to a war which had so much exhausted the resources of the Roman commonwealth, at first imperiously demanded that Hamilcar and his soldiers should deliver up their arms. To this the Carthaginian would not submit. He could not, he said, give up into the hands of his enemies, those arms which he had received from his country to be used against them.* The Roman Consul at last consented to a treaty for peace

* Cornelius Nepos.

দের হস্তগত হইল। রোমানদের পক্ষে কেবল দ্বাদশসংখ্যক জাহাজ নষ্ট হইয়াছিল, এইযুদ্ধ মার্চ মাসের দশম দিবসে হয়।

লিলিবিয়ম নগরের সম্মুখে হানো নামক অধ্যক্ষের শাসনে এইরূপে সম্পূর্ণ পরাজিত হইয়া কার্থেজিনেরা সন্ধি করণার্থে অত্যন্ত ব্যগ্র হইল। রোমানেরা এক্ষণে সমুদ্রের আধিপত্য পাইল অতএব সিসিলিতে হামিল্‌কার নামক যে সেনাপতি ছিল তাহাকে কার্থেজিনেরা কোন প্রকার সাহায্য পাঠাইতে পারিল না। তাহাদের স্পষ্ট অনুমান হইতে লাগিল যে হামিল্‌কার শত্রুর দ্বারা বেষ্টিত হইয়া খাদ্যাদির ও সৈন্যের অভাবে ক্লেশ পাইয়া শীঘ্র ঘোর দুর্গতিতে পড়িবেক অতএব তাহার নিকট লোক পাঠাইয়া কহিল যে স্বদেশের মর্য্যাদা ও হিতার্থে যাহা শ্রেয়ঃ বোধ হয় তাহা কর এবং যুদ্ধ প্রবল রাখা কিম্বা নিবৃত্ত করা যাহা আপন বিবেচনাতে উত্তম বোধ হয় তাহা করিতে তাহাকে ক্ষমতা দিল।

হামিল্‌কার দেখিলেন যে যুদ্ধের অবসান না করিলে তাঁহার স্বদেশের মঙ্গল হইবে না অতএব রোমান কন্সলের নিকট সন্ধি করণার্থে এক দূত প্রেরণ করিলেন। কাটুলস আপনিও যুদ্ধের নিবৃত্তি করিতে ইচ্ছান্বিত ছিলেন কেনন৷ অনেক দিন সংগ্রাম থাকাতে রোম দেশের অনেক সম্পত্তির হ্রাস হইয়াছিল তথাপি প্রথমতঃ হামিল্‌কারের দূতকে অহঙ্কার পূর্ব্বক কহিলেন যে হামিল্‌কার সসৈন্যে সমস্ত যুদ্ধাস্ত্র তাঁহার হস্তে সমর্পণ না করিলে সন্ধি হইবেক না। কার্থেজিনদের অধ্যক্ষ এ কথায় সম্মত হইলেন না, তিনি উত্তর দিলেন যে শত্রুর হিংসার্থে যে অস্ত্র স্বদেশ হইতে প্রাপ্ত হইয়াছেন তাহা কোন কারণে শত্রুর হস্তে সমর্পণ করিতে পারেন না*। পরে রোমান কন্‌সল নীচে

* কর্ণিলিয়স নিপস।

on the following terms—*that the Carthaginians should evacuate all Sicily,—that they should deliver up all the Roman prisoners ransom-free,—that they should pay to the Romans within the space of twenty years 2200 talents of silver, of which one thousand was to be paid immediately,—that they should not make warupon King Hiero nor upon any of the allies of Rome; nor should the Romans molest any of the allies of Carthage;—that neither of the contracting powers should raise any fortress or levy any soldiers in the dominions of the other;—nor should either of them enter into confederacy with the allies of the other.*

The Roman senate approved these articles with some additions of minor importance, to which the Carthaginian general consented. The treaty was ratified and the peace concluded. Thus ended the first Punic War, which lasted twenty-two years,* and which, by exhibiting the vast resources of Rome and the undaunted energies of her inhabitants, rendered the Roman name so illustrious at home and abroad.

---

* Eutropius says the first Punic War lasted twenty-two years, but Polybius and others make it twenty-four years.

লিখিত এই ২ নিয়মে সন্ধি করিতে সম্মত হইলেন যথা—কার্থে-জিনেরা সমস্ত সিসিলি ত্যাগ করিয়া আসিবে এবং সমুদয় রোমান বন্দিগণকে বিনা বেতনে মুক্ত করিবে; বিংশতি বৎসরের মধ্যে রোমানদিগকে দুই সহস্র দুইশত তালন্ত রৌপ্য দিবে তাহার মধ্যে এক সহস্র এক্ষণে দান করিবে; তাহারা হাইরো কিম্বা রোমানদের অন্য কোন মিত্রের সহিত কখন যুদ্ধ করিবে না আর রোমানেরাও কার্থেজিনদের কোন মিত্রকে দুঃখ দিবেন না; উভয় দলের মধ্যে একজন অন্যের রাজ্যে দুর্গ নির্ম্মাণ কিম্বা সৈন্য সংগ্রহ করিতে পারিবেন না এবং কেহ পরস্পরের মিত্রগণের সহিত কোন বিষয়ে মিলিতে পাইবেন না।

রোমান সেনেট এ সমস্ত নিয়মে সম্মত হইলেন আর ইহার উপর কএক ক্ষুদ্র কথা যোগ করিলেন তাহাতে কার্থেজিন সেনাপতি আপত্তি করিলেন না, অতএব নিয়ম পত্রের দার্ঢ্য হইল এবং সন্ধি স্থির হইল। এইরূপে দ্বাবিংশতি* বৎসর পর্য্যন্ত প্রবল থাকিয়া প্রথম পুনিক যুদ্ধের শেষ হইল, এই যুদ্ধে রোম নগরের বহু সম্পত্তি ও রোমান লোকদের বিক্রম ও প্রতাপ প্রকাশ পাওয়াতে তাহাদের যশঃ স্বদেশে ও বিদেশে স্বর্ব্বত্র ব্যাপ্ত হইল।

---

* ইউত্রোপিয়স কহেন দ্বাবিংশতি বৎসর কিন্তু পোলিবিয়স ও অন্যানের মতে চতুর্ব্বিংশতি বৎসর।

CHAP III.

Peace with Carthage was not followed by an immediate suspension of hostilities. Scarcely had the treaty been ratified when the Falisci, who, as we have already stated, were reduced to the subjection of the Romans in the time of Camillus, rose up in arms. They were at one time a wealthy people in Italy. The Romans, flushed with their successes against the Carthaginians, were not easily to be intimidated by a nation so long subordinate to them. The Consuls Quintus Luctatius and Aulus Manlius completely routed them in two battles within six days. After losing fifteen thousand of their men, the Falisci surrendered and begged for peace. Peace was indeed granted them; but they were despoiled of their arms, horses and household goods, and deprived of half of their territory.*

Ptolemy, King of Egypt, was about this time engaged in war with Antiochus, King of Syria. The Romans sent ambassadors to Egypt offering their assistance to Ptolemy. He expressed his thanks for the obliging offer but as hostilities with the King of Syria had already ceased, he did not accept the promised help.

Although the Romans were not engaged in war with

* The Romans had thought of entirely demolishing the city of the Falisci, but Papirius reminded them that when in the time of Camillus they had acknowledged subjection to the Romans, they had yielded to the *faith* not the *power* of Rome.

৩ অধ্যায়,

রোমানেরা কার্থেজিনদের সহিত সন্ধি করিলেও তৎক্ষণাৎ যুদ্ধের নিবৃত্তি হইল না। এ সন্ধির নিয়ম পত্র স্বাক্ষরিত হইবামাত্র ফালিসিরা রণসজ্জাতে উঠিল, ইহারা কমিলসের সময়ে রোমানদের বশীভূত হইয়াছিল তাহা পূর্ব্বে কহাগিয়াছে। ইহাদের নগর ইতালির মধ্যে এককালে বড় ধনাঢ্য ছিল কিন্তু রোমানেরা সম্প্রতি কার্থেজিনদিগকে জয় করিয়া প্রফুল্ল হইয়াছিল, অতএব এতদিন আপনাদের অধীনস্থ এমত জাতির ভয়ে চঞ্চল হইল না। কুইন্টস লক্তেসিয়স এবং অলশ মান্লিয়স কন্সল হইয়া ছয় দিনের মধ্যে দুইবার যুদ্ধ করিয়া তাহাদিগকে সদ্য পরাস্ত করিলেন, তাহাদের পঞ্চদশ সহস্র লোক বধ হইলে তাহারা শরণাগত হইয়া সন্ধির প্রার্থনা করিল। রোমানেরা এ প্রার্থনা গ্রাহ্য করিলেন বটে কিন্তু তাহাদের অস্ত্র শস্ত্র ও ঘোটক এবং অন্যান্য ভূরি ২ দ্রব্য লুণ্ঠন করিয়া অর্দ্ধেক রাজ্য পর্য্যন্ত হরণ করিলেন*।

ঐ কালে ইজিপ্ত দেশের রাজা তলমি সিরিয়া দেশের রাজা আন্তিওকসের সহিত যুদ্ধে নিযুক্ত ছিলেন, রোমানেরা ইহা শুনিয়া ইজিপ্তরাজকে সাহায্য করিতে ইচ্ছা করিয়া দূত প্রেরণ করিলেন, ইজিপ্তরাজ তাহাদের সৌজন্যের কারণ কৃতজ্ঞতা স্বীকার করিলেন কিন্তু সাহায্য গ্রহণ করিলেন না কেননা তখন সিরিয়ারাজের সহিত যুদ্ধ সমাপ্ত হইয়াছিল।

যদিও দূরস্থ বিদেশীয় শত্রুর সহিত রোমানদের এ সময়ে

---

* রোমানেরা ফালিসিদের নগর ভূমিসাৎ করিতে মনস্থ করিয়াছিলেন কিন্তু পেপিরিয়স এমত কর্ম্মের বিরুদ্ধে কহিলেন যে ফালিসিরা কমিলসের কালে রোমানদের শক্তির অধীন না হইয়া ধর্ম্মের অধীন ইহয়াছিল।

any foreign nations, they were by no means in a state of tranquillity at home. They found much annoyance from several states in Italy. We have already spoken of the war with the Falisci, and now there was war with the Ligurians; but these people were soon reduced to subjection.

War was also now very near breaking out a second time with Carthage. The Carthaginians had endeavoured to get a footing in Sardinia. The Romans asserted their prior claims to this island,—having been first invited by the inhabitants,—and protested against the interference of Carthage. The Carthaginians, unwilling as yet to cause another rupture with their former enemies, left the island in the hands of the Romans.

Dissentions arising at Corsica, and the Sardinians taking up arms a second time, the Romans concluded that the Carthaginians were secretly influencing these outbreaks. They accordingly thought of declaring a a second war with their African rivals. But the Carthaginians, alarmed at the prospect of renewed hostilities, sent ten of their nobles to Italy, who succeeded in diverting the Romans from their warlike intentions.

And now the Romans had for a short time the enjoyment of peace and tranquillity. The temple of Janus was shut for the second time to indicate this cessation of hostilities. The inhabitants turned their thoughts to the celebration of games and the exhibi-

কোন যুদ্ধ ছিল না তথাপি স্বদেশের মধ্যে কোন মতে শান্তি হইল না, ইতালির অন্তর্গত নানা জাতির সহিত তাহাদিগকে সংগ্রাম করিতে হইল। ফালিসিদের প্রতিকূলে যে রণসজ্জা হইয়াছিল তাহা পূর্ব্বে উক্ত হইয়াছে সম্প্রতি লিগুরিদের সহিত বিবাদ উঠিল কিন্তু ইহারা শীঘ্র পরাস্ত হইল।

এই সময়ে কার্থেজিনদেরও সহিত পুনশ্চ যুদ্ধ হইবার সম্ভাবনা হইয়াছিল। কার্থেজিনেরা সার্দিনিয়া নামক উপদ্বীপ আপনাদের অধিকারে আনিতে চেষ্টা করিয়াছিল কিন্তু রোমানেরা তথাকার লোক কর্ত্তৃক পূর্ব্বে আহূত হইয়াছিল এই ছলে বিবাদি হইয়া কার্থেজিনদের ঐ চেষ্টাতে আপত্তি করিল। এই নিমিত্তে কার্থেজিনেরা পুনর্ব্বার যুদ্ধ করিতে অনিচ্ছু হইয়া উক্ত উপদ্বীপ রোমানদিগকে অধিকার করিতে দিল।

অনন্তর কর্সিকা উপদ্বীপের সহিত কিঞ্চিৎ কলহ হওয়াতে ও সার্দিনিয়াস্থ লোকেরা আর একবার অস্ত্রধারি হইয়া উঠিবাতে রোমানেরা অনুমান করিল যে এই সমস্ত বিরোধ কার্থেজিনদের কুমন্ত্রণাতে হইতেছে অতএব পুনর্ব্বার আফ্রিকাতে যুদ্ধ করিবার কল্পনা করিতে লাগিল, কিন্তু কার্থেজিনেরা এমত ভয়ঙ্কর শত্রুর সহিত যুদ্ধের প্রসঙ্গ শুনিয়া অত্যন্ত ভীত হইয়া আপনাদের দশ জন প্রধান লোক পাঠাইয়া রোমানদিগকে এই প্রতিজ্ঞা হইতে নিরস্ত করিল।

এক্ষণে কার্থেজিন প্রভৃতি অন্যান্য জাতির সহিত সম্মিলন থাকাতে রোমানেরা কিঞ্চিৎকাল শান্তি ভোগ করিতে পাইলেন অতএব যুদ্ধের নিবৃত্তি হইয়াছে ইহা প্রকাশ করণার্থ

tion of dramatic shows. Hiero, King of Sicily, had come to witness these exhibitions. He distributed among the people a large quantity of wheat which he had brought with him.

When Lucius Posthumius Albinus and Cnæus Fulvius Centumalus were Consuls, a war broke out with the Illyrians. The Illyrians were at this time governed by a queen named Teuta. Some of their pirates had committed depredations against certain Roman merchants at sea. The Romans sent ambassadors to the Illyrian Queen to complain of these outrages. Teuta disregarded the embassy and caused the ambassadors to be assassinated. The Romans were enraged at such barbarous conduct and declared war against her. The Illyrians were ultimately subdued; many of their cities were taken; and a triumph was decreed on account of these conquests.

While Lucius Æmilius was Consul, and before the termination of the Illyrian war, the Gauls were making warlike preparations against Rome. They crossed the Alps and spread terror throughout the whole of Italy. The Italian states unanimously joined in a confederacy with the Romans in order to expel these invaders. The army raised for this purpose in Italy is estimated by some historians at eight hundred thousand. The Romans slew forty-thousand of the enemy and routed the rest. Æmilius was honoured with a triumph on account of this victory.

Then four years after, the Romans once more en-

জেনস্ দেবের মন্দির দ্বিতীয় বার রুদ্ধ হইল।—নগরস্থ লোকেরা নাটক কৌতুকাদি নানাপ্রকার আমোদে প্রবৃত্ত হইতে লাগিল, এবং এই সকল আমোদাদি দর্শনার্থে সিসিলির রাজা হাইরো রোম নগরে আগমন করিলেন ও অনেক শস্যাদি খাদ্যদ্রব্য সঙ্গে আনিয়া লোকদের মধ্যে বিতরণ করিলেন।

অনন্তর লুসিয়স পস্থুমিয়স অল্‌বিনস ও নিয়স ফুল্‌বিয়স সেন্তুমেলসের কনসলত্ব সময়ে ইলিরিয় নামক এক জাতির সহিত যুদ্ধ হইল, ইহারা এ সময়ে তিউতা নাম্নী রাণীর শাসনে ছিল, যুদ্ধের কারণ এই যে তাহাদের কএক দস্যুবৃত্ত লোক সমুদ্রে কোন ২ রোমান বণিকদের জাহাজ লুঠ করিয়াছিল তাহাতে রোমানেরা রাণীর নিকট দূত পাঠাইয়া এই উৎপাতের কথা জ্ঞাপন করিলেন এবং দস্যুদের শাস্তি দিতে অনুরোধ করিলেন। রাণী তাহাদের নিবেদন অগ্রাহ্য করিয়া দূতদিগকে গোপনে বধ করাইলেন অতএব রোমানেরা এমত দৌরাত্ম্যে মহা ক্রুদ্ধ হইয়া তাঁহার সহিত সংগ্রাম করিলেন, পরে ইলিরিয়েরা অবশেষে পরাস্ত হইল এবং রোমানেরা তাহাদের অনেক নগর হরণ করিয়া মহা গৌরবে জয় যাত্রার বিধান করিলেন।

লুসিয়স ইমিলিয়সের কন্সলত্বকালে ইলিরিয়ার যুদ্ধ সমাপ্ত হইবার পূর্ব্বে গালীয়েরা রোমানদের বিরুদ্ধে রণসজ্জা করিতে লাগিল এবং আল্পস পর্ব্বত পার হইয়া সমস্ত ইতালিতে মহাভয় বিস্তার করিল। ইতালিস্থ সকল দেশ একত্র হইয়া রোমানদের সহিত মিলিয়া এ উৎপাতকারিদিগকে বহিষ্কৃত করিতে চেষ্টা করিল। কোন ২ ইতিহাস বেত্তারা কহেন যে এই যুদ্ধে ইতালিতে আট লক্ষ সৈন্য প্রস্তুত হইয়াছিল। রোমানেরা চল্লিশ হাজার লোক বধ করিয়া শত্রুদলকে ছিন্ন ভিন্ন করিলেন এবং ইমিলিয়স যুদ্ধান্তে জয় যাত্রা করিতে বিধি পাইলেন।

চারি বৎসর পরে রোমানেরা পুনশ্চ ইতালি দেশের অন্তরে

gaged the Gauls within Italy. The glorious termination of this war was owing to the Consuls Marcus Claudius Marcellus and Cneus Cornelius Scipio. Marcellus proceeded against the enemy with a small body of horse, and slew with his own hands Viridomarus, the King of the Gauls. Scipio was then investing the city of Mediolanum, now called Milan. The victorious Marcellus came to his assistance, and the two Consuls, thus united, cut off a vast army of the Gauls and reduced the whole of Italy to Roman subjection. An abundance of plunder was brought to Rome. Marcellus carried the spoils of the Gaulish King in triumph to the city—bearing them upon his own shoulders fixed to a pole.

A second war with the Illyrians broke out about this time.—Demetrius, whom the Romans had placed in the government of this country, took advantage of their wars with the Gauls and committed several outrages against them. The Consuls Livius Salinator and Æmilius Paulus proceeded with an army to chastise him.—Demetrius escaped to Macedon.

The great concourse of strangers, which had come from Egypt and elsewhere, had introduced into Rome the worship of the Egyptian gods Isis and Osiris. The senate looked with indignation upon the establishment of a foreign religion in their own city, and passed an order for the demolition of the sanctuaries dedicated to those idols. No one could however be found who had

গালীয়দের সহিত সংগ্রামে প্রবৃত্ত হইলেন, মার্কস মার্সেলস্ ও নিয়স সিপিওর বীরত্ব প্রযুক্ত এ যুদ্ধে তাঁহারা মহা গৌরবে কৃতকার্য্য হইলেন, মার্সেলস অত্যল্প অশ্বারূঢ় সৈন্যের সহিত গালীয়দের উপর আক্রমণ করিয়া তাহাদের রাজা বিরিডো মেরসকে স্বহস্তে বধ করিলেন, ইতিমধ্যে সিপিও মিডিওলেনম নগর যাহাকে এক্ষণে মিলান কহাযায় তাহা বেষ্টন করিতে-ছিলেন, পরে মার্সেলস জয় ২ কার করিতে ২ তাঁহার সাহায্যে আইলে দুইজন কন্সল একত্র মিলিয়া সহস্র ২ গালীয়দিগকে নষ্ট করিলেন এবং ইতালির সমস্ত দেশ রোম রাজ্যের শাসনে আনিলেন ইহাতে রোম নগরে রাশি ২ লুণ্ঠিত দ্রব্য আনীত হইল, মার্সেলস জয়যাত্রা করত মৃত গালীয় রাজের হৃত সজ্জা এক যষ্টির উপর বাঁধিয়া আপন স্কন্ধে বহিতে ২ নগর প্রবেশ করিলেন।

অপর ইলিরিয়দের সহিত দ্বিতীয়বার যুদ্ধ উপস্থিত হইল। দিমিত্রিয়স নামক এক ব্যক্তিকে রোমানেরা এ রাজ্যের অধি-পতি করিয়াছিলেন, সে ব্যক্তি এক্ষণে গালীয়দের সহিত উক্ত বিবাদ দেখিয়া রোমানদের প্রতিকূলে অনেক উৎপাত করিতে লাগিল, লিবিয়স সেলিনেতর এবং ইমিলিয়স পলস তাহাকে শাস্তিদিতে সসৈন্যে গমন করিলেন, দিমিত্রিয়স তাহাদের ভয়ে মাসিদনে পলায়ন করিল।

এই সময়ে ইজিপ্ত এবং অন্যত্র হইতে অনেক বিদেশীয় লোক আসিয়া রোম রাজ্যে ইসিস ও ওসিরিস নামক ইজিপ্ত-দের কল্পিত দেবতার অর্চ্চনা স্থাপন করিল। সেনেটরেরা রোম নগরে বিদেশীয় ধর্ম্মের উন্নতি দেখিয়া অতি ক্রুদ্ধ হইয়া ঐ ২

the boldness to execute such order.—At last the Consul Æmilius took a hatchet, and broke down those sanctuaries with his own hands.

And now another great rupture between Rome and Carthage was coming on apace.—Hannibal, the great Carthaginian hero, while yet only twenty years old, made war upon the Saguntines,—a people in Spain, reckoned by the Romans among their allies. This led to the SECOND PUNIC WAR.

Though hostilities had ceased between the Romans and the Carthaginians, there was little of real amity between them. Both were at that time superior to the rest of the world, on account of their commerce and their military skill. Accordingly there existed much jealousy and rivalry between them.—The Romans were desirous of exercising supremacy over the Carthaginians,—the Carthaginians were unwilling to submit to such humiliation; and although, in consequence of the reverses they had experienced, they had consented to all the demands of the Romans in order to obtain peace,—yet these concessions had always been galling to their pride, and they had ever been watching an opportunity of throwing off the restraints which the treaty imposed upon them. They had been especially mortified by the surrender of Sardinia and Corsica. Hannibal moreover was the sworn enemy of Rome—eager to crush her power. His father Hamilcar had

দেবতাদের প্রতিষ্ঠিত মন্দির নষ্ট করিতে আজ্ঞা দিলেন—কিন্তু দেবালয় নষ্ট করিতে কোন লোকের সাহস হইল না পরে কন্সল ইমিলিয়স আপনি এক কুঠার লইয়া সহস্তে ঐ দেবতা-দের বেদি ভগ্ন করিলেন।

রোমান ও কার্থেজিনদের মধ্যে যে সন্ধি হইয়াছিল তাহা সম্প্রতি ভগ্ন হইতে লাগিল, হানিবল নামক কার্থেজিনদের এক মহাবীর বিংশতিবৎসর মাত্র বয়ঃক্রম কালে স্পেন দেশে রোমানদের মিত্রভাবে গণিত সাগন্তিন নামক এক জাতির উপর আক্রমণ করিলেন তাহাতে দ্বিতীয় পুনিক যুদ্ধ উপস্থিত হইল।

রোমান ও কার্থেজিনদের মধ্যে যুদ্ধের অবসান হইলেও তাহাদের পরস্পর আন্তরিক সদ্ভাব ও মিত্রতা কখনই হয় নাই—অন্যান্য জাতির মধ্যে তাহারা উভয়েই বাণিজ্য ও যুদ্ধ কৌশলে তখন শ্রেষ্ঠ ছিল সুতরাং তাহাদের পরস্পর ঈর্ষা জন্মিয়াছিল—রোমানেরা কার্থেজিনদের উপর প্রাধান্য করিয়া সর্ব্বশ্রেষ্ঠ হইতে বাসনা করিয়াছিলেন কিন্তু কার্থেজি-নেরা এমত লাঘব স্বীকার করিতে অসম্মত ছিল এবং যদিও দুর্দ্দশা প্রযুক্ত যুদ্ধ নিবারণার্থে রোমানদের বাঞ্ছিত সমস্ত পণেতে স্বীকৃত হইয়া সন্ধি করিয়াছিল তথাপি সে সকল পণ স্মরণ করিলে সর্ব্বদা তাহাদের মনে ক্ষোভ জন্মিত এবং সে নিয়ম পত্রের শৃঙ্খল হইতে তাহারা আপনাদিগকে মুক্ত করণার্থে অবি রত সুযোগ অনুসন্ধান করিত, অধিকন্তু কর্সিকা ও সার্দিনিয়া নামক উপদ্বীপ দ্বয় রোমানদের হস্তে সমর্পণ করাতে তাহারা মর্ম্মান্তিক দুঃখ পাইয়াছিল, বিশেষতঃ হানিবল রোমানদের

made him swear upon an altar, while he was only nine years old, that he should never cease to bear enmity against the Romans.

With a view then to reduce the Roman power, Hannibal began the war in Spain. The Romans sent ambassadors to him to protest against his attack of Saguntum. Hannibal refused to see them, and would not grant an audience.

The ambassadors then went over to Carthage and complained against these unjust proceedings on the part of Hannibal. They stated before the Carthaginian senate that Hannibal ought to be forbidden to make war upon the allies of Rome. Hanno, the avowed, enemy of Hamilcar's family and of the Barcan faction, supported the statement of the Roman ambassadors, and spoke at considerable length on the propriety of directing the siege of Saguntum to be immediately raised. But the Carthaginians disregarded the counsel of Hanno. The Romans sent a second embassy, and declared that if Hannibal were not delivered up into their hands, war should immediately be proclaimed. The Carthaginians received the message undaunted, and accepted the war.

Thus was formally and openly commenced the SECOND PUNIC WAR, the description of which Livy solemnly introduces with the following remarks:

"To this division of my work I may be allowed to prefix a remark, which most writers of history make in the beginning of their performance; that I am going

নিয়ত শত্রু হইয়া রোম রাজ্য খর্ব্ব করণার্থে অত্যন্ত ব্যগ্র ছিলেন ইহার এক মহা কারণ এই যে তাঁহার নয় বৎসর বয়ঃক্রম সময়ে তাঁহার পিতা হামিল্কার এক দেবতার বেদি স্পর্শ করাইয়া তাঁহাকে শপথ করাইয়াছিলেন যে তিনি কখন রোমানদের প্রতিকূলে শত্রুতা করিতে ত্রুটি করিবেন না।

অতএব রোম রাজ্য ধ্বংস করিবার অভিপ্রায়ে হানিবল স্পেনেতে যুদ্ধ আরম্ভ করিলেন, তিনি সাগন্তম নগর বেষ্টন করিতেছেন ইহা শুনিয়া রোমানেরা তাঁহার নিকট দূত প্রেরণ করিল—হানিবল দূতদের সহিত সাক্ষাৎ করিতে অনিচ্ছু হইয়া তাহাদিগকে নিকটে আসিতে দিলেন না।

তাহাতে দূতেরা কার্থেজ নগরে প্রস্থান করিয়া হানিবলের অন্যায় আচরণ জানাইতে লাগিলেন। কার্থেজ নগরীয় মহা সভাতে উপস্থিত হইয়া দূতগণ নিবেদন করিল যে রোমানদের মিত্রের প্রতিকূলে সংগ্রাম করিতে হানিবলকে নিষেধ করা কার্থেজিনদের কর্ত্তব্য। তখন হানো নামক একজন হামিলকার গোষ্ঠীর ও বার্কীয় দলের প্রকাশ্য শত্রু রোমান দূতদের নিবেদনের পোষক উক্তি করিয়া অনেকক্ষণ পর্য্যন্ত বক্তৃতা পূর্ব্বক হানিবলকে সাগন্তম নগর বেষ্টন বিষয়ে ক্ষান্ত হইতে আজ্ঞা দেওয়া কর্ত্তব্য এই পরামর্শ দিল, কিন্তু কার্থেজিনেরা তাহার পরামর্শ অগ্রাহ্য করিল, তাহাতে রোমানেরা পুনশ্চ দূত পাঠাইয়া সংবাদ দিল যে কার্থেজিনেরা যদি হানিবলকে তাহাদের হস্তে সমর্পণ না করে তবে দ্বিতীয় বার যুদ্ধ হইবে, এ সংবাদে কার্থেজিনেরা ভয় না পাইয়া যুদ্ধ দিতে স্বীকার করিল।

অতএব দ্বিতীয় পুনিক যুদ্ধ এক্ষণে স্পষ্টরূপে আরম্ভ হইল। এ যুদ্ধ বর্ণনার অব্যবহিত পূর্ব্বে লিবি নামক গ্রন্থ কর্ত্তা ভূমিকা স্বরূপ গম্ভীর ভাবে কহেন, যথা।

"পুরাবৃত্ত রচকদের মধ্যে অনেকে যেমন গ্রন্থারম্ভ কালে ভূমিকা স্বরূপ যৎকিঞ্চিৎ উক্তি করিয়া থাকেন তদ্রূপ আমার গ্রন্থের এইখণ্ডে প্রথমতঃ কহা কর্ত্তব্য যে আমি এক্ষণে সর্ব্বা-

to write of a war, the most memorable of all that were ever waged; that which the Carthaginians, under the conduct of Hannibal, maintained with the Roman people: for never did any other states or nati ons of more potent strength and resources, engage in a contest of arms;—nor did these same nations at any other period possess so great a degree of power and strength. The arts of war also, practised by each party, were not unknown to the other; for they had already gained experience of them in the first Punic war; and so various was the fortune of this war, so great its vicissitudes, that the party which proved in the end victorious, was, at times, brought the nearest to the brink of ruin. Besides, they exerted, in the dispute, almost a greater degree of rancour than of strength; the Romans being fired with indignation at a vanquished people presuming to take up arms against their conquerors; the Carthaginians, at the haughtiness and avarice which they thought the others showed in their imperious exercise of the superiority which they had acquired."*

While the Romans were losing time in fruitless embassies to Carthage, Hannibal was vigorously carrying on the seige of Saguntum. The inhabitants were reduced to the last extremity. They would not however capitulate. Many of them chose rather to consign themselves, their wives and children, and their substance to the flames, than submit to the conditions dictated by

* Livy, Lib xxi.

পেক্ষা অতি মহৎ যুদ্ধের বর্ণনা করিতে উদ্যত হইতেছি, কার্থেজিনেরা হানিবলকে অধ্যক্ষ করিয়া রোমানদের সহিত যে যুদ্ধ করিয়াছিল তাদৃশ মহাযুদ্ধ আর কখনও হয় নাই।—এমত পরাক্রান্ত ও যোত্রাপন্ন জাতি কখন কোন দেশে পরস্পরের প্রতিকূলে অস্ত্রধারি হয় নাই, এবং এই পরাক্রমশালি জাতিরাও এ সংগ্রামের কালে যেমত শক্তিমন্ত ও তেজস্বি ছিল তদ্রূপ অন্য কোন কালে ছিল না, তৎকালীন তাহারা পরস্পরের যুদ্ধ কৌশলে অনভিজ্ঞ ছিল না কেননা প্রথম পুনিক যুদ্ধে উভয়ে পরস্পরের রণ ধারার পরিচয় পাইয়াছিল, এবং এ যুদ্ধে এমত বিবিধ প্রকার শুভাশুভ ঘটনা উভয় পক্ষে হইয়াছিল যে যাঁহারা অবশেষে জয়ি হইলেন তাঁহারাই অনেকবার সদ্য বিনাশ পাইবার শঙ্কাতে পড়িয়াছিলেন আর যেমত উভয়ে বহু পরাক্রমের সহিত রণ করিয়াছিলেন তেমন বরং ততোধিক দ্বেষ ও হিংসাতে এক দল অন্য দলকে সংহার করিতে যত্নশীল হইয়াছিল। কার্থেজিনেরা পূর্ব্বে পরাস্ত হইয়া পুনশ্চ স্পর্দ্ধা করিয়া অস্ত্রধারি হওয়াতে রোমানদের ক্রোধ প্রজ্বলিত হইয়াছিল, এবং রোমানেরা জয়ি হইয়া অত্যন্ত দর্প ও অর্থলোভ প্রকাশ করিতেছে এই ভাবিয়া কার্থেজিন লোকেরা অতিশয় রাগেতে প্রমত্ত হইয়াছিল"*।

রোমানেরা কার্থেজ নগরে দূত পাঠাইয়া বৃথা কালক্ষেপ করিতেছিলেন কিন্তু হানিবল মহা প্রতাপের সহিত সাগন্তম নগর আক্রমণে যত্ন করিতে লাগিলেন। ঐ নগরবাসিরা দারুণ দুর্দ্দশাগ্রস্ত হইলেও হানিবলের শরণাগত হইতে কোন ক্রমে সম্মত হইল না। হানিবল যে পণ অঙ্গীকার করিতে আজ্ঞা দিলেন তাহা স্বীকার না করিয়া বরং অনেকে যথা সর্ব্বস্ব লইয়া স্ত্রী পুত্রের সহিত অগ্নিকুণ্ডে আপনাদিগকে নিক্ষেপ করিল।

---

* লিবি ২১ সর্গ।

the conquerors. Notwithstanding this destruction of life and property, Hannibal obtained a great store of wealth by plunder.

And now Hannibal undertook the execution of a project, the grandest and the most arduous ever recorded in history. He thought of marching to Italy across the Pyrenees and the Alps. With this view he left his brother Asdrubal in Spain, where he had already reduced many cities to the obedience of Carthage, and proceeded on his intended expedition. The Pyrenees he passed without much difficulty. The Gauls that bordered upon Spain were at first inclined to oppose his progress, but he gained them over by gentle words and rich presents, or subdued them by force and stratagem. Notwithstanding his difficulties and disadvantages, he contrived to cross the Rhone with his army, his horses and his elephants. The passage over the inaccessible Alps he attempted with all the energy, the undaunted bravery and the consummate skill for which his name has become so illustrious in history. In spite of the almost insurmountable obstacles which the savage and ferocious mountaineers presented, and which were rendered still more terrific by the heaps of snow and the steep and craggy paths before him—he continued his march with incredible tact and perseverance until he passed the mountains with his army, his baggage and his no way tractable elephants and horses. It is

লোকেরা এইরূপে আত্মহত্যা ও বিষয় নাশ করিলেও হানিবল ঐ নগর গ্রহণ করিয়া রাশি২ ধন সম্পত্তি লুণ্ঠন করিতে পাইলেন।

অনন্তর হানিবল এমত এক মহৎ ও দুরূহ ব্যাপারের কল্পনা করিলেন যে তদ্রূপ কষ্টসাধ্য ব্যাপার কেহ কখন শুনে নাই। তিনি পিরিনিস ও আল্পস পর্ব্বত পার হইয়া স্থল পথে ইতালি প্রবেশ করিতে মনস্থ করিলেন। এই অভিপ্রায়ে আপন ভ্রাতা আস্‌দ্রুবলকে স্পেনে রাখিয়া আপনি নিজ সঙ্কল্পিত যাত্রা আরম্ভ করিলেন। স্পেনের অন্তর্গত নানা প্রদেশ কার্থেজিনদের অধীন করিয়াছিলেন। অপর পিরিনিস পর্ব্বত যৎকিঞ্চিৎ কষ্টে উত্তীর্ণ হইলেন। স্পেনের প্রান্তভাগে যে২ গালীয় জাতির বসতি ছিল তাহারা প্রথমত তাঁহার যাত্রাতে ব্যাঘাত দিতে ইচ্ছা করিয়াছিল, কিন্তু তিনি তাহাদের মধ্যে কতককে মিষ্টভাষা ও ধনদানে স্বপক্ষে আনিলেন কতককে ছলে ও বলে বশীভূত করিলেন, এবং অনেক বিঘ্ন ও ক্লেশ পাইলেও বুদ্ধির কৌশলে সসৈন্যে সমস্ত গজ ও অশ্ব সমেত রোন নদী পার হইলেন। পরে আল্পস নামক যে অগম্য গিরি তাহাও উত্তীর্ণ হইতে যত্ন করিলেন, এই পর্ব্বত পার হওনে তিনি এমত প্রতাপ ও বিক্রম এবং কৌশল ও নৈপুণ্য প্রকাশ করিয়াছিলেন যে তজ্জন্য পুরাবৃত্তে তাঁহার নাম সর্ব্বতোভাবে উজ্জ্বল হইয়াছে, পর্ব্বতীয় অসভ্য ও দুর্দ্দান্ত লোকেরা তাঁহাকে প্রায় অখণ্ড্য ব্যাঘাত দিয়াছিল, রাশীকৃত হিমানী এবং উচ্চ ও বিষম পথ প্রযুক্ত সে বাধা আরও ভয়ঙ্কর হইয়া উঠিয়াছিল, তথাপি এ সমস্ত নিরাকরণ করিয়া অবিশ্রান্ত যত্ন ও কর্ম্মদক্ষতা

said that he brought over, by a route almost impracticable, no less than eighty thousand infantry and twenty thousand horse besides twenty-seven elephants. Thus arrived in Italy, he directed his course towards Rome. The Ligurians and many Gallic nations, awed by his power, soon entered into his interest.

In the mean time the Romans, on hearing of Hannibal's successful career in Spain, and suspecting that he had an eye on Italy, sent Cornelius Scipio to oppose his progress, and especially to prevent his passage over the Pyrenees and the Rhone. When Scipio came with this view, he found he was just a few days too late. Hannibal had already passed the Pyrenees and crossed the Rhone, and was attempting his passage over the Alps. Instead, therefore, of vainly spending his time and energies in marching to Spain, Scipio came to the foot of the Alps in order to oppose the enemy's entrance into the plains of Italy.

The first battle which took place between the two armies under Hannibal and Scipio was on the banks of the river Ticin. Both generals had taken care to animate their respective men by suitable harangues. But the fortune of Hannibal prevailed. The Romans were routed with immense loss and put to flight. Scipio himself was wounded and obliged to retreat to his tent. Sempronius the other general of the Romans gave a second battle upon the river Trebia, but with no better success.

পূর্ব্বক আগমন করত অবশেষে সৈন্য সামন্ত দুরন্ত ঘোটক মত্ত হস্তি এবং সমস্ত দ্রব্যাদি লইয়া পর্ব্বত পার হইলেন। কথিত আছে যে এই দুর্গম পথদিয়া তিনি অশীতি সহস্র পদাতিক ও বিংশতি সহস্র অশ্ব এবং সপ্ত বিংশতি হস্তি আনিয়াছিলেন। এই রূপে ইতালিতে উপনীত হইয়া রোম নগরের অভিমুখে প্রস্থান করিলেন। লিগুরি ও অন্যান্য অনেক গালীয় লোকেরা তাঁহার পরাক্রম দেখিয়া ভীত হইয়া তাঁহার দলস্থ হইল।

ইতিমধ্যে স্পেনেতে হানিবলের সার্থক বিগ্রহের সংবাদ পাইয়া এবং তিনি ইতালি প্রবেশ করিতে মনস্থ করিয়াছেন এমত আশঙ্কা করিয়া তাঁহার শক্তি খর্ব্ব করণার্থে বিশেষতঃ পিরিনিস পর্ব্বত ও রোন নদী দিয়া তাঁহার যাত্রা নিবারণ করিতে রোমানেরা কর্ণিলিয়স সিপিওকে প্রেরণ করিল, ইনি আসিয়া দেখিলেন যে তাঁহার অভিপ্রায় সিদ্ধির কাল অতীত হইয়াছে কেননা হানিবল পিরিনিস পর্ব্বত পার হইয়া রোন নদী পর্য্যন্ত উত্তীর্ণ হইয়াছিল এবং আল্পস পর্ব্বতদিয়া ইতা-লিতে আসিতে চেষ্টা করিতেছে—অতএব সেখান হইতে স্পেনের অভিমুখে গমন করত বৃথা বিলম্ব না করিয়া ইতালির মধ্যে শত্রুর প্রবেশ করণে ব্যাঘাত দিতে সিপিও ত্বরায় আল্পস পর্ব্বতের তলে আসিয়া উপস্থিত হইলেন।

হানিবল ও সিপিওর শাসনে স্থিত দুই দল সৈন্য পরস্পর অভিমুখ হইয়া প্রথম তিসিন নদী তীরে যুদ্ধ করে—উভয় সেনাপতি উচিত মতে বক্তৃতা করিয়া আপন ২ সৈন্যের উৎ-সাহ বৃদ্ধি করিতে যত্ন করিয়াছিলেন, কিন্তু হানিবলের সৌভাগ্য প্রবল হইয়া উঠিল। রোমানেরা অনেক সৈন্য হারাইয়া পরাস্ত হইয়া পলায়ন করে, ও তাহাদের অধ্যক্ষ আপনি আঘাত পাইয়া ক্ষতযুক্ত হইয়া নিজ তাম্বুতে ফিরিয়া আই-সেন, পরে সেম্প্রোনিয়স নামে রোমানদের অন্যতর অধ্যক্ষ ত্রিবিয়া নাম্নী নদীর নিকট হানিবলকে যুদ্ধ দিলেন সেখানেও রোমানেরা পরাভূত হইল।

Flaminius was now chosen Consul and sent against Hannibal. He was more noted for his boldness and impetuosity, than for judgment and discretion,—and was therefore ill calculated to contend successfully against a general of Hannibal's patience, perseverance and skill. Rash and impatient, he drew up his men in such a disadvantageous situation that Hannibal experienced no great difficulty in overthrowing them. A mist arose from the lake Thrasymenus, which prevented the Romans from seeing anything. They were attacked in front, flank, and rear, almost before they could see the enemy. Fifteen thousand were slaughtered among whom was the Consul Flaminius himself. The rest escaped by flight. Owing to these repeated victories, many of the Italian states submitted to Hannibal.

The report of these repeated reverses spread great consternation in Rome. The Senate was, however, fully alive to its duty. Fabius Maximus was chosen Dictator and invested with especial powers to proceed against Hannibal. Fabius was of a temperament, the very reverse of that which distinguished some of the preceding generals. He was as wary and circumspect in his conduct as Sempronius and Flaminius had been rash and impetuous. He concluded that the Carthaginians must be ultimately overcome, if, instead of being hastily encountered in a general engagement, they were continually harassed by skilful movements on the part of the Romans. Delay must reduce them to great straits

অনন্তর ফ্লেমিনিয়স নামক এক ব্যক্তি কন্সল পদে নিযুক্ত হইয়া হানিবলকে যুদ্ধ দিতে প্রেরিত হইলেন—ইঁহার বুদ্ধি ও বিবেচনা অপেক্ষা সাহস ও রাগের অধিক প্রাবল্য, সুতরাং হানিবলের ন্যায় ধৈর্য্যান্বিত বিচক্ষণ ও কর্ম্ম তৎপর সেনাপতির সহিত সার্থক যুদ্ধ করিতে উপযুক্ত ছিলেন না, অতএব না বুঝিয়া ঝটিতি এমত অশুভ স্থানে রণ সজ্জাতে প্রস্তুত হইলেন যে হানিবল তাঁহাকে শীঘ্র অক্লেশে জয় করিল—থ্রাসিমিনী নামক হ্রদ হইতে এক ঘোর কুজ্ঝটিকা উঠিয়া রোমানদিগকে অন্ধ প্রায় করিল, তাহারা প্রায় শত্রুকে দেখিতে পাইবার পূর্ব্বে অগ্র পশ্চাৎ ও উভয় পার্শ্বে আঘাত পাইতে লাগিল, তাহাতে তাহাদের পঞ্চবিংশতি সহস্র হত হইল, তাহার মধ্যে কন্সল ফ্লেমিনিয়স আপনিও প্রাণ ত্যাগ করিলেন। যাহারা অবশিষ্ট ছিল তাহারা প্রাণ রক্ষার্থে পলায়ন করিল। হানিবলকে উত্তর২ জয়ী দেখিয়া ইতালির অনেক জাতি তাঁহার অধীন হইল।

রোমানদের বারম্বার পরাভব হওয়াতে রোম নগরে সকলের মনে অত্যন্ত ভয় জন্মিল, কিন্তু সেনেটরেরা ব্যাকুল হইয়া আপনাদের কর্ত্তব্যে ত্রুটি করিলেন না—তাঁহারা ফেবিয়স মাক্সিমস নাগক এক জনকে দিক্তেতর করিয়া এবং সকল কার্য্যের অধ্যক্ষতার নিমিত্তে বিশেষ ক্ষমতা দিয়া হানিবলের প্রতিকূলে পাঠাইলেন। পূর্ব্বতন কএক সেনাপতির যে প্রকার স্বভাব ছিল ফেবিয়সের স্বভাব ঠিক তাহার বিপরীত, সেম্প্রো-নিয়স ও ফ্লেমিনিয়স যেমন অবিবেচক ও চপল ছিল তিনি তেমনি সাবধান ও সতর্ক, অতএব তিনি ভাবিলেন যে ত্বরায় সাধারণ যুদ্ধ না করিয়া কেবল মধ্যে২ কৌশল পূর্ব্বক ক্লেশ দিলে কার্থেজিনেরা অবশেষে পরাস্ত হইবে,—যুদ্ধে বিলম্ব করিলে তাহারা বিদেশে আহারাদির অভাবে দুঃখ পাইবে

for want of provisions in a foreign country. Under this impression, Fabius began only to, watch the motions of the enemy, and declined coming to a general engagement, even when plainly invited to do so. His troops, however, unable to enter into his thoughts and eager to try their powers with the enemy, attributed his dilatory policy to mere cowardice. Many began to cast injurions imputations upon his conduct. Fabius disregarded the murmurs of his men, and steadily kept to his own measures which in the event succeeded in restraining the progress of Hannibal.

Æmilius and Varro were afterwards elected Consuls, and sent to relieve Fabius, and to carry on the operations against Hannibal. Fabius counselled them to avoid battle; the subtle and impatient Hannibal, he said, could only be overcome by delay. Æmilius received the exhortation with respect and followed it in his conduct. Varro disregarded the warning, and but too eagerly hastened to give battle at Cannæ in Apulia. A signal defeat was the consequence of this rashness. Both the Consuls were overcome. And though three thousand Africans were slain and a great part of Hannibal's army wounded, yet never did the Romans suffer so severely in their conflicts with the Carthaginians. The Consul Æmilius was himself killed. Twenty noble persons that had once been Consuls and prætors likewise fell. Thirty senators were taken or slain; and three hundred Patricians and forty thousand soldiers, together with three thousand five hundred horse were lost.

ইহা স্থির করিয়া হানিবল কি করেন তাহাই কেবল সতর্কতা পূর্ব্বক নিরীক্ষণ করিতে লাগিলেন এবং অনেকবার স্পষ্ট আহূত হইলেও সাধারণ রণ হইতে নিরস্ত থাকিলেন—কিন্তু তাঁহার সেনাগণ এতাদৃশ বিবেচনা করিতে না পারিয়া ও শীঘ্র যুদ্ধ দিতে অভিলাষী হইয়া বিলম্বকারি অধ্যক্ষকে সাহসহীন জ্ঞান করিতে লাগিল—তাহাতে অনেকে তাঁহার আচরণে দোষারোপ করিয়া অখ্যাতি করিতে আরম্ভ করিল—কিন্তু ফেবিয়স লোকদের গঞ্জনা না মানিয়া বিলম্ব করণের কৌশল হইতে নিরস্ত হইলেন না—আর এই বিলম্বদ্বারা অবশেষে তিনি হানিবলকে দমন করিলেন।

অনন্তর ফেবিয়সের পরিবর্ত্তে ইমিলিয়স ও বারো নামক দুই জন কন্সল পদে নিযুক্ত হইয়া হানিবলের সহিত যুদ্ধ করিতে প্রেরিত হইল, ফেবিয়স উভয়কেই যুদ্ধে বিলম্ব করিতে পরামর্শ দিলেন কেননা কেবল বিলম্ব করিলেই ঐ চতুর ও ধৈর্য্যহীন শত্রুর শক্তি ভগ্ন হইবে, ইমিলিয়স এ পরামর্শ শ্রদ্ধাপূর্ব্বক শুনিয়া আপন ব্যবহারে পালন করিলেন, কিন্তু বারো তাঁহার বারণ না মানিয়া সত্বর হইয়া ঝটিতি রণ উপস্থিত করিল, আপুলিয়ার মধ্যবর্ত্তি কানি নামক এক নগরের নিকট এই যুদ্ধ হয়, ত্বরা করিবার এই মাত্র ফল হইল যে রোমানেরা সম্পূর্ণ রূপে হারিয়া গেল,—উভয় কন্সলই পরাভূত হইলেন, কার্থেজিনদের তিন সহস্র লোক ঐ সংগ্রামে নষ্ট হইয়াছিল আর অনেকে আঘাত পাইয়াছিল বটে কিন্তু তথাপি কার্থেজিনদের সহিত যুদ্ধ করিয়া রোমানেরা কখনও এমত দারুণ দুঃখ পায়েন নাই কেননা কন্সল ইমিলিয়স আপনি ইহাতে প্রাণ হারাইয়াছিলেন, এবং পূর্ব্বে কন্সল কিম্বা প্রিতর ছিলেন এমত বিংশতি জন হত হইলেন, সেনেটরদিগের মধ্যে ত্রিশ জন হত কিম্বা ধৃত হইলেন, মহৎ কুলীনদের তিন শত জন ও চল্লিশ হাজার পদাতিক এবং তিন হাজার পাঁচ শত অশ্বারূঢ় লোক নষ্ট হইল।

Heavy as these losses were, they could not subdue the fortitude of the Romans. No one would think of suing to Hannibal for peace. No one dared give expression to such an idea. The Romans repudiated the humiliation of begging for peace. On the contrary, they replenished their army, thinned by the late defeats, and even enfranchised the slaves for serving in the war—an act which they had never done before.

In consequence of these continued misfortunes, the influence of the Romans greatly diminished in Italy. Many nations which had hitherto been in their subjection now declared for Hannibal. Hannibal sent ambassadors to Rome offering liberty to redeem the prisoners. The Senate returned for answer that those who, though armed, could be taken captives, did not deserve to become citizens of Rome, nor was their redemption worth the money. Their motive in sending this reply was to stimulate the Romans to fight with the greater bravery;—for, if once defeated and taken, there could be no further hope of deliverance from the enemy's hands.

Upon the refusal of the Senate to redeem the prisoners, Hannibal put them all to death with various tortures. He despoiled them of their gold rings and sent them to Carthage as evidences of his victory. At the same time, while he held out expectations to the Carthaginians of their hearing ere long of the destruction of Rome, he requested them to send him re-inforcements. When the despatches of Hannibal reached

কিন্তু এমত ঘোর বিপত্তি হইলেও রোমানদের উৎসাহ ভগ্ন হইল না, হানিবলের নিকট সন্ধির প্রার্থনা করা কাহারও মনোগত হইল না, কেহ এমত কথার প্রসঙ্গ করিতে ও সাহস করিল না, রোমানেরা নীচ হইয়া সন্ধির প্রার্থনা করা অত্যন্ত লজ্জাকর জ্ঞান করিলেন, ইহার বিপরীতে বরং তাঁহারা সৈন্যের বৃদ্ধি করিতে লাগিলেন কেননা যুদ্ধে পরাস্ত হওয়াতে অনেক লোক নষ্ট হইয়াছিল, এবং যাহারা দাসত্ব অবস্থাতে ছিল তাহাদিগকেও প্রাচীন রীতির ব্যতিক্রমে মুক্ত করিয়া যোদ্ধাদের মধ্যে গণিত করিলেন।

রোমানেরা এই রূপে বারম্বার পরাস্ত হওয়াতে ইতালিতে তাঁহাদের যশের অত্যন্ত হ্রাস হইল, ও যে২ জাতি এ পর্য্যন্ত তাঁহাদের বশীভূত ছিল তাহারা অনেকে এক্ষণে হানিবলের দলস্থ হইল—পরে হানিবল যুদ্ধে ধৃত রোমীয় লোকদের মোচনের নিমিত্তে চুক্তি করিতে রোমানদের নিকট দূত পাঠাইল, তাহাতে সেনেটরেরা উত্তর করিলেন যে যাহারা অস্ত্রধারী হইয়াও শত্রুহস্তে পতিত হইয়াছে তাহারা আর রোম নগরবাসি হইবার উপযুক্ত নহে ও তাহাদিগকে ধন দিয়া মোচন করিবার প্রয়োজন নাই,—যুদ্ধে ধৃতদিগকে এই রূপে মোচন করিতে অস্বীকার করিবার অভিপ্রায় এই যে রোমানেরা যেন অত্যন্ত সাহসে যুদ্ধ করে, কেননা পরাজয় হইলে আর শত্রু হস্ত হইতে মুক্ত হইবার আশা থাকিবেক না।

সেনেটরদিগের এই অসম্মতি শুনিয়া হানিবল বন্দি লোকদিগকে অনেক প্রকার যন্ত্রণা দিয়া বধ করিলেন, পরে তাহাদের স্বর্ণাঙ্গুরী সমস্ত হরণ করিয়া কার্থেজে পাঠাইয়া আপন জয়ের প্রত্যক্ষ প্রমাণ দেখাইলেন এবং রোম নগর শীঘ্র ধ্বংস হইবে এমত আশা দিয়া আরো অধিক সৈন্য পাঠাইতে অনুরোধ করিলেন, এমত সময়ে কার্থেজ নগরে এক জন হানিবলের বন্ধু ও বার্কীয় দলের স্বপক্ষ এ সুসম্বাদে আহ্লাদিত হইয়া বিপক্ষ দলের অধ্যক্ষ হানোকে বিদ্রূপ করিয়া জিজ্ঞাসিল যে তিনি

Carthage, a friend of his, a member of the Barcine faction, delighted at the intelligence, addressed himself exultingly to Hanno, the leader of the opposite party, and asked whether he was still displeased at the war,—and whether he was still of opinion that Hannibal should be delivered up into the hands of the Romans. Hanno replied that, though victorious, Hannibal had not as yet succeeded in taking Rome,—or even in spreading terror in the Roman state. The enemy was still prepared bravely to maintain the war. The time for triumph, he said, was not yet come.

Meanwhile Asdrubal was attempting, with a large army, to reduce the whole of Spain to the obedience of Carthage. The Romans sent the two Scipios to carry on the war against him. Asdrubal was defeated with the loss of thirty thousand men—of whom ten thousand were taken captives and twenty thousand slain. But the Carthaginians sent him a re-inforcement of twelve thousand men, four thousand horse, and twenty elephants.

Hannibal had now been four years in Italy and met with continued success. But his fortune, though hitherto on the ascendant, began now to wane like the moon after her full. The Consul Marcellus gave him battle at Nola, a city in Campania, and fought successfully. Notwithstanding this, Hannibal seized upon many cities of the Romans in Apulia, Calabria, and the country of the Brutii. At the same time Philip, King of Macedon, sent ambassadors to Hannibal, assuring

এখন পর্য্যন্ত এই যুদ্ধের কারণ পূর্ব্ববৎ অসন্তুষ্ট আছেন কি না এবং হানিবলকে রোমানদের হস্তে সমর্পণ করিতে এখনও চাহেন কি না,—হানো উত্তর করিল যে হানিবল জয়ী হইয়াছেন বটে কিন্তু এপর্য্যন্ত রোম নগর সংহার করিতে পারেন নাই আর রোমানেরা ভয়প্রাপ্ত না হইয়া বরং সাহস পূর্ব্বক যুদ্ধ করিতে প্রস্তুত আছে অতএব জয়ধ্বনি করিবার সময় এক্ষণেও উপস্থিত হয় নাই।

ইতিমধ্যে স্পেনেতে হানিবলের ভ্রাতা আস্‌দ্রুবল অনেক সৈন্য লইয়া সে সমস্ত দেশ কার্থেজিনদের অধীন করিতে চেষ্টা করিতেছিলেন,—রোমানেরা সিপিও নামক দুই ভাইকে সেখানে তাঁহার সহিত যুদ্ধ করিতে পাঠাইলেন—আস্‌দ্রুবল তাঁহাদের দ্বারা পরাস্ত হইয়া তেত্রিশ হাজার লোক হারাইলেন, তাহার মধ্যে দশ সহস্র ধৃত ও বিশ হাজার হত হয়, কিন্তু কার্থেজিনেরা তাঁহার সাহায্যার্থে পুনশ্চ দ্বাদশ সহস্র পদাতিক, চারি সহস্র অশ্বারূঢ় এবং বিংশতি হস্তি পাঠাইল।

হানিবল চারি বৎসর ইতালিতে থাকিয়া অবিরত কৃতকার্য্য হইয়াছিলেন কিন্তু এক্ষণে তাঁহার সৌভাগ্য পূর্ণ হইয়া কৃষ্ণ পক্ষীয় চন্দ্রকলার ন্যায় হ্রাস পাইতে লাগিল, মার্সেলস নামক এক বীর কন্সল হইয়া কাম্পেনিয়ার অন্তর্গত নোলা নামক গ্রামে তাঁহাকে বিলক্ষণ যুদ্ধ দিলেন, তথাপি হানিবল আপুলিয়া কেলেব্রিয়া ও ব্রতীয়দের দেশের অন্তর্গত রোমানদের নানা নগর অধিকার করিলেন। এই সময়ে মাসিদনের রাজা ফিলিপ হানিবলের নিকট দূত পাঠাইয়া হৃদ্যতা প্রকাশ করিলেন এবং রোমানদের বিরুদ্ধে সৈন্য পাঠাইতে স্বীকৃত

him of his friendly feelings towards him, and offering to send him auxiliaries—upon this condition that, after the conquest of the Romans, Hannibal should give him assistance against the Greeks. The messengers of Philip fell into the hands of the Romans; and thereby his proffered assistance to Hannibal was made known. The Romans, enraged at the conduct of Philip, declared war against him, and sent an army under Valerius Lævinus to Macedonia.

The people of Sardinia too, instigated by Hannibal, rose up against the Romans. The Romans sent Titus Manlius with an army against them. Asdrubal, another Carthaginian general, was there directing the proceedings of the Sardinians.

The Romans thus kept up four wars at the same time, in four different places. They had to contend against Hannibal in Italy; they had to oppose Asdrubal in Spain; they had to chastise Philip in Macedon; and they had also to reduce the Sardinians, and to baffle the efforts of the other Asdrubal.

Manlius soon met with success in Sardinia. He took Asdrubal alive and killed twelve thousand of his men. Sardinia was reduced to the obedience of the Romans. The conqueror sent Asdrubal and the other captives to Rome. In Macedon, too, Philip was overthrown by Lævinus. The two Scipios also defeated Asdrubal and Mago, the two brothers of Hannibal.

Hannibal had conducted the war in Italy with great perseverance and bravery. But, as we have already

হইলেন অধিকন্তু এই বাঞ্ছা করিলেন যে রোমানেরা পরাজিত হইলে হানিবল তাঁহাকে গ্রীক জাতির বিরুদ্ধে সংগ্রাম করিতে আনুকূল্য করেন। ফিলিপের দূতেরা রোমানদের হস্তে পড়াতে এ সমস্ত কথা প্রকাশ হইল, পরে রোমানেরা তাঁহার এই আচরণে কোপান্বিত হইয়া তাঁহার প্রতিকূলে সংগ্রাম করিতে প্রতিজ্ঞা করিয়া বেলিরিয়স লিবিনস নামক অধ্যক্ষকে সসৈন্যে মাসিদনে প্রেরণ করিলেন।

সার্দিনিয়া উপদ্বীপস্থ লোকেরাও হানিবলের মন্ত্রণা প্রযুক্ত রোমানদের বিপক্ষে উঠিল, রোমানেরা তাহাদিগকে দমন করিবার নিমিত্ত তাইতস মান্‌লিয়স নামক সেনাপতিকে সসৈন্যে পাঠাইলেন—সেখানে আস্‌দ্রুবল নামক আর এক জন কার্থেজিন সার্দিনিয়ার অধ্যক্ষের ন্যায় ছিল।

এইরূপে রোমানেরা এককালে চারিস্থানে যুদ্ধ করিতে লাগিলেন—প্রথমতঃ ইতালিতে হানিবলের সহিত রণে নিযুক্ত ছিলেন, দ্বিতীয়তঃ স্পেনেতে হানিবলের ভ্রাতা আস্‌দ্রুবলের বিরুদ্ধে ছিলেন, তৃতীয়তঃ মাসিদনে ফিলিপকে শাস্তি দিতে প্রতিজ্ঞা করিয়াছিলেন এবং চতুর্থতঃ সার্দিনিয়াস্থ লোকদিগকে দমন করত অন্য আস্‌দ্রুবলের চেষ্টা নিষ্ফল করিতেছিলেন।

সার্দিনিয়াতে মান্‌লিয়স নামক কন্সল শীঘ্র কৃতকার্য্য হইলেন, ইনি আস্‌দ্রুবলকে জীবিত থাকিতে২ ধৃত করিয়া তাহার দ্বাদশ সহস্র লোক বধ করিলেন এবং সার্দিনিয়া উপদ্বীপ রোমানদের বশে আনিলেন, পরে আস্‌দ্রুবল ও অন্যান্য বন্দিগণকে রোমে প্রেরণ করিলেন। মাসিদনেতেও লিবিনস নামক মহাবীর দ্বারা ফিলিপ পরাস্ত হইল এবং স্পেনেতে সিপিও দ্বয়ের পরাক্রমে আস্‌দ্রুবল ও মেগো নামে হানিবলের দুই ভ্রাতা পরাজিত হইল।

হানিবল ইতালিতে অতি সাহস ও পরাক্রম পূর্ব্বক যুদ্ধ সজ্জাতে ছিলেন কিন্তু যেমত পূর্ব্বে কহা গিয়াছে এক্ষণে তাঁহার

said, his good fortune now began to decline,—especially since his marching to Capua in the luxuriant plains of Campania. The enjoyment of ease and opulence in this region of wealth and plenty served, in the opinion of some historians, to enervate the military virtue of his troops. The pleasures of indolent repose in the midst of luxury and riches begot an aversion to the exertion and the fatigue necessary for keeping the field. They lost the spirit and unlearnt the tactics which distinguish the warrior, and by which alone great actions can be performed. But the policy of Hannibal in leading his troops to Capua, though censured by some, has been vindicated by others. Perhaps a direct march to Rome after the battle of Cannæ might have led to the reduction of the city; but Hannibal no doubt saw obstacles in his way, which prudence taught him to brave with caution.

In the tenth year after his entrance into Italy, Hannibal came within four miles of the city, and his horse up to the very gates. But hearing that the Consuls, Publius Sulpicius and Cnæus Fulvius were advancing with an army, he thought it prudent to return back to Campania.

In the mean time the two Scipios, who had been conducting the war in Spain with such bravery and success, were slain by Asdrubal, the brother of Hannibal. These were mere casualties,—no way indicative

সৌভাগ্যের হ্রাস হইতে লাগিল, বিশেষতঃ কাম্পেনিয়া নামক উর্ব্বরা দেশে কাপুয়া নগরে সসৈন্যে প্রবেশ করণাবধি তাহার অনিষ্ট ঘটিতে আরম্ভ হইল। কেহ২ কহেন যে এই ধনসম্পত্তি বিশিষ্ট দেশে সুখ ও ঐশ্বর্য্যের ভোগদ্বারা কার্থে-জিন সেনাগণের যুদ্ধ সম্পর্কীয় প্রতাপের হানি হইয়াছিল, চতুর্দ্দিক্স্থ বিষয় সম্পত্তির মধ্যে নিশ্চিন্ত সুখ ভোগ পাইয়া তাহারা রণক্ষেত্রের পরিশ্রম ও উদ্যমে বিরত হওয়াতে যুদ্ধ বীরের লক্ষণ যে বিক্রম ও কৌশল তাহা শীঘ্র নষ্ট হইল সুতরাং কোন মহৎ ব্যাপারে তাহাদের আর কর্ম্মদক্ষতা রহিল না। কাপুয়া নগরে সসৈন্যে গমন করাতে হানিবলকে অবি-বেচক বলিয়া কোন২ পণ্ডিত নিন্দা করিয়াছেন. বটে কিন্তু অনেকে তাঁহার এ কার্য্যের পোষক উক্তি করিয়াছেন, কানি নামক গ্রামের যুদ্ধান্তে একেবারে রোম নগরে যাত্রা করিলে হইতে পারে হানিবল এই নগর গ্রহণ করিতে পারিতেন কিন্তু এ পথে যে অনেক আপদ ছিল তাহা নিঃসন্দেহ তন্নিমিত্তে বিবেচক হইয়া সাবধান পূর্ব্বক ত্বরায় ঐ আপদের অভিমুখ হয়েন নাই।

ইতালি প্রবেশের দশম বৎসরে হানিবল আপনি রোম নগরের দুই ক্রোশ অন্তর পর্য্যন্ত এবং তাঁহার অশ্বারূঢ়েরা দ্বার পর্য্যন্ত এক বার আসিয়াছিলেন কিন্তু পবিয়স সল্পিসিয়স ও নিয়স ফুলবিয়স নামক কন্সলেরা প্রচুর সৈন্য লইয়া আসিতেছে ইহা শুনিয়া ভয়ে কাম্পেনিয়াতে প্রত্যাগমন করিলেন।

ইতালিতে যাবৎ এই প্রকার হইতেছিল ইহার মধ্যে স্পেনেতে সিপিওদ্বয় সাহস পূর্ব্বক অনেক প্রকারে কৃতকার্য্য

of any superiority on the part of the enemy. The Roman army thereby sustained no injury, but remained entire in spite of this loss.

Marcellus was about the same time carrying on the war in Sicily. The capital of this island was Syracuse. Hiero, the King of Syracuse, was, as we have shown, in alliance with the Romans. But upon his death, Hieronymus, his successor, entered into a confederacy with the Carthaginians and declared himself hostile to Rome. Marcellus accordingly laid seige to Syracuse. But though the Syracusans were by no means equal to the Romans in military prowess,—the scientific inventions of a great philosopher in their country gave much trouble to the besiegers. There was a great mathematician at that time in Syracuse named Archimedes. He had remarked to King Hiero on one occasion that he could move the globe of the earth if he had another earth to stand upon. He now began to defend the city by his scientific contrivances. The machines he invented struck the Romans so forcibly from a distance that Marcellus was obliged to turn the siege into a blockade.

Marcellus however took advantage of a favourable opportunity, and got possession of Syracuse. He gave up the city to be plundered. A Roman soldier, it is said, entered the house of Archimedes while he was engaged in solving a problem in Geometry, and lifted his sword in order to destroy him. "Stop a moment," cried Archimedes, "I have nearly demonstrated my

হইয়া পরে যুদ্ধ করিতে২ আস্‌দ্রুবলের হস্তে হত হইলেন কিন্তু এই ঘটনা কেবল আকস্মিক মাত্র ছিল শত্রুদের কোন গুণে হয় নাই আর ইহাতে সৈন্যর কোন হানি হইল না সৈন্যের বল ও পরাক্রম সমুদয় রহিল।

এই সময়ে মার্সেলস সিসিলিতে যুদ্ধ করিতেছিলেন, এই উপদ্বীপের মহা নগরীর নাম সিরাকুস, তথাকার রাজা হাই-রোর সহিত রোমানদের যথেষ্ট প্রীতি ছিল তাহা পূর্ব্বে উক্ত হইয়াছে, কিন্তু হাইরোর মরণানন্তর হাইরোনিমস রাজা হইয়া কার্থেজিনদের সহিত মিত্রতা করিয়া রোমানদের বিপক্ষ হইল অতএব মার্সেলস সিরাকুস আক্রমণ করিতে লাগিলেন কিন্তু এ নগর রণ শস্ত্রেতে কোনমতে রোমানদের তুল্য না হইলেও এক জন মহা বিদ্বানের পাণ্ডিত্য কৌশলে আক্রমণকারিরা অনেক ক্লেশ পাইল। তখন সেখানে আর্কিমিদিস নামে একজন মহা পণ্ডিত ক্ষেত্রবিদ্যাদিতে দক্ষ ছিলেন, তিনি হাইরো রাজাকে একদিন কহিয়াছিলেন যে যদি পৃথিবী হইতে কোন স্বতন্ত্র ভূমিতে দাঁড়াইতে পায়েন তবে যন্ত্রদ্বারা ভূমণ্ডলকে স্থানান্তর করিতে পারেন, ইনি এক্ষণে বিদ্যার কৌশলে নগর রক্ষা করিতে প্রবৃত্ত হইলেন এবং যন্ত্র নির্ম্মাণ করিয়া দূর হইতে রোমানদিগকে এমত আঘাত করিতে লাগিলেন যে আক্রমণ ত্যাগ করিয়া মার্সেলসকে কেবল বেষ্টন করিয়া থাকিতে হইল।

পরে মার্সেলস এক বিশেষ সুযোগ পাইয়া সিরাকুস গ্রহণ করিলেন, এবং সেনাগণকে নগর লুণ্ঠন করিতে আজ্ঞা দিলেন, কথিত আছে যে ঐ আর্কিমিদিস রেখা গণিতের কোন এক প্রশ্ন সাধনে নিযুক্ত ছিলেন এমত সময়ে একজন অস্ত্রধারি রোমান তাঁহার গৃহে প্রবেশ করিয়া তাঁহাকে বধ করণার্থে খড়্গ তুলিল আর্কিমিদিস কহিলেন "এক মুহূর্ত্ত কাল বিলম্ব কর আমার

problem." The inhuman soldier, regardless of his intreaty, and incapable of appreciating his learning, immediately put him to death. Marcellus was much grieved when he heard of the death of a man so accomplished; for a love of literature and science was at that time prevalent among the Roman nobility.

Syracuse was thus taken by Marcellus. Lævinus had in the meantime defeated Philip, King of Macedon. and forced him to remain at peace with the Romans. The other states in Greece and Attalus, King of Pergamus in Asia, likewise entered into alliance with Rome. Lævinus was then sent to Sicily, where he overthrew Hanno, a Carthaginian general, near Agrigentum, and took that city. Hanno fell into the hands of the Romans and was with many other noble prisoners sent to Rome. Lævinus took many other cities in Sicily and compelled them to accept the Roman alliance. After exhibiting such heroism in Macedon and Sicily Lævinus returned with great glory to Rome. But Hannibal still remained in Italy in great force. He fell suddenly upon the Consul Cnæus Fulvius and killed him with eight thousand men.

In Spain, as we have already said, the two Scipios had fallen in battle. There was no one to take the command of the Roman army upon their death. Cornelius Scipio, the son of one of the brothers that fell, was at last appointed general of the Roman army in Spain. He was then only twenty-four years old, but no one among the Romans, either before or after, could equal

গণনার উপপত্তি সমাপ্ত প্রায় হইয়াছে”—কিন্তু সে নিষ্ঠুর রোমান তাঁহার কথা না মানিয়া ও তাঁহার বিদ্যার কোন আদর না করিয়া তৎক্ষণাৎ তাঁহাকে বধ করিল। মার্সেলস এমত বিদ্বানের বধ শুনিয়া অত্যন্ত বিলাপ করিতে লাগিলেন কেননা রোম দেশীয় মহৎ লোকদের মধ্যে সে কালে বিদ্যার বিষয়ে মনোযোগ ও চেষ্টা যথেষ্ট ছিল।

এইরূপে সিরাকুস নগর মার্সেলসের দ্বারা গৃহীত হইল আর লিবিনস নামক রোমান যোদ্ধা মাসিদনের রাজা ফিলিপকে পরাস্ত করিয়া রোম রাজ্যের অনুকূল থাকিতে বাধ্য করিলেন, পরে অন্যান্য গ্রীক নগরবাসি এবং এস্যার অন্তর্গত পর্গেমসের রাজা আতেলস রোমানদের সহিত মিত্রতা করিল। অপর লিবিনস সিসিলিতে প্রেরিত হইয়া অগ্রিগন্তম নগর সন্নিধানে হানো নামক কার্থেজিনদের এক জন অধ্যক্ষকে পরাজয় করিলেন ও সে নগর সংহার করিয়া কার্থেজিনদের অধ্যক্ষ ও অনেক মহৎ লোককে ধরিয়া রোম নগরে পাঠাইলেন, অনন্তর ঐ উপদ্বীপের অন্যান্য অনেক নগর বশীভূত করিয়া রোমানদের মিত্রতা গ্রহণ করিতে বাধ্য করিলেন। লিবিনস মাসিদন ও সিসিলিতে এইরূপে বীরত্ব প্রকাশ করিয়া অবশেষে রোম নগরে ফিরিয়া আসিলেন, কিন্তু ইতালিতে হানিবলের পরাক্রম এখনও ভগ্ন হইল না, তিনি অকস্মাৎ আক্রমণ করিয়া ফুল্‌বিয়স নামক কন্সল ও তাহার অধীন আট হাজার লোককে হনন করিলেন।

পূর্ব্বে কহাগিয়াছে যে স্পেনেতে সিপিও নামক দুই ভ্রাতা যুদ্ধে প্রাণত্যাগ করিয়াছিলেন, তাঁহাদের মরণানন্তর সেখানে রোমানদের অধ্যক্ষ কেহ ছিলনা, পরে মৃত সিপিও দ্বয়ের মধ্যে একজনের পুত্র কর্ণিলিয়স সিপিও তথায় অধ্যক্ষ পদে নিযুক্ত হইলেন, তখন তাঁহার বয়ঃক্রম চতুর্বিংশতি বৎসরের অধিক হয় নাই কিন্তু রোমানদের মধ্যে শৌর্য্য বীর্য্য পরাক্রমে তাঁহার তুল্য সে কালে কেহ ছিলনা ও পরেও হয় নাই, তিনি আপন পিতা যে দেশে যুদ্ধে প্রাণত্যাগ করিয়াছিলেন সেইস্থানে স্বয়ং

him in courage and military virtue. He went to Spain, desiring to make that very place the scene of his own efforts where his father had lost his life. Here he attacked New Carthage. This was the place where the Carthaginians had deposited all their store of armour and treasure. Scipio took the city and despoiled it of all its wealth and ammunition. Mago, the brother of Hannibal, and many other Carthaginians, were taken prisoners and sent to Rome. Scipio returned to their fathers the Spanish children whom the Carthaginians had taken and detained as hostages. The intelligence of Scipio's successes caused great rejoicings at Rome. The Spaniards were much delighted on receiving back their children, taken by the Carthaginians, and with one accord declared themselves for the Romans. Scipio soon after gained a victory over Asdrubal, the other brother of Hannibal, and put him to flight. He obtained an abundance of plunder from these succcessful operations.

Scipio exhibited at the taking of New Carthage an instance of magnanimity which reflected much honor upon him. The barbarous custom of enslaving females taken in war prevailed in those days. That which our own Menu calls the *Rakshas matrimony*,* and allows

* "The seizure of a maiden by force from her house, while she weeps and calls for assistance, after her kinsmen and friends have been slain in battle or wounded, and their houses broken open, is the marriage styled *Rakshasa*" (*Institutes* III. 33.) This kind of marriage is, in the 26th verse pronounced lawful for the military caste.

যুদ্ধ করিতে অভিলাষ করিয়া স্পেনে প্রস্থান করিলেন,—তথায় নিউ কার্থেজ নামক নগর আক্রমণ করিলেন, এইস্থলে কার্থেজিনদের সমস্ত রজত কাঞ্চন ও অস্ত্র ছিল, ঐ নগর গ্রহণ করিয়া সকল সম্পত্তি হরণ করিলেন, এবং হানিবলের ভ্রাতা মেগো ও অন্যান্য অনেক কার্থেজিন লোককে ধরিয়া রোম নগরে পাঠাইলেন ও কার্থেজিনেরা স্পেন দেশীয় লোকদের যে ২ পুত্র প্রতিভূ স্বরূপ গ্রহণ করিয়াছিল তাহাদিগকে স্ব২ পিতৃহস্তে সমর্পণ করিলেন। এই যুদ্ধের সংবাদে রোম নগরে মহানন্দ হইল এবং স্পেনদেশীয় লোকেরা কার্থেজিনকর্ত্তৃক গৃহীত আপনাদের পুত্র পুনশ্চ পাইয়া অত্যন্ত সন্তুষ্ট হইয়া একচিত্তে রোমানদের দলে আইল। পরে সিপিও হানিবলের অন্য ভ্রাতা আস্দ্রুবলকেও পরাস্ত করিলে তিনি পরাভূত হইয়া পলায়ন পর হইলেন। সিপিও এইপ্রকারে কৃতকার্য্য হইয়া অনেক দ্রব্য লুণ্ঠন করিলেন।

নিউ কার্থেজ নগর গ্রহণ করিবার কালে সিপিও যথার্থ মহানুভব হইয়া এমত এক কার্য্য করিয়াছিলেন যে তজ্জন্য তাঁহার যশ বাহুল্য রূপে বিস্তার হইয়াছে, যুদ্ধে হৃতা নারীগণকে দাসী করিবার যে অসভ্য ব্যবহার তাহা তৎকালে প্রবল ছিল, ফলতঃ আমাদের মনু সংহিতাতে যে ব্যবহার রাক্ষস বিবাহ* নামে ক্ষত্রিয়দের পক্ষে প্রশস্ত বলিয়া বর্ণিত হইয়াছে

* "যুদ্ধে শত্রুকে নষ্ট ও ছিন্ন ভিন্ন করিয়া গৃহ হইতে বিলাপ ও রোদনকারিণী কন্যাকে বলদ্বারা হরণ করিলে তাহাকে রাক্ষস বিবাহের বিধি কহে"—মনু ৩.৩৩। এবং ২৬ শ্লোকে লিখিত আছে যে ক্ষত্রির পক্ষে এ বিবাহ প্রশস্ত।

as lawful for the military caste, was nothing better than the forcible capture of the females of a vanquished foe. This practice generally prevailed in those days in Europe as well as in Asia. In conformity to this usage, a young female of extraordinary beauty was brought to Scipio, who was greatly affected by her charms. He learnt, however, that the girl had been betrothed to a Celtiberian prince named Allucius. He sent for the prince and gave her up into his hands. Neither would he receive the money which her parents had offered for her ransom. He gave it to Allucius as his marriage portion.

In Italy, too, the Carthaginians began to meet with many reverses. Fabius Maximus recovered Tarentum from their hands. Hannibal had a large army in this place; and yet Carthalo, one of his generals, was slain, and a great number of his men fell into the hands of the Romans.—Fabius sold twenty-five thousand of them, and sent the proceeds of the sale to the treasury of the state. But the spoils of the city he divided amongst his soldiers. The recovery of Tarentum proved an important acquisition to the Romans. The Italian states, which had before submitted to Hannibal, were now struck with terror and surrendered themselves again to Fabius Maximus.

In the year following, the affairs of the Carthaginians became somewhat better in Italy. Marcellus, the Roman hero of whose acts we have spoken before, was slain in a skirmish with Hannibal. In Spain, however, the Carthaginians lost their ground. Scipio and his

তাহাতে পরাজিত শত্রু পক্ষীয় স্ত্রীগণের হরণ ও বলাৎকারের অনুমতি দেখা যাইতেছে, এবং সে সময়ে এ রীতি ইউরোপ ও এস্যা উভয় খণ্ডেই প্রবল ছিল, এই রীত্যনুসারে এক পরম সুন্দরী যুবতী সিপিওর নিকট আনীতা হইলে সিপিও তাহার লাবণ্য দেখিয়া মোহিত হইলেন, কিন্তু আলুসিয়স নামে এক সেল্‌টিবিরীয় রাজকুমারের সহিত ঐ যুবতীর বিবাহার্থে লগ্ন পত্র হইয়াছে ইহা শুনিয়া রাজকুমারকে ডাকাইয়া তাহার হস্তে কন্যাকে সমর্পণ করিলেন, এবং কন্যার পিতা তাহার উদ্ধারার্থে যে মুদ্রা আনিয়াছিল তাহাও আপনি গ্রহণ না করিয়া আলুসিয়সকে বিবাহের যৌতুক স্বরূপ দান করিলেন।

ইতালিতেও কার্থেজিনদের অনেক অশুভ ঘটনা হইতে লাগিল, কেননা ফেবিয়স মাক্সিমস তরেন্তম নগর তাহাদের হস্ত হইতে নিরাকরণ করিলেন, সেখানে অনেক কার্থেজিন সৈন্য ছিল তথাপি কার্থেলো নামক হানিবলের এক সহকারি যোদ্ধা প্রাণ হারাইলেন এবং অনেক কার্থেজিন লোক রোমান-দের হস্তে পতিত হইল, ফেবিয়স তাহাদের মধ্যে পঁচিশ হাজার লোককে বিক্রয় করিয়া তাহাদের মূল্য রাজ ভাণ্ডারে পাঠাইলেন কিন্তু লুণ্ঠিত দ্রব্য আপন সৈন্যের মধ্যে বিতরণ করিলেন। তরেন্তম নগর হরণে রোমানদের অনেক উপকার হইল কেননা পূর্ব্বে ইতালিস্থ যে২ নগর হানিবলের অধীন হইয়াছিল সে সকল এক্ষণে রোমানদের ভয়ে পুনশ্চ ফেবিয়সের বশীভূত হইল।

পর বৎসরে ইতালিতে কার্থেজিনদের বরং যৎকিঞ্চিৎ সৌভাগ্য হইল, মার্সেলস নামক মহাবীর যাহার অদ্ভুত চেষ্টা পূর্ব্বে বর্ণিত হইয়াছে তিনি হানিবলের হস্তে প্রাণত্যাগ করি-লেন, কিন্তু স্পেনে কার্থেজিনদের অনেক অনিষ্ট ঘটিতে

brother fought with great bravery and completely reduced the power of the Carthaginians. They likewise brought seventy cities to the obedience of the Romans.

In the third year of his expedition into Spain, Scipio vanquished a native prince in a great battle, and admitted him to the Roman alliance. He likewise attracted the admiration of the Spaniards, by many acts of generosity and humanity. Unlike other warriors of the age, he relied on the faith of the people he conquered, without demanding hostages as a security for honesty. He succeeded by such deeds of heroism and liberality in reclaiming nearly the whole of Spain from the power of the Carthaginians.

When Hannibal was informed of the conquest which Scipio, by his bravery, wisdom, and other virtues, was making in Spain, he concluded that the maintenance of the Carthaginian supremacy in that quarter against so powerful and sagacious an enemy, would prove a hopeless attempt. He accordingly sent instructions to his brother Asdrubal to remove to Italy with all his army. Asdrubal set out for Italy, and took the same road by which Hannibal had himself effected his passage. But the Roman Consuls had laid an ambush with their troops in order to surprize him in the way. They fell upon him at Sena, a city in Gaul. Thus attacked, Asdrubal fought with all the courage which the occasion required. At last however he was slain. His troops were all either killed, or taken. The Consuls receiv-

লাগিল, সিপিও ও তাঁহার ভ্রাতা ভয়ঙ্কর যুদ্ধ দিয়া কার্থে-জিনদের বল সম্পূর্ণ খর্ব্ব করিয়া স্পেনস্থ সপ্ততি নগর রোমান-দের শরণাগত করিলেন।

স্পেনে যাত্রা করিবার তৃতীয় বৎসরে সিপিও স্পেন দেশীয় এক রাজাকে ঘোর সংগ্রামে পরাস্ত করিয়া রোমানদের শরণা-গত করিলেন, আর অনেক দয়াধর্ম্ম ও সৌজন্য দেখাইয়া স্পেনীয় লোকদের অনুরাগ প্রাপ্ত হইলেন—কেননা অন্যান্য যোদ্ধাদের রীত্যনুসারে পরাজিত শত্রুর নিকট প্রতিভূ না চাহিয়া তাহাদের কথাতেই বিশ্বাস করিলেন, এইরূপে শৌর্য্য ও সুশীলতার দ্বারা প্রায় সমস্ত স্পেন দেশ কার্থেজিনদের হস্ত হইতে নিরাকরণ করিলেন।

সিপিও উক্ত প্রকার বলে ও কৌশলে বীর্য্যে ও গাম্ভীর্য্যে স্পেনীয় জাতিকে বশীভূত করিতেছেন ইহা শুনিয়া হানিবল মনে করিলেন যে ঐ দেশে এমত পরাক্রান্ত ও বিচক্ষণ শত্রুর বিরুদ্ধে কার্থেজিনদের আধিপত্য স্থাপনের চেষ্টা বৃথা, অতএব আপন ভ্রাতা আস্‌দ্রুবলকে সসৈন্যে ইতালিতে আসিতে আজ্ঞা পাঠাইলেন, ইনি সে আজ্ঞানুসারে ইতা-লিতে আসিবার অভিপ্রায়ে প্রস্থান করত হানিবল স্বয়ং যে পথ দিয়া গিয়াছিলেন সেই পথে যাত্রা করিলেন, কিন্তু পথিমধ্যে হঠাৎ তাঁহার উপর আক্রমণ করণার্থে রোমান কন্সলেরা সসৈন্যে একস্থানে লুকাইয়া ছিলেন এবং সিনা নামক গালীয় নগরের নিকট আস্‌দ্রুবলের বিরুদ্ধে উপস্থিত হইলেন। আস্‌দ্রুবল এই আকস্মিক উপদ্রবে মহা বিক্রম পূর্ব্বক যুদ্ধ করিলেও অবশেষে স্বয়ং প্রাণ হারাইলেন এবং

ed heaps of gold and silver by plunder, and sent them to Rome as trophies of their victory.

Hannibal had not as yet received intelligence of his brother's misfortunes, out was anxiously expecting his arrival in Italy. But the very night when he expected to see him with his army, the Roman Consul directed the head of Asdrubal to be thrown into the enemy's camp. Hannibal made bitter lamentations when he saw his brother's head, and observing nothing but dangers and difficulties all around, began now to fear for the ultimate results of the war.

The Romans were elated with joy when they heard of the conquests of Scipio and of the death of Asdrubal,—and began now to hope that the enemy would soon be reduced. They sent for Scipio from Spain, and received him with great honor and respect into the city. At last it was resolved after much deliberation, that the best means for driving Hannibal out of Italy would be to carry the war into Africa. The Carthaginians would be anxious for the preservation of their own country and would not be able to continue their operations in Italy. Scipio was accordingly elected Consul and sent over to Africa. The successes which he had met with had produced an impression in the popular mind that he was a favorite with the gods; and, marvellous as the idea was, it was believed that he had inter-communication with the heavenly powers. It is certain he was a great hero and was perfectly acquainted with all the tactics of war.

তাঁহার সেনার মধ্যে কতক ধৃত কতক হত হইল। কন্সলেরা জয়ী হইয়া রাশি ২ রজত কাঞ্চন লুণ্ঠন করিয়া জয় চিহ্ন স্বরূপ তাহা রোমে পাঠাইলেন।

ভ্রাতার এ অশুভ সংবাদ না পাইয়া হানিবল ইতালিতে তাঁহার শীঘ্র আগমনের প্রতীক্ষাতে ছিলেন কিন্তু যে রাত্রিতে তাঁহাকে সসৈন্যে দেখিতে প্রত্যাশা করিয়াছিলেন সেই রাত্রিতেই রোমান কন্সল মৃত আস্দ্রুবলের মস্তক ছেদন করিয়া হানিবলের শিবিরে নিক্ষেপ করিতে আজ্ঞা দিলেন। হানিবল ভ্রাতার ছিন্ন মস্তক দেখিয়া অনেক বিলাপ করিলেন ও চতুর্দ্দিকে বিপদ ও শঙ্কট অবলোকন করিয়া অবশেষে কার্থেজিনদের পরাভব হইবেক এমত আশঙ্কা করিতে লাগিলেন।

সিপিওর জয় ও আস্দ্রুবলের মৃত্যু শুনিয়া রোমানেরা আহ্লাদে পুলকিত হইয়া শত্রুর বল শীঘ্র নষ্ট হইবে এমত আশা করিতে লাগিলেন এবং সিপিওকে স্পেন হইতে রোমে আসিতে আজ্ঞা দিলেন, তিনি পঁহুছিলে মহা আদর ও সম্ভ্রম পূর্ব্বক তাঁহাকে নগরে অভ্যর্থনা করিলেন, পরে তাঁহারা পরামর্শ করিয়া স্থির করিলেন যে হানিবলকে ইতালি হইতে দূর করণার্থে আফ্রিকাতে সৈন্য প্রেরণ করাই শ্রেয়ঃ—কেনন্য তাহাতে কার্থেজিনেরা স্বদেশ রক্ষার্থে ব্যাকুল হইয়া ইতালিতে আর উৎপাত করিতে পারিবেক না, এই কৌশলক্রমে তাঁহারা সিপিওকে কন্সল পদে অভিষিক্ত করিয়া আফ্রিকাতে প্রেরণ করিলেন। সিপিওর যুদ্ধ সিদ্ধি দেখিয়া লোকে তাঁহাকে বিশেষ রূপে দেবপ্রিয় জ্ঞান করিত এবং দেবতাদের সহিত তাঁহার বাক্যালাপ হইত এমত অসম্ভব কথা বিশ্বাস করিত, ফলতঃ তিনি মহা বীর ও যুদ্ধের কৌশলে সর্ব্বতোভাবে পারদর্শী ছিলেন ইহা সত্য বটে।

On landing in Africa, Scipio first gave battle to Hanno a general of the Carthaginians. Hanno was routed and lost his whole army. In the second battle, the Carthaginians lost eleven thousand slain and four thousand taken prisoners. Their camp itself fell into the hands of the Romans. Syphax, the King of Numidia, who had joined with the Carthaginians, was taken with his camp. Scipio sent Syphax and many of the Numidian nobility in chains to Rome—together with the spoils he had taken. The intelligence of these victories induced all the Italian cities to withdraw their alliance from Hannibal. The Carthaginians too, terrified at the progress of Scipio, and trembling for the safety of their Republic, sent orders to Hannibal to return from Italy and provide for the defence of Carthage Nothing could exceed the regret with which Hannibal received these tidings. He wept on considering that all the fatigue and trouble he had unceasingly undergone for seventeen years for the conquest of Italy became at last fruitless, and with bitter lamentations returned to Africa.

In the meantime the Carthaginians had been so dismayed as to send ambassadors to Scipio to solicit peace. Scipio declared that he would not refuse to grant peace provided the Carthaginians pledged themselves never to keep more than thirty ships, and provided they restored all prisoners and deserters to the Romans, as well as paid five hundred thousand pounds of silver. The Carthaginians agreed to these terms, and Scipio consented to suspend the war for forty-five days that

সিপিও আফ্রিকাতে উপনীত হইয়া প্রথমে হানোর সহিত রণ করিলেন, এ সংগ্রামে হানো পরাস্ত হইয়া সমস্ত সৈন্য হারাইল,—পরে দ্বিতীয় বার যুদ্ধ দিয়া সিপিও শত্রু পক্ষীয় একাদশ সহস্র লোককে হত ও চারি সহস্র পাঁচশত ধৃত করিয়া তাহাদের শিবির পর্য্যন্ত হরণ করিলেন। সাইফাক্স নামক নুমিদিয়া দেশের রাজা যিনি কার্থেজিনদের সহিত মিলিয়া-ছিলেন তিনি ধৃত হইলেন ও তাঁহার শিবির আক্রান্ত হইল। সিপিও সাইফাক্স রাজাকে অনেক মহৎ নুমিদীয় লোকের সহিত শৃঙ্খলে বদ্ধ করিয়া রোমে পাঠাইলেন এবং রাশি ২ লুণ্ঠিত বস্তুও নিজ দেশে তাহাদের সঙ্গে প্রেরণ করিলেন। এই সংবাদ পঁহুছিলে ইতালিস্থ প্রায় সকল দেশ হানিবলকে ত্যাগ করিল এবং কার্থেজিনেরাও সিপিওর বৃদ্ধি ও জয় দেখিয়া অত্যন্ত ভীত হইয়া কার্থেজ রক্ষার্থে হানিবলকে ইতালি ত্যাগ করিয়া আফ্রিকাতে আসিতে আজ্ঞা দিল, হানিবল এ সংবাদ পাইয়া অত্যন্ত শোকাকুল হইলেন, এবং ইতালি জয় করণার্থে যে ক্লেশ ও দুঃখ সপ্তদশ বৎসর পর্য্যন্ত অবিশ্রান্ত স্বীকার করিয়াছিলেন সকলি নিষ্ফল দেখিয়া অশ্রুপাত পূর্ব্বক বিলাপ করিতে ২ আফ্রিকাতে প্রস্থান করিলেন।

কার্থেজিনেরা ভয় পাইয়া সিপিওর নিকট সন্ধির প্রার্থনায় দূত পাঠাইয়াছিল তাহাতে সিপিও কহিলেন যে যদি কার্থে-জিনেরা কখন ত্রিশ জাহাজের অধিক না রাখিতে স্বীকার করে আর যুদ্ধে ধৃত অথবা পতালক সমস্ত লোককে রোমান-দের হস্তে সমর্পণ করে এবং পাঁচ লক্ষ পৌণ্ড রৌপ্য দেয় তবে সন্ধি হইবে নচেৎ হইবে না। তাহারা এ কথাতে সম্মত হইলে

time might be allowed for the ambassadors to have the treaty ratified by the senate at home. The Romans agreed to the proposed terms for peace.

But Hannibal had now nearly reached Africa. His approach infused courage into the dispirited Carthaginians, and, regardless of the proposals they had themselves made for peace, they seized and plundered some Roman ships that fell in their way. Scipio sent ambassadors to Carthage to remonstrate against this infraction of the treaty. But the Carthaginians treated his messengers very ill. This led to the renewal of hostilities.

When Hannibal reached Africa, he sent three of his emissaries to observe the camp of Scipio. They were seized by the Romans. But instead of punishing them, Scipio ordered them to be allowed to survey the whole army. He then gave them an entertainment and dismissed them with the request that they would faithfully communicate to Hannibal what they had seen.

The reports, which his emissaries communicated, of the power and fortitude of the Romans, alarmed Hannibal so much that, in consideration of the frequent defeats he had sustained, he now felt desirous of terminating the war. With this view he solicited from Scipio the favor of an interview that the affair might be settled in conference. Scipio agreed to the interview. But notwithstanding all the pathetic exhortations of Hannibal, he would not curtail the demands he had before made for the conclusion of a peace. On the

সিপিও পঁয়তাল্লিশ দিন পর্য্যন্ত যুদ্ধে ক্ষান্ত হইতে স্বীকার করিলেন তাহাতে দূতগণ সেনেটের নিকট সন্ধির নিয়ম দার্ঢ্য করণার্থে রোম নগরে প্রস্থান করিল এবং রোমানেরা যুদ্ধ নিবৃত্তির কথাতে সম্মত হইলেন।

ইতি মধ্যে হানিবল আফ্রিকার নিকট উপস্থিত হইলে নিরুৎসাহ কার্থেজিনেরা উৎসাহ পাইয়া রোমানদের সহিত আপনারাই যে সন্ধির প্রসঙ্গ করিয়াছিল তাহার ব্যতিক্রমে কএক রোমীয় জাহাজে উপদ্রব করিল। সিপিও নিয়ম পত্রের এই অন্যায় ব্যতিক্রম দেখিয়া তদ্বিরুদ্ধে বক্তৃতা করিতে কার্থেজ নগরে দূত পাঠাইলে কার্থেজিনেরা দূতের উপর অত্যন্ত অত্যাচার করিল সুতরাং পুনর্ব্বার যুদ্ধের উদ্যোগ হইল।

হানিবল আফ্রিকাতে পঁহুছিয়া সিপিওর শিবির দর্শনার্থে তিন জন চর পাঠাইলেন তাহারা রোমানদের হস্তে ধরা পড়িলে সিপিও তাহাদের দণ্ড না করিয়া বরং তাহাদিগকে সমস্ত সৈন্য দেখাইতে আজ্ঞা দিলেন পরে ভোজন করাইয়া হানিবলের নিকট গিয়া যাহা দেখিয়াছে তাহার যথার্থ সংবাদ দিতে অনুরোধ করিয়া ছাড়িয়া দিলেন।

চরের প্রমুখাৎ রোমানদের বিক্রম ও শক্তির কথা শুনিয়া এবং বারম্বার পরাভূত হওয়াতে স্বয়ং শঙ্কাকুল হইয়া হানিবল যুদ্ধের শেষ করিতে অভিলাষী হইলেন তন্নিমিত্তে সিপিওর নিকট প্রার্থনা করিলেন যে তিনি এ বিষয় নিষ্পত্তি করণার্থে এক বার তাঁহার সহিত সাক্ষাৎ করেন, সিপিও সম্মত হইয়া সাক্ষাৎ করিলেন কিন্তু হানিবলের অনেক আক্ষেপোক্তি

contrary he added one hundred thousand pounds of silver to the amount he had before demanded, as a punishment for the unfaithfulness with which the Carthaginians had violated the treaty. The Carthaginians would not submit to these terms ;—and so Hannibal prepared for war.

The last battle in this war took place at Zama. Massinissa, another Numidian King, brought auxiliaries to Scipio against the Carthaginians. An engagement more fierce never took place before or after. On both sides the generals were experienced in all the tactics of war, and had the command of troops animated by courage and military ardour. Neither party had any lack of soldiers; nor have we ever heard of officers and men better adapted for vigorous efforts. Neither has any army ever fought with greater zeal and bravery. The Carthaginians were eager for the defence of their republic and their own lives and properties. The Romans contended for the empire of the world. The ranks of the Carthaginians were however soon thrown into confusion. Their elephants took fright at the shouts of the enemy and fled back. They were shortly after completely routed. Hannibal himself was very near being taken. Twenty thousand lay dead on the field and as many were made prisoners. Hannibal, after doing all that a skilful general could do, escaped with a small body of horse, leaving all his baggage behind him. The Romans got large masses of gold and silver by plundering his camp. The Carthaginians,

শুনিলেও সন্ধির নিমিত্তে পূর্ব্বে যে পণ চাহিয়াছিলেন তাহার কোন অংশ হইতে নিরস্ত হইলেন না, এবং সন্ধির প্রসঙ্গানন্তর কার্থেজিনেরা অবিশ্বাসির ন্যায় নিয়ম পত্রের ব্যতিক্রম করিয়াছে এ দোষের দণ্ডার্থে বরং আরো এক লক্ষ পৌণ্ড রৌপ্য চাহিলেন, কার্থেজিনেরা এ কথায় অসম্মত হওয়াতে হানিবল পুনর্ব্বার রণ সজ্জা করিলেন।

এই শেষ যুদ্ধ জামা নামক এক স্থানের নিকট হয়, মেসিনিসা নামক নুমিদিয়ার আর এক জন রাজা কার্থেজিনদের প্রতিকূলে সিপিওর সাহায্য করিলেন। এমত ভয়ঙ্কর সংগ্রাম কথন হয় নাই, উভয় দলেই অতি পারদর্শী ও মহাবীর ও প্রতাপবান্ অধ্যক্ষ ও যোদ্ধা ছিল, কোন দলে সৈন্যের অভাব ছিল না আর এমত কর্ম্মদক্ষ ও যুদ্ধ তৎপর সৈন্য ও অধ্যক্ষ কেহ কথন শুনে নাই, এবং এমত যত্ন ও সাহস পূর্ব্বকও কোন যুদ্ধবীর কথন শরক্ষেপ করে নাই। কার্থেজিনেরা আপনাদের ধন প্রাণ ও রাজ্যরক্ষার্থে যত্নশীল হইয়াছিল এবং রোমানেরা ভূমণ্ডলের আধিপত্যের প্রয়াসে রণসজ্জা করিয়াছিল, কিন্তু কার্থেজিন সৈন্যশ্রেণী শীঘ্র বিশৃঙ্খল ও ভগ্ন হইতে লাগিল, তাহাদের হস্তি সমূহ রোমানদের হুঙ্কার ধ্বনিতে ভয় পাইয়া শত্রু হইতে পরাঙ্মুখ হইয়া পলাইতে আরম্ভ করিল, তাহাতে কার্থেজিনেরা সম্পূর্ণরূপে পরাস্ত হইল, হানিবলও আপনি ধৃত প্রায় হইয়াছিলেন—বিংশতি সহস্র লোক রণস্থলে প্রাণত্যাগ করিল আর বিশংতি সহস্র শত্রুহস্তে বদ্ধ হইল—হানিবল মহা বিচক্ষণ সেনাপতির যত সাধ্য সকল চেষ্টা করিয়া অবশেষে সমস্ত দ্রব্য ত্যাগ করিয়া অত্যল্প অশ্বারূঢ় লোকের সহিত

thus overthown, solicited his advice in their extremity. He exhorted them to make peace on whatever terms the Romans would grant it.

The terms on which Scipio consented to grant peace were that *the Carthaginians should deliver up to the Romans, all deserters, fugitive slaves, and prisoners of war; that they should surrender all their ships of war except ten triremes, and all their elephants trained for the field; that they should enter into no war either in Africa or out of Africa without the consent of the Romans; that they should restore to Massinissa all his possessions; that they should pay to the Romans in the space of fifty years ten thousand talents of silver.*

These were hard conditions, but the Carthaginians could not help submitting to them. Thus, after a period of nineteen years, ended the second Punic War. Scipio returned to Italy and entered Rome in triumph. He was honoured with the surname of *Africanus*, for the heroism he had exhibited in Africa.

পলায়ন করিলেন। রোমানেরা তাঁহার শিবির লুণ্ঠন করিয়া রাশীকৃত স্বর্ণ রৌপ্য প্রাপ্ত হইলেন। কার্থেজিনেরা এই প্রকারে পরাজিত হইয়া তাঁহার পরামর্শ জিজ্ঞাসা করিলে তিনি স্পষ্ট কহিলেন যে রোমানেরা যাহা বলে তাহাতেই সম্মত হইয়া সন্ধি কর।

সিপিও এই২ নিয়মে সন্ধি করিতে সম্মত হইলেন—যথা কার্থেজিনেরা সমস্ত দেশত্যাগি ও পলাতক দাস এবং যুদ্ধে ধৃত রোমানদিগকে তাঁহার হস্তে সমর্পণ করিবে, কেবল দশখান ব্যতীত সমস্ত যুদ্ধের জাহাজ এবং রণ কৌশলার্থে শিক্ষিত হস্তি সমূহ রোমানদের হস্তে দিবেক, আফ্রিকাতে কিম্বা আফ্রিকার বাহিরে রোমানদের অনুমতি বিনা কখন যুদ্ধ করিবে না ও মসিনিসাকে তাঁহার সমস্ত অধিকার প্রত্যর্পণ করিবে আর দশ সহস্র তালন্ত কিস্তিবন্দি করিয়া পঞ্চাশ বৎসরের মধ্যে রোমানদিগকে দিবে।

এ সকল পণ অতি কঠিন তথাচ কার্থেজিনেরা দুর্দ্দশা প্রযুক্ত তাহা স্বীকার করিতে বাধ্য হইল, এবং এই রূপে ঊনবিংশতি বৎসরের পর দ্বিতীয় পুনিক যুদ্ধের শেষ হইল। সিপিও ইতালিতে প্রত্যাগমন করিয়া জয় যাত্রা করত রোম নগরে প্রবেশ করিলেন এবং আফ্রিকাতে মহা শৌর্য্য প্রকাশ করিয়াছিলেন তন্নিমিত্তে আফ্রিকেন আখ্যা সম্ভ্রমার্থে প্রাপ্ত হইলেন।

CHAP IV.

Upon the conclusion of the second Punic war, the Macedonian war broke out. Macedon was situated in Greece. Alexander the Great was at one time the king of this country. He had conquered Persia and other Asiatic kingdoms, and had advanced as far as Hindustan. The Macedonian kings had also extended their empire all over Greece. It was in order to animate the Athenians with a desire of resisting this growing empire, that Demosthenes, the greatest orator in Greece, had delivered his celebrated orations. thence called the *Philippics*.

Philip (not the father of Alexander the Great) was at this time the King of Macedon. He was greatly distinguished for his courage and military virtue. We have seen him ready to send auxiliaries to Hannibal in the second Punic war. The Romans were never perfectly satisfied with him after this; and having now subdued the Carthaginians, they began to think of trying their strength in other quarters. They were moreover uneasy at the power of the Macedonians who might one day give them trouble and annoyance.

But it would not have become a great republic to declare war without cogent reasons. The Romans accordingly sought for a pretext, and were not long in finding one. Arguments for justifying a breach of the peace are always forthcoming when a person is determined to quarrel. The other states of Greece were at this time hostile to Philip. The Athenians and

৪ অধ্যায়।

দ্বিতীয় প্যুনিক যুদ্ধ সমাপ্ত হইলে মাসিদনে এক সংগ্রাম উপস্থিত হইল, মাসিদন রাজ্য গ্রীশের অন্তর্গত ছিল—এখানে মহা আলেগ্‌জন্দর পূর্ব্বে রাজা ছিলেন, তিনি এস্যার পারস প্রভৃতি সকল দেশ জয় করিয়া হিন্দুস্থান পর্য্যন্ত আসিয়াছিলেন, মাসিদনীয় রাজারা গ্রীশের মধ্যবর্ত্তি সমস্ত দেশও অধীন করিয়াছিল—এই বর্দ্ধমান রাজ্যের ব্যাঘাত করণাভিপ্রায়ে এথিনিয়ানদিগকে উৎসাহ দিবার নিমিত্তে দিমস্থিনিস নামক মহা পণ্ডিত অনেক বক্তৃতা করিয়াছিলেন তাঁহার সে বক্তৃতা ফিলিপিক নামে বিখ্যাত হইয়াছে—তিনি গ্রীকদের মধ্যে সর্ব্ব প্রধান উপস্থিত বক্তা ছিলেন।

মহা আলেগ্‌জন্দরের পিতা ফিলিপ পূর্ব্বে ভূপতি ছিলেন সম্প্রতি আর এক ব্যক্তি ফিলিপ নামে মাসিদনের রাজা হইলেন, ইনি সাহসে ও প্রতাপে অতি মহান, এবং দ্বিতীয় প্যুনিক যুদ্ধে হানিবলকে সাহায্য পাঠাইতে প্রস্তুত হইয়াছিলেন এই কারণে রোমানেরা তাঁহার উপর কখন পূর্ণ সন্তুষ্ট হয় নাই আর তাহারা কার্থেজিনদিগকে দমন করিয়া নিষ্কর্ম্মা থাকাতে এক্ষণে অন্যান্য দিকে আপনাদের বল বিস্তার করিতে ইচ্ছা করিল—অধিকন্তু মাসিদনীয়েরা পরাক্রান্ত লোক সুতরাং সুযোগ পাইলে রোমানদিগকে ক্লেশ দিতে পারিবে এই আশঙ্কায় তাহাদের পরস্পর ঈর্ষা হইয়াছিল।

কিন্তু অকারণে যুদ্ধ করা রাজধর্ম্ম নহে, অতএব রোমানেরা কলহের সূত্রান্বেষণ করত অবিলম্বে বিরোধের ছল পাইল, বিবাদ করণে আসক্ত হইলে শত্রুতার ছল পাওয়া কখন কঠিন নহে, গ্রীক দেশীয় অন্যান্য জাতিরা এ সময়ে ফিলিপের বিপক্ষ ছিল সুতরাং এথেন্স প্রভৃতি নগরীয় লোকেরা রোমানদের সাহায্য প্রার্থনা করাতে বিবাদের উত্তম পথ হইল। রোমানেরা তাহাদিগকে সাহায্য করিবার ছলে মাসিদন রাজের

other Greek nations solicited the assistance of the Romans. This proved a good opportunity for a rupture with him. Under pretence of assisting the Athenians, the Romans declared war against the King of Macedon. The inhabitants of Rhodes and Attalus, King of Pergamus, were also hostile to Philip. They all joined in a confederacy with the Romans and made war upon the Macedonians. The Consul Flaminius was accordingly sent to Greece with a large army. After vigorus efforts he succeeded in overthrowing Philip, and granted him peace on the following conditions:—that he should abstain from making war upon the Greek states under the protection of the Romans;—that he should deliver up all fugitives and prisoners;—that he should give up all his ships of war, except fifty;—that he should pay a thousand talents, one half immediately, the other half in ten years; and that he should deliver up his son Demetrius into the hands of the Romans as a hostage for the fulfilment of these conditions. Having thus reclaimed the Greek states from the power of Philip, the Romans gave them *liberty* by proclamation.

Flaminius likewise made war upon the Lacedemonians. A turbulent inhuman person named Nabis was at this time King of Lacedemon. The Roman general defeated and humbled him, and received his son Armenes as a hostage,—Flaminius returned with great glory and led the two royal hostages, Demetrius and Armenes, in triumph to Rome.

War with Antioch usthe Great, King of Syria, follow-

উপর যুদ্ধ প্রচার করিল—রোদ উপদ্বীপস্থ লোকেরা এবং পর্গেমসের রাজা আতেলসও ফিলিপের প্রতি বৈরি ভাবাপন্ন ছিল, অতএব এ সমস্ত জাতি একত্র মিলিয়া রোমানদের সাহায্যে মাসিদনে যুদ্ধ উপস্থিত করিল। ফ্লেমিনিয়স কন্সল হইয়া রোমান সৈন্য লইয়া গ্রীক রাজ্যে আইলেন এবং অনেক চেষ্টার পর ফিলিপকে পরাভব করিয়া এই ২ পণে সন্ধি করিলেন যথা—ফিলিপ রোমানদের আশ্রিত গ্রীক জাতিদের উপর যুদ্ধ করিতে পাইবেক না, সমস্ত পলাতক ও যুদ্ধে ধৃতলোক-দিগকে সমর্পণ করিবেক, কেবল পঞ্চাশ খান রাখিয়া অবশিষ্ট যুদ্ধের জাহাজ রোমানদের হস্তে দিবেক ও রোমানদিগকে এক সহস্র তালন্ত দিবেক তন্মধ্যে অর্দ্ধেক তৎক্ষণাৎ এবং অর্দ্ধেক দশ বৎসরের মধ্যে প্রদান করিবেক, আর এই সকল কথা পালনার্থে আপন পুত্র দিমিত্রিয়সকে প্রতিভূ স্বরূপ রোমানদের হস্তে সমর্পণ করিবে। রোমানেরা গ্রীক নগর সমূহ ফিলিপের হস্ত হইতে এইরূপে মুক্ত করিয়া তাহাদিগকে স্বাধীন বলিয়া গ্রহণ করিলেন।

পরে ফ্লেমিনিয়স লাসিডিমনদের সহিতও যুদ্ধ করিলেন তখন নেবিস নামে অতি দুর্দ্দান্ত নিষ্ঠুর এক ব্যক্তি লাসিডিমনের রাজা ছিল—রোমান সেনাপতি নেবিসকে পরাভব করিয়া অত্যন্ত খর্ব্ব করিলেন ও তাহার পুত্র আর্মিনিসকে প্রতিভূ স্বরূপ লইলেন। ফ্লেমিনিয়স ইহাতে অত্যন্ত যশঃপ্রাপ্ত হইয়া পরে দিমিত্রিয়স ও আর্মিনিস এই দুই পরাজিত রাজ কুমারকে অনুচর করিয়া জয় যাত্রা করিলেন।

সম্প্রতি সিরিয়ারাজ মহা আন্তিওকসের সহিত যুদ্ধ আরম্ভ

ed next. The real cause of these hostilities was the jealousy with which one powerful state naturally looks upon another. That those who had conquered the Carthaginians in Africa and humbled the Macedonians in Europe, and had reduced many other kingdoms to their obedience, should now desire to extend their supremacy to Asia was nothing wonderful. Neither can we marvel at the eagerness with which the King of Syria, now that he had so successfully exhibited his power in Asia, aspired to the conquest of so growing an empire in Europe. Hannibal was moreover at this time a fugitive in the court of Antiochus. The Carthaginian hero had left his native country and escaped to Syria for fear of falling into the hands of the Romans. He now began to excite the King of Syria to make an effort for the subjugation of the Romans.

The war with Antiochus broke out during the consulate of Cornelius Scipio and Marcus Acilius. Philip, King of Macedon, rendered assistance to the Romans. Antiochus was invited by the Ætolians and advanced as far as Greece. Hannibal had advised him to make a direct irruption into Italy. The Romans, he said, could not be humbled except in Italy. Antiochus was led, through *infatuation*, as some historians have called it, to disregard that advice. He came over to Greece at the solicitation of the Ætolians, and while taking up his winter quarters at Chalcis married the daughter of Cleoptolemus, in whose house he was lodged. He was soon convinced, however of his rashness in not

হইল—এ সংগ্রামের মুখ্য কারণ এই যে এক বর্দ্ধমান রাজ্য অন্য রাজ্যের বৃদ্ধি দেখিলে পরস্পর ঈর্ষন্বিত হয় অতএব যাহারা আফ্রিকাতে কার্থেজিনদিগকে ও ইউরোপে মাসি-দনীয়দিগকে খর্ব্ব করিয়াছে ও অন্যান্য অনেক রাজাকে আপনাদের অধীনে আনিয়াছে তাহারা এস্যাতেও আধিপত্য করিতে যে বাঞ্ছা করিবে ইহা আশ্চর্য্য নহে, এবং আন্তিওকস রাজা এস্যাতে এতাবৎ দেশ জয় করিয়া ইউরোপের মধ্যস্থ বর্দ্ধমান রোমানদিগকে দমন করিতে যে সত্বর হইবেন তাহাও চমৎকারের বিষয় নহে—বিশেষতঃ হানিবল এ সময়ে আন্তিও-কস রাজার নিকটে শরণাগত প্রায় ছিলেন, ইনি রোমানদের হস্তে সমর্পিত হইবার ভয়ে স্বদেশ ত্যাগ করিয়া সিরিয়াতে আসিয়াছিলেন এবং রোমরাজ্য ধ্বংস করণাভিপ্রায়ে সিরিয়া-রাজকে উৎসাহী করিতে যত্নশীল হইলেন।

কর্ণিলিয়স সিপিও ও মার্কস অসিলিয়সের কন্সলত্ব সময়ে আন্তিওকসের সহিত যুদ্ধ উপস্থিত হইলে মাসিদনের রাজা ফিলিপ রোমানদের পক্ষ হইয়া সাহায্য করিলেন। আন্তিওকস ইতোলীয় লোক কর্ত্তৃক আহূত ইহয়া গ্রীশদেশ পর্য্যন্ত আইলেন, হানিবল তাঁহাকে একেবারে ইতালিতে প্রস্থান করিতে মন্ত্রণা দিয়াছিলেন কেননা তাঁহার মতে ইতালি ব্যতীত অন্যত্র রোমানদিগকে খর্ব্ব করা অসাধ্য, কিন্তু আন্তিওকস হতবুদ্ধি হইয়া হানিবলের ঐ পরামর্শ অগ্রাহ্য করিয়াছিলেন, অতএব ইতোলীয়দের নিমন্ত্রণে গ্রীশদেশে আগমন করিলেন এবং কলসিস্ নামক স্থানে শীতকাল ক্ষেপণার্থে ক্লিওপ্তলিমস নামে একজনের গৃহে প্রবাস করত তাহার কন্যাকে বিবাহ করিলেন

following the advice of Hannibal. He now posted himself at the straits of Thermopylæ, as the best thing he could do. It was here that Leonidas and the three hundred Spartan heroes under him had opposed the immense Persian army under Xerxes. The Romans gave battle to the Syrian King at this place, and completely routed him. Antiochus fled to his own country, leaving his camp and all his baggage in the hands of the Romans. As a reward to Philip, King of Macedon, who had assisted them in this engagement, the Romans released his son Demetrius.

The Romans now resolved to send an expedition into Asia against Antiochus. Lucius Scipio, brother to Scipio Africanus, was entrusted with the command of the army. His brother Africanus accompanied him as his lieutenant. Hannibal was bringing a reinforcement of ships from Syria with a view to oppose the progress of the Roman army in Asia; but the Rhodians, who had entered into alliance with the Romans, encountered him off Syda, in Pamphylia, and put him to flight. Shortly after, Antiochus himself sustained a signal defeat at the battle of Magnesia. Eumenes the brother of Attalus and the founder of a city called Eumenia in Phrygia, had brought auxiliaries to the Romans in this engagement. Antiochus lost fifty thousand foot and four thousand horse in this battle. He was so dispirited by his ill success that he immediately begged for peace. Peace was granted on the same conditions which were demanded before;—

পরন্তু হানিবলের মন্ত্রণা অমান্য করাতে যে অবিবেচনা হই-য়াছে তাহা শীঘ্রই টের পাইলেন, পরে থর্ম্মাপলি নামক খাঁড়িতে অবস্থিতি করা শ্রেয়ঃ জ্ঞান করিয়া তথায় সসৈন্যে রহিলেন। পূর্ব্বে এই স্থলে তিন শত স্পার্টা দেশীয় মহাবীর লিওনিদস নামক অধ্যক্ষের শাসনে পারসরাজ জর্সেসের অসংখ্য সৈন্যকে বাধা দিয়াছিলেন, সম্প্রতি রোমানেরা সেইস্থানে সিরিয়ারাজকে যুদ্ধ দিয়া সম্পূর্ণরূপে পরাস্ত করিলেন। আন্তিও-কস আপনার শিবির ও সমস্ত দ্রব্য রোমানদের হস্তে ফেলিয়া স্বদেশে পলায়ন করিলেন। ফিলিপ্ এ যুদ্ধে রোমানদিগকে সাহায্য করিয়াছিলেন এতদর্থে রোমানেরা তাঁহার পুত্র দিমি-ত্রিয়সকে মুক্ত করিয়া ছাড়িয়া দিলেন।

পরে রোমানেরা আন্তিওকসের বিপক্ষে এস্যাতে সৈন্য প্রেরণ করিলেন, লুসিয়স সিপিও এ সৈন্যের অধ্যক্ষ হইলেন ইনি সিপিও আফ্রিকেনের ভ্রাতা, আফ্রিকেনও এ যুদ্ধে আপন ভ্রাতার সহকারী হইয়া আসিলেন। হানিবল এস্যাতে রোমান সৈন্যের গমনে ব্যাঘাত দেওনার্থে সিরিয়া হইতে কএক জাহাজ আনিতে ছিলেন কিন্তু রোদ উপদ্বীপস্থ লোকেরা রোমান-দের সহিত মিত্রতা করিয়া পাম্ফিলিয়া দেশের অন্তর্গত সাইদা নামক গ্রামে তাঁহাকে যুদ্ধদিয়া পলাইতে বাধ্য করিলেক। অনন্তর মাগ্নিসিয়া নামক নগরের নিকটে ঘোরতর সংগ্রাম হওয়াতে আন্তিওকস স্বয়ং পরাস্ত হইলেন, এই যুদ্ধেআতেলস রাজার ভ্রাতা ইউমিনিস, যিনি ফ্রিজিয়াতে ইউমিনিয়া নামক এক নগর নির্ম্মাণ করেন, তিনি রোমানদের সাহায্য করিয়াছি-লেন। আন্তিওকস রাজা এ যুদ্ধে পঞ্চাশৎ সহস্র পদাতিক ও চতুঃসহস্র অশ্বারূঢ় সৈন্য হারাইয়াছিলেন এবং অত্যন্ত ভয় পাইয়া সন্ধির প্রার্থনা করিলেন।—রোমানেরা পূর্ব্বে যে পণ চাহিয়াছিলেন তাহাতেই এক্ষণে তাঁহার সহিত সন্ধি করিলেন

viz. that Antiochus should give up all his pretensions in Europe, and confine himself in Asia within Mount Taurus; that he should pay fifteen thousand talents for the expenses of the war; that he should give twenty hostages for the faithful fulfilment of this treaty; and that he should deliver up Hannibal, the instigator of the war. Antiochus acceded to all these terms.

The Romans rewarded the services of Eumenes by giving him all the territories which Antiochus had conquered in Asia. The Rhodians too received the full benefit of their alliance with Rome. They had many states settled upon them for their good services in the late war. Scipio returned in great glory to Italy, and was received with every mark of honor and respect by his countrymen. He entered Rome in triumph. The surname of Asiaticus was given him for his victories in Asia, as that of Africanus had been given to his brother for his conquest of Africa.

Antiochus had agreed to deliver up Hannibal into the hands of the Romans. Hannibal anticipated the fulfilment of this condition by escaping from Syria. He wandered through many countries forlorn and helpless, and at length sought refuge in the Court of Prusias, King of Bithynia. Prusias had heard of his experience and sagacity as a soldier and treated him with due respect. But the Romans were determined not to spare him. They sent Flaminius to the King of Bithynia with a view to secure the person of Hannibal. Flaminius desired to have him in his own cus-

যথা—আন্তিওকস তরস পর্ব্বতের অপর পার্শ্বে থাকিয়া ইউরোপের কোন স্থান অধিকার করিতে পাইবেন না, যুদ্ধের ব্যয় পরিশোধার্থে দশ সহস্র তালন্ত রৌপ্য ও সন্ধিপত্রের নিয়ম রক্ষার্থে বিংশতি জন প্রতিভূ দিবেন, এবং যুদ্ধের প্রবর্ত্তক হানিবলকে রোমানদের হস্তে সমর্পণ করিবেন,—আন্তিওকস এ সমস্ত কথাতে সম্মত হইলেন।

আন্তিওকস যুদ্ধ করিয়া এস্যার যে২ নগর জয় করিয়াছিলেন রোমানেরা সে সমুদয় ইউমিনিসকে দান করিলেন এবং রোদীয়েরাও রোমানদিগকে সাহায্য করাতে উত্তম পুরস্কার পাইল তাহারা অনেক নগরের অধিকার প্রাপ্ত হইল—পরে সিপিও মহা গৌরবে ইতালিতে আসিয়া সর্ব্ব প্রকার সম্ভ্রম ও আদরের সহিত আপন দেশে গৃহীত হইলেন ও জয় যাত্রার সহিত নগর প্রবেশ করিলেন এবং যেমত তাঁহার ভ্রাতা আফ্রিকা জয় করিয়া আফ্রিকেন নামধেয় হইয়াছিলেন সেইমত তিনিও এস্যা জয় করিয়া এস্যাতিক সংজ্ঞা প্রাপ্ত হইলেন।

আন্তিওকস রাজা পরাভূত হইয়া স্বীকার করিয়াছিলেন যে হানিবলকে রোমানদের হস্তে সমর্পণ করিবেন,—হানিবল তাহা পূর্ব্বেই আশঙ্কা করিয়া সিরিয়া রাজ্য হইতে পলায়ন করিয়াছিলেন—এবং নিরুপায় ও নিরাশ্রয় হইয়া অনেক দেশ ভ্রমণ করিলেন পরে বিথিনিয়ার রাজা প্রুসিয়সের নিকট উপনীত হইলেন—প্রুসিয়স রাজা তাঁহার বুদ্ধি ও যুদ্ধ কৌশল শুনিয়াছিলেন অতএব যথেষ্ট আদরে তাঁহার আতিথ্য করিলেন—কিন্তু রোমানেরা তাঁহাকে নষ্ট করিতে দৃঢ় প্রতিজ্ঞা করিয়া তাঁহাকে হস্তগত করণার্থে প্রুসিয়স রাজার নিকট ফ্লেমিনিয়সকে পঠাইলেন—ফ্লেমিনিয়স হানিবলকে আপন অধীনে আনিতে চাহিলেন,—প্রুসিয়স রোমানদের বিক্রমে

tody. Prusias, afraid of the Roman power, consented to deliver up his guest. Hannibal accordingly found himself in a hopeless condition; and, rather than fall into the hands of such inveterate enemies, chose to put an end to his life by poison. Thus died one of the greatest generals of antiquity;—who with a proper army and adequate supplies might have conquered the whole world, but whose misfortunes ultimately drove him to the necessity of a violent suicide as his only means of escape from a humiliating and painful captivity. Hannibal was buried at Libyssa in the country of the Nicomedians.

Philip, King of Macedon, as has been already observed, though originally hostile to the Romans, had been subsequently terrified by their power and entered into alliance with them. He also supplied them with auxiliaries in their war with Antiochus. He now died, leaving his crown to his son Perseus. This prince had always hated the Romans in his heart. While his father was yet alive, he had by his intrigues procured the death of his younger brother Demetrius, who was a peculiar favourite with the Romans. At length he threw off the mask; and after vast preparations openly declared war against them. This has been called the second Macedonian war; and it lasted three years. Many crowned heads took part in this rupture. Cotys, King of Thrace, and Gentius, King of Illyricum, appeared as the allies of Perseus. Eumenes, King of Pergamus, Ariarathes of Cappadocia, Antiochus of Syria, Ptolemy

ভয় পাইয়া কার্থেজিন সেনাপতিকে তাঁহাদের নিকট সমর্পণ করিতে উদ্যত হইলেন, হানিবল এক্ষণে আর কোন উপায় দেখিলেন না অতএব দারুণ শত্রুহস্তে পতন অপেক্ষা মৃত্যুকে শ্রেয়ঃ জ্ঞান করিয়া বিষ খাইয়া প্রাণত্যাগ করিলেন। এই রূপে প্রাচীন কালের এক অতি মহা সেনাপতির পঞ্চত্ব হইল, তিনি উপযুক্ত সৈন্য ও আবশ্যক দ্রব্যাদি পাইলে পৃথিবী জয় করিতে সমর্থ হইতেন কিন্তু অবশেষে ঘোর বিপদে পড়িয়া যন্ত্রণা লাঞ্ছনা ও বন্ধন নিবারণার্থে আত্মহত্যার পাপ স্বীকার করিলেন, নিকমিদিয়ান দেশে লিবিসা গ্রামে তাঁহার কবর হইল।

পূর্ব্বে উক্ত হইয়াছে যে মাসিদনের রাজা ফিলিপ প্রথমতঃ রোম রাজ্যের বিরুদ্ধ হইয়াছিলেন পরে তাহাদের বল ও প্রতাপে ভয় পাইয়া মিত্রতা করিয়াছিলেন ও আন্তিওকসের বিপক্ষে যে যুদ্ধ হইয়াছিল তাহাতে তাহাদিগকে সাহায্য দিয়াছিলেন, সম্প্রতি তাঁহার মৃত্যু হওয়াতে তাঁহার পুত্র পর্সিয়ুস রাজা হইলেন, ইনি সর্ব্বদাই মনে২ রোমানদের শত্রু ছিলেন এবং আপন কনিষ্ঠ ভ্রাতা রোমানদের প্রিয় ছিল এ কারণ পিতা বর্ত্তমান থাকিতে২ ছলদ্বারা তাহাকে বধ করিয়াছিলেন। এক্ষণে রাজা হইয়া অনেক প্রকার আয়োজন করিয়া রোমানদের বিরুদ্ধে স্পষ্ট যুদ্ধ বিস্তার করিলেন, এই সংগ্রামকে দ্বিতীয় মাসিদনীয় যুদ্ধ কহে এবং ইহা তিন বৎসর ব্যাপিয়া ছিল, এই রণে অনেকানেক রাজা প্রবৃত্ত হইয়াছিলেন—থ্রেসদেশের রাজা কোটিস এবং ইলিরিয়ার রাজা জেনসিয়ুস মাসিদনীয়দের পক্ষে ছিলেন,—পর্গেমসের রাজা ইউমিনিস, কাপেদোসিয়ার

of Egypt, and Massinissa of Numidia brought auxiliaries to the Romans. Prusias King of Bithynia, though he was related to Perseus, having married his sister, stood aloof from this war. He remained neutral. For some time the Roman army met with no success. The Consul Licinius was, on the contrary, defeated in a great battle. But the Romans were not disheartened by their loss. They refused to make peace, though vanquished; and when solicited by Perseus, they demanded terms to which no enemy, until reduced to the last extremity, could submit, and which none but a conqueror could dictate. They would not terminate the war, they said, unless the King of Macedon surrendered himself and his subjects to the Senate and people of Rome. The Consul Æmilius Paulus was sent against him; and Caius Anicius marched to Illyricum to chastise Gentius. Here in a decisive battle the Romans completely routed the King of Illyricum, who immediately surrendered himself. His mother, wife, and brother, and his two sons, all came into the hands of the Romans. The Illyrian war was thus finished within thirty days. The conquest of Illyricum was announced before the despatches reporting the commencement of hostilities had reached Rome.

At length on the 3d September Æmilius Paulus gave battle to Perseus and completely routed him. An eclipse of the moon had taken place the night before. The Roman General had foreseen this phænomenon by astronomical calculations, and had warned

রাজা আরিয়ারাথিস, সিরিয়ার রাজা আন্তিওকস, ইজিপ্তের রাজা তলমি এবং নুমিদিয়ার রাজা মেসিনিসা ইহারা রোমান-দের দলস্থ ছিলেন। বিথিনিয়ার রাজা প্রুসিয়স মাসিদন রাজের ভগিনীপতি হইলেও কোন পক্ষে না আসিয়া এই যুদ্ধ হইতে নিরস্ত থাকিলেন। যুদ্ধের প্রথমাবস্থায় রোমান সৈন্য কিছু করিতে পারে নাই, পর্‌সিয়স বরং একবার জয়ী হইয়া ঘোর যুদ্ধে লিসিনিয়স নামক কন্সলকে পরাভব করিয়া-ছিলেন কিন্তু তত্রাপি রোমানেরা ভয় পায় নাই, ও পরাভূত হইলেও এবং পর্‌সিয়স যুদ্ধ নিবৃত্তি করিতে চাহিলেও সম্মত না হইয়া বরং এমত২ পণ চাহিল যাহা অতি দুর্দ্দশাপন্ন না হইলে কোন শত্রু স্বীকার করিতে পারেনা. এবং জয়ি ব্যতীত অন্য কাহারও চাহা সঙ্গত নহে।—তাহারা কহিল যে মাসিদনীয় রাজা যে পর্য্যন্ত রোমান সেনেটের হস্তে প্রজা-গণের সহিত আপনাকে সমর্পণ না করেন সে পর্য্যন্ত সংগ্রাম অবিচ্ছেদে থাকিবে, অতএব ইমিলিয়স পলসকে মাসিদনে প্রেরণ করিল এবং কাইয়স আনিসিয়স ইলিরিয়াতে জেনেসি-য়সের বিপক্ষে গমন করিলেন, একবার যুদ্ধ হইলেই জেনসিয়স পরাভূত হইয়া রোমানদের শরণ লইলেন এবং মাতা ভ্রাতা ও স্ত্রীপুত্রের সহিত তাহাদের হস্তগত হইলেন। ইলিরিয়াতে এইরূপে এক মাসের মধ্যে রোমানেরা সদ্য জয়ী হইল এবং যুদ্ধারম্ভের সংবাদ রোমে পঁহুছিবার পূর্ব্বে জয়ের সমাচার চতুর্দ্দিকে ব্যাপিল।

পরে সেপ্তেম্বর মাসের তৃতীয় দিবসে ইমিলিয়স পলস পর্‌-সিয়সকে যুদ্ধ দিয়া পরাস্ত করিলেন, ইহার পূর্ব্ব রাত্রিতে এক

his men against the folly of losing heart at a natural event which might be scientifically predicted. The Macedonians lost twenty thousand men in this battle, the Romans only a hundred The blow, thus struck, proved the ruin of the Macedonian empire. The territories of Perseus were brought to the obedience of Rome. The King himself, after a vain attempt to escape with a few faithful followers, fell into the hands of the Roman Consul. Æmilius, far from treating him with contumely as a fallen enemy, received him on the contrary with great respect. Perseus offered to throw himself in the attitude of a vanquished suppliant at the conqueror's feet. Æmilius generously raised him up and allowed him a seat beside himself.

Macedon and Illyricum being thus reduced, the Romans settled their affairs on the following terms; that both these states should enjoy their liberty and independence and be governed by their own laws; and that they should pay to the Romans half the tribute they paid to their kings. The object of the Romans in settling their affairs upon so generous a basis was to exhibit before the world their justice and humanity, and to prevent any aspersions being cast on their character on the score of ambition and avarice;—for what better proofs could be demanded of their disinterestedness and benevolence, than that, though conquerors, they allowed the enjoyment of liberty to their vanquished enemies? This settlement of Macedon and Illyricum was publicly proclaimed by Æmilius

চন্দ্র গ্রহণ হইয়াছিল রোমান সেনাপতি জ্যোতিষ্ গণনাদ্বারা তাহা নির্ণয় করিয়া অগ্রে আপন দলস্থ লোককে তদ্বিষয়ক সংবাদ দিয়াছিলেন যেন গণনা দ্বারা নিরূপ্য এমত স্বাভাবিক ঘটনাকে কুলক্ষণ বলিয়া ভয় না পায়। এই সংগ্রামে মাসিদনীয়-দের বিংশতি সহস্র সৈন্য হত হইয়াছিল কিন্তু রোমানেরা কেবল এক শত লোক হারাইলেন—ইহাতে পর্সিয়সের রাজ্য ভ্রংশ হইল এবং মাসিদনীয় সমস্ত নগর রোমানদের বশে আসিল, পর্সিয়স রাজা স্বয়ং কএক বিশ্বস্ত লোকের সমভিব্যা-হারে পলায়ন করিতে চেষ্টা করিয়া পরে রোমান সেনাপতির হস্তে পড়িলেন,—কিন্তু ইমিলিয়স তাহাকে পরাজিত শত্রু বলিয়া অপমান না করিয়া বরং আদর ও সম্ভ্রমে গ্রহণ করিলেন এবং শরণাগত লোকের ন্যায় তিনি জয়কারির পদতলে প্রণাম করিতে উদ্যত হইলে ইমিলিয়স তাঁহাকে উঠাইয়া আপনার পার্শ্বে বসাইলেন।

অনন্তর মাসিদন এবং ইলিরিয়ার সমস্ত লোক রোমানদের অধীন হইলে রোমানেরা এই২ নিয়মে তাহাদের বিষয়ের নিষ্পত্তি করিলেন—যথা—তাহারা স্বাধীন হইয়া স্বজাতীয় রীতি ও ব্যবহারানুসারে শাসিত হইবে এবং রাজাকে যে কর দিত তাহার অর্দ্ধেক এক্ষণে রোমানদিগকে দিবে। রোমানদের এমত দয়া প্রকাশ করিবার অভিপ্রায় এই যে তাহারা রাজ্যও ধন লুব্ধ বলিয়া নিন্দিত না হইয়া বরং ন্যায়কারী ও পর হিতৈষী বলিয়া যেন প্রশংশিত হয় কেননা যুদ্ধে জয়ী হইয়াও পরাজিত শত্রুকে স্বাধীন করিল অতএব দয়ালু ও নিস্পৃহ ব্যবহারের এতদপেক্ষা মহৎ প্রমাণ কি আছে? ইমিলিয়স ঐ

in a large assembly of men. He gave a sumptuous entertainment to the ambassadors that had come from various countries, and remarked in a speech on the occasion that it behoved the same man *both to conquer in the field and to be handsome in his convivial treats*.

Upon the conclusion of the Macedonian war the Roman supremacy extended itself all over Greece. Seventy cities in Epirus, which had before been hostile, were now reduced by the Roman Consul. The spoils of these conquered states were distributed among the soldiers. After all these exploits, Æmilius returned to Rome in great pomp and glory. He returned in a ship which belonged to Perseus. This vessel was so unusually large that it could contain sixteen lines of oars. He entered the city in triumph in a splendid golden chariot, his two sons standing, one on each side of him. The two sons of the Macedonian King, with Perseus himself, now forty-five years old, were led before his chariot. Anicius too had a triumph in like manner on account of his conquest of Illyricum. Gentius with his brother and sons graced this triumph, being led before their conqueror's chariot. Several crowned heads came to see these splendid exhibitions at Rome, and among others Attalus and Eumenes of Asia, and Prusias of Bithynia. They were received and entertained with great honor. By permission of the Senate they deposited in the Capitol the costly presents they had brought with them. Prusias likewise recommended his son Nicomedes to the protection of the Senate.

ব্যবস্থা ও নিয়ম অসংখ্য লোক সমাজে ঘোষণা করত প্রচার করিলেন এবং অনেকানেক রাজ্য হইতে যে সকল দূত আসিয়াছিল তাহাদের সহিত মহোৎসবে একত্র ভোজন করত কহিলেন যে যুদ্ধে জয় করা ও ভোজন সময়ে সকলের মনোরঞ্জক হওয়া উভয়ই এক মনুষ্যের ধর্ম্ম।

মাসিদনের যুদ্ধ সমাপ্ত হইলে রোমানদের পরাক্রম সমস্ত গ্রীশ দেশে ব্যাপিল, এপিরসের সপ্ততি নগর পূর্ব্বে বিপক্ষ থাকিয়া এক্ষণে রোমান কন্সলের বশীভূত হইল, এই অঞ্চলে যে২ দ্রব্য লুঠ হয় তাহা সেনাপতি সৈন্যগণের মধ্যে বিতরণ করিলেন। ইমিলিয়স এমত বীরত্ব প্রকাশ করিয়া পশ্চাৎ মহা আড়ম্বরের সহিত রোমে যাত্রা করত পরসিয়স রাজার এক জাহাজ আরোহণ করিয়া আসিলেন, এ জাহাজ সে কালের মধ্যে এমত অসাধারণ রূপে প্রকাণ্ড ছিল যে তাহাতে ষোড়শ শ্রেণী দাঁড় থাকিতে পারিত, পরে এক স্বর্ণ রথে আরোহণ করিয়া দুই পুত্রকে দুই পার্শ্বে রাখিয়া মহা গৌরবে জয় যাত্রা করত নগর প্রবেশ করিলেন, পরসিয়স রাজা স্বয়ং পঁয়তাল্লিশ বৎসর বয়স্ক হইলেও আপনার দুই পুত্রের সহিত অগ্রে২ নীত হইলেন,—এবং আনিসিয়সও ঐরূপে ইলিরীয় রাজ জেনসিয়সকে তাহার ভ্রাতা ও পুত্রের সহিত অগ্রে চালাইয়া জয় যাত্রা করিলেন। এই জয় যাত্রার ঘটা দর্শন করিতে আতেলস ইউমিনিস প্রুসিয়স প্রভৃতি নানা দেশীয় রাজা রোম নগরে আসিয়া যথোচিত আদরের সহিত অভ্যর্থিত হইলেন এবং সেনেটের অনুমতি পাইয়া নানা প্রকার দান ও উপহার ক্লাপিতলে উপস্থিত করিলেন, প্রুসিয়স আপন পুত্র নিকমিদিসকে সেনেটের আশ্রয়ে সমর্পণ করিলেন।

In the year following, Lucius Memmius carried on military operations with success in Spain. Marcellus too signalized himself afterwards in the same place.

And now after the lapse of fifty-one years since the conclusion of the second Punic war, a third war broke out with the Carthaginians. Massinissa, King of Numidia, presuming upon his alliance with the Romans, had committed several acts of violence against the Carthaginians. The Carthaginians had often complained of these outrages before the Romans, but the Romans took no steps to restrain the unjust aggressions of the Numidian King. The Carthaginians were accordingly at last forced to take up arms against Massinissa for the defence of their own possessions. But their war with the Numidian monarch entailed heavy losses upon them. The Romans resolved to take advantage of the straits to which they were thus reduced, and concerted measures for their entire destruction. The prosperity of the African republic had long excited their jealousy. They now fancied they could enjoy no security unless they utterly demolished a city so flourishing. They pretended therefore that the Carthaginians had infringed their treaty with Rome by making war upon Massinissa, her ally; and with this pretext they proclaimed war. Alarmed at the prospect of another rupture with so powerful a nation, the Carthaginians offered to deliver up all their possessions and effects into the hands of the Romans. The Romans at first demanded three hundred of their young nobility as hostages. They next called

পর বৎসরে স্পেনের মধ্যে লুসিয়স মেমিয়স উত্তম রূপে যুদ্ধ করিলেন এবং মার্সেলসও ঐ স্থানে কুশলে কৃতকার্য্য হইলেন।

অনন্তর দ্বিতীয় পুনিক যুদ্ধের একান্ন বৎসর পরে তৃতীয় পুনিক যুদ্ধ আরম্ভ হইল,—নুমিদিয়ার রাজা মেসিনিসা রোমানদের প্রশ্রয়ে স্পর্দ্ধান্বিত হইয়া বারম্বার কার্থেজিনদের উপর অত্যাচার করিয়াছিলেন,—তাহাতে কার্থেজিনেরা এবিষয় অনেকবার জানাইলেও রোমানেরা তাঁহাকে নিবারণ করেন নাই,—অতএব কার্থেজিনেরা অবশেষে স্বয়ং অস্ত্রধারি হইয়া আপনাদের দেশ রক্ষার্থে মেসিনিসার বিপক্ষে সংগ্রাম করিতে উদ্যত হইল কিন্তু এ যুদ্ধে তাহাদের অনেক ক্ষতি হইলে, রোমানেরা তাহাদের ঘোর দুর্দ্দশা দেখিয়া এই সুযোগে তাহাদিগকে সদ্য নষ্ট করিতে প্রতিজ্ঞা করিলেন—কার্থেজের সৌভাগ্যে অনেক কালাবধি তাঁহারা ঈর্ষান্বিত হইয়াছিলেন, সম্প্রতি ভাবিলেন যে এমত বর্দ্ধমান নগরী সম্পূর্ণ ধ্বংস না করিলে নিরুদ্বেগে থাকিতে পারিবেন না—অতএব রোমানদের মিত্র মেসিনিসার সহিত সংগ্রাম করিয়া নিয়ম পত্রের ব্যতিক্রম করিয়াছে এইছলে কার্থেজিনদের উপর যুদ্ধ প্রচার করিলেন কার্থেজিনেরা এমত শক্তিমান জাতির সহিত পুনর্ব্বার বিবাদের প্রসঙ্গে মহাভীত হইয়া রোমানদের হস্তে আপনাদের সর্ব্বস্ব সমর্পণ করিতে স্বীকার করিল,—তাহাতে রোমানেরা প্রথমতঃ তাহাদের দেশস্থ তিনশৎ অতি ভদ্র কুলোদ্ভব বালক প্রতিভূ স্বরূপ লইতে বাসনা করিলেন, পরে সমস্ত অস্ত্র শস্ত্র সমর্পণ করিতে তাহাদিগকে আজ্ঞা দিলেন এবং এ সকল পাইলে অবশেষে কার্থেজ নগর ত্যাগ করিয়া অন্যত্র যাইতে

for all their arms and ammunition; and these being given up, they commanded the Carthaginians to abundon their city and settle elsewhere. This last command, so unjust and so inhuman, filled the people with rage and grief. The conduct of the Romans on this occasion was indeed equally cruel and treacherous. The Consuls disarmed the city by holding out promises of protection, and then directed the people to banish themselves from their native country, which, they said, the Romans had determined to destroy. It is impossible to characterize such conduct as anything short of the blackest iniquity.

The people of Carthage became frantic with grief when they heard that the Romans, having already treacherously taken possession of their arms, were now bent upon the demolition of their city. But extreme despair only serves to harden the human mind, and infuses a courage and resolution that are regardless of death. Finding themselves reduced to so helpless and hopeless a condition, the Carthaginians lost no time in making what preparations they yet were able for war. They began to fabricate arms with such unremitting labour and attention that they made every day 140 bucklers, 300 swords, 500 javelins and 1000 darts;—and because there was a scarcity of materials for making cords, the women cut off their hair to supply the want.

The Romans Consuls at this time were Lucius Manlius Censorinus and Marcus Manlius. They had come

কহিলেন—এই অসঙ্গত অন্যায় কথাতে কার্থেজিনেরা মহা ক্রোধ ও দুঃখে পূর্ণ হইল,—ফলতঃ এ ব্যবহারে অতিশয় প্রতারণা ও ক্রূরতা দেখা যাইতেছে, রক্ষা করিবার লোভ দর্শাইয়া তাহাদের সমস্ত যুদ্ধাস্ত্র আপনাদের হস্তগত করিলেন, পরে তাহাদিগকে দেশত্যাগী হইতে আজ্ঞা দিয়া কার্থেজ নগর নষ্ট করিতে উদ্যত হইলেন এমত কর্ম্মকে কে না অত্যন্ত অত্যাচার কহিবে?

এরূপে রোমানেরা প্রবঞ্চনা পূর্ব্বক অস্ত্র হরণ করিয়া কার্থেজ সংহার করিতে প্রবৃত্ত হইয়াছেন তাহা শুনিয়া কার্থেজিনেরা ঘোর শোকাকুল হইল। কিন্তু অত্যন্ত নৈরাশের অবস্থাতে মনুষ্যের মন কেবল কঠিন হইয়া মরণান্তিক সাহস ও দৃঢ়তা প্রাপ্ত হয় অতএব কার্থেজিনেরা আপনাদিগকে নিরুপায় ও নিরাশ দেখিয়া যুদ্ধের জন্যে অতি ত্বরায় যতসাধ্য প্রস্তুত করিতে লাগিল—অস্ত্র নির্ম্মাণে এমত যত্নশীল ও ব্যগ্র চিত্ত হইল যে প্রতিদিন ১৪০ ঢাল এবং ৩০০ খড়্গ ও ৫০০ বর্ষা ও ১০০০ বাণ প্রস্তুত করিতে লাগিল এবং রজ্জু করিবার দ্রব্যের অভাব হওয়াতে স্ত্রীলোকেরা তন্নিমিত্তে আপনাদের কেশ ছিন্ন করিয়া দিল।

লুসিয়স মান্‌লিয়স সেনসোরিনস এবং মার্কিস মান্‌লিয়স এ সময়ে রোমানদের কন্সল ছিলেন—ইঁহারা কার্থেজ ধ্বংস করণার্থে আফ্রিকাতে আইলেন—কার্থেজিনেরা আপনাদের স্বদেশীয় বীর আসদ্রুবলকে দেশ রক্ষার্থে আহ্বান করিল, রোমানদের বন্ধু মেসিনিসার সহিত যুদ্ধে সত্বর হইয়াছিলেন একারণ তাহারা তাঁহাকে দোষী করিয়া নগর হইতে বহিষ্কৃত করিয়া-

over to Africa with a view to effect the destruction of Carthage. The Carthaginians requested Asdrubal, one of their bravest countrymen, to return to the defence of their common country. Asdrubal had been condemned and banished for having encouraged the war with Massinissa, the ally of Rome. His patriotism was now appealed to, that he might forget the injury done to him and come to the rescue of his native country.

Scipio Æmilianus, the grandson of Scipio Africanus, accompanied this expedition to Africa as a legionary tribune. Though young he was so thoroughly versed in the tactics of war, that he was feared by all around him. His wisdom and sagacity had procured for him universal admiration both at home and abroad. He fought with such bravery and skill that the Carthaginian generals feared to approach him wherever he appeared.

Shortly after the commencement of the third Punic war, Massinissa, the King of Numidia, breathed his last. He had long been an ally of the Roman republic, and though somewhat offended because he was not consulted on the subject of the third Punic war, he yet entrusted Scipio on his death-bed with the partition of his empire among his sons.

Scipio's reputation had by this time become so great that, notwithstanding his youth, he was elected Consul and sent against Carthage. He took and completely destroyed this ill-fated city. The slaughter which

ছিল এক্ষণে সে অপরাধ মার্জ্জনা করিয়া তাঁহাকে স্বদেশ রক্ষার্থে পুনরাগমন করিতে অনুরোধ করিল।

সিপিও আফ্রিকেনের পৌত্র সিপিও ইমিলিএনস এ যুদ্ধে ত্রিবুন পদাভিষিক্ত হইয়া উপস্থিত হইয়াছিলেন—ইনি অল্প বয়সে এমত পরিপক্ব যোদ্ধা ছিলেন যে সকলেই তাঁহাকে অত্যন্ত ভয় করিত এবং তাঁহার বুদ্ধি ও কৌশল এমত অপূর্ব্ব ছিল যে তিনি স্বদেশে ও বিদেশে সর্ব্বত্র মান্য হইয়াছিলেন, আর এমত সাহস ও নৈপুণ্যের সহিত যুদ্ধ করিতেন যে তিনি যেখানে থাকুন কার্থেজিন অধ্যক্ষেরা তাঁহার নিকটস্থ হইতে ভয় করিত।

তৃতীয় প্যুনিক যুদ্ধ আরম্ভ হইবার কিছুকাল পরে নুমিদিয়ার রাজা মেসিনিসা পরলোক গত হইলেন—তিনি অনেক কালা-বধি রোমানদের মিত্র ছিলেন এবং তৃতীয় পুনিক যুদ্ধের বিষয়ে তাঁহার পরামর্শ জিজ্ঞাসা না করাতে যদিও কিঞ্চিৎ বিষণ্ণ হইয়াছিলেন তথাপি মরণ কালে আপন পুত্রদের মধ্যে রাজ্য বিভাগের ভার সিপিওকে অর্পণ করিলেন।

অপর সিপিওর নাম এক্ষণে এমত বাহুল্যরূপে বিখ্যাত হইল যে তাঁহার বয়ঃক্রমের অত্যল্পতা সত্ত্বেও রোমানেরা তাঁহাকে কন্সল করিয়া কার্থেজিনদের বিরুদ্ধে পাঠাইলেন। তিনি সে নগর অধিকার করিয়া সদ্য ধ্বংস করিলেন—তাহাতে এমত অসংখ্য লোকের জীবন নষ্ট হয় যে মনে করিলে অত্যন্ত বিষাদ জন্মে, আবাল বৃদ্ধ বনিতা অনেকেই হত হইল, এবং সমস্ত গৃহে অগ্নি সংযোগ করাতে সমুদয় নগর প্রজ্বলিত হইল। কার্থেজ এককালে মহা পরাক্রান্ত নগর ছিল অতএব

accompanied the catastrophe was most lamentable. Men, women and children, were destroyed without distinction of age or sex. The houses being all set on fire, the whole city burnt in a blaze. The sight of Carthage, once so mighty, in flames, drew tears, it is said, from the conqueror's eyes. The tragical appearance brought to his recollection the destruction of Troy. He cried out in the words of Hector, in the sixth book of the Iliad of Homer :—

> " Yet come it will, the day decreed by fates ;
> (How my heart trembles while my tongue relates !)
> The day when thou, imperial Troy, must bend,
> And see thy warriors fall, thy glories end."

These expressions were uttered by the Trojan hero in melancholy anticipation of the future destruction of Troy. Scipio, like him, trembled for the safety of his own country, when he witnessed the sad catastrophe which befell Carthage, and reflected on the instability of earthly greatness. The demolition of Carthage did, in fact, prove one cause of the future destruction of Rome. The Romans were no longer held in awe by any rival republic. Their pride accordingly led them into vices of all sorts. Their luxury and idle security so enfeebled them as a nation, that they became an easy prey to the ambition of capricious despots, and ultimately lost their empire in the world.

Upon the taking of Carthage a large quantity of gold and silver, of precious stones, decorations and ornaments, were found in the ill-fated city. The Car-

তাহার জ্বলন দেখিয়া সিপিও অশ্রুপাত করিলেন, এমত শোকান্বিত বিষয়ের দর্শনে ত্রয় নগরের বিনাশ তাঁহার স্মরণে আইল — অতএব হোমের মহাকবির ইলিয়াদ গ্রন্থের ৬ অধ্যায়ে হেক্টরোক্ত এই বচন উচ্চারণ করিতে লাগিলেন।

আসিতেছে কাল দিন শুনহ নিশ্চয়।
পুণ্য ধাম ত্রয় যদা পাইবে অত্যয়॥
পঞ্চত্ব পাইবে তদা মহাশূর রাজা।
শমন ভবনে যাবে প্রায়ামের প্রজা॥

হেক্টর ত্রয় নগরের ভাবি সংহারের আশঙ্কায় বিলাপ করিতে২ একথা কহিয়াছিলেন, সিপিও তদ্রূপ কার্থেজ সংহার দেখিয়া ও পার্থিব সৌভাগ্যের অস্থৈর্য্য বুঝিয়া আপন দেশের বিষয়ে ঐ প্রকার শঙ্কা করিয়াছিলেন, ফলতঃ কার্থেজ বিনাশ হওয়াতে রোম রাজ্য নাশের এক প্রকার অঙ্কুর হইল। রোমানেরা এই সময়াবধি অন্য কোন তুল্য পরাক্রমি জাতির ভয় না থাকাতে অত্যন্ত অহঙ্কারি ও অত্যাচারি হইতে লাগিল এবং ক্রমে২ আলস্য ও ইন্দ্রিয় রসেতে মগ্ন হইয়া এমত দুর্ব্বল হইল যে শীঘ্র দুরন্ত লোকের একাধিপত্যের অধীনে পড়িল এবং অবশেষে আর রাজ্য রক্ষা করিতে পারিল না।

কার্থেজ নষ্ট হইলে অসংখ্য রজত কাঞ্চন রত্ন অলঙ্কার ও শোভন দ্রব্যাদি তথা হইতে বাহির হইল, এ সকল কার্থেজিনেরা আপনাদের পরাজিত নগর সমূহ হইতে হরণ করিয়া সংগ্রহ করিয়াছিল—ইতালি ও সিসিলি ও আফ্রিকার

thaginians had collected these for the most part by plundering the states they had conquered. Such as were recognized by the people of Italy, Sicily and Africa, were returned by Scipio to their former owners.

Thus was Carthage levelled with the ground, seven hundred years after its foundation. Scipio received the surname of the Younger Africanus, having, like his grandfather, merited it by his services in this war.

Somewhat prior to the destruction of Carthage, a war had broken out in Macedon. A man named Andriscus pretended to be a descendant of Philip, and made an effort for obtaining possession of the kingdom. This impostor fought with such bravery at first that he overthrew the Romans with great slaughter. But Metellus being elected Consul and sent against this Pseudo-Philip, overpowered him in battle. He slew twenty-five thousand of his men and completely destroyed his force. Macedon was recovered and the pretender himself taken.

Hostilities were kindled afresh in Greece. The Corinthians had, in their rashness, maltreated the Roman ambassadors. War was accordingly declared against them. The Roman Consul Mummius took their city, which shared the same fate as Carthage. Corinth was at one time a city of great importance and celebrity in Greece.

Three triumphs were now decreed at the same time: —one, on account of the conquest of Carthage, to Scipio, who entered the city leading Asdrubal before his chariot; another to Metellus, on account of the

লোকেরা তাহার মধ্যে যে২ দ্রব্য আপনাদের বলিয়া চিহ্নিত করিল তাহা সিপিও ফিরাইয়াদিলেন।

এরূপে কার্থেজ পুরী নির্ম্মিত হইবার সপ্ত শত বৎসর পরে ভূমিসাৎ হইল। সিপিও আপন পিতামহের ন্যায় সম্ভ্রমাখ্যা প্রাপ্তির উপযুক্ত হওয়াতে দ্বিতীয় আফ্রিকেনস নামধেয় হইলেন।

কার্থেজ ধ্বংস হইবার কিঞ্চিৎ পূর্ব্বে মাসিদনে পুনর্ব্বার বিরোধ উপস্থিত হইয়াছিল—আন্দ্রিস্কস নামে এক ব্যক্তি আপনি ফিলিপের বংশ হইতে উৎপন্ন হইয়াছে এই ছল করিয়া রাজ্যাধিকার লইতে চেষ্টা করিল, ঐ প্রবঞ্চক প্রথমতঃ এমত বিক্রমে যুদ্ধ করে যে অনেক লোক হত্যা করিয়া রোমান সৈন্যকে পরাভব করিয়াছিল কিন্তু মেতেলস কন্সল হইয়া প্রেরিত হইলে এই ভাক্ত ফিলিপ যুদ্ধে পরাস্ত হইল এবং তাহার পঞ্চবিংশতি সহস্র লোক হত হওয়াতে তাহার বল সম্পূর্ণরূপে ভগ্ন হইল। মেতেলস মাসিদন পুনশ্চ অধিকার করিয়া ঐ প্রতারককে হস্ত গত করিলেন।

পরে গ্রীশদেশে পুনশ্চ যুদ্ধ হইল, করিন্থীয়েরা অত্যন্ত অবিবেচনা পূর্ব্বক রোমান দূতদিগকে অপমান করিয়াছিল তন্নিমিত্তে সংগ্রাম হওয়াতে মমিয়স নামক রোমান সেনাপতি করিন্থ নগর কার্থেজের ন্যায় ধ্বংস করিলেন—করিন্থ গ্রীশ রাজ্যের মধ্যে এক অতি খ্যাত্যাপন্ন এবং প্রধান নগর ছিল।

এই সময়ে তিন জয় যাত্রার বিধান এক কালে হইল, প্রথমতঃ সিপিও কার্থেজ সংহার হেতু আপন রথের অগ্রে আস্দ্রুবলকে চালাইয়া যাত্রা করিলেন, দ্বিতীয়তঃ মেতেলস ভাক্ত

overthrow of Andriscus, the Pseudo-Philip, who was also led before his conqueror's chariot ; and a third to Mummius for the reduction of Corinth ;—the statues and pictures and other ornaments of that famous city being carried before the victor.

Another impostor made his appearance about this time in Macedon. This person pretended to be the son of Perseus, and attempted to gain possession of the kingdom. He collected an immense number of followers, and raised an army of seventeen thousand men, with which he levied war. But he was by no means a match for the Romans. He was completely routed in a pitched battle by Tremellius the Quæstor.*

And now war was kindled afresh in Spain. Metellus signalized himself by his exploits in Celtiberia. Quintus Pompeius was then sent to relieve him. Shortly after one Viriatus carried on war against the Romans in Lusitania, now called Portugal. He was originally a shepherd; he next became the leader of a gang of robbers; and at last he enlisted so many people under his banners and became so turbulent that he was looked upon as the protector of Spain against the Romans. Quintus Cæpio was sent to maintain the Roman supremacy and to quell this in-

* The Quæstor in the Roman army was a sort of paymaster, who had also to take care of the spoil that was not disposed of as a booty to the soldiers, and to give a just account to the Quæstores, or officers of the treasury at Rome.

ফিলিপের দমন হেতু তাহাকে রথের অগ্রগামী করিয়া প্রবেশ করিলেন এবং মমিয়ুসও করিন্থ ধ্বংসহেতু তথাহইতে হৃত পট প্রতিমূর্ত্তি ও অলঙ্কারাদি অগ্রে নীত করাইয়া নগর প্রবেশ করিলেন।

পরে মাসিদনে আর এক প্রবঞ্চক উপস্থিত হইল, এ ব্যক্তি আপনাকে পরসিয়স রাজার পুত্র বলিয়া পরিচয় দিয়া রাজ্যাধিকার করিতে চেষ্টা করিল এবং অনেক অনুচর একত্র করিয়া সপ্তদশ সহস্র সৈন্য লইয়া রণ উপস্থিত করিল, কিন্তু রোমান শক্তিকে খর্ব্ব করিতে না পারিয়া ত্রেমেলিয়স নামক কুইষ্টর* দ্বারা পরাস্ত হইল।

ঐ কালে স্পেনের মধ্যেও যুদ্ধ উঠিল, তাহাতে মেতেলস সেল্টিবিরিয়াতে মহা বীরত্ব প্রকাশ করিলেন, পরে তাঁহার পরিবর্ত্তে কুইন্টস পম্পিয়স সেই স্থানে প্রেরিত হইলেন, অনন্তর লুসিতেনিয়া অর্থাৎ এক্ষণে যাহাকে পর্ত্তগাল বলে সেখানে বিরিএতস নামক একজন রোমানদের বিপক্ষে অস্ত্রধারী হইয়া উঠিল—এ ব্যক্তি পূর্ব্বে রাখাল ছিল পরে দস্যু দলের অধ্যক্ষ হয় এবং অবশেষে এমত মহা জনতা একত্র করিয়া উৎপাত করে যে সকলে তাহাকে রোমানদের বিপক্ষে স্পেনের রক্ষক জ্ঞান করিল ইহার প্রতিকূলে রোমান আধিপত্য রক্ষা করণার্থে এবং এই উপপ্লব নিবারণার্থে কুইন্টস সিপিও প্রেরিত

---

* রোমান সৈন্যের বেতন বণ্টনকারিকে কুইষ্টর কহা যাইত, এবং যুদ্ধের লুঠ সৈন্যের মধ্যে বিতরণ না হইলে তাঁহার নিকট সমর্পিত হইত, তিনি তদ্বিষয়ে সাধারণ কোশ রক্ষকের নিকট আয় ব্যয়ের নিকাশ দিতেন।

surrection. The presence of Cæpio caused such terror among the Spaniards that Viriatus was put to death by his own followers. He had harassed the Romans for fourteen years together. His assassins expected that the Roman Consul would thank them for taking off so troublesome an enemy,—and accordingly desired a reward for their service. They were however sorely disappointed on being told that it was not consonant with the principles of Roman equity to commend the murder of a general by his own soldiers.

But the death of Viriatus did not bring on a termination of the Spanish war. The Numantians, a very wealthy people in this peninsula, still continued their hostilities. Quintus Pompeius was sent to subdue them, but he failed to preserve the honor of the Roman commonwealth. He was defeated and led to conclude a dishonourable peace. Caius Hostilius Mancinus was then sent to re-establish the Roman supremacy. He met with no better success than his predecessor, and negotiated a treaty of peace on disadvantageous terms. The Romans repudiated this treaty, and directed Mancinus to be delivered up into the hands of the Numantians, that they might wreak their vengeance, for the infraction of the treaty, upon its author himself. Scipio Africanus now came forward, as Consul for the second time, to repair the disgrace which the Romans had sustained by their late defeats. On his arrival in Spain he found that the Roman army had been greatly enfeebled by discord, intemperance and

হইলেন, তাহাকে দেখিয়া স্পেনস্ত লোকেরা এমত ভীত হইল যে বিরিএতসের আপন দলস্থ লোকেরা তাহাকে বধ করিল। বিরিএতস চতুর্দ্দশ বৎসর পর্য্যন্ত রোমানদিগকে ক্লেশ দিয়াছিল একারণ তাহার হত্যাকারিরা প্রত্যাশা করিয়াছিল যে এমত দুর্দ্দান্ত শত্রুবধ হেতুক রোমান কন্সল তাহাদের প্রতি তুষ্ট হইবেন অতএব তাহারা কিঞ্চিৎ পারিতোষিকের প্রার্থনা করিল কিন্তু সিপিও উত্তর দিলেন যে নিজ অধ্যক্ষ ঘাতক লোকের উপর রোমানেরা সন্তুষ্ট হয়েন না সুতরাং ঐ অবিশ্বাসি লোকেরা অধ্যক্ষকে হত্যা করিয়া কেবল অপ্রতিভ মাত্র হইল।

কিন্তু বিরিএতসের মৃত্যুতে স্পেনের যুদ্ধ নিবৃত্তি হইল না, নুমান্সিয়া নামক এক অতি ধনাঢ্য নগরের লোকেরা এখনও সংগ্রাম করিতে লাগিল, কুইন্টস পম্পিয়স তাহাদের দমন করিতে প্রেরিত হইলে তিনি রোমানদের মান রক্ষা করিতে পারিলেন না, কেননা পরাজিত হইয়া এক লজ্জাস্পদ সন্ধি করিলেন, পরে রোমানদের প্রাধান্য পুনঃস্থাপন করিতে কাইয়স হস্তিলিয়স মান্সিনস প্রেরিত হইলেন, তিনিও কিছু করিতে না পারিয়া ঐ রূপ লজ্জাস্পদ সন্ধি করিলেন, কিন্তু সেনেটরেরা ক্রুদ্ধ হইয়া এমত সন্ধি অগ্রাহ্য করিলেন এবং নুমান্সিয়েরা যেন সন্ধি ভঞ্জনের দণ্ড সন্ধি কারককেই দেয় এজন্য মান্সিনসকে শত্রু হস্তে সমর্পণ করিতে আজ্ঞা দিলেন এইরূপ দুই বার পরাস্ত হওয়াতে যে অপযশ হইল তাহার নিবারণার্থে সিপিও আফ্রিকেনস পুনশ্চ কন্সল হইয়া নুমান্সিয়াতে প্রস্থান করিলেন, ইনি আসিয়া দেখিলেন যে সমস্ত

want of discipline. He did not however resort to any violent measures in this state of affairs. Instead of correcting the legions by severe chastisements he proceeded rather to reform them by exercise and discipline.

Having thus restored discipline and order in the army and thereby augmented its strength, Scipio commenced his victorious career in Spain. He took a great number of cities; some by capture and others by surrender. He laid seige to Numantia, which was at last reduced by famine and levelled with the ground. The conqueror recovered all the other provinces upon promise of quarter.

Attalus, King of Pergamus, and brother to Eumenes, expired about this time. He bequeathed all his states to the Romans, who thus gained a province in Asia by this legacy.

Decimus Brutus had now a triumph decreed to him on account of the conquest of the Gallæcians and the Lusitanians. Publius Scipio Africanus had also a similar privilege, on account of his victory over the Numantians. This second triumph of Scipio took place fourteen years after the first great solemnity of the same kind which had followed his successes in Africa.

War was again proclaimed in Asia. Aristonicus, the natural son of Eumenes, brother of Attalus, laid claim to the territories which his uncle had bequeathed to the Romans, and occasioned these hostilities.

রোমান সৈন্য কলহ দুরাচার ও দুঃশাসনে অতি দুর্ব্বল হইয়াছে তথাপি তাহাদিগকে দৃঢ় শাস্তি না দিয়া এবং তাহাদের বিরুদ্ধে ক্রোধ ও কাঠিন্য প্রকাশ না করিয়া বরং কেবল শিক্ষা চালনা ও অভ্যাস দ্বারা শোধন করিতে প্রবৃত্ত হইলেন।

এইরূপে সুশাসন ও সৎশিক্ষা দ্বারা সৈন্যকে পুনর্ব্বার পরাক্রান্ত করিয়া সিপিও স্পেন দেশে জয়ী হইতে লাগিলেন। অনেক নগরকে কতক রণ দ্বারা হরণ করিয়া কতক শরণাগত দেখিয়া অধিকার করিলেন, পরে নুমান্সিয়া নগর অবিরত বেষ্টন করণানন্তর দুর্ভিক্ষ্য দ্বারা বশীভূত করিয়া তাহা ভূমিসাৎ করিলেন, অবশিষ্ট দেশ ক্ষমা করিবার অঙ্গীকার করিয়া পুনর্ব্বার গ্রহণ করিলেন।

ঐ কালে পর্গেমসের রাজা এবং ইউমিনিসের ভ্রাতা আতেলস প্রাণত্যাগ করত রোমান লোকদিগকে আপন বিষয়ের উত্তরাধিকারি স্থির করিলেন—এইরূপে ঐ রাজার দান পত্র দ্বারা এস্যা রোম রাজ্যে সংযুক্ত হইল।

অনন্তর দিসিমস ব্রুতস গেলিসিয়া ও লুসিতেনিয়ার যুদ্ধ হেতুক মহা গৌরবে জয় যাত্রা করিলেন, এবং সিপিও আফ্রিকেনস নুমান্সিয়া সংহার জন্য দ্বিতীয়বার জয় যাত্রা করিলেন, আফ্রিকার সমন্ধে তাঁহার প্রথম জয় যাত্রার চতুর্বিংশতি বৎসর পরে এই দ্বিতীয় যাত্রা হইল।

ইতিমধ্যে এস্যাতে যুদ্ধ উপস্থিত হইল—আতেলস রাজার ভ্রাতা ইউমিনিসের জারজ পুত্র অরিস্তনিকস নামে এক ব্যক্তি পিতৃব্য কর্ত্তৃক রোমানদের প্রতি দত্ত রাজ্য অধিকার করিতে বাঞ্ছা করিয়া ঐ রণ আরম্ভ করে, তাহার দমনার্থে পব্লিয়স

Publius Licinius Crassus was sent against him. The Roman general found many Kings in Asia ready to assist him. Not only Nicomedes of Bithynia, but also Mithridates of Pontus, Ariarathes of Cappadocia, and Pylemenes of Paphlagonia, brought auxiliaries to the Romans. But Crassus was defeated and slain. His head was brought to Aristonicus ; his body buried at Smyrna. Perpenna was now appointed to succeed Crassus, and hastened to Asia on hearing of the foregoing disaster. He completely overthrew Aristonicus, who betook himself to flight. Perpenna pursued him as far as the city of Stratonice, and there forced him by famine to surrender himself. Aristonicus was strangled in prison at Rome by order of the Senate;—for he could not be triumphed over, Perpenna, his conqueror, having died at Pergamus on his way to Rome.

During the Consulate of Lucius Metellus and Titus Flaminius, Carthage was rebuilt by order of the Senate, and restored to that condition in which it continued for some centuries afterwards. This event took place twenty-two years after its destruction by Scipio. A colony of six thousand Romans under the command of Caius Gracchus went over to Africa and settled in the new city.

This Caius Gracchus and his brother Tiberius were two very popular men, that struggled hard to ameliorate the condition of the mass of their countrymen. The Romans were divided into two great classes,—the *patricians* and the *plebians* ;—the former reckoned as

লিসিনস ক্রেসস প্রেরিত হইলেন সে স্থলে অনেক রাজা তাঁহার সহায় হইল কেননা বিথিনিয়ার রাজা নিকমিদিস এবং পন্তসের রাজা মিথ্রিদেতিস এবং কাপেদোসিয়ার রাজা আরিয়ারেথিস এবং পাফ্লেগোনিয়ার রাজা পাইলিমিনিস ইঁহারা সকলে রোমানদের পক্ষে সাহায্য করিলেন তথাপি ক্রেসস পরাভূত হইয়া যুদ্ধে প্রাণত্যাগ করিলেন, শত্রুরা তাঁহার শরীর স্মির্ণাতে কবর দিয়া মস্তক ছিন্ন করিয়া অরিস্তনিকসের নিকট পাঠাইল। অনন্তর পর্পেনা নামক রোমান কন্সল ক্রেসসের পদে নিযুক্ত হইলে তিনি যুদ্ধের এ দুর্গতি শুনিয়া এস্যাতে ত্বরায় আইলেন এবং অরিস্তনিকসকে রণস্থলে পরাজয় করিয়া তাহাকে পলাতক দেখিয়া ধরিবার জন্য স্ত্রেত্তোনিসি নগর পর্য্যন্ত তাহার পশ্চাৎ ধাবমান হইলেন, এবং সে নগর বেষ্টিত হইলে অরিস্তনিকস অনাহারে দুঃখ পাইয়া শরণাগত হইল। সেনেটরেরা তাহাকে কারাগারে গলা টিপিয়া বধ করিতে আজ্ঞা দিল কেননা পর্গেমস নগরে পর্পেনার মৃত্যু হওয়াতে তাহার বিষয়ে জয় যাত্রা হইতে পারিল না।

লুসিয়স মেভেলস ও তাইতয়স ফ্লেমিনিয়স নামক কন্সল দ্বয়ের সময়ে সেনেটের আজ্ঞাতে কার্থেজ পুনশ্চ নির্ম্মিত হইল, এবং কিছু কাল এই নূতন অবস্থাতেই রহিল, সিপিওর দ্বারা সংহার হইবার দ্বাবিংশতি বৎসর পরে এই ঘটনা হইল, ছয় হাজার রোমান লোক কাইয়স গ্রাকিসের শাসনে আফ্রিকাতে যাইয়া এই নূতন নগরে বসতি করিল।

কাইয়স গ্রাকস ও তাহার ভ্রাতা তাইবিরিয়স দুই জন পরহিতৈষী লোক ছিল, তাহারা স্বদেশীয় লোক সমূহের

the nobility of the kingdom, the latter as the commonalty. No intermarriage was at first and for some time allowed between them. The nobility were disposed to disregard the welfare of the commonalty; the commonalty were inclined to envy the greatness of their superiors. The aristocratic influence had at first exclusively prevailed in the state. Not only during the continuance of the Kings, but also much more since their expulsion, the power and ascendancy of the nobles were greatly predominant. The movement against Tarquin was purely a patrician movement. The democratic element soon began, however, to be introduced. The desertion of the city by the multitude that had sought refuge in Mons Sacer forced the Senate, as we have seen, to grant the people the privilege of electing their Tribunes.

Tiberius Gracchus and his brother Caius made great efforts to get some laws passed for the benefit of the people respecting the division of land,—especially in the territories lately bequeathed by Attalus. These popular measures rendered the two Gracchi odious to the patricians. They were, however, men possessed of much influence among the people, and could not therefore be easily assailed. But at last both the brothers fell victims to the rage of the patricians. Tiberius was on one occasion making an oration to the people, when the patricians, with some of their creatures, surrounded him with a view to assault him. Tiberius perceived their intentions and was alarmed. Unable

উপকারার্থে অনেক যত্ন করিয়াছিল। রোমানেরা পেত্রিসিয়ান ও প্লিবিয়ান নামে দুই শ্রেণীতে বিভক্ত ছিল, তাহার মধ্যে পেত্রিসিয়ানেরা কুলীন বলিয়া মান্য ও প্লিবিয়ানেরা ইতর রূপে গণ্য, ইহাদের মধ্যে পরস্পর বিবাহাদির রীতি প্রথমতঃ ছিল না, কুলীনেরা ইতর লোককে তুচ্ছ করিতেন ও ইতর লোকেরা কুলীনদের সৌভাগ্যে অসহিষ্ণু হইত। প্রথমতঃ রাজ্যের মধ্যে কুলীনদের আধিপত্য প্রায় সর্ব্বত্র ছিল, রাজাদের কালে কুলীনেরা অবশ্য পরাক্রান্ত ছিলেন এবং রাজগণ বহিষ্কৃত হইলে বরং আরও প্রবল হইলেন, টারকুইনকে পদ চ্যুত করা কেবল কুলীনদের চেষ্টাতে হয়। কিন্তু ইতর লোকদের শক্তি শীঘ্র বৃদ্ধি পাইতে লাগিল, পূর্ব্বে উক্ত হইয়াছে যে তাহারা নগর ত্যাগ করিয়া মন্স সেসর পর্ব্বতে পলায়ন করিলে সেনেটরেরা তাহাদিগকে আপনাদের দল হইতে কএক বিচার কর্ত্তা নিযুক্ত করিবার ক্ষমতা দিতে বাধ্য হইয়াছিলেন,।

সম্প্রতি তাইবিরিয়স গ্রাকস ও কাইয়স গ্রাকস নামে উক্ত দুই ভ্রাতা ইতর লোকদের পক্ষে আতেলস রাজার দত্ত দেশস্থ ভূমি বিভাগ বিষয়ে কএক ব্যবস্থা স্থাপন করিতে চেষ্টা করিলেন—তাহাতে কুলীনেরা তাঁহাদের উপর অত্যন্ত কুপিত হইল, কিন্তু তাঁহারা সাধারণের প্রিয় এজন্যে শীঘ্র তাঁহাদের অনিষ্ট করিতে পারে নাই তথাচ অবশেষে কুলীনদের কোপে দুই ভ্রাতাই নষ্ট হইলেন, তাইবিরিয়স একদিন লোক সমাজে বক্তৃতা করিতে ছিলেন এমত সময়ে কুলীন দলস্থ কএক লোক তাঁহাকে মারিবার অভিপ্রায়ে বেষ্টন করিল, তাইবিরিয়স ভয় পাইয়া এবং অনেক লোকারণ্য দেখিয়া কথার দ্বারা আপন

to make himself heard by such a large concourse of people and desirous of communicating to the multitude the fears he entertained for his safety, he pointed to his head with his finger, implying that it was in danger. The patricians immediately raised an uproar saying that he wished to become a King, and was demanding a crown for his head. Tiberius endeavoured to escape by flight. The particians pursued and murdered him on the spot,—respecting neither the sanctity of the Capitol, where it was counted sacrilegeous to put any one to death, nor the dignity of their victim, whose person, as a Tribune, was considered sacred.

Some time after, Caius Gracchus shared the same fate with his brother. Optimius being Consul took advantage of some imprudent proceedings on the part of the friends and adherents of Gracchus, and set a price on his head. He proclaimed that whosoever would bring the head of Caius Gracchus should receive a quantity of gold equal to its weight. When Caius saw that all was over and that he could no longer escape the malignant rage of his opponents, he chose rather to fall by suicide than be taken alive by his enemies, and accordingly desired one of his slaves to run him through the body. A person named Septimuleius then came and cut off his head;—and in order to get so much the greater quantity of gold took out the brains and filled the cavity with lead. The Consul gave him the promised reward.

THE END.

শঙ্কা প্রকাশ করিতে না পারিয়া মস্তকে হাত দিয়া তাহাদের প্রতি সঙ্কেত করিলেন যে কুলীনেরা আমার মস্তক ছেদন করিতে উদ্যত হইয়াছে, তাহাতে কুলীনেরা উচ্চৈঃস্বরে কহিল যে এ ব্যক্তি রাজা হইবার জন্য আপন মস্তকে মুকুটের প্রার্থনা করিতেছে, এই বলিয়া তাঁহার উপর পড়িল, তিনি পলাইতে চেষ্টা করিলে তাহারা পশ্চাৎ ধাবমান হইল এবং কাপিতল পুণ্যস্থান সেখানে কাহাকেও মারা অকর্ত্তব্য এবং তাইবিরিয়স ত্রিবুন অতএব তাঁহার গাত্রে হস্তার্পণে অত্যন্ত দোষ এ সকল কিছু বিবেচনা না করিয়া তাঁহাকে সেই স্থানেই বধ করিল।

বিংশৎকাল পরে কাইয়স গ্রাকসকেও ঐ রূপে নষ্ট করিল ওপ্তিমিয়স নামক এক ব্যক্তি কন্সল হইলে গ্রাকসের কোন ২ মিত্রের অবিবেচনায় সুযোগ পাইয়া এমত প্রতিজ্ঞা প্রকাশ করিল যে যে ব্যক্তি কাইয়স গ্রাকসের মস্তক আনিতে পারিবে সে তৎপরিমিত স্বর্ণরাশি পাইবে, কাইয়স দেখিলেন যে তিনি নিরুপায় ও শত্রুদের হিংসা ও কোপ প্রযুক্ত আর রক্ষা পাওয়া দুষ্কর অতএব জীবিত থাকিতে২ দুরন্ত শত্রু হস্তে পতনাপেক্ষা স্বেচ্ছাপূর্ব্বক প্রাণত্যাগ মঙ্গলের বিষয় জ্ঞান করিয়া আপনার এক দাসকে কহিলেন যে আমাকে খড়্গদ্বারা ভিন্ন কর। তাঁহার মরণানন্তর সেপ্তিমুলিয়স নামে এক ব্যক্তি আসিয়া তাঁহার মস্তক ছেদন করিয়া লইল ও অধিক স্বর্ণ পাইবার আশাতে অন্তর হইতে সমস্ত মস্তিষ্ক বাহির করিয়া সীসাতে মস্তক পূর্ণ করিল পরে কন্সলের নিকট তাহার তুল্য স্বর্ণ রাশি প্রাপ্ত হইল।

সমাপ্ত।

QUESTIONS FOR EXERCISE.

1. Where is Rome? Why is it called a seven-hilled city?
2. Were all the nations of the earth really conquered by the Romans?—Which were excepted?
3. Why was the superiority of Rome still acknowledged in some respects when the Roman empire (western) was dissolved?
4. Where, by whom, and when was the foundation of Rome laid?
5. Who was Romulus?
6. Who were the Senators, and why were they so called?
7. Who were the Patricians?
8. What were the laws which Romulus enacted respecting husband and wife, father and son.
9. What means did Romulus contrive to procure females for his subjects?
10. Did the injured nations resent the insult?
11. What was remarkable in the war with the Sabines?
12. What became of Romulus at last?
13. What was the character of Numa Pompilius?
14. Mention some of his acts.
15. What remarkable events transpired in the reign of Tullus Hostilius?
16. Who were the Horatii and the Curiatii?
17. Who succeeded Tullus Hostilius?
18. Was Tarquin Priscus descended from the Royal family?

পরীক্ষার্থক প্রশ্ন।

১ রোম নগর কোথায়? ইহাকে সপ্তপর্ব্বতীয় নগর কেন কহে?
২ রোমানেরা কি সত্য সকল জাতিকে জয় করিয়াছিল? কাহাকে২ জয় করিতে পারে নাই?
৩ রোমান রাজ্যের পশ্চিম খণ্ড ধ্বংস হইবার পরও কোন২ বিষয়ে রোমের প্রাধান্য কেন প্রবল রহিল?
৪ কোন্ স্থানে, কাহার দ্বারা, এবং কোন্ সময়ে রোমের নির্ম্মাণ হয়?
৫ রমুলস কে?
৬ সেনেটরেরা কে ও তাহাদের এ নাম কেন হইল?
৭ পেতৃসিয়ানেরা কে?
৮ পিতাপুত্র ভর্ত্তা ভার্য্যা সম্বন্ধে রমুলস কি২ ব্যবস্থা স্থাপন করেন?
৯ নগরের মধ্যে স্ত্রীলোক আনিবার জন্য রমুলস কি উপায় স্থির করেন?
১০ সেই জাতির উপর অত্যাচার করিলেন তাহারা কি কুপিত হইয়াছিল?
১১ সাবিনদের সহিত যে যুদ্ধ হয় তাহাতে কি চমৎকারের বিষয় ঘটে?
১২ রমুলসের অবশেষে কি হইল?
১৩ নুমা পম্পিলিয়সের কি রূপ চরিত্র ছিল?
১৪ তাঁহার কোন২ কীর্ত্তি বর্ণনা কর?
১৫ টলস হস্তিলিয়সের কালে কি২ আশ্চর্য্য ঘটনা হইয়াছিল?
১৬ হোরেশস ও কিউরেশস কাহাদের নাম ছিল?
১৭ টলস হস্তিলিয়সের পর কে রাজা হইল?
১৮ প্রিস্কস টারকুইন কি রাজবংশে উৎপন্ন হইয়াছিলেন?

19. Who first entered the city in triumph?
20. Who commenced the building of the Capitol?
21. What was the number of the Senators in the time of Tarquin Priscus?
22. What became of Tarquin Priscus at last?
23. Who instituted the Census?
24. Was Servius Tullius of noble descent?
25. How did he die?
26. How many kings reigned at Rome and who was the last king?
27. What was the character of Tarquin Superbus?
28. What conquests did he make?
29. What remarkable event happened while he was attacking Ardea?
30. What do you know of the following persons; Lucretia, Collatinus, Brutus, Sextus Tarquinius?
31. Why was Collatinus obliged to leave the city?
32. What do you know of the following persons, viz. Porsena, Caius Mutius, and Horatius Cocles?
33. Who was the first dictator and who the first Master of the Horse?
34. Why did the people retire to Mons Sacer, and what privilege did they exact before they returned to the city?
35. What do you know of the following characters, viz. Coriolanus, Cincinnatus, Appius and Virginius?
36. Who were the Decemviri and why were they chosen?
37. Who was Camillus and what conquests did he make?
38. By whom was Rome taken about this time—and who expelled the invaders?

১৯ কে প্রথম জয় যাত্রা করত নগরের মধ্যে প্রবেশ করে?
২০ কাপিতলের পত্তন কে করিয়াছিল?
২১ প্রিস্কস টারকুইনের কালে কত জন সেনেটর ছিল?
২২ প্রিস্কস টারকুইনের অবশেষে কি হইল?
২৩ কে সেন্‌সসের নিয়ম স্থাপন করে?
২৪ সর্বিয়স টলিয়স কি ভদ্র কুলোদ্ভব ছিলেন?
২৫ তাঁহার মৃত্যু কি প্রকারে হইল?
২৬ রোম নগরে কয় জন রাজা রাজত্ব করিয়াছিল? সর্ব্ব শেষ রাজার নাম কি?
২৭ টারকুইন সুপর্বসের চরিত্র কেমন?
২৮ তিনি কোন্২ দেশ জয় করিয়াছিলেন?
২৯ যখন তিনি আর্ডিয়া নগর আক্রমণ করিতেছিলেন এমত সময়ে কি আশ্চর্য্য ঘটনা হয়?
৩০ লুক্রিসিয়া, কোলেতিনস, ব্রুতস, সেক্সটস টারকুইন এই২ লোকের বিষয়ে তুমি কি জান?
৩১ কোলেতিনসকে রোম নগর ত্যাগ করিতে কেন হইল?
৩২ পোরসেনা, কাইয়স মুসিয়স, হোরেশস ককল্‌স এই২ লোকের বিষয়ে তুমি কি জান?
৩৩ প্রথম দিক্তেতর কে এবং প্রথম অশ্বারূঢ়ের অধ্যক্ষই বা কে?
৩৪ রোমান লোকেরা মন্স সেসরে কেন পলায়ন করিয়াছিল এবং ফিরিয়া আসিবার পূর্ব্বে সেনেট হইতে কি শক্তি গ্রহণ করিল?
৩৫ করিওলেনস, সিন্‌সিনেটস, আপিয়স এবং বর্জ্জিনিয়স এই২ লোকের বিষয়ে তুমি কি জান?
৩৬ দিশেমবিরেরা কে? কেনই বা তাঁহারা নিযুক্ত হয়?
৩৭ কমিলস কে? তিনি কি২ দেশ জয় করেন?
৩৮ এই সময়ে রোম নগরী কাহা দ্বারা আক্রান্তা হয়? কে তাহাদিগকে বহিষ্কৃত করিল?

Chap. 2d.

1. What office was created in supercession of the Consulate ?
2. Who was Titus Manlius and why was he surnamed *Torquatus* ?
3. Who was Valerius Corvus, and why was he so surnamed ?
4. What occasioned the war with Pyrrhus ?
5. What did Pyrrhus exclaim when he saw that the Romans who were killed in action had all their wounds in front ?
6. Whom did Pyrrhus endeavour to gain over to his party by offering him a fourth of his kingdom ?
7. What act of generosity did Fabricius exhibit towards Pyrrhus when he was sent to keep the field against him ?
8. What was the cause of the first Punic War ?
9. What was Carthage, and where was it situated ?
10 To what foreign power had the Carthaginians recourse in the first Punic War ?
11. Who was Regulus and what became of him at last
12. What Roman general put an end to this war, and where was the treaty of peace concluded ?
13. How long did the first Punic War last ?

Chap 3d.

1. Did the Romans enjoy peace at home upon the conclusion of the first Punic War ? What troubles did they meet with in their own country ?
2. What occasioned their war with the Illyrians ?
3. What were the causes of the second Punic War ?
4. Who was Hannibal ?

২ অধ্যায়।

১ কন্‌সলত্বের পরিবর্ত্তে আর কোন্ পদ স্থাপিত হইল?

২ তাইতস মান্‌লিয়স কে? কেনইবা তিনি তর্কোএতস উপাধি প্রাপ্ত হয়েন?

৩ বেলিরিয়স কর্বস কে? কেনইবা তিনি এ উপাধি প্রাপ্ত হয়েন?

৪ পিরসের সহিত যে যুদ্ধ হয় তাহার কারণ কি?

৫ পিরস যখন দেখিলেন যে যুদ্ধে হত রোমানদের সমস্ত ক্ষত চিহ্ন সম্মুখে ছিল তখন উচ্চৈঃস্বরে কি কহিলেন?

৬ পিরস রাজ্যের চতুর্থাংশ দিতে অঙ্গীকার করিয়া কাহাকে আপন দলস্থ করিতে চেষ্টা করিয়াছিলেন?

৭ ফেব্রিসিয়িস যখন পিরসের সহিত যুদ্ধার্থে প্রেরিত হয়েন তখন পিরসের প্রতি কি সৌজন্য প্রকাশ করেন?

৮ প্রথম পুনিক যুদ্ধের কারণ কি?

৯ কার্থেজ কোথায়, কিই বা ছিল?

১০ প্রথম পুনিক যুদ্ধে কার্থেজিনেরা কোন্ বিদেশি জাতির সাহায্য প্রার্থনা করে?

১১ রেগুলস কে? তাঁহার অবশেষে কি হইল?

১২ কোন্ রোমান সেনাধ্যক্ষ এ যুদ্ধের শেষ করে? কোথাই বা সন্ধি পত্রের নিষ্পত্তি হয়?

১৩ প্রথম পুনিক যুদ্ধ কত দিন ছিল?

---

৩ অধ্যায়।

১ প্রথম পুনিক যুদ্ধের অবসানে রোমানেরা কি স্বদেশে শান্তি পাইয়াছিল? আপনাদের দেশে কি২ ক্লেশ পাইল?

২ ইলিরিয়ানদের সহিত যুদ্ধের কারণ কি?

৩ দ্বিতীয় পুনিক যুদ্ধের কারণ কি?

৪ হানিবল কে?

5. Who was Hanno—and what was the Barcan faction?
6. What arduous expedition did Hannibal undertake after the capture of Saguntum and the reduction of Spain?
7. Did the Gauls oppose his passage? How did he gain them over?
8. Relate the difficulties which Hannibal experienced in his passage over the Alps.
9. Whom did the Romans send to impede his progress, and what did he do when he found the enemy had already crossed the Rhone?
10 Mention the battles in which Hannibal successively overthrew the Romans after his entrance into Italy, and name the Roman generals who commanded in those engagements?
11 What do you know of the following characters; Cornelius Scipio, Sempronius, Flaminius, Fabius Maximus, Æmilius and Varro?
12. What did Hannibal do with the spoils of the Roman prisoners whom he had put to death?
13. Who were sent to Spain to contend against Asdrubal and what became of them at last?
14. What did Philip King of Macedon do at this time to provoke the Romans to a war against him?
15. What Roman general was engaged at this time in besieging Syracuse, and why was he forced to turn the siege into a blockade?
16. Who was Archimedes? What remarkable assertion did he once make before Hiero?
17. State the remarkable anecdote respecting Archimedes when he was put to death by a Roman soldier?

৫ হানো কে? ব্লার্কীয় দল কি?

৬ সাগুন্তম্ সংহার ও স্পেন অধিকার করণানন্তর হানিবল কি দুরূহ কার্য্যের প্রতিজ্ঞা করেন?

৭ গালেরা কি তাঁহার গমনে ব্যাঘাত দিয়াছিল? তিনি কিরূপে তাহাদিগকে বশীভূত করেন?

৮ আল্পস পর্ব্বত পার হওনে হানিবল কি২ বাধা পাইয়াছিলেন তাহা বল?

৯ রোমানেরা কাহাকে তাহার গমনে ব্যাঘাত দিতে পাঠাইয়াছিল, আর ঐ প্রেরিত ব্যক্তি শত্রুকে রোণ নদী পার হইতে দেখিয়া কি করিল?

১০ ইতালি প্রবেশ করিয়া হানিবল যে২ যুদ্ধে রোমানদিগকে পরাভব করেন তাহার বৃত্তান্ত কহ আর ঐ২ যুদ্ধে রোমানদের সেনাপতি কে২ ছিল তাহাও কহ?

১১ কর্ণিলিয়স সিপিও, সেম্প্রোনিয়স, ফ্লেমিনিয়স, ফেবিয়স মাক্সিমস, ইমিলিয়স, এবং বারো এই২ ব্যক্তির বিষয়ে কি জান?

১২ হানিবল রোমান বন্দিদিগকে বধ করিয়া তাহাদের স্বর্ণাঙ্গুরী লইয়া কি করিলেন?

১৩ স্পেনে আস্‌দ্রুবলের সহিত যুদ্ধ করিতে কে২ প্রেরিত হইল এবং পশ্চাৎ তাহাদের কি হইল?

১৪ রোমানেরা মাসিদনের রাজা ফিলিপের উপর এই সময়ে কেন ক্রুদ্ধ হইয়া যুদ্ধ করিলেন?

১৫ এই সময়ে কোন রোমানাধ্যক্ষ সিরাকুস নগর আক্রমণে ব্যস্ত ছিলেন এবং তাঁহাকে আক্রমণ ত্যাগ করিয়া কেন বেষ্টন করিতে হইল?

১৬ আর্কিমিদিস কে? তিনি হাইরো রাজার নিকট কি চমৎকার কথা কহিয়াছিলেন?

১৭ এক জন রোমান সেনা আর্কিমিদিসকে বধ করিতে উদ্যত হইলে তিনি কি কহিয়াছিলেন তাহা বল?

18. What magnanimity did Cornelius Scipio show at the taking of New Carthage?
19. What became of Asdrubal, the brother of Hannibal?
20. Whom did the Romans send to Africa when they resolved to carry the war into the enemy's own country?
21. Who was Massinissa?
22. Who was Syphax and what became of him?
23. Where was the last battle in the second Punic War fought and what was the result?
24. Where did Hannibal go upon the conclusion of the second Punic War?

CHAP. 4TH.

1. State the grounds on which the Romans declared war against Philip King of Macedon?
2. What did the Romans do with the Greek states which they reclaimed from the power of Philip?
3. What occasioned their war with Antiochus King of Syria?
4. Had Hannibal any hand in this war?
5. What was the final result of the war with Antiochus?
6. Where did Hannibal go when he left Syria, and what became of him at last?
7. Who was Perseus, and what occasioned the second Macedonian War?
8. How did the Romans settle the affairs of the vanquished nations upon the reduction of Macedon and Illyricum?
9. What was the cause of the third Punic War?

১৮ নিউ কার্থেজ গ্রহণ কালে সিপিও কি মহানুভবত্ব প্রকাশ করিয়াছিলেন?

১৯ হানিবলের ভ্রাতা আস্দ্রুবলের পরে কি হইল?

২০ রোমানেরা শত্রুদের আপন দেশে যুদ্ধ করিতে মনস্থ করিয়া কাহাকে আফ্রিকাতে প্রেরণ করিলেন?

২১ মেসিনিসা কে?

২২ সাইফাক্স কে? তাহার কি হইল?

২৩ দ্বিতীয় পুনিক যুদ্ধের সর্ব্বশেষ সংগ্রাম কোথায় হয় তাহার ফলই বা কি হইল?

২৪ দ্বিতীয় পুনিক যুদ্ধের অবসান হইলে হানিবল কোথায় গমন করিলেন?

---

৪ অধ্যায়?

১ রোমানেরা কি২ কারণে মাসিদনের রাজা ফিলিপের সহিত যুদ্ধ করে?

২ মাসিদন রাজের আধিপত্য হইতে উদ্ধার করিয়া রোমানেরা গ্রীক জাতিদের বিষয়ে কি নিষ্পত্তি করিলেন?

৩ সিরিয়ার রাজা আন্তিওকসের সহিত যুদ্ধ কি কারণ হইল?

৪ এ যুদ্ধে হানিবলের কিছু হাত ছিল কি না?

৫ আন্তিওকসের সহিত যুদ্ধের অবশেষ কি ফল হইল?

৬ হানিবল সিরিয়া ত্যাগ করিয়া কোথায় গমন করিলেন এবং অবশেষে তাঁহার কি হইল?

৭ পরসিয়স কে? দ্বিতীয় মাসিদনীয় যুদ্ধ কি কারণ হইল?

৮ মাসিদন ও ইলিরিয়া জয় করিয়া রোমানেরা তাঁহাদে বিষয় কি রূপ নিষ্পত্তি করে?

৯ তৃতীয় পুনিক যুদ্ধের কারণ কি?

10 What acts of treachery and injustice did the Romans commit against the Carthaginians in this war.
11. What became of Carthage?
12. Was it ever rebuilt after this?
13. What city in Greece shared the same fate with Carthage?
14. What impostors arose in Macedon?
15 Who was Viriatus?
16. How did the Romans gain their province in Asia?
17. Who was Aristonicus, and what trouble did he give to the Romans?
18. Who were the Gracchi?—and what was the cause of the hatred which the patricians manifested towards them?
19. What became of the two Gracchi at last?